অনন্তর প্রধানের দ্বারা সৃষ্টি সম্ভব নহে তাহা প্রদর্শন করাইতেছেন—'সৃষ্টির' ইত্যাদি দ্বারা। সৃষ্টির পূর্ব্বে প্রধান ভিন্ন অন্য কোন হেতুর অনবস্থান হেতু; এবং কোন অপেক্ষা না করিয়া কেবল প্রধানের স্বপরিণামের কর্তৃত্ব সিদ্ধ হয় না। অর্থাৎ প্রধান ব্যতিরিক্ত তাহার প্রবর্ত্তক অথবা নিবর্ত্তক পরিণামের হেতু রূপে প্রথম সৃষ্টির পূর্ব্বে কেহ অবস্থান করে না. এই প্রকার যে আপনারা (সাংখ্যবাদিরা) স্বীকার করিয়াছেন, তাহারও পুনরায় অপেক্ষা করিতে হয়। অর্থাৎ "চেতনের সান্নিধ্য হেতু প্রধান সৃষ্টি করে" এই কারণের অস্বীকার করা হেতু: তাহা হইলে অর্থাৎ চেতনের সান্নিধ্য হেতু প্রধান সৃষ্টি করে, এই প্রকার স্বীকার করলে আপনাদের কেবল জড় কর্ত্তৃত্ববাদ ভঙ্গ হয়। অপর প্রধান ভিন্ন অন্য কোন হেতুর অভাব হেতু, তথা সর্ব্বদা পুরুষের সন্নিধি বিদ্যমান হেতু প্রলয় কালে

সন্নিধিসত্ত্বাচ্চ প্রলয়েঽপি কার্য্যোদয়ঃ প্রসঙ্গঃ। ন চ তদা অদৃষ্টোদ্‌বোধাভাবাৎ কার্য্যাভাবঃ, তদুদ্বোধস্যাপি তদৈবাপাদ্যমানত্বাৎ ॥৪॥

বদিব লিঙ্গম্। (২০) ইতি কারিকোক্তেঃ চেতনসন্নিধিহেতুঃ প্রধানং জগৎকারণং ইতি। অত্র পক্ষদ্বয়েঽপি স্বীকৃতে নাভিমতসিদ্ধিঃ।

আদ্যে ব্যতিরিক্তকারণাভাবাৎ ন সৃষ্টিঃ; দ্বিতীয়ে পুরুষ সন্নিধানেন প্রধানং সৃজতীতি স্বীকারে কেবল জড়কর্তৃত্ববাদহানিঃ। কিঞ্চ তথাত্বে প্রলয়কালেঽপি সৃষ্টি প্রসঙ্গঃ। ন চ প্রলয়াবসরে শুভাশুভ-অদৃষ্টেরুদ্‌বোধকাভাবাৎ তদা ন কার্য্যঃ দেবমানবাদি বিচিত্রসৃষ্টির্ন ভবতীতি বাচ্যম্; তদা অনন্যসহায়ং প্রধানং বর্ত্ততে এব, তস্যৈব সৃষ্টিকর্তৃত্ব স্বীকারাৎ; যদ্বা প্রকৃতিপুরুষয়োঃ সংযোগস্তদানীমপি সম্ভাব্যমানাত্বাৎ। যদ্বা তদুদ্‌বোধস্যাপি তদৈবাপাদ্যমানত্বাৎ; তস্মাৎ কেনাপি প্রকারেণ প্রধানকর্তৃত্ববাদমসম্ভবমেব ॥৪॥

ও কার্য্যোদয় অর্থাৎ সৃষ্টি প্রসঙ্গ উপস্থিত হইবে। যদি বলেন—প্রলয়কালে অদৃষ্টের উদ্‌বোধকের অভাব হেতু সৃষ্টিকার্য্যের অভাব হয়; তদুত্তরে বক্তব্য এই যে প্রলয়াবসরে জীব কর্ম্মের উদ্বোধকের স্বীকার করিলে কোন আপত্তি হইতে পারে কি? অর্থাৎ সেই সময়েও তাহা স্বীকার করুন।

এই ভাষ্যের সারার্থ এই প্রকার—সাংখ্যবাদিগণ যদি বলেন জগৎ সৃষ্টির পূর্ব্বে একমাত্র প্রধানই ছিল, তাহা সত্ত্বরজ ও তমোগুণাত্মক, সেই প্রধান হইতে কোন প্রকার কারণের অপেক্ষা না করিয়া মহদাদির উৎপত্তি হয়; সুতরাং সৃষ্টির প্রথমে প্রধানাতিরিক্ত কেহই তাহার প্রবর্ত্তক অথবা নিবর্ত্তক নাই, অতএব জড় প্রধানই জগতের নিমিত্ত ও উপাদান কারণ অন্য নহে। অপর "সুতরাং চেতন সংযোগ হেতু অচেতন বুদ্ধিও চেতনের ন্যায় কার্য্য করে" এই প্রমাণ হেতু চেতন সন্নিধান বশতঃ প্রধান জগৎ কারণ এই দুইটি পক্ষ বা সিদ্ধান্ত স্বীকার করিলেও আপনাদের অভিপ্রায়সিদ্ধ হইবে না। কারণ প্রথমপক্ষ স্বীকার করিলে প্রধানাতিরিক্ত কোন কারণ বিদ্যমান না থাকায় সৃষ্টি হইবে না। দ্বিতীয় পক্ষ স্বীকার করিলে অর্থাৎ চেতন পুরুষের সন্নিধান হেতু প্রধান জগৎ সৃষ্টি করে, এই মত স্বীকার করিলে আপনাদের কেবল জড় কর্তৃত্ব বাদ হানি হয়।

প্রলয় কালেও উভয়ের সান্নিধ্য হেতু জগৎ সৃষ্টি হইবে। যদি বলেন প্রলয়াবসরে জীবের শুভাশুভ অদৃষ্টের উদ্বোধকের অভাব হেতু সৃষ্টিকার্য্য হয় না, এবং দেব মানবাদি বিচিত্র সৃষ্টিও হয় না" এই কথা বলিতে পারেন না সেই কালে অন্যের সহায় রহিত প্রধান অবস্থান করেন কারণ তাহাকেই আপনারা সৃষ্টি কর্ত্তা স্বীকার করিয়াছেন। অথবা প্রলয় কালেও প্রকৃতি এবং পুরুষের সংযোগ সম্ভব হইবে, সুতরাং সৃষ্টি হওয়া উচিত। অথবা সেই কালে শুভশুভের উদ্বোধকের বিদ্যমানতা স্বীকার করা হেতু সৃষ্টি হইবে। অতএব কোন প্রকারেই প্রধানের কর্তৃত্ববাদ স্বীকার করা সম্ভব হইতেছে না ॥৪॥

ননু লতা তৃণপল্লবাদি বিনৈব হেত্বন্তরং স্বভাবাদেব ক্ষীরাকারেণ পরিণমতে, তথা প্রধানমপি মহদাদ্যাকারেণেতি চেত্তত্রাহ—

॥ওঁ॥ *অন্যত্রাভাবাচ্চ ন তৃণাদিবৎ* ॥ওঁ॥ ২।২।১।৫॥

অবধৃতৌ চ শব্দঃ। নৈতচ্চতুরস্রম, কুতঃ? অন্যত্রাভাবাৎ। বলীবর্দ্দাদি ভক্ষিতে

অথ প্রকারান্তরেণ শঙ্কামুত্থাপয়ন্তি—সাংখ্যাঃ—ননু' ইত্যাদিনা। মহদাদ্যাকারেণ পরিণমতে ইতি; তথাচ সাংখ্যসূত্রম্ -২।৩৭, "ধেনুবদ্ বৎসায়" টীকা চ শ্রীভিক্ষূণাম্—যথা বৎসার্থং ধেনুঃ স্বয়মেব ক্ষীরং স্রবতি নান্যং যত্নমপেক্ষতে, তথৈব স্বামিনঃ পুরুষস্য কৃতে স্বয়মেব করণানি প্রবর্ত্তন্তে" ইতি কিঞ্চ-কারিকায়ামপি—৫৭ বৎসবিবৃদ্ধি নিমিত্তং ক্ষীরস্য যথা প্রবৃত্তিরজ্ঞস্য। ইতি। ইত্যেবং শঙ্কায়াং 'সমুদ্-ভাবিতায়াং সিদ্ধান্তসূত্রমবতারয়তি ভগবান্ শ্রীবাদরায়ণঃ অন্যত্র' ইতি। ন চ - লতা তৃণোদকাদি জড়মপি যথা দুগ্ধাকারেণ পরিণমতে তথা প্রধানমিতি বাচ্যম্ অন্যত্রাভাবাৎ-ক্ষীরিনীধেনুং বিনা অন্যত্র বলীবর্দ্দাদিষু দুগ্ধাভাবাৎ 'তৃণাদিবৎ' দৃষ্টান্তমযৌক্তিকমেব।

অথ সূত্রস্থ 'চ' কারস্যার্থমাহুঃ—অবধৃতৌ, ইতি অবধারণার্থং চকারঃ, তস্মাৎ যথার্থাবধারণেন

অনন্তর সাংখ্যবাদিগণ অন্য প্রকারে আশঙ্কা উত্থাপন করিতেছেন—"ননু" ইত্যাদির দ্বারা। যেমন লতাতৃণ পল্লবাদ কোন হেতুর অপেক্ষা না করিয়া স্বভাবতই দুগ্ধরূপে পরিণত হয়, সেই প্রকার প্রধানও স্বভাবতই মহদাদিরূপে পরিণত হয় এই বিষয়ে সাংখ্য সূত্র বলিয়াছেন—"ধেনু যে প্রকার বৎসের নিমিত্ত" শ্রীবিজ্ঞানভিক্ষুপাদ এই রূপ ব্যাখ্যা করিয়াছে—যেমন বৎসের নিমিত্ত ধেনু স্বভাবতঃ দুগ্ধ প্রসব করে কোন অন্য প্রযত্নের অপেক্ষা করে না, সেই প্রকার নিজ স্বামী পুরুষের নিমিত্ত প্রধান স্বয়ং ইন্দ্রিয়াদি রূপে পরিণত হয়। সাংখ্যকারিকায় বর্ণিত আছে—বৎস বৃদ্ধির নিমিত্ত দুগ্ধ যেমন স্বয়ং স্রবিত হয় সেই প্রকার জড় প্রধান সৃষ্ট্যাদিকার্য্যে স্বয়ং প্রবৃত্ত হয়।

সাংখ্যবাদিগণ এই প্রকার আশঙ্কা উত্থাপন করিলে ভগবান শ্রীবাদরায়ণ সিদ্ধান্ত সূত্রের অবতারণা করিতেছেন—অন্যত্র ইত্যাদি। যদি বলেন যেমন লতা তৃণাদি জড় হইয়াও দুগ্ধ রূপে পরিণত হয়, সেই প্রকার জড় প্রধান ও মহদাদি রূপে পরিণত হয়, আপনারা (সংখ্যবাদিরা) এই প্রকার বলিতে পারেন না, যেহেতু অন্যত্র তাহার অভাব দেখা যায়; অর্থাৎ দুগ্ধবতীগাভী বিনা অন্যত্র বলীবর্দ প্রভৃতিতে দুগ্ধের অভাব দেখা যায় অতএব তৃণাদিবৎ দৃষ্টান্তও যুক্তি সঙ্গত নহে ইহাই সূত্রার্থ। অতঃ পর সূত্রস্থ 'চ', কারের অর্থ বলিতেছেন অবধৃতি ইত্যাদি, অর্থাৎ অবধারণের নিমিত্ত 'চ'কার প্রদত্ত হইয়াছে, সুতরাং যথার্থ অবধারণের দ্বারা বিচার করিলে দেখা যায় অচেতন তৃণাদির সমান অচেতন প্রধান জগৎ কারণ হইতে পারে না। এই বাদ চতুরস্র নহে, অর্থাৎ এই দৃষ্টান্ত নির্দোষ নহে, কি দোষা-ভাবাভাব হইল? তদুত্তরে বলিতেছেন অন্যত্র অভাব হেতু। অর্থাৎ তৃণভক্ষণ করিলেই ক্ষীর হইবে, এই কথা বলিতে পারেন না, করাণ বলীর্বদ বৃষভাদি তৃণ ভক্ষণ করিলে দুগ্ধ রূপে পরিণত হয় না, বা

তৃণাদিকে ক্ষীরাকার পরিণামাভাবাদিত্যর্থঃ। যদি স্বভাবাদেব তৃণাদি ক্ষীরাত্মনা পরিণমতে, তর্হি চত্বরাদি পতিতেঽপি তথা স্যাৎ, নচৈবমস্তি,যতো ন স্বভাবমাত্রং হেতুঃ, কিন্তু ব্যক্তিবিশেষ সম্বান্ধাৎ সর্ব্বেশ সঙ্কল্প এব তথেতি ॥৫॥

প্রধানস্য জাড্যাৎ স্বতঃ প্রবৃত্তির্নসমস্তীত্যাপাদিতম্। অথ ত্বম্মুখোল্লাসায় তাং চেদভ্যুপগচ্ছামঃ, তথাপি ন কিঞ্চিত্ত্ববাভীষ্টং সিদ্ধ্যেদিত্যাহ—

॥ওঁ॥ অভ্যুপগমেঽপ্যর্থাভাবাৎ ॥ওঁ॥ ২।২।১।৬।

বিচার্য্যমানে সতি তৃণাদিবৎ অচেতনং প্রধানং জগৎকারণং ভবিতুং নার্হতীতি। চতুরস্রম্—নির্দ্দোষম্। দৃষ্টান্তোঽয়ং ন নির্দ্দোষঃ কথং দোষাভাবাভাবঃ? তত্রাহুঃ—অন্যত্রাভাবাৎ। ন চ তৃণাদি ভক্ষণেন ক্ষীরং ভবতীতি বাচ্যম্; বলীবর্দ্দাদি ইতি। অথ প্রধানস্য স্বভাবপরিণামপক্ষং নিরাকুর্ব্বন্তি - যদীত্যাদিনা।

নন্নু কথং তর্হি জড়স্যদুগ্ধস্য ক্ষরণম্? তত্রাহুঃ—কিন্তু' ইতি। তথাহি শ্রীভাগবতে – ১।১০। ২২, স এব ভূয়ো নিজবীর্য্যচোদিতাং স্বজীবমায়াং প্রকৃতিং সিসৃক্ষতিম্। অনামরূপাত্মনি রূপনামনী বিধিৎমানোনুসসার শাস্ত্রকৃৎ॥ তস্মাৎ ন জড়কর্ত্তৃত্ববাদনির্দ্দোষমিত্যর্থঃ ॥৫॥

এবং প্রধানস্য স্বতঃ প্রবৃত্তেরভাবাৎ ন তস্য নিমিত্তোপাদান কারণতা; "পয়োঽম্বুবচ্চেত্তত্রাপি" (২।২।১।৩) "অন্যত্রাভাবাচ্চ ন তৃণাদিবৎ" (২।২।১।৫) ইতি সূত্রাভ্যাং প্রতিপাদিতম্; কিঞ্চ সর্ব্বান্তর্য্যামি

বৃষভ হইতে দুগ্ধ ক্ষরিত হয় না। অনন্তর প্রধানের স্বাভাবিক পরিণাম পক্ষ নিরাকরণ করিতেছেন— "যদি" ইত্যাদির দ্বারা। যদি স্বভাবতই তৃণ লতাদি দুগ্ধ রূপে পরিণত হয় তাহা হইলে কোন কারণ ভিন্নই চত্বরাদি স্থানে পতিত তৃণ হইতে দুগ্ধ হইবে; কিন্তু তাহা দেখা যায় না। যে হেতু স্বভাবমাত্রই পরিণামের কারণ নহে। কিন্তু ব্যক্তি বিশেষ সম্বন্ধ হেতু সর্ব্বেশ্বর শ্রীগোবিন্দদেবের সঙ্কল্পই তাহার মুখ্য কারণ; অন্য নহে। অর্থাৎ যদি বলেন তাহা হইলে জড়দুগ্ধের কি প্রকারে ক্ষরণ সম্ভব হয়? তদুত্তরে বলিতেছেন—"কিন্তু" ইত্যাদি।

এই বিষয়ে শ্রীভাগবতে বর্ণিত আছে—হস্তিনা পুরবাসিনী কৌরবেন্দ্র পুর রমণীগণ বলিলেন—হে সখি! সেই এই শ্রীকৃষ্ণ, অপ্রচ্যুত অবস্থায় থাকিয়াও নিজ কালশক্তি প্রেরিতা জীববিমোহিনী মায়াকে অনুসরণ করিলেন, যদি বলেন কিজন্য অনুসরণ করিলেন? উত্তরে বলিতেছেন কর্ম জ্ঞান ও ভক্তিযোগ সিদ্ধির নিমিত্ত রূপ রহিত জীগণের নাম ও রূপা দর বেদ শাস্ত্রে বিধান করিলেন। অতএব জড় প্রধান কর্ত্তৃত্ববাদ কোন প্রকারেই দোষ রহিত নহে ॥৫॥

প্রধান জড় হওয়া হেতু তাহার স্বতঃ প্রবৃত্তি হওয়া সিদ্ধান্ত সঙ্গত নহে, তাহা প্রতিপাদন করিলেন অর্থাৎ প্রকৃতির স্বাভাবিক প্রবৃত্তির অভাব হেতু তাহার জগৎ নিমিত্ত উপাদান কারণতা সিদ্ধ

চতুর্ষু নেত্যনুবর্ত্ততে, (২।২।১।৫) "পুরুষো মাংভুক্ত্বা মদ্দোষাননুভূয় মদৌদাসীন্য লক্ষণং মোক্ষং প্রাপ্স্যতি (সাং কা০ ৬১) ইতি তদ্ভোগাপবর্গার্থাং প্রধান প্রবৃত্তিং মন্যতে। "প্রধান প্রবৃত্তিঃ পরার্থং স্বতোঽপ্যভোক্তৃত্বাৎ উষ্ট্রকুঙ্কুম বহন বৎ" (সাং সূ০ ৩।৫৮) ইত্যকর্ত্তাপি পুরুষো ভোক্তা ইতি চ মন্যতে। "অকর্ত্তুরপি ফলভোগোঽন্নাদ্যবৎ" (সাং সূ০ ১।১০৫)

শ্রীগোবিন্দদেবস্যানুগ্রহেনৈব কথঞ্চিৎ তৎ সাহায্যং করোতি। ইতি প্রতিপাদয়ন্তি - প্রধানস্যেতি। অথ ভবতাং শ্রদ্ধামনুরুদ্ধ্যমানাঃ, যদ্বা 'তুষ্যতু দুর্জ্জনো' নায়েন বয়ং যদি স্বীকুর্ম্মঃ, তথাপি ন কিঞ্চিৎ ভবতাং লাভ ইতি প্রতিপাদয়ন্তি— অথ' ইত্যাদি।

অথ সাংখ্যানাং উভয়তোঽপি ন কিমপি অভীষ্টং সিদ্ধ্যেদিত্যর্থং সূত্রমবতারয়ন্তি ভগবান্ শ্রী-বাদরায়ণঃ—অভ্যুপগমে" ইত্যাদি। অভ্যুপগমেঽপি প্রধানস্য সৃষ্ট্যাদৌ স্বতঃ প্রবৃত্তিঃ স্বীকারেঽপি অর্থাভাবাৎ; ভবতাং কিমপি ফলং ন সিদ্ধ্যেদিত্যর্থঃ। চতুর্ষু ইতি ইদং সূত্রমারভ্য উপরিতনেষু চতুর্ষু সূত্রেষু "অন্যত্রাভাবাচ্চ ন তৃণাদিবৎ" (২।২।১।৫) ইত্যস্মাৎ সূত্রাৎ "ন" কারোঽনুবর্ত্তনীয়মিত্যর্থঃ। অথ জড়স্য প্রধানস্য প্রবৃত্তিং নিরূপয়ন্তি—"পুরুষঃ" ইতি।

তথাচ সাংখ্যকারিকায়াং—৬১, প্রকৃতেঃ সুকুমারতরং ন কিঞ্চিদস্তীতি মে মতির্ভবতি। যা দৃষ্টাঽস্মীতি পুন র্ন দর্শন মুপৈতি পুরুষস্য॥ অত্রার্থে সাংখ্যসূত্রমুদাহরন্তি—প্রধান ইতি" অত্র "প্রধান সৃষ্টিঃ' ইতি পাঠঃ সূত্রে দৃশ্যতে: তথৈব শ্রীভিক্ষুমতম্; প্রবৃত্তিঃ" ইতি শ্রী অনিরুদ্ধমতম্। ব্যাখ্যা চ —উষ্ট্রো যথা পরার্থং কুঙ্কুমং বহতি, ন তু স্বার্থং, তথা প্রধানমপি পুরুষভোগাদ্যর্থং জগৎ সৃজতি, তস্য জড়ত্বাৎ, ভোক্তৃত্বাভাবাচ্চ। ইতি। ইত্যনেন প্রধানস্য পরার্থং প্রবৃত্তির্দর্শিতম্।

হয় না, তাহা পূর্ব্ব সূত্র দ্বয়ে প্রতিপাদন করা হইল। কিন্তু সর্ব্বান্তর্য্যামী শ্রীগোবিন্দদেবের অনুগ্রহেই প্রধান সৃষ্টিকার্য্যে যৎসামান্য সাহায্য করে, তাহা নিরূপণ করিতেছেন-প্রধান" ইত্যাদি দ্বারা। যদি আপনাদের শ্রদ্ধার বশীভূত হইয়া, অথবা 'দুর্জ্জনই প্রসন্ন হউক" এই ন্যায়ের অনুগত হইয়া আমরা (বৈদান্তিকরা) যদি আপনাদের মত স্বীকারই করি, তথাপি কোন লাভ হইবে না, তাহা প্রতিপাদন করি-তেছেন-অথ" ইত্যাদি। আপনাদের মুখোল্লাসের নিমিত্ত যদি তাহা স্বীকারও করি তথাপি যৎ সামান্য ও লাভ হইবে না; সাংখ্য বাদিগণের উভয় পক্ষেই কোন অভীষ্ট সিদ্ধ হইবে না, তাহার জন্য ভগবান শ্রীবাদরায়ণ সূত্রের অবতারণা করিতেছেন-"অভ্যুপগমেও" ইত্যাদি। অভ্যুপগমে অর্থাৎ প্রধানের সৃষ্ট্যাদিকার্য্যে স্বতঃ প্রবৃত্তি স্বীকার করিলেও কোন অর্থসিদ্ধ হইবে না অর্থাৎ আপনাদের কোন অভীষ্ট ফল সিদ্ধ হইবে না ইহাই সূত্রার্থ। এই সূত্র হইতে আরম্ভ করিয়া অগ্রিম চারিটি সূত্রে পরসূত্র হইতে 'নকারের অনুবর্ত্তন করিতে হইবে। অনন্তর জড় প্রধানের প্রবৃত্তি প্রকার নিরূপণ করিতেছেন-পুরুষ" ইত্যাদি।

নৈষা প্রবৃত্তির্ন যুক্তা মন্তব্যম্। কুতঃ? তস্যাঃ স্বীকারে ফলাভাবাৎ। পুরুষস্য প্রকৃতিদর্শন-রূপো ভোগস্তদৌদাসীন্যরূপো মোক্ষশ্চ প্রবৃত্তেঃ ফলম্। তত্র ভোগস্তাবন্ন সম্ভবতি, প্রবৃত্তেঃ প্রাক্‌চৈতন্যমাত্রস্য নির্বিকারস্যাকর্ত্তুঃ পুরুষস্য তদ্দর্শনরূপ বিকারাযোগাৎ। ন চাপবর্গঃ,

---

নন্বু প্রধানং পরার্থং জগৎ সৃজতীতি চেৎ কস্তস্য ভোক্তা ইতি বক্তব্যম্? ইতপেক্ষায়ামাহুঃ— অকর্ত্তাপি' ইতি। অত্র সূত্রমুদাহরন্তি—অকর্ত্তুরপীতি। নন্বু অকর্ত্তা চেৎ পুরুষঃ তর্হি কথং তস্য ভোক্তৃত্ব মিতি চেৎ তত্রাহ—অকর্ত্তুঃ' ইতি। যথা পাচকস্য ন অন্নব্যঞ্জনাদে র্ভোক্তৃত্বং কিন্তু পাককার্য্যরহিতস্য মহারাজস্য; তথা কর্ত্তুঃ প্রধানস্য ন ভোক্তৃত্বং কিন্তু সর্ব্ববিধসঙ্গাদিরহিতস্য অকর্ত্তুঃ পুরুষস্য ভোগার্থ মিত্যর্থঃ। তস্মাৎ পরার্থমেব প্রধানং জগৎ সৃজতীত্যর্থঃ।

অত্র এবং স্বীকারেঽপি অর্থাভাবং প্রতিপাদয়ন্তি- নৈষা' ইত্যাদিনা। প্রধানস্য জগৎ-সৃষ্টি ফলং দর্শয়ন্তি—পুরুষস্য, ইতি; তত্রাদৌ ভোগাভাবমাহুঃ—তত্রেতি। তথাচ সাংখ্যসূত্রে ১।১৫ "অসঙ্গোহ্যয়ং পুরুষ ইতি" "ন নিত্য শুদ্ধবুদ্ধ মুক্ত স্বভাবস্য তদ্‌যোগস্তদ্‌যোগাদৃতে" (১।১৯) "নিষ্ক্রিয়স্য

পুরুষ আমাকে উপভোগ করতঃ আমার দোষ সকল অনুভব করিয়া আমার উদাসীনতা রূপ মোক্ষ লাভ করে: এই প্রকার পুরুষের ভোগ ও মোক্ষের নিমিত্ত প্রধানের প্রবৃত্তি দেখা যায় "ইহা সাংখ্য দর্শন কার শ্রীকপিল মনে করেন, সাংখ্য কারিকায় বর্ণিত আছে—প্রকৃতি হইতে কোন কোমলতর বস্তু আছে বলিয়া আমার মনে হয় না যে 'আমাকে পুরুষ দেখিয়াছে' এই প্রকার মনে করিয়া পুনরায় পুরুষের দৃষ্টিপথে আর গমন করে না। এই বিষয়ে সাংখ্য সূত্রের উদাহরণ প্রদান করিতেছেন— প্রধান ইত্যাদি।

এইস্থলে, প্রধান সৃষ্টি'পাঠ সূত্রে দেখাযায়, তাহা শ্রীবিজ্ঞান ভিক্ষুর সম্মত"প্রবৃত্তি" পাঠ বৃত্তিকার অনিরুদ্ধের সম্মত। ব্যাখ্যা—উষ্ট্র যে প্রকার পরের নিমিত্ত কুঙ্কুম বহন করে' নিজের জন্য নয়, সেই প্রকার প্রধানও পুরুষের ভোগ ও মুক্তির নিমিত্ত জগৎ সৃষ্টি করে,নিজের জন্য নহে কারণ সে জড়, তাহার ভোক্তৃত্ব শক্তি নাই। এতদ্দ্বারা প্রধানের পরের নিমিত্ত প্রবৃত্তি হওয়া প্রদর্শিত হইল। যদি বৈদান্তিক গণ বলেন—যদি প্রধান পরের নিমিত্ত জগৎ সৃষ্টি করে তাহা হইলে তাহার ভোক্তাকে? এই অপেক্ষায় বলিতেছেন- 'অকর্ত্তা" ইত্যাদি: এই প্রমাণের দ্বারা অকর্ত্তা পুরুষই ভোগকর্ত্তা তাহাই বুঝাইতেছে। এই বিষয়ে সাংখ্য সূত্র প্রমাণিত করিতেছেন—অকর্ত্তুঃ "ইত্যাদি। যদি বলেন পুরুষ অকর্ত্তা তাহা হইলে কি প্রকারে তাহার কর্ত্তৃত্ব ভোক্তৃত্ব সিদ্ধ হয়? তদুত্তরে বলিতেছেন—অকর্ত্তা ইত্যাদি; অর্থাৎ যে প্রকার পাচকের অন্নব্যঞ্জনাদির ভোক্তৃত্ব ধর্ম নাই, কিন্তু পাক ক্রিয়া রহিত মহারাজই ভোক্তা, সেই প্রকার কর্ত্তা প্রধানের কোন প্রকার ভোগাদি নাই, কিন্তু সর্ব প্রকার সঙ্গ রহিত অকর্ত্তা পুরুষের ভোগের নিমিত্তই জগৎ সৃষ্টি করে।

প্রাগপি প্রবৃত্তেস্তস্য সিদ্ধত্বেন তদ্বৈয়র্থ্যাৎ। সন্নিধিমাত্রস্য ভোগহেতুত্বে, তু মুক্তানামপি তদাপত্তিঃ, তস্যানিত্যত্বাৎ ॥৬॥

তদসম্ভবাৎ" (১৪৯) "নির্গুণাদিশ্রুতি বিরোধশ্চেতি" (১৫৪) ইত্যাদিসূত্রৈঃ পুরুষস্য চৈতন্যমাত্রত্বং সর্ব্ববিধসঙ্গরহিতত্বং, নিত্যশুদ্ধবুদ্ধত্বাদিস্বরূপত্বং নিষ্ক্রিয়ত্বং নির্গুণত্বঞ্চ প্রতিপাদিতম; তস্মাৎ পুরুষস্য প্রকৃতিদর্শনরূপ বিকারাভাবাৎ ন প্রকৃতিদর্শনরূপো ভোগঃ সম্ভবতি। অপিচ নাপবর্গঃ। নিত্যত্বাদিতি প্রকৃতি প্রবৃত্তেঃ পূর্ব্বমপবর্গস্য সিদ্ধত্বেন প্রবৃত্তেঃবৈয়র্থ্যাপত্তেরিত্যর্থঃ।

ননু প্রকৃতিপুরুষয়োঃ সন্নিধিমাত্রেণ ভোগসিদ্ধেরিতি চেৎ ? ন,তথাত্বে মুক্তানামপি ভোগাপত্তিঃ সম্ভবাৎ; তস্মাৎ তন্মুখোল্লাসায় চেদভ্যুপগচ্ছামঃ তথাপি ন ভবতামভীষ্টসিদ্ধিরিতি; ন প্রধানকারণবাদং সঙ্গতমিত্যর্থঃ ॥৬॥

অতএব পরের নিমিত্তই প্রধান জগৎ সৃষ্টিকরে ইহাই অর্থ। সাংখ্যবাদিগণ এই প্রকার স্বীকার করিলেও তাহাদের কোন ফল হইবে না তাহা প্রতিপাদন করিতেছেন-"সৈষা" ইতাদি। জগৎ সৃষ্টিকার্য্যে প্রধানের যে প্রবৃত্তি তাহা মানিবার যোগ্য নহে; যেহেতু তাহা স্বীকার করিলেও কোন ফল লাভ হইবে না। প্রধানের জগৎ সৃষ্টির ফল দেখাইতেছেন—পুরুষ ইত্যাদি। পুরুষের প্রকৃতিকে দর্শন রূপ ভোগ, এবং উদাসীন রূপ মোক্ষ ইহাই প্রবৃত্তির ফল। তন্মধ্যে প্রথমে পুরুষের ভোগাভাব বলিতেছেন—তত্র"ইত্যাদি।

প্রকৃতি সৃষ্টি করিলে পুরুষের ভোগ করা সম্ভব হয় না, যেহেতু প্রকৃতির সৃষ্টিকার্য্যে প্রবৃত্তির পূর্ব্বে চেতন মাত্র নির্ব্বিকার অকর্ত্তা পুরুষের প্রকৃতি দর্শন রূপ বিকারের উৎপত্তি হয় না, সুতরাং পুরুষের ভোগও সম্ভব হয় না এই বিষয়ে সাংখ্য সূত্রে বর্ণিত আছে-"এই পুরুষ সর্ব্ব প্রকার সঙ্গ রহিত" "নিত্যশুদ্ধ বুদ্ধমুক্ত স্বভাব পুরুষের প্রকৃতির যোগ বিনা বন্ধনাদি হয় না" সর্ব্ব প্রকার ক্রিয়াহীন ব্যাপক পুরুষের গমন বন্ধনাদি সম্ভব নহে" "পুরুষের কোন প্রকার ভোগ বন্ধনাদি নাই, তাহা হইলে নির্গুণাদি শ্রুতি বাধা প্রাপ্ত হইবে; ইত্যাদি সূত্র সকলের দ্বারা পুরুষ যে চেতন মাত্র সর্ব্ব প্রকার সঙ্গ রহিত, নিত্যশুদ্ধ বুদ্ধ মুক্ত স্বরূপ 'নিষ্ক্রিয় নির্গুণ তাহা প্রতিপাদন করা হইল। সুতরাং পুরুষের প্রকৃতি দর্শন রূপ বিকারের অভাব হেতু প্রকৃতি দর্শন রূপ ভোগর কোন সম্ভাবনা নাই। অপর উদাসীন রূপ মোক্ষও সম্ভব নহে; কারণ প্রকৃতির প্রবৃত্তির পূর্ব্বে সেই অপবর্গ সিদ্ধ ছিল,অর্থাৎ পুরুষ মুক্তই ছিল সুতরাং পুরুষকে মুক্ত করিবার জন্য প্রধানের সৃষ্টি কার্য্যে প্রবৃত্তি হওয়াই বৃথা। যদি বলেন—প্রকৃতির সন্নিধিমাত্রই পুরুষের ভোগের কারণ, তাহা হইলে মুক্ত গণেরও ভোগাপত্তি হইবে যেহেতু প্রকৃতিও পুরুষের সংযোগ নিত্য অতএব মুক্ত পুরুষও ভোগ ও বন্ধনে পতিত হইবে। সারার্থ এই যে প্রধান

ননু যথাগতিশক্তিরহিতস্য দৃক্‌শক্তি সহিতস্য পঙ্গুপুরুষস্য সান্নিধ্যাৎ গতিশক্তিমান্ দৃক্‌শক্তিরহিতোঽপ্যন্ধঃ প্রবর্ত্ততে, (সাং কা০ ২১) যথা চায়স্কান্তাশ্মনঃ সন্নিধানাজ্জড়মপ্যয়শ্চলতি, এবং চিন্মাত্রস্য পুংসঃসন্নিধানাদচেতনাপি প্রকৃতিস্তচ্ছায়য়া চেতনেব সর্গে প্রবর্ত্তেতেতি চেত্তত্রাহ—

॥ওঁ॥ পুরুষাশ্মবদিতি চেত্তথাপি ॥ওঁ॥ ২।২।১।৭॥

তথাপি তেনাপি প্রকারেণ জড়স্য স্বতঃ প্রবৃত্তির্নসিদ্ধ্যতি। পঙ্গোর্গতিবৈকল্যেঽপি বর্ত্মদর্শন তদুপদেশাদয়োঽপ্যন্ধস্য, দৃক্‌শক্তিবিরহেঽপি তদুপদেশগ্রহাদয়ো বিশেষাঃ সন্তি।

অথ সাংখ্যাঃ পঙ্গ্বন্ধন্যায়মবতার্য্য প্রধানস্য জগৎ কর্ত্তৃত্বং প্রতিপাদয়ন্তি—ননু' ইত্যাদিনা। তথাচ কারিকায়াং—২১' পুরুষস্য দর্শনার্থং কৈবল্যার্থং তথা প্রধানস্য। পঙ্গ্বন্ধবদুভয়োরপি—সংযোগস্তৎকৃতঃ সর্গঃ॥ এবং চুম্বকলৌহমপি দৃষ্টান্তেন স্বীকুর্ব্বন্তি তথাচ সাংখ্যসূত্রম্—১।৯৬ "তৎ সন্নিধানাদধিষ্ঠাতৃত্বং মণিবৎ" ইতি শ্রীগীতাসুচ—৩।২৭, প্রকৃতেঃ ক্রিয়মাণানি গুণৈঃ কর্ম্মাণি সর্ব্বশঃ। অহঙ্কার বিমূঢ়াত্মা কর্ত্তাহমিতি মন্যতে" ইতি। এবং প্রকৃতিপুরুষসংযোগাৎ সৃষ্টির্ভবতীতি তেষামাশয়ঃ।

ইতি সাংখ্যানাং মতং খণ্ডয়িতুং সূত্রমবতারয়তি ভগবান্ শ্রীবাদরায়ণঃ—পুরুষঃ, ইতি। পঙ্গ্বন্ধ পুরুষবৎ; অয়স্কান্ত লৌহবৎ, প্রধানং জগৎ সৃজতীতি চেৎ; তত্রাপি ভবতাং ন দোষান্নিস্তার ইত্যর্থঃ। ভাষ্যন্তু প্রকটার্থম্।

সৃষ্টিকার্য্যে প্রবৃত্ত হইবার পূর্ব্বেও পুরুষের অপবর্গ সিদ্ধ হইয়াছিল সুতরাং প্রবৃত্তি বৃথা হইয়া যায় ইহাই অর্থ।

যদি বলেন—পুরুষও প্রকৃতির সংযোগই ভোগসিদ্ধ হয়; তাহা বলিতে পারেন না, যেহেতু তাহা স্বীকার করিলে মুক্তগণের ভোগ উপস্থিত হইবে। এই প্রকার সিদ্ধান্ত যদি আপনাদের মুখোল্লাসের নিমিত্ত স্বীকারও করি তথাপি আপনাদের (সাংখ্যবাদিগণের কোনরূপ অভীষ্ট সিদ্ধি হইবে না; অতএব জড় প্রধান কারণ বাদ কোন প্রকারেই যুক্তি সঙ্গত নহে ইহাই অর্থ॥৬॥

অনন্তর সাংখ্যবাদিগণ পঙ্গ্বন্ধ ন্যায়ের অবতারণা করিয়া প্রধানের জগৎ কর্ত্তৃত্ববাদ প্রতিপাদন করিতেছেন ননু' ইত্যাদি এইস্থলে আমাদের (সাংখ্যবাদিদের) বক্তব্য এই যে-যেমন গতি শক্তি রহিত দর্শন শক্তিযুক্ত পঙ্গু পুরুষের সন্নিধান লাভ করিয়া গমন শক্তিযুক্ত দৃষ্টিশক্তি রহিত হইলেও অন্ধপুরুষ গমনে প্রবৃত্ত হয়: অপর যেমন-অয়স্কান্ত প্রস্তরের সন্নিধান হেতু জড় লৌহ গমন করে, সেই প্রকার চিন্মাত্র পুরুষের সন্নিধান হেতু অচেতন প্রকৃতি পুরুষের ছায়ার দ্বারা চেতনের ন্যায় সৃষ্টিকার্য্যে প্রবর্ত্তিত হয়। এই বিষয়ে সাংখ্য কারিকায় বর্ণিত আছে—পুরুষ প্রকৃতির মহদাদিকার্য্য সকল দর্শন করে,

অয়স্কান্তমনেশ্চায়ঃ সামীপ্যাদয়ঃ। পুরুষস্য তু নিত্যনিষ্ক্রিয়স্য নির্ধর্ম্মকস্য ন কোঽপিবিকারঃ। সন্নিধিমাত্রেণ তস্মিন্ স্বীকৃতে সতি তস্যানিত্যত্বাৎ নিত্যসর্গোমোক্ষভাবশ্চ প্রসজ্যেত। কিঞ্চ পঙ্গ-ন্ধাবুভৌ চেতনৌ, অয়স্কান্তায়সী চ দ্বে জড়ে, ইতি দৃষ্টান্তবৈষম্যং বিস্ফুটম্ ॥৭॥

তথাচ পঙ্গুর্যথা অন্ধং প্রবর্ত্তয়তি, তথা পুরুষোঽপি জড়ং প্রধানং সৃষ্টিকার্য্যে প্রবর্ত্তয়তীতি স্বীকারে; 'অকর্ত্তা পুরুষঃ" ইতি ভবৎসিদ্ধান্ত হানিঃ। কিঞ্চ পুরুষঃ প্রধানং সৃষ্টিকার্য্যে প্রবর্ত্তয়তীতি 'প্রধানং স্বতন্ত্রং জগৎ সৃজতীতি," প্রতিজ্ঞা হানিঃ। অপিচ—অয়স্কান্তস্য লৌহসন্নিধিব্যাপারস্তু চেতনমন্তরেণ ন সম্ভবতি, তস্মাৎ তৎ কাদাচিৎকত্বেনানিত্যত্বাৎ দৃষ্টান্তাসিদ্ধেশ্চ। এবং দৃষ্টান্ত বৈষম্যঞ্চ বিস্ফুটমেব। তস্মাৎ নানাবিধ দোষদুষ্টত্বাৎ, ন প্রধানং জগন্নিমিত্তোপাদানমিতি ॥৭॥

এবং প্রকৃতি পুরুষকে বন্ধন হইতে মুক্ত করে এই নিমিত্তই উভয়ের অন্ধ ও খঞ্জ ন্যায়ে সংযোগ হয়, এবং এই সংযোগ হেতু জগৎ সৃষ্টি হয়।

সাংখ্যবাদিগণ এই প্রকার চুম্বক ও লৌহের দৃষ্টান্তও স্বীকার করেন। সাংখ্যসূত্রে বর্ণিত আছে-পুরুষ প্রকৃতির সন্নিধান হেতু তাহাকে সৃষ্টিকার্য্যে উন্মুখ করে, যেমন অয়স্কান্ত মণি লৌহকে আকর্ষণ করিয়া চালিত করে শ্রীগীতায় বর্ণিত আছে—প্রকৃতির গুণের দ্বারা সকল কার্য্য করা হয়, কিন্তু অহঙ্কার বিমূঢ়াত্মা পুরুষ নিজেকে কর্ত্তা মনে করে। এই প্রকার প্রকৃতি পুরুষ সংযোগ হেতু জগৎ সৃষ্টি হয়, ইহাই সাংখ্য বাদিগণের মনের আশয়।

এই প্রকার সাংখ্য বাদিগণের এই সিদ্ধান্ত খণ্ডন করিবার নিমিত্ত ভগবান শ্রীবাদরায়ণ সূত্রের অবতারণা করিতেছেন—'পুরুষ" ইত্যাদি। পুরুষ অর্থাৎ অন্ধখঞ্জ পুরুষবৎ, এবং অশ্মবৎ অর্থাৎ অয়স্কান্ত লৌহবৎ প্রধান জগৎ সৃষ্টি করে"এই প্রকার স্বীকার করিলেও আপনাদের দোষ হইতে নিস্তার নাই : ইহাই সূত্রের অর্থ। তথাপি অর্থাৎ সেই প্রকারে জড় প্রধানের স্বতঃ সৃষ্টি কার্য্যে প্রবৃত্তি হওয়া সিদ্ধ হইতেছে না। পঙ্গুর গতি শক্তি না থাকিলেও পথ প্রদর্শন ও তাহাকে উপদেশাদি প্রদান করা, এবং অন্ধের দৃষ্টিশক্তি না থাকিলেও পঙ্গুর উপদেশাদি গ্রহণ করা বিশেষ আছে। অয়স্কান্তমণি দৃষ্টান্তে লৌহে সামীপ্য প্রভৃতি বিশেষ আছে। সিদ্ধান্ত স্থলে পুরুষ নিত্য নিষ্ক্রিয় ধর্মহীন সুতরাং তাহার কোন বিকার নাই; প্রকৃতির সন্নিধান মাত্র পুরুষের বিকার হয় স্বীকার করিলে পুরুষের প্রকৃতির সহিত নিত্যই সংযোগ হয়, অতএব নিত্যই সৃষ্টি হইবে, এবং কোন কালেও পুরুষের মুক্তি হইবে না। অপর আপনাদের দৃষ্টান্তে দোষ আছে, যেমন প্রথম দৃষ্টান্তে অন্ধখঞ্জ দুই জনেই চেতন, অয়স্কান্ত লৌহ দুইটি জড়; কিন্তু দার্ষ্টান্তিকে পুরুষ চেতন এবং প্রধান জড় সুতরাং দৃষ্টান্ত বৈষম্য দোষ ঘটিয়াছে তাহা স্পষ্ট দেখা যায়। সার কথা এই যে—পঙ্গু যেমন অন্ধকে কার্য্যে প্রবর্ত্তিত করে সেই পুরুষ ও জড় প্রধানকে সৃষ্টি কার্য্যে প্রবর্ত্তিত করে এই সিদ্ধান্ত স্বীকার করিলে অকর্ত্তা পুরুষ" এই আপনাদের সিদ্ধান্ত হানি হয়।

যত্তু গুণানামুৎকর্ষাপকর্ষবিশেষেণাঙ্গাঙ্গিভাবাদ্ বিশ্বসৃষ্টিরিতি মন্যতে, তন্নিরস্যতি—

।।ওঁ।। *অঙ্গিত্বানুপপত্তেশ্চ* ।।ওঁ।। ২।২।১।৮।।

সত্ত্বাদীনাং সাম্যেনাবস্থিতিঃ প্রধানাবস্থা সাং সূ০ ১।৬১) অস্যাঞ্চ নিরপেক্ষস্বরূপানাং তেষাং কস্যাচিদেকস্যাঙ্গিত্বং নোপপদ্যতে। ইতরয়োস্তৎসমত্বেন গুণীভাবাসম্ভবাৎ। তথাচ

অথ গুণানামুৎকর্ষাপকর্ষেণ দেবমানবাদি বিচিত্র সৃষ্টির্ভবতীতি কপিলমতমনুসৃত্য শঙ্কামবতারয়ন্তি—"যত্তু" ইতি। যত্তু'ইতি মহর্ষিকপিলঃ। তথাহি সাংখ্যকারিকায়াম্—১৬ ; "প্রতি প্রতি গুণাশ্রয় বিশেষাৎ"ইতি ব্যাখ্যা চ-ন চ যস্মাদেকস্মাৎ প্রধানাৎ ব্যক্তং তস্মাদেকরূপমেব ভবিতব্যমিতি বাচ্যম্ঃ প্রতিগুণাশ্রয় বিশেষাৎ। একস্মাৎ প্রধানাৎ ত্রয়ো লোকাঃ সমুৎপন্নাঃ তুল্যভাবা ন ভবন্তি সলিল বদিতি। একস্মাদেবাপ্রধানাৎ প্রবৃত্তাঃত্রয়ো লো কাঃযথা আকাশাদেকরসং সলিলং পতিতমপি নানা ভূমি বকিারানাসাদ্য নানারসাত্মকংভবতি;তথা একস্বভাবাঃ ন ভবন্তি;দেবেষু সত্ত্বমুৎকটং তেন তেঽত্যন্তসুখিনঃ মনুষ্যেষু রজউৎকটং ভবতি, তেন মানবা অত্যন্ত দুঃখিনঃ, তির্য্যক্ষু তমউৎকটং ভবতি তেন তেঽত্যন্তমূঢ়াঃ"ইতি আশ্রয় বিশেষাৎ গুণানাং উৎকর্ষাপকর্ষৌ ভবতীতি। ইতি সাংখ্য শাস্ত্রকৃৎ কপিলস্য মতম্। ইত্যেবং কপিল মতং নিরাকর্ত্তুং সূত্রমবতারয়তি ভগবান্ শ্রীবাদরায়ণঃ—"অঙ্গিত্ব" ইতি। গুণত্রয়াণাং মধ্যে একস্য অঙ্গিত্বং-প্রধান্যং ইতরয়োরঙ্গত্বং—অপ্রাধান্যং অনুপপত্তেশ্চ ন প্রধানং জগৎ কারণমিত্যর্থঃ। **সত্ত্বাদী**

অপর 'পুরুষ প্রধানকে সৃষ্টিকার্য্যে প্রবর্ত্তিত করে' এই প্রকার স্বীকার করিলে "প্রধানই স্বতন্ত্রভাবে জগৎ সৃষ্টি করে এই প্রতিজ্ঞার হানি হয়। আরও অয়স্কান্তমণির লৌহের সহিত সংযোগ ব্যপার চেতন বিনা সম্ভব হইবে না, অতঃ সেই সংযোগ কদাচিৎ হয় কদাচি নাও হয়, সুতরাং তাহা দৃষ্টান্ত সিদ্ধদোষ হইল। এবং ভাষ্যে দৃষ্টান্ত বৈষম্য দোষস্পষ্ট হইয়াছে, অতএব প্রধান কারণবাদ নানা প্রকার দোষ দুষ্ট হেতু জড় প্রধান জগতের নিমিত্তোপাদান কারণদ্বয় হইতে পারে না ইহাই ভাষ্যার্থ। ৭ ॥

অনন্তর গুণগত উৎকর্ষ ও অপকর্ষের দ্বারা দেবমানবাদি বিচিত্র সৃষ্টি হয় "এই প্রকার শ্রী-কপিলের মতানুসারে আশঙ্কা উত্থাপন করিতেছেন—'যত্তু" ইত্যাদি। যত্তু অর্থাৎ মহর্ষি কপিল ; তিনি মনে করেন গুণগত উৎকর্ষ অপকর্ষ বিশেষ দ্বারা অঙ্গাঙ্গী ভাব হেতু বিশ্ব সৃষ্টি হয়। এই বিষয়ে সাংখ্য কারিকায় বর্ণিত আছে—প্রতি গুণাশ্রয় বিশেষ হেতু" অর্থাৎ-যদি বলেন-একমাত্র প্রধান হইতে জগৎ সৃষ্টি হইয়াছে, সুতরাং জগৎ একরূপই হউক ? এই কথা বলিতে পারেন না, যে হেতু প্রতিগুণাশ্রয়ে বিশেষ আছে ; একমাত্র প্রধান হইতে লোক ত্রয় সমুৎপন্ন হইলেও তুল্যস্বভাব যুক্ত হইবে না, যে সলিল অর্থাৎ আকাশ হইতে যেমন একরস যুক্ত জল পৃথিবীতে পতিত হইলেও নানা ভূমির নানা প্রকার বিকার প্রাপ্ত হইয়া নানারসাত্মক হয়, সেই প্রকার একমাত্র প্রধান হইতে সমুৎপন্ন লোকত্রয় একস্বভাব যুক্ত হইবে

গুণানামঙ্গাঙ্গিভাব সিদ্ধিঃ, নচেশ্চরঃ কালো বা তৎকৃৎ, অস্বীকারাৎ। 'যথাহ কপিলঃ ঈশ্বরাসিদ্ধেঃ" (সাং সূ০ ১।৯২) "মুক্তবদ্ধয়োরন্যতরাভাবান্ন তৎ সিদ্ধিঃ" (সাং সূ০ ১।৩৯) "দিক্‌কালাবাকাশাদিভ্যঃ" (সং সূ০ ২।১২) ইতি চ। ন চ পুরুষস্তৎকৃৎ, তস্য তত্রৌদাসীন্যাৎ।

নামিতি—তথাচ সাংখ্যসূত্রে – ১।৬১, সত্ত্বরজস্তমসাং সাম্যাবস্থা প্রকৃতিঃ"ইতি। ইতি প্রকৃতেঃ স্বরূপম্। তস্যাং প্রকৃতৌ অবস্থিতানাং নিরপেক্ষ স্বরূপাণাং তেষাং সত্ত্বরজস্তমসাং গুণানাং ইতি। তথাচ গুণানামঙ্গাঙ্গিরূপাভাবাৎ জগদুৎপত্ত্যভাবঃ সিদ্ধিরিতি।

অথ গুণানাং অঙ্গাঙ্গিভাবনিরূপকঃ কঃ? ন চ ঈশ্বরঃ; ন বা কালঃ; কুতঃ—অস্বীকারাৎ; শ্রীকপিল ঈশ্বরাদিকং ন স্বীকরোতি। তথাহি তৎসূত্রম্—১।৯২, "ঈশ্বরাসিদ্ধেঃ" ননু সর্ব্বে এব ঈশ্বরং স্বীকুর্ব্বন্তি তদস্বীকারে দোষমাপদ্যেত ইতি চেৎ ন ; ঈশ্বরে প্রমাণাভাবাৎ দোযাভাবঃ। তথাহি—ঘটাদেরিব ন তত্র প্রত্যক্ষ প্রমাণং তদ্‌বদনুপলম্ভাৎ। ননু "ক্ষিত্যাদি সকর্ত্তৃকং কার্য্যত্বাৎ" ইত্যনুমানং প্রমাণমিতি চেৎ ন : বিকল্পাসত্ত্বাৎ। স কিং সদেহো দেহশূন্যো বা ইতি বিকল্পাসহত্বাৎ উভয়থাপি জগৎকর্ত্তৃত্বাসম্ভাবাৎ" ইতি।

তস্মাৎ কেনাপি প্রমাণেন নেশ্বরসিদ্ধিরিতি। অথ সূত্রান্তরেণ ঈশ্বরাভাবং প্রতিপাদয়ন্তি মুক্ত "ইতি। অত্র অনিরুদ্ধবৃত্তিম্—স কিং বদ্ধো বা মু॰। বা ? বদ্ধস্য ধর্ম্মাধর্ম্মযোগাদ্ নেশ্বরত্বম্।

না ; দেবগণে সত্ত্বগুণের আধিক্য হেতু তাহার দ্বারা দেবগণ অত্যন্ত সুখী ; মানবগণে রজোগুণের প্রাধান্য হেতু তাহার দ্বারা মানবগণ অত্যন্ত দুঃখী, এবং তির্য্যক্‌গণে তমোগুণের আধিক্য হেতু তাহার দ্বারা তির্য্যকগণ অতিশয় মূঢ় ; এই ভাবে আশ্রয় বিশেষ হেতু গুণ সকলের উৎকর্ষ অপকর্ষ হয়, এই প্রকার সাংখ্য শাস্ত্রকার মহর্ষি শ্রীকপিলের সিদ্ধান্ত।

এই প্রকার শ্রীকপিলের মত নিরাকরণ করিবার জন্য ভগবান শ্রীবাদরায়ণ সূত্রের অবতারণা করিতেছেন'—অঙ্গিত্ব" ইত্যাদি। গুণত্রয়ের মধ্যে একটি গুণের অঙ্গিত্ব অর্থাৎ প্রাধান্য, অপর দুইটি গুণের অঙ্গত্ব অর্থাৎ অপ্রাধান্য অনুপপত্তি হেতু প্রধান জগৎ কারণ নহে ইহাই সূত্রার্থ। সত্ত্বাদিগুণ ত্রয়ের সমান ভাবে অবস্থানের নাম প্রধান, সেই প্রধানাবস্থাতে নিরপেক্ষ স্বরূপ গুণত্রয়ের মধ্যে কোন একটির অঙ্গিত্ব বা প্রাধান্য হওয়া যুক্তি সঙ্গত নহে, এবং অন্য দুইটির পূর্ব্বগুণের সমান হেতু গৌণভাব হওয়াও অসম্ভব ; অতএব গুণত্রয়ের অঙ্গাঙ্গিত্বভাব সিদ্ধ হয় না। তাৎপর্য্য এই যে—সাংখ্য সূত্রে বর্ণিত আছে সত্ত্বরজঃ তমঃ এইগুণ ত্রয়ের সাম্যাবস্থাকে প্রকৃতি বলে ; এই প্রকৃতির স্বরূপ : সেই প্রকৃতিতে অবস্থিত নিরপেক্ষ স্বরূপ গুণত্রয় সমান ভাবে অবস্থান করে, সুতরাং সমান ভাবে অবস্থিত গুণত্রয়ের অঙ্গাঙ্গি রূপের অভাব হেতু প্রধানের দ্বারা জগদুৎপত্তির অভাব সিদ্ধ হইতেছে। এই আমরা (বৈদান্তিকগণ) জিজ্ঞাসা করি—এই গুণত্রয়ের অঙ্গাঙ্গিভাব নিরূপক কে ? "ন চ ঈশ্বরঃ" ঈশ্বর নিরূপক হইতে

তথা চ গুণবৈষম্যহেতুকঃ সর্গো ন স্যাৎ কিঞ্চ এবং হেত্বভাবাৎ প্রতিসর্গোঽপি তে বৈষম্যং ভজেরন্। আদিসর্গে তু ন ভজেরন্নিতি ॥৮॥

মুক্তস্য জ্ঞানচিকীর্ষা প্রযত্নাভাবান্ ন কর্ত্তৃত্বমিতি নেশ্বরসিদ্ধিঃ। অথ "অন্য এবাসৌ জীবন্মুক্তঃ" ইতি,এবং তর্হি দৃষ্টান্তা ভাবাদসাধারণত্বম্" ইতি। অথ কালকৃতমঙ্গাঙ্গিভাবং নিরাকুর্ব্বন্তি "দিগিতি" দিক্ কালাবাকাশদিভ্যঃ" ইতি। ২।১২ তত্তদুপাধিভেদাদ্ আকাশমেব দিক্ কালশব্দবোধ্যম্ ; তত্র তয়োরন্তর্ভাব ইত্যর্থঃ। অথ পুরুষকৃতমঙ্গাঙ্গিভাবমপি নোপপদ্যতে—ইত্যাহুঃ নচেতি। অথানুপপত্তেঃ ফলমাহুঃ—তথাচ" ইতি। প্রতিসর্গে" ইতি – মানবাৎ মানবান্তর সৃষ্টি সময়ে ; আদিসর্গে - প্রকৃতের্মহ-তত্ত্ব সৃষ্টিকালে। তস্মাৎ গুণানাং মুখ্য গৌণা ভাবাৎ ন প্রধান কর্ত্তৃকা সৃষ্টিরিতি ভাবঃ ॥৮॥

পারে না, এবং কালও তাহার নিরূপক নহে, যেহেতু শ্রীকপিল তাহা স্বীকার করেন না ; এই বিষয়ে তাঁহার সূত্র উদ্ধৃত করিতেছেন - ঈশ্বরের অসিদ্ধি হেতু ।

অর্থাৎ যদি বলেন-সকলেই ঈশ্বরকে স্বীকার করেন, অপনি স্বীকার করিবেন না কেন ? ঈশ্বর স্বীকার না করিলে দোষ ; তদুত্তরে বলিতেছেন – না দোষ হইবে না, যেহেতু ঈশ্বরে কোন প্রমাণ নাই সুতরাং দোষ হইবে না, ঘটাদিদ্রব্যের সমান ঈশ্বরে প্রত্যক্ষ প্রমাণ সিদ্ধ হয় না কারণ ঈশ্বরের উপলব্ধি হয় না। যদি বলেন পৃথিব্যাদি কার্য্য সকল কোন কর্ত্তার দ্বারা সম্পন্ন হইয়াছে, যেহেতু উহা কার্য্য "এই অনুমান প্রমাণের দ্বারা ঈশ্বর সিদ্ধি হইবে ; তাহা বলিতে পারেন না, কারণ তাহার কোন বিকল্প সহ্য হইবে না, অর্থাৎ সেই ঈশ্বর দেহ যুক্ত অথবা দেহশূন্য এই প্রকার বিকল্প শূন্য হওয়া হেতু ঈশ্বরের উভয় প্রকারেই জগৎ কর্ত্তৃত্বের সম্ভব হয় না, অতএব কোন প্রমাণের দ্বারাই ঈশ্বর সিদ্ধি হইতেছে না।

অনন্তর অন্য সূত্রের দ্বারা ঈশ্বরাভাব প্রতিপাদন করিতেছেন –"মুক্ত" ইত্যাদি। যদি বলেন ঈশ্বর আছে, তবে জিজ্ঞাসাকরি ঈশ্বর বদ্ধ অথবা মুক্ত ? উভয় প্রকারই অসম্ভব সুতরাং ঈশ্বর প্রমাণ সিদ্ধ হয় না। এই সূত্রের শ্রীঅনিরুদ্ধ কৃত বৃত্তি এই প্রকার সেই ঈশ্বর কি বদ্ধ অথবা মুক্ত ? কারণ বদ্ধের ধর্ম্ম কিম্বা অধর্ম্মের যোগ হেতু ঈশ্বরত্ব সিদ্ধ হইবে না। পক্ষান্তরে ঈশ্বর মুক্ত হইলে জ্ঞান চিকীর্ষা ও প্রযত্নের অভাব হেতু কর্ত্তা হইবে না, সুতরাং ঈশ্বর সিদ্ধ হইতেছে না। যদি বলেন-ঈশ্বর বদ্ধ মুক্ত হইতে অন্য কোন জীবন্মুক্ত, তথাপি তাহার কোন দৃষ্টান্ত দেখা যায় না, অতএব ইহা অসাধারণ দোষ বিশেষ জানিবে। অতঃপর কালকৃত গুণ ত্রয়ের অঙ্গাঙ্গিভাব নিরাকরণ করিতেছেন— দিক্" ইত্যাদি সেই সেই উপাধি ভেদে আকাশই দিক ও কাল শব্দে বুঝিতে হইবে।

অর্থাৎ আকাশের মধ্যেই দিক ও কালের সত্তা আছে ইহাই অর্থ ; সুতরাং ঈশ্বর কাল অথবা কেহ অন্যগুণ ত্রয়ের অঙ্গাঙ্গিভাব করে নাই। অনন্তর পুরুষ কৃত অঙ্গাঙ্গিভাবও যুক্তি সঙ্গত হয় না,

ননু কার্য্যানুরোধেন গুণা বিচিত্রস্বভাবাভবন্তীত্যনুমেয়ম্। তেন নোক্তদোষাবকাশেতি, চেত্তত্রাহ—

॥ওঁ॥ *অন্যথানুমিতৌ চ জ্ঞশক্তিবিয়োগাৎ* ॥ওঁ॥২।২।১।৯॥

বিচিত্রশক্তিকতয়া গুণানামনুমানেঽপি ন দোষান্নিস্তারঃ। কুতঃ? জ্ঞেতি। জ্ঞাতৃত্ব-

---

অথ প্রধানকারণ বাদিনঃ পুনঃ প্রত্যবতিষ্ঠন্তে নন্থ' ইত্যাদিনা। তথাহি কারিকায়াম্—২৭, "গুণ পরিণাম বিশেষান্নানাত্বম্" টীকা শ্রীগৌড় পাদানাম্—অথ এতন্নানাত্বং ন ঈশ্বরেণ, নাহঙ্কারেণ, ন বুদ্ধ্যা, ন প্রধানেন, ন পুরুষেন; স্বভাবাৎ কৃতগুণপরিণামেন ইতি; ইহ সাংখ্যানাং স্বভাবো নাম কশ্চিৎ কারণমস্তি" ইতি তথাচ অনুমানম্ "গুণাঃ বিচিত্র স্বভাবাঃ নানাবিধকার্য্যকারিত্বাৎ" ইতি। ইত্যেবং সাংখ্যানামনুমানং নিরাকর্ত্তুং সূত্রমবতারয়তি ভগবান্ শ্রীবাদরায়ণঃ—অন্যথা" ইত্যাদি। অথ জগদ্ রচনং অন্যথা অন্যপ্রকারেণাপি অনুমিতৌ চ ন দোষন্নিস্তার: কুতঃ? জ্ঞশক্তিবিয়োগাৎ; গুণানাং চেতন শক্তি বিরহাৎ ন কার্য্যোপাদান সামর্থ্যমিতি।

তাহা বলিতেছেন "নচ" ইত্যাদি। যদি বলেন-পুরুষগুণ ত্রয়ের অঙ্গাঙ্গিভাব কর্ত্তা, তাহাও বলিতে পারেন না, কারণ পুরুষ কার্য্য বিষয়ে উদাসীন। অনুপপত্তির ফল বলিতেছেন—তথাচ" এই প্রকার গুণ ত্রয়ের বিষমতা হেতু জগৎ সৃষ্টি হইবে না অপর এইরূপে সৃষ্টির কারণের অভাব হেতু প্রতিসর্গে মানব হইতে মানব সৃষ্টি সময়ে গুণত্রয় বৈষম্য প্রাপ্ত হউক, তথা আদিসর্গে প্রকৃতির মহত্তত্ব সৃষ্টিকালে সেই গুণ সকল বিষমতা না হউক। অতএব গুণত্রয়ের মুখ্য ও গৌণের অভাব হেতু প্রধান কর্তৃক জগৎ সৃষ্টি হয় নাই ইহাই ভাবার্থ ॥৮॥

অতঃপর প্রধানকারণবাদিগণ পুনরায় যুক্তি অবলম্বন করিয়া উত্থিত হইতেছেন—নন্থ ইত্যাদির দ্বারা। আমরা (সাংখ্যবাদিগণ) বলিব"কার্য্যানুরোধে গুণসকল বিচিত্র স্বভাব যুক্ত হয়" এইপ্রকার অনুমান করিলে পূর্ব্বোক্ত দোষের অবকাশ থাকিবে না। এইবিষয়ে সাংখ্য কারিকায় বর্ণিত আছে গুণ-সকলের পরিণাম বিশেষ হেতু অনেক প্রকার হইয়া থাকে। শ্রীগৌড়পাদের টীকা এই রূপ—এই গুণ ত্রয়ের নানাত্ব হওয়া ঈশ্বর কর্ত্তৃক নহে, অহঙ্কারের দ্বারা নহে, বুদ্ধি ও প্রধানের দ্বারাও হয় না, এবং পুরুষ কর্ত্তৃকও হয় না: কিন্তু এই নানাত্ব স্বভাবহেতু গুণ পরিণামের দ্বারা হয়। এইস্থানে "স্বভাব" নামে আমাদের কোন কারণ আছে; তাহার অনুমান প্রকার এইরূপ-গুণসকল বিচিত্র স্বভাব যুক্ত যেহেতু তাহারা নানাবিধ কার্য্য করে।

সাংখ্য বাদিগণের এই প্রকার অনুমানকে নিরাকরণ করিবার নিমিত্ত ভগবান শ্রীবাদরায়ণ সূত্রের অবতারণা করিতেছেন—অন্যথা" ইত্যাদি। আপনারা (সাংখ্যবাদিবা) জগৎ রচনা বিষয়ে অন্য প্রকারে অনুমান করিলেও দোষ হইতে নিস্তার পাইবেন না; কি প্রকারে? জ্ঞান শক্তি বিয়োগ

বিরহাদিত্যর্থঃ। "ইদমহমেবঞ্চ সৃজামি" ইতি বিমর্শাভাবাদিতি যাবৎ। জ্ঞানশূন্যাৎ জড়ান্ন সৃষ্টিরিষ্টকাদেরিব ঋতে চেতনাধিষ্ঠানাদিতি ॥৯॥

॥ওঁ॥ *বিপ্রতিষেধাচ্চাসমঞ্জসম্* ॥ওঁ॥ ২।২।১।১০

পূর্ব্বোত্তরবিরোধাচ্চেদং কপিলদর্শনমসমঞ্জসং, নিঃশ্রেয়সকামৈর্হেয়মিত্যর্থঃ। তথাহি প্রকৃতেঃ পারার্থ্যাদ্ দৃশ্যত্বাচ্চ তস্যা ভোক্তা দ্রষ্টা অধিষ্ঠাতা চ পুরুষেতি। শরীরাদি-

---

"নন্বু" গুণাঃ বিচিত্রস্বভাবাঃ বিচিত্র কার্য্যকারিত্বাৎ চিত্রবৎ" ইতি অনুমানমেবাস্মাকং সর্ব্ব-দোষ নিবারকঃ" ইতি চেৎ তত্রাহুঃ 'বিচিত্র' ইতি। জ্ঞান শূন্যেভ্যো জড়েভ্যো গুণেভ্যঃ সৃষ্টি স্বীকারে পূর্ব্ব পূর্ব্ব দোষান্ন নিস্তারঃ তস্মাৎ তাদবস্থ্যমেব। জড়াৎ সৃষ্টিঃ স্বীকারে অচেতনেভ্য ইষ্টকাদিভ্যঃ ঋতে চেতনাধিষ্ঠানাৎ প্রাসাদাদিনির্ম্মাণং ভবতু : ন তু তথাস্তি। তস্মাৎ কেনাপি প্রকারেণ সাংখ্যানাং জড় করণবাদং ন নির্দ্দোষমিতি ॥৯॥

অথ সাংখ্যানাং নানাবিধান্ কুতর্কান্ খণ্ডয়ন্ রচনানুপপত্ত্যধিকরণমুপসংহরতি ভগবান্ শ্রী-বাদরায়ণঃ—বিপ্রতিষেধাদিতি। সূত্রার্থস্তু ভাষ্যে স্পষ্টম্। অথ পূর্ব্বোত্তরবিরোধদ্বারেণ অসমঞ্জসপ্রকার

হেতু, অর্থাৎ গুণ সকলের চেতন শক্তি না থাকার জন্য কার্য্যোৎপাদন করিতে সমর্থ হয় না। ইহাই সূত্রার্থ। সাংখ্য বাদিগণ বিচিত্র শক্তি বিশিষ্ট রূপে গুণ সকলের অনুমান করিলেও দোষ হইতে কোন প্রকারে নিস্তার পাইবে না। কি প্রকারে? জ্ঞান হেতু অর্থাৎ গুণত্রয়ের জ্ঞাতৃত্বশক্তি না থাকার জন্য ইহাই অর্থ।

"ইহা আমিই সৃষ্টি করিতেছি" এই প্রকার বিবেচনার অভাব দেখা যায় এই পর্য্যন্ত। জ্ঞান শূন্য জড় হইতে সৃষ্টি হয় না যেমন চেতনহীন ইষ্টকাদি হইতে চেতনের অধিষ্ঠান না হইলে গৃহাদি নির্ম্মাণ হয় না : সেই প্রকার অচেতন গুণের দ্বারাও সৃষ্টি হয় না ইহাই ভাষ্যার্থ। অর্থাৎ যদি আপনারা (সাংখ্যবাদিরা) অনুমান করেন—গুণসকল বিচিত্র স্বভাব যুক্ত যেহেতু তাহারা বিচিত্র কার্য্য করিতে সমর্থ, যেমন চিত্র ; অর্থাৎ বিচিত্র বর্ণের চিত্র যেমন নানা প্রকার নৃত্যাদি করে সেইরূপ গুণ সকলও "এই অনুমানই আমাদের সর্ব্ব দোষ নিবারক ; তদুত্তরে শ্রীমদ্‌ভাষ্যকার প্রভুপাদ বলিতেছেন — বিচিত্র 'ইত্যাদি। অর্থাৎ জ্ঞানহীন জড় গুণ সকল হইতে সৃষ্টি স্বীকারে পূর্ব্ব পূর্ব্ব দোষ হইতে নিস্তার পাইবেন না : সুতরাং পূর্ব্বের সমান অবস্থাই হইল। অপর জড় হইতে সৃষ্টি স্বীকারে অচেতন ইষ্টক প্রস্তরাদি হইতে চেতনা যুক্ত কর্ত্তা বিনা প্রাসাদাদি নির্ম্মাণ সিদ্ধ হউক ; কিন্তু তাহা হয় না। সুতরাং কোন প্রকারেই সাংখ্যবাদিগণের জড় কারণবাদ দোষ রহিত নহে ইহাই তাৎপর্য্যার্থ ॥৯॥

অনন্তর সাংখ্য বাদিগণের নানাবিধ কুতর্ক সকল খণ্ডন করিয়া ভগবন শ্রীবাদরায়ণ রচনানুপপত্ত্যধিকরণ উপসংহার করিতেছেন—বিপ্রতিষেধ" ইত্যাদি। বিপ্রতিষেধ অর্থাৎ বিরোধ : পূর্ব্বোত্তর

ব্যতিরিক্তঃ পুমান্" সাং সূ০ ১।১৩৯) "সংহতপরার্থত্বাৎ" (স্রাং সূ০ ১।১৪০) ইত্যাদিভিরভ্যুপগম্য তস্য পুনর্নির্ব্বিকার নির্দ্ধর্ম্মকচৈতন্যত্ব কর্ত্তৃত্ব ভোক্তৃত্ব শূন্যত্বং কৈবল্যরূপত্বঞ্চাভিহিতম্।

মাহুঃ—"তথাহি" ইতি। 'শরীরাদি' ইতি সাংখ্য সূত্রম্। ব্যাখ্যা শরীরাদি প্রকৃত্যন্তং যচ্চতুর্ব্বিংশতি তত্ত্বাত্মকং বস্তু তৎ সংহতং, পুমাংস্তু অসংহতশ্চিদেকরসঃ, ততোঽতিরিক্তঃ, ভোক্তা চ। সংহত পরার্থত্বাৎ" ইতি সাংখ্যসূত্রম্।

যৎ সংহতং তদসংহত পরার্থম্। সংহতত্বঞ্চ—গুণানামন্যোঽন্যমিথুনভাবেন কার্য্য কারণম্ ইতি। সংহতং প্রকৃত্যাদিকং পরার্থং ভবতি, শর্য্যাদিবৎ তস্মাৎ সংহতদেহাদিভ্যঃ পরঃ পুরুষঃ সিদ্ধ্যতীত্যর্থঃ। অতঃপরং সূত্রচতুষ্টয়মপি এতৎপরমেব ; তথাচ—(১)" ত্রিগুণাদিবিপর্য্যয়াৎ" (১।১৪১) (২) "অধিষ্ঠানাচ্চেতি" (১।১৪২) (৩ "ভোক্তৃভাবাৎ" (১।১৪৩) (৪) "কৈবল্যার্থং প্রবৃত্তেশ্চ" (১।১৪৪) তস্মাৎ পুরুষস্য ভোক্তৃত্বাদি সিদ্ধিঃ।

অথ নির্ব্বিকারত্বাদি ধর্ম্মকস্য প্রমাণমাহুঃ—জড়", ইতি ; ইদং সাংখ্য সূত্রম্—জড়চেতনৌ হি দ্বৌ পদার্থৌ.তয়োর্জড়ো ন প্রকাশতে, তত্তু প্রধানমিতি। তস্মাদাত্মৈব চৈতন্যত্বাৎ প্রকাশ পদার্থমিতি "নিগুর্ণত্বাদিতি ; সাংখ্য সূত্রম্।

সিদ্ধান্তের বিরোধ হেতু সাংখ্য দর্শন অসমঞ্জস, সুতরাং নিঃশ্রেয়স কামনাকারি মানবগণ কর্ত্তৃ অত্যন্ত হেয় ইহাই সূত্রার্থ। সাংখ্য দর্শনের পূর্ব্বোত্তর বিরোধ দ্বারা অসমঞ্জস্য প্রকার বলিতেছেন—তথাহি" ইত্যাদি। প্রথমদোষ-প্রকৃতি পরের নিমিত্ত, অর্থাৎ উষ্ট্র যেমন পরের নিমিত্ত কুঙ্কুম বহন করে, প্রকৃতিও সেই প্রকার পরের অর্থাৎ পুরুষের নিমিত্ত মহদাদি সৃষ্টি করে, পুনঃ প্রকৃতি দৃশ্য—তাহাকে দেখা যায়, এবং তাহার ভোক্তা দ্রষ্টা অধিষ্ঠাতা পুরুষ হয় ; এই বিষয়ে সাংখ্য সূত্রে বর্ণিত আছে 'শরীরাদি ব্যতিরিক্ত পুমান্" অর্থাৎ শরীর হইতে আরম্ভ করিয়া যে চতুর্বিংশতি তত্ত্বাত্মক বস্তু তাহা সংহত ; পুরুষ কিন্তু অসংহত, চিদেকরসস্বরূপ, প্রকৃতি হইতে অতিরিক্ত এবং ভোক্তা।

"সংহত" এইটিও সাংখ্য দর্শনের সূত্র ; ব্যাখ্যা এই রূপ যাহা সংহত তাহা অসংহত বা পরের নিমিত্ত অর্থাৎ পুরুষের নিমিত্ত : সত্ত্বাদিগুণ সকলের পরস্পর সংযুক্তভাবে যে কার্য্য কারণ হয় তাহাকে সংহত বলে। সংহত প্রকৃতি প্রভৃতি পরের জন্যই হয়, যেমন শয্যাদি। অতএব সংহত দেহাদি হইতে পুরুষ অন্য ইহা সিদ্ধ হইল। অতঃপর চারিটি সূত্রও এই প্রকারই সিদ্ধান্ত করিয়াছেন—তাহা এই রূপ (১) ত্রিগুণাদি বিপর্য্যয় হেতু ; অর্থাৎ সুখ দুঃখ মোহ এই তিনটিগুণ, পুরুষ এই গুণত্রয়ের বিপরীত, বা সকলের পৃথক। (২) অধিষ্ঠান হেতু, অর্থাৎ ভোগ্য পদার্থে ভোক্তা অধিষ্ঠান হয় মাত্র, কিন্তু ভোক্তা বা পুরুষ তাহা হইতে ভিন্ন। (৩) ভোক্তৃভাব হেতু পুরুষ যে পৃথক তাহা ভোক্তৃভাব দ্বারাও সিদ্ধ হয়, অর্থাৎ ভোক্তা পুরুষ, অন্য সকল তাহার ভোগ্য।

"জড়প্রকাশাযোগাৎ প্রকাশঃ" (সং সূ০ ১।১৪৫) "নির্গুণত্বান্ন চিদ্ধর্ম্মা" (সাং সূ০ ১।২৪৬) ইত্যাদিভিঃ। গুণাবিবেকবিবেকৌ পুংসো বন্ধমোক্ষৌ স্বীকৃত্য, তৌ পুনর্গুণানামেব,

---

নন্বু জড়োঽপি আত্মা জ্ঞানগুণকঃ, তেন জগৎ প্রকাশতাং নাম, ন তু চৈতন্য মাত্রং স ইতি চেৎ তত্রাহ—নির্গুণত্বাদিতি। আত্মনি ধর্ম্মযোগে পরিণামিত্বং, অনির্ম্মোক্ষঃ নির্গুণ শ্রুতি বাকোপশ্চ স্যাদতো নির্গুণচৈতন্যমাত্মা ইতি ভাবঃ। আদি পদাৎ সূত্রদ্বয়ং গ্রাহ্যম্—তথাচ" অবিবেকাদ্ বা তৎ সিদ্ধেঃ কর্ত্তুঃ ফলাবগমঃ" (১।১০৬) অনিরুদ্ধবৃত্তিঃ—ন পুরুষঃ কর্ত্তা ন ভোক্তা কিন্তু মহত্তত্ত্বপ্রতিবিম্বিতত্বাৎ কর্ত্তৃত্বাভিমানঃ; অবিবেকাদ্ বা' ইতি প্রকৃতি পুরুষ বিবেকাগ্রহাৎ, তৎ সিদ্ধেঃ কর্ত্তুঃ ফলোপভোগাভিমান সিদ্ধেরিতি "ইতি।

"নোভয়ঞ্চ তত্ত্বাখ্যানে" ১।১০৭, বিবেকাৎ তত্ত্বজ্ঞানে সতি পুরুষস্য নোভয়ং ন কর্ত্তৃত্বং ন ভোক্তৃত্বমিত্যর্থঃ। তস্মাৎ পুরুষস্যাকর্ত্তৃত্বং সিদ্ধম্। অথ অসমঞ্জসান্তরমাহুঃ—গুণাবিবেক' ইতি। নৈকান্ততঃ" ইতি সাংখ্যসূত্রম্। নন্বু পুরুষার্থং চেৎ প্রধানস্য প্রবৃত্তিঃ তর্হি পুরুষস্য এব বন্ধ মোক্ষাভ্যাং পরিণামাপত্তিরিতি চেৎ—তত্রাহ—নৈকান্ততঃ" ইতি। প্রকৃতিপুরুষয়োরবিবেকাদেব পুরুষস্য বন্ধমোক্ষাভিমানমাত্রং ভবতি, ন তু তৌ পুংসঃ, কিন্তু প্রকৃতেরেব বন্ধমোক্ষৌ ইত্যর্থঃ।

পরমার্থতস্তু অবিবেকজ বন্ধমোক্ষৌ প্রকৃতেরেব ইত্যপি প্রতিপাদয়ন্তি প্রকৃতেরিতি।

---

(৪) কৈবল্যের অর্থাৎ মোক্ষের নিমিত্ত পুরুষ প্রবৃত্ত হয় সুতরাং প্রধান হইতে পুরুষ ভিন্ন। অতঃ পুরুষের ভোক্তৃত্বাদিগুণ সিদ্ধ হইল। ইত্যাদি সূত্র সকলের দ্বারা পুরুষের ভোক্তৃত্বাদি গুণ স্বীকার করিয়া পুনরায় সেই পুরুষের নির্ব্বিকারত্ব নির্ধর্ম্মকত্ব চৈতন্যত্ব, কর্ত্তৃত্বভোক্তৃত্ব শূন্যতা কৈবল্যরূপত্বাদিধর্ম্ম প্রতিপাদন করিতেছেন।

পুরুষ যে নির্ব্বিকারাদি ধর্মযুক্ত তাহা সাংখ্য সূত্রের দ্বারা প্রমাণিত করিতেছেন—'জড়" ইত্যাদি জড় প্রকাশ যুক্ত নহে পুরুষ জড় নহে, সুতরাং পুরুষ প্রকাশ স্বরূপ, জড়ের প্রকাশক। অর্থাৎ জড় ও চেতন দুইটিই পদার্থ আছে; তন্মধ্যে জড় প্রকাশিত হয় না, তাহাই প্রধান। সুতরাং আত্মাই চৈতন্য হেতু প্রকাশিত হয়, আত্মাই প্রকাশ পদার্থ। চিৎ অর্থাৎ চৈতন্য, তাহা পুরুষের ধর্ম্ম নহে যে হেতু পুরুষ নির্গুণ।

যদি বলেন – আত্মা জড় হইলেও জ্ঞান গুণক, তাহার দ্বারা জগৎ প্রকাশ করুক, কিন্তু আত্ম লব আত্মা নির্গুণ : আত্মায় ধর্মের যোগ হইলে পরিনামী হইবে, মোক্ষ লাভ হইবে না, নির্গুণত্ব প্রতিপাদক শ্রুতিবাক্য সকল বাধা প্রাপ্ত হইবে, সুতরাং আত্মানির্গুণ ও চৈতন্য ইহাই ভাবার্থ। আদিপদের দ্বারা আরও দুইটি সূত্র গ্রহণ করিতে হইবে, (১) অথবা অবিবেক হেতু পুরুষের ফল ভোগ হয়, কারণ যে কর্ত্তা সেই ভোক্তা। এই সূত্রের অনিরুদ্ধ কৃত বৃত্তি – পুরুষ কর্ত্তা

ন তু পুংস ইত্যুক্তম্। "নৈকান্ততো বন্ধমোক্ষৌ পুরুষস্যাবিবেকাদৃতে" (সাং সূ• ৩।৭১) "প্রকৃতেরাঞ্জস্যাৎ সসঙ্গত্বাৎ পশুবৎ" (সাং সূ• ৩।৭২) (কা• ৬২) ইত্যেবমাদয়োঽনেকে

আঞ্জস্যাৎ—তত্ত্বতঃ প্রকৃতেরেব সসঙ্গত্বাৎ গুণযোগাচ্চ বন্ধমোক্ষৌ ভবতঃ, ন তু নির্গুণ নির্লেপ পুরুষস্য ইতি। পশোর্গুণযোগাদ্ বন্ধো ভবতি, তদযোগাদ্ মোক্ষো ভবতীতিবৎ : তথাচ—অবিবেকিনং প্রতি প্রবৃত্তির্বন্ধঃ, বিবেকিনং প্রতি অপ্রবর্ত্তনন্তু মোক্ষ ইত্যর্থঃ। কিঞ্চ কারিকায়াম্—৬২, তস্মান্ন বদ্ধ্যতেঽদ্ধা মুচ্যতে নাপি সংসরতি কশ্চিৎ। সংসরতি বদ্ধ্যতে মুচ্যতে চ নানাশ্রয়া প্রকৃতিঃ॥ ইতি। অদ্ধা নিশ্চয়েন। তস্মাৎ - জড়ং প্রধানমেব জগৎ কর্ত্তা, পুরুষস্তু —ভোক্তা, অধিষ্ঠাতা, দ্রষ্টা চ ; পুনঃ পুরুষঃ সর্ব্ববিধধর্ম্মশূন্যঃ। এবং তস্য বিবেকাবিবেকাভ্যাং বন্ধমোক্ষৌ ভবতঃ, কিন্তু বন্ধমোক্ষস্তু প্রধানস্য এব নতু পুংসঃ, অথ জড়া প্রকৃতিঃ পুরুষস্য বন্ধকারিনী, মোক্ষদাত্রী চ তথাত্বে—"মামেব যে প্রপদ্যন্তে মায়ামেতাং তরন্তি তে" গী ৭।১৪, ইতি শ্রীমুখবাক্যমপি দত্তিলাঞ্জলিঃ স্যাৎ, এবং কদাচিৎ প্রকৃতিঃ কুল বধূবৎ অতীব লজ্জাশীলা ; কদাচিচ্চ—নর্ত্তকীবৎ লজ্জাহীনা, ইত্যাদি উন্মত্তপ্রলাপমিব কপিলবাক্যমিতি।

নহে ভোক্তাও নহে. কিন্তু মহত্তত্বে প্রতিবিম্বিত হওয়া হেতু কর্তৃত্বাভিমান হয়, অথবা অবিবেক হেতু হয় : এই প্রকার প্রকৃতি পুরুষের অগ্রহ হেতু তাহা সিদ্ধ হয়, অর্থাৎ কর্ত্তার ফল ভোগাভিমান সিদ্ধ হয় ইহাই অর্থ। (২) তত্ত্ব জ্ঞান হইলে উভয় হয় না। অর্থাৎ বিবেক হেতু তত্ত্ব জ্ঞান হইলে পরে পুরুযের কর্ত্তৃত্ব ও ভোক্তৃত্ব উভয়ই থাকে না। অতএব পুরুষের অকর্ত্তৃত্ব সিদ্ধ হইল। এই রূপে অন্য প্রকার অসমঞ্জস বলিতেছেন "গুণাবিবেক" ইত্যাদি। গুণত্রয়ের অবিবেক ও বিবেকই পুরুষের বন্ধ এবং মোক্ষ স্বীকার করিয়া, সেই বন্ধ ও মুক্তি গুণ ত্রয়েরই হয় কিন্তু পুরুষের হয় না, এই প্রকার স্বীকার করিয়াছেন।

এই বিষয়ে সাংখ্য সূত্র অবিবেক ভিন্ন পুরুষের ঐকান্তিক বন্ধমোক্ষ নাই। অর্থাৎ যদি বলেন—পুরুষের জন্যই যদি প্রধানের সৃষ্টি কার্য্যে প্রবৃত্তি, তাহা হইলে পুরুষেরই বন্ধ মোক্ষ দ্বারা পরিণাম হউক ? তদুত্তরে বলিতেছেন—নৈকান্ততঃ ইতি। প্রকৃতি ও পুরুষের অবিবেক হইতেই পুরুষের বন্ধ ও মোক্ষের অভিমান মাত্র হয়, কিন্তু ঐ বন্ধন ও মুক্তি পুরুষের হয় ইহাই অর্থ। পরমার্থ এই যে- অবিবেকজ বন্ধনএবং মুক্তি প্রকৃতিরই হয়,তাহা প্রতিপাদন করিতেছেন— প্রকৃতেঃ" ইত্যাদি। সসঙ্গ হেতু ও গুণযোগ হেতু তত্ত্বতঃ প্রকৃতিরই যথার্থ বন্ধন ও মুক্তি হয় কিন্তু নির্গুণ নির্লেপ পুরুযের হয় না, যে প্রকার পশুর গুণ যোগ হেতু বন্ধন হয়, এবং বন্ধের অভাব হেতু মোক্ষ হয় সেই প্রকার বুঝিতে হইবে। অর্থাৎ অবিবেকি পুরুষের প্রতি প্রবৃত্তি বন্ধ হেতু বিবেকি পুরুষের প্রতি অপ্রবৃত্তি মোক্ষ ইহাই অর্থ। এই বিষয়ে সাংখ্য কারিকায় বর্ণিত আছে—অতএব নিশ্চত রূপে কেহ বন্ধ হয় বা মুক্তও হয় না, অথবা সংসার গ্রস্তও হয়, না ; কিন্তু নানাশ্রয়া প্রকৃতি সংসার গ্রস্ত হয়, বন্ধন ও মুক্ত হয় এই প্রকার

বিপ্রতিষেধাচ্চাসমঞ্জসম্ স্মৃতাবেব মৃগ্যাঃ ॥১০॥

২॥ মহদ্দীর্ঘাধিকরণম্

অথারম্ভবাদো নিরস্যতে। তার্কিকা মন্যন্তে পার্থিবাদয়শ্চতুর্ব্বিধাঃ পরমাণবো নিরবয়বারূপাদিমন্তঃ পারিমাণ্ডল্য পরিমাণাঃ প্রলয়কালেঽনারব্ধকার্য্যাস্তিষ্ঠন্তি। (ভা০ প০ ১৫)।

অতোভ্রমমূলত্বাৎ কপিলবাক্যানাং শ্রুতিসমন্বয়াভাবাচ্চ ন প্রধানং জগন্নিমিত্তোপাদান কারণমিতি অধিকরণার্থঃ

তূষ্ণীং তিষ্ঠন্তু ভোঃ সাংখ্যা অলমতি বিকত্থনৈঃ।
ন প্রয়াশঃ শতেনাপি প্রধানং কারণং ভবেৎ ॥১০॥

ইতি রচনানুপপত্ত্যধিকরণং প্রথমং সমাপ্তম্ ॥১॥

২॥ মহদ্দীর্ঘাধিকরণম্

সর্ব্বকারণ কারণং সূক্ষ্মং সূক্ষ্মতমাদপি।
পরমম্মহতো যস্তু স গৌরাঙ্গোগতির্ম্মম্ ॥

ননু প্রকৃতেরচেতনত্বাৎ চেতনানধিষ্ঠানাচ্চ বিশ্বকারণত্বং মাভূৎ, কিন্তু পরমাণূনান্তু চেতনাধিষ্ঠানাৎ জগৎ কারণত্বমস্তু ইত্যর্থং "মহদ্দীর্ঘাধিকরণং" আরম্ভঃ' ইত্যধিকরণ সঙ্গতিরিতি।

অনেক বিরোধ সাংখ্য দর্শনে আছে তাহা তাহাতেই অন্বেষণ করিতে হইবে। **এই প্রকার জড় প্রধানই** জগৎ সৃষ্টিকরে, পুরুষ ভোক্তা অধিষ্ঠাতা দ্রষ্টা, পুনঃ সেই পুরুষ সর্ব্ব প্রকার ধর্ম্মশূন্য। **এবং তাহার** বিবেক দ্বারা মোক্ষ অবিবেক দ্বারা বন্ধ হয় ঐ বন্ধ মোক্ষ প্রধানেরই হয় পুরুষের নহে। এই ভাবে জড়া প্রকৃতি পুরুষের বন্ধন কারিনী ও মোক্ষ দাত্রী। এই সিদ্ধান্ত স্বীকার করিলে শ্রীগীতার "যাহারা একমাত্র আমারই শরণ গ্রহণ করে তাহারা এই ত্রিগুণাত্মিকা মায়ার বন্ধন হইতে অনায়াশে পার হয়" এই শ্রীভগবানের শ্রীমুখবাক্যকেও তিলাঞ্জলি দিতে হয়। এইভাবে কোন সময় প্রকৃতি কুলবধূর ন্যায় অতীব লজ্জাশীলা। আবার কোন সময় সে নর্ত্তকীর সমান লজ্জাহীনা, ইত্যাদি উন্মত্তের প্রলপ সদৃশ মহর্ষিকপিলের বাক্য সকল। সুতরাং মহর্ষি কপিলের বাক্য সকল ভ্রমমূল হেতু, শ্রুতি সমন্বয়ের অভাব হেতু জড় প্রধান জগতের নিমিত্তোপাদান কারণ নহে ইহাই এই অধিকরণের অর্থ। হে সাংখ্যবাদিগণ! আপনারা তূষ্ণীম্ভূত হইয়া অবস্থান করুন, অধিক বৃথাবাক্যালাপের প্রয়োজন নাই, কারণ শত শত চেষ্টার দ্বারা ও আপনাদের জড় প্রধান জগৎ কারণ হইবে না ॥১০॥

এই প্রকার রচনানুপপত্ত্যধিকরণ প্রথম সমাপ্ত হইল ॥১॥

২॥ মহদ্দীর্ঘাধিকরণের ব্যাখ্যা

যিনি সকল কারণের কারণ, সূক্ষ্মতম হইতেও সূক্ষ্ম এবং পরম মহান্ সেই—শ্রীগৌরাঙ্গদেবই আমার গতি হউন।

যদি বলেন—প্রকৃতি অচেতনহেতু চেতনাধিষ্ঠানের অভাব বশতঃ বিশ্ব সৃষ্টির কারণ না হউক,

সর্গকালে তু জীবাদৃষ্টাদিপুরঃসরা সন্তঃ দ্ব্যণুকাদিক্রমেণ সাবয়বং স্থূলতরং জগৎকার্য্যমারভন্তে, (ভা৹ প৹ ২৭)। তত্রাদ্বয়োঃ পরমাণ্বোরদৃষ্টসাপেক্ষা ক্রিয়া। তয়া সংযোগে সতি দ্ব্যণুকং

"অথ আরম্ভবাদো নিরস্যতে" ইতি। বাদঃ—স্বাভিমতার্থকথনম্" ইতি (ন্যায়কোশঃ) আরম্ভঃ—আদ্য প্রবৃত্তিঃ। তথাচ জগৎকার্য্যস্য আদ্যপ্রবৃত্তিরূপঃ স্বাভিমতার্থকথনমিত্যর্থঃ। অয়ং বাদো দ্বিবিধঃ—সৎকার্য্যবাদঃ, অসৎকার্য্যবাদশ্চ। তত্র সৎকার্য্যবাদোঽপি দ্বিবিধঃ পরিণামবাদঃ, বিবর্ত্তবাদশ্চ তত্র জড় পরিণামবাদস্তু সাংখ্যানাম্। চেতনপরিণামবাদশ্চ—শ্রীমধ্বভিন্ন—সর্ব্বেষাং বৈষ্ণববেদান্তিনাম্। বিবর্ত্তবাদো মায়াবাদিবেদান্তিনাম্। অসৎ কার্য্যবাদস্তু আরম্ভবাদঃ' ইত্যুচ্যতে। স চ নৈয়ায়িকানাম্ মাধ্ববেদান্তিনাম্।

এবং বিজ্ঞানবাদো যোগাচারবৌদ্ধানাম্, শূন্যবাদো মাধ্যমিকবৌদ্ধানাম্, স্যাদ্বাদঃ—আর্হতানাম্' ইত্যাদিকঞ্চ। (ন্যা৹ কো৹ ৭৩৪ পৃ৹)

বিষয় ঃ -অথ মহদ্দীর্ঘাধিকরণস্য বিষয়বাক্যমবতারয়ন্তি—তার্কিকাঃ' ইতি। চেতনাধিষ্ঠিত পরমাণুভির্দ্ব্যণুকাদিক্রমেণ জগৎসৃষ্টিরিতি নৈয়ায়িক সিদ্ধান্তোঽত্র—বিষয়ঃ,স প্রমাণমূলো ভ্রমমূলো বা ইতি সন্দেহে তস্য প্রমাণমূলতাং বক্তুং তৎ প্রক্রিয়াং দর্শয়ন্তি—তার্কিকা ইতি।

কিন্তু পরমাণু সকল চেতনাধিষ্ঠিত হেতু জগৎকারণ হউক, এই নিমিত্তই মহদ্দীর্ঘাধিকরণের আরম্ভ হয়, এই প্রকার অধিকরণ সঙ্গতি জানিবে। অতঃপর আরম্ভবাদ নিরসন করিতেছেন।

বাদ অর্থাৎ নিজের অভিমতার্থ কথন। আরম্ভ-আদ্য প্রবৃত্তি, অর্থাৎ জগৎ কার্য্যের আদ্য প্রবৃত্তি রূপ নিজের অভিমত সিদ্ধান্ত কথন। এই বাদ দুই প্রকার-সৎকার্য্যবাদ ও অসৎকার্য্যবাদ; তন্মধ্যে সৎকার্য্য ও দ্বিবিধ-পরিণাম বাদ ও বিবর্ত্তবাদ। জড় পরিণামবাদ সাংখ্যবাদিগণের। চেতন পরিণামবাদ শ্রীমধ্বাচার্য্য পাদ বিনা সকল বৈষ্ণব বৈদান্তিকগণের সিদ্ধান্ত। বিবর্ত্তবাদ মায়াবদি শাঙ্কর বৈদান্তিকগণ স্বীকার করেন। অসৎকার্য্যবাদই আরম্ভবাদ নামে কথিত। এই আরম্ভ বাদ নৈয়ায়িকগণের এবং শ্রীমধ্বানুগত বৈদান্তিক গণের সিদ্ধান্ত। এই প্রকার বিজ্ঞান বাদ যোগাচার বৌদ্ধগণের, শূন্যবাদ মাধ্যমিক বৌদ্ধগণের, স্যাদ্‌বাদ জৈনগণের সিদ্ধান্ত বলিয়া জানিবে।

বিষয় অনন্তর মহদ্দীর্ঘাধিকরণের বিষয়বাক্যের অবতারণা করিতেছেন—তার্কিকগণ" ইত্যাদি। চেতন কর্তৃক অধিষ্ঠিত পরমাণু সকলের দ্বারা দ্ব্যণুকাদিক্রমে জগৎ সৃষ্টি হয়, এই প্রকার নৈয়ায়িক গণের সিদ্ধান্ত এই প্রকরণের বিষয়বাক্য, তাহা প্রমাণ মূলক অথবা ভ্রমমূলক এইরূপ সন্দেহ হইলে তাহা প্রমাণ মূলক স্থাপন করিবার জন্য নৈয়ায়িক প্রক্রিয়া প্রদর্শিত করিতেছেন—তার্কিকা" ইত্যাদি।

তার্কিকগণ এই প্রকার মনে করেন—পার্থিবাদি চতুর্ব্বিধ পরমাণু সকল নিরবয় রূপাদিযুক্ত পারিমাণ্ডল্য প্রলয় কালে অনারব্ধকার্য্যাবস্থায় অবস্থান করে। সারার্থ এই যে—বায়বীয় তৈজস জলীয়

হ্রস্বমুৎপদ্যতে। তত্র সমবায্যসমবায়িনিমিত্তকারণানি ক্রমাৎ পরমাণুযুগ্ম, তৎসংযোগ জীবাদৃষ্টানি, ইত্যেবমগ্রেঽপি, (ভা০ পরি০ ১৬) ততস্ত্রয়াণাং দ্ব্যণুকানাং ক্রিয়য়া সংযোগে সতি ত্র্যণুকং মহদুৎপদ্যতে।

তিষ্ঠন্তীতি—চতুর্ব্বিধাঃ পরমাণবঃ—বায়বীয়-তৈজস-জলীয়-পার্থিবাঃ" পরমাণুরিতি— মূর্ত্তত্বে সতি নিরবয়বঃ ; মূর্ত্তত্বং—অপকৃষ্টপরিমাণবত্ত্বম্ (ভা০ প০ ২৫) স চ জন্যদ্রব্যাবয়বঃ ক্রিয়াবান্ অতীন্দ্রিয়ঃ নিত্যশ্চেতি নৈয়ায়িক বৈশেষিকানাং সিদ্ধান্তঃ। তথাচ ন্যায়সূত্রম্—৪।২।১৬, "ন প্রলয়োঽণুসদ্ভাবাৎ" বাৎস্যায়ণভাষ্যম্—স চ অয়মল্পতরপ্রসঙ্গো যস্মান্নাল্পতরমস্তি, যঃ পরমোল্পঃ যতশ্চ নাল্পীয়োঽস্তি তং পরমাণুং প্রচক্ষ্মহে" ইতি। "পরং বা ত্রুটেঃ" (ন্যা০ ৪।২।১৭) ত্রুটেঃ পরং যদতিসূক্ষ্মং তৎ পরমাণুঃ। যথা জাল সূর্য্যমরীচিস্থং যৎ সূক্ষ্মং দৃশ্যতে রজঃ। তস্য ষষ্ঠতমো ভাগঃ পরমাণুঃ স উচ্যতে॥ শ্রীভাগবতে চ—৩।১১।১ ; চরমঃ সদ্বিশেষাণামনেকোঽসংযুতঃ সদা। পরমাণুঃ স বিজ্ঞেয়ঃ। টীকা চ শ্রীস্বামিপাদানাম্—সতঃ কার্য্যস্য বিশেষাণাং অংশানাং যশ্চরমোঽন্ত্যঃ, যস্যাংশো নাস্তি; অনেক কার্য্যাবস্থামপ্রাপ্তঃ, অসংযুতঃ সমুদায়াবস্থাঞ্চাপ্রাপ্তঃ।

ও পার্থিব এই প্রকার পরমাণু সকল চতুর্ব্বিধ হয়। মূর্ত্ত অথচ নিরবয়বদ্রব্যকে অপকৃষ্ট পরিমাণকে মূর্ত্তদ্রব্য বলে। সেই পরমাণু জন্য দ্রব্য সকলের আদ্যাবয়ব ক্রিয়াবান অতীন্দ্রয় ও নিত্য এইরূপ নৈয়ায়িক ও বৈশেষিক গণের সিদ্ধান্ত। এই বিষয়ে ন্যায়সূত্র এই প্রকার প্রলয় হয় না যেহেতু অণু বিদ্যমান থাকে : এই সূত্রের শ্রীবাৎস্যায়ন ভাষ্য—সেই এই পরমাণু অল্পতর প্রসঙ্গ ; যাহা হইতে কোন অল্পতর বস্তু নাই, যাহা পরম অল্প, যাহা হইতে অল্প বস্তু আর নাই তাহাকেই পরমাণু বলা হয়। ত্রুটি হইতে পর বা শ্রেষ্ঠ, অর্থাৎ ত্রুটি হইতে যাহা অতিসূক্ষ্ম তাহাই পরমাণু।

এই বিষয়ে প্রমাণ জালপথে গবাক্ষপথে সূর্য্যরশ্মির মধ্যে যে অতিশয় সূক্ষ্মরজকণা দেখা যায় তাহার একটির ষষ্ঠভাগের একভাগকে পরমাণু বলে। শ্রীভাগবতে বর্ণিত আছে—সবিশেষ কার্য্যের যে অংশ তাহার যে অন্তিমভাগ তাহাকে পরমাণু বলে। শ্রীধরস্বামিপাদের ব্যাখ্যা এইপ্রকার সৎকার্য্যের বিশেষ অংশের যে চরম অন্ত্যভাগ যাহার অংশ নাই, অর্থাৎ অনেক কার্য্যাবস্থা অপ্রাপ্ত, অসংযুত যাহা সমুদায় অবস্থা প্রাপ্ত হয় নাই, অতএব সদা কার্য্য ও সমুদায় অবস্থার অপগমেও অবস্থান করে তাহাকে পরমাণু বলিয়া জানিবে।

পারিমাণ্ডল্য অর্থাৎ অণুপরিমাণ ভাষাপরিচ্ছেদে বর্ণিত আছে - পারিমাণ্ডল্যভিন্ন দ্ব্যণুকাদি পরিমাণ সৃষ্ট্যাদির কারণ হয়। পারিমাণ্ডল্য অণুপরিমাণ, এই অণুপরিমাণ কাহারও কারণ নহে। যদি বলেন পরমাণু পরিমাণ দ্ব্যণুকপরিমাণের কারণ হউক ? তদুত্তরে বলিতেছেন তাহা ইত্যাদি। তদ্ধি অর্থাৎ কারণ নিজ আশ্রিত দ্রব্যের যে আরম্ভ তাহা তাহার পরিমাণ হইবে। অর্থাৎ কপাল দ্বয়ারব্ধ ঘট

ন চ দ্বাভ্যামণুভ্যাং ত্র্যণুকারম্ভঃ, কারণভূম্না কার্য্যমহত্ত্বোৎপাদনাৎ। এবং চতুর্ভিস্ত্র্যণুকৈশ্চতুরণুকং চতুরণুকৈরগরং স্থূলতরং তৈশ্চস্থূলতরং তৈশ্চস্থূলতমমিত্যেবং ক্রমেণমহতী-পৃথিবী, মহত্যাপো, মহত্তেজো, মহান্‌বায়ুশ্চোৎপদ্যতে। কার্য্যগতরূপাদিকন্তু স্বাশ্রয় সমবায়িকারণগতাদ্রূপাদেঃ। কারণগুণা হি কার্য্যগুণানারভন্তে। ইত্থমুৎপন্নান্ পৃথিব্যাদীনী-

---

অতএব সদা কার্য্য সমুদায়াবস্থয়োরপগমে - অপি অস্থি সঃ পরমাণুর্ব্বিজ্ঞেয়ঃ। ইতি পারিমাণ্ডল্যমিতি – পারিমাণ্ডল্যং অণুপরিমাণম্। তথাচ ভাষা পরিচ্ছেদে—১৫, "পারিমাণ্ডল্যমণুপরিমাণম্ : অণুপরিমাণং তু ন কস্যাপি কারণম্ ;

নম্নু তথাপি পরমাণুপরিমাণং দ্ব্যণুকপরিমাণে কারণমস্তু ইতি চেৎ তত্রাহ—তদ্ধীতি। তদ্ধি স্বাশ্রয়ারব্ধদ্রব্য পরিমাণকং ভবেৎ; তচ্চ ন সম্ভবতি: পরিমাণস্য স্বসমান—জাতীয়োৎকৃষ্টপরিমাণ জনকত্বনিয়মাৎ : মহদারব্ধস্য মহত্তরত্ববৎ অণুজন্যস্য অণুতরত্বপ্রসঙ্গাৎ। ইতি মুক্তাবলী। তথাচ প্রলয়াবসরে প্যার্থিবাদয়ঃ চতুর্ব্বিধাঃ নিরবয়বাঃ রূপাদিমন্তঃ পারিমাণ্ডল পরিমাণাঃ অনারব্ধকার্য্যাস্তিষ্ঠন্তি' ইতি। অথ পরমাণুভি র্জগৎসৃষ্টিমাহুঃ—সর্গকালে তু' ইত্যাদিনা। জগৎকার্য্যামারভন্তে" ইতি—তথাচ ভাষা-পরিচ্ছেদে - ২৭, "দ্রব্যারম্ভশ্চতুর্ষু স্যাৎ" দ্রব্যারম্ভ ইতি পৃথিব্যপ্তেজোবায়ুষু চতুর্ষুদ্রব্যারম্ভকত্বম্।

কপালদ্বয় পরিমিত হইবে : কিন্তু পরিমাণ্ডল্যস্থলে তাহা সম্ভব হইবে না : যেহেতু যেদ্রব্য যাহাকে উৎপন্ন করে সে তাহা হইতে উৎকৃষ্ট পরিমাণক হয় : অর্থাৎ পরিমাণ স্বসমানজাতি হইতে উৎকৃষ্টজাতি পরিমাণের জনক হয় ইহাই নিয়ম।

মহৎপরিমাণ দ্রব্যের দ্বারা আরব্ধকার্য্য মহত্তর পরিমাণ হওয়ার সমান অনুপরিমাণ দ্রব্যের দ্বারা আরব্ধকার্য্য অণুতর হইবে, সুতরাং অণুপরিমাণ কাহারও কারণ নহে। সার কথা—প্রলয়াবসরে পার্থিবাদি চতুর্বিধ পরমাণু সকল নিরবয়বরূপাদিযুক্ত পারিমাণ্ডল্য পরিমাণ অনারব্ধকার্য্যরূপে অবস্থান করে।

অনন্তর পরমাণু সকলের দ্বারা জগৎ সৃষ্টির প্রকার বলিতেছেন 'সর্গকালে' ইত্যাদির দ্বারা। জগৎ সৃষ্টির প্রারম্ভে জীবের অদৃষ্টাদি পুরঃসরঃ দ্ব্যণুকাদিক্রমে সাবয়ব স্থূলতর জগৎ কার্য্য আরম্ভ করে। তন্মধ্যে দুইটি পরমাণুর জীবাদৃষ্ট সাপেক্ষায় ক্রিয়া উৎপন্ন হয়। সেই অদৃষ্টবদাত্মাসংযোগক্রিয়ার দ্বারা পরমাণুদ্বয় সংযোগ হইলে পরে দ্ব্যণুকরূপ হ্রস্বউৎপন্ন হয়। অর্থাৎ জীবাদৃষ্টসাপেক্ষ পরমাণুসকল দ্ব্যণুকাদি ক্রমে জগৎ সৃষ্টি করে, এই ভাষাপরিচ্ছেদে বর্ণিত আছে—চতুর্বিধ পরমাণু হইতে কার্য্যারম্ভ হয়, অর্থাৎ পার্থিব জলীয় তৈজস ও বায়বীয় এই চতুর্ব্বিধ পরমাণুর দ্বারা দ্ব্যণুকাদিদ্রব্যের আরম্ভ হয়। মহর্ষি কণাদ বলিয়াছেন—"ধর্ম্মবিশেষ হইতেও" এই সূত্রে উপস্কার ভাষ্য—যদি বলেন পরমাণু সকলের কর্ম্মবিনা কি প্রকারে দ্রব্যের অসমায়িকাবণরূপ সংযোগ হইবে? এবং সযোগবিনা কি প্রকারেই দ্রব্যের উৎপত্তি হইবে? সুতরাং বলিতেছেন - 'ধর্ম' ইত্যাদি।

শ্বরে সঞ্জিহীর্ষৌ সতি পরমাণুষু ক্রিয়য়া বিভাগাৎ সংযোগনাশেন দ্ব্যণুকেষু নষ্টেষু আশ্রয়নাশাৎ ত্র্যণুকাদিনাশ ইতি ক্রমেণ পৃথিব্যাদের্নাশঃ। যথা পটস্য তন্তুনাশে তদ্গতস্যরূপাদেস্তু স্বাশ্রয়নাশেনৈবেতি জগদ্বিলয়প্রকারঃ।

তথাচ কাণাদসূত্রম্ - ২২।৭ ; "ধর্ম্মবিশেষাচ্চ অত্র উপস্কারঃ - ননু পরমাণূনাং কর্ম্মবিনা কথং দ্রব্যাসমবায়িকারণং সংযোগঃ ; কথং বা সংযোগমন্তরেণ দ্রব্যোৎপত্তিরত আহ - ধর্ম্ম ইতি। অদৃষ্টবদাত্মসংযোগাদেব সর্গাদৌ পরমাণূনাং কর্ম্ম, তেন চ কর্ম্মণা সম্ভূয় পরমাণবো দ্ব্যণুকারভন্তে ইত্যর্থঃ। দ্ব্যণুকাদিক্রমেণ অযোনিজং দেবর্ষিনাং শরীরমারভন্তে ইত্যর্থঃ। সমবায়ীতি—কারনং ত্রিবিধম্। তথাচ ভাষা পরিচ্ছেদে -অন্যথা সিদ্ধিশূন্যস্য নিয়তা পূর্ব্ববর্ত্তিতা। কারণত্বং ভবেত্তস্য ত্রৈবিধ্যং পরিকীর্ত্তিতম্॥১৬ সমবায়িকারণত্বং জ্ঞেয়ং অথাপ্যসমবায়িহেতুত্বম্। এবং ন্যায়-নয়জ্ঞৈস্তৃতীয়মুক্তং নিমিত্তহেতুত্বম্ ॥১৭ যৎসমবেতং কার্য্যং ভবতি জ্ঞেয়ং তু সমবায়িজনকং তৎ। তত্রাসন্নং জনকং দ্বিতীয়মাভ্যাং পরং তৃতীয়ং স্যাৎ॥ (১৮) "তত্র যৎসমবেতং কার্য্যমুৎপদ্যতে তং সমবায়ি কারণম্" যথা তন্তবঃ পটস্য। (তর্ক০ সং) যেষু তন্তুষু সমবায়েন সম্বন্ধং সৎ পটাত্মকং কার্য্যমুৎপদ্যতে তৎ তন্তবঃ সমবায়িকারণমিত্যর্থঃ ইতি (ন্যায়বোধিনী) কার্য্যেন কারণেন বা সহৈকস্মিন্নর্থে সমবেতং সৎ কারণং অসমবায়িকারণম্ -

---

অদৃষ্টবদাত্ম সংযোগহেতু সৃষ্টির প্রথমে পরমাণু সকলের কর্ম্ম হয়, সেই কর্ম্মের দ্বারা পরমাণু সকল মিলিত হইয়া দ্ব্যণুকাদিক্রমে অযোনিজ দেবর্ষিগণের শরীর নির্মাণ আরম্ভ করে। সুতরাং চতুর্বিধ পরমাণু হইতেই জগৎ সৃষ্টি হয়। তন্মধ্যে সমবায়ি অসমবায়ি নিমিত্ত কারণ সকল ক্রমে পরমাণুদ্বয়ের মধ্যে যোগ ও জীবের অদৃষ্টাদি মিলিত হইয়া জগৎ সৃষ্টি করে। সমবায়ি প্রভৃতি কারণ ত্রিবিধ সমবায়ি অসমবায়ি ও নিমিত্ত, ভাষা পরিচ্ছেদে বর্ণিত আছে - অন্যথা সিদ্ধিশূন্য হইয়া যাহা সর্বদা কার্য্যের পূর্বে বিদ্যমান থাকে তাহাকে কারণ বলে। সেই কারণ ত্রিবিধরূপে কীর্ত্তিত হয়। তাহা সমবায়ি কারণ অসমবায়িকারন এবং নিমিত্ত কারণ নৈয়ায়িকগণ এইপ্রকার বলিয়া থাকেন ; যে কারণ সকল সমবেত হইয়া কার্য্যোৎপন্ন হয় তাহাকে সমবায়ি কারণ বলে, এবং কার্য্যজনকের যাহা অতিশয় নিকটবর্ত্তী কারণ তাহাকে অসমবায়ি বলে।

এই দুইটি হইতে অন্য সকল কারণ নিমিত্ত কারণ। তর্কসংগ্রহে আছে— যাহা সমবেত হইয়া কার্য্য উৎপন্ন করে তাহাকে সমবায়িকারন বলে যেমন যে তন্তু (সূত্র) সকল সমবায় সম্বন্ধের দ্বারা সম্বন্ধ হইয়া পটাত্মক কার্য্যোৎপাদন করে পটকার্য্যের প্রতি সেই তন্তু সকল সমবায়িকারণ ইহাই অর্থ। কার্য্যের অথবা কারণের সহিত একাধিকরণে সমবেত হইয়া যাহা কারণ হয় তাহাকে অসমবায়ি কারণ বলে। যেমন পটের তন্তুসংযোগ পটাত্মক কার্য্যের সহিত একাধিকরণে তন্তুতে সমবায় সম্বন্ধের দ্বারা বিদ্যমান থাকিয়া যে কারণ হয়, সেই পটাত্মক কার্য্যের প্রতি তন্তুসংযোগ অসমবায়িকারণ ইহাই অর্থ।

তত্র তু শ্রীভগবদাবেশমাত্রত্বঞ্চোপাখ্যায়তে, তস্মাৎ তদাজ্ঞাপি ন প্রমাণীকর্ত্তব্যা ইতি" ইতি টীকা শ্রীমদাচার্য্যচরণাঃ। (ভ° র° সি°—১।২।১০২) কিঞ্চ শ্রীমদ্‌বিষ্ণুপুরাণে মায়ামোহোপাখ্যানে—(৩।১৮।১৬ ২০) পুনশ্চ রক্তাম্বরধৃঙ্ মায়ামোহো জিতেন্দ্রিয়ঃ। অন্যানাহাসুরান্ গত্বা মৃদ্বল্পমধুরাক্ষরম্॥ স্বর্গার্থং যদি যো বাঞ্ছা নির্ব্বাণার্থমথাসুরাঃ। তদলং পশুঘাতাদি দুষ্টধর্ম্মৈ নিবোধত॥ বিজ্ঞানময়মেবৈত দশেষমবগচ্ছত বুধ্যধ্বং মে বচঃ সম্যগ্ বুধৈরেবমিহোদিতম্॥ জগদেতদনাধারং ভ্রান্তিজ্ঞানার্থ তৎপরম্। রাগাদিদুষ্টমত্যর্থং ভ্রাম্যতে ভব সঙ্কটে॥ এবং বুদ্ধ্যত বুধ্যদ্ধং বুদ্ধ্যতৈবমিতীরয়ন্। মায়ামোহঃ স দৈতেয়ান্ ধর্ম্মমত্যাজয়ন্নিজম্॥ ইতি যদ্যাপি তস্য সিদ্ধান্তমত্যন্তমুপেক্ষনীয়ং তথাপি তন্নিরাকরণায় অধিকরণমিদমরভ্যস্তে ইতি, অন্যথা তজ্ জ্ঞানং বিনা তে শ্রীভগবদ্‌ভক্তান্ পীড়্যন্তে ইতি। তস্মাৎ বৌদ্ধমতস্য দোষদুষ্টত্বাদবশ্যমেব নিরাকরণীয়মিত্যত আহু ইদানীমিতি। অথ বৌদ্ধানাং ভেদমাহুঃ—তত্রেতি।

করিয়াছেন, অতএব তদনুগত শাস্ত্রের দ্বারা বেদান্তশাস্ত্র ব্যাখ্যা করা উচিত। তদুত্তরে বলিতেছেন না এই প্রকার হইবে না, কারণ যে বেদাদিশাস্ত্রের প্রমাণ দ্বারা বৌদ্ধাদির ভগবদবতারত্ব বোধ করায় সেই বেদাদি শাস্ত্রেই বুদ্ধের অসুরমোহন পাষণ্ড শাস্ত্ররচনাদি কার্য্য শ্রবণ করা যায়। শ্রীবিষ্ণুধর্মে ত্রিযুগ নাম ব্যাখ্যানে—

শ্রীবুদ্ধকে শ্রীভগবানের আবেশাবতার মাত্র বলিয়াছেন, সুতরাং তাঁহার আদেশ প্রমাণরূপে গ্রহন করা উচিত নহে,ইহা শ্রীমদাচার্য্যদেব বলিয়াছেন। অপর শ্রীবিষ্ণুপুরাণে মায়ামোহোপাখ্যানে বর্ণিত আছে—পুনঃ জিতেন্দ্রিয় মায়ামোহ রক্তাম্বর ধারণ করিয়া অন্য অসুরগণের নিকটে গমন করিয়া মধুর মৃদু ও স্বল্লাক্ষরে বলিলেন—হে অসুরগণ! আপনাদের যদি স্বর্গের নিমিত্ত ও নির্ব্বাণের নিমিত্ত বাঞ্ছা থাকে তবে পশুঘাতাদি দুষ্টধর্ম্মের প্রয়োজন নাই, তোমরা শ্রবণ কর এই অশেষ জগৎ বিজ্ঞানময় বলিয়া অবগত হও তোমরা বিজ্ঞ অতএব আমার বাক্য সম্যকরূপে অবগত হও, এইজগৎ আধার বিহীন, কেবল ভ্রান্তিজ্ঞানের নিমিত্ত মানবরাগাদি দোষ দুষ্ট হইয়া ভবসাগরে ভ্রমণ করে,এই প্রকার তোমরা বুদ্ধির দ্বারা অবগত হও। সেই মায়ামোহ এইপ্রকার উপদেশ প্রদান করিয়া দৈত্যগণকে নিজধর্ম পরিত্যাগ করাইলেন। যদিও শ্রীবুদ্ধদেবের সিদ্ধান্ত অত্যন্ত উপেক্ষনীয় তথাপি তাহা নিরাকরণ করিবার নিমিত্ত এই অধিকরণ আরম্ভ করিতেছেন অন্যথা তাহার জ্ঞান বিনা বৌদ্ধগণ শ্রীভগবদ্ভক্তগণকে পীড়া প্রদান করিবে। অতএব বৌদ্ধ

তত্রাদৌ ভূতভৌতিকঃ, চিত্তশ্চৈত্তাশ্চেতি সমুদায়দ্বয়ংমন্যেতে। তথাহি রূপ বিজ্ঞান বেদনা সংজ্ঞা সংস্কারাখ্যাঃ পঞ্চস্কন্ধা ভবন্তি। তেষু খর স্নেহ উষ্ণ চলন স্বভাবাঃ পার্থিবাদয়শ্চ-তুর্বিধাঃ পরমাণবঃ পৃথিব্যাদিভূতচতুষ্টয়রূপেণ সংহন্যন্তে। এতচ্চতুষ্টয়ঞ্চ দেহেন্দ্রিয় বিষয়-রূপাকারেণেতি স এব ভূতভৌতিকাত্মরূপ স্কন্ধো বাহ্যসমুদায়ঃ।

তথাচ সর্ব্বদর্শন সংগ্রহে—বৌদ্ধদর্শনম্—(৩১ পৃ০) যদ্যপি ভগবান্ বুদ্ধঃ এক এব বোধয়িতা তথাপি বোদ্ধব্যানাং বুদ্ধিভেদাৎ চাতুর্বিবধ্যম্; যথা "গতোঽস্তমর্কঃ" ইত্যুক্তে জার—চৌরানুচানাদয়ঃ স্বেষ্টানু-সারেণ অভিসরণ, পরস্বহরণ, সদাচরণাদি সময়ং বুদ্ধ্যন্তে।

সর্ব্বং ক্ষণিকং ক্ষণিকং; দুঃখং দুঃখং, স্বলক্ষণং স্বলক্ষণং শূন্যং শূন্যম্" ইতি ভাবনা চতুষ্টয় মুপদিষ্টং দ্রষ্টব্যমিতি। অত্র শ্রীশঙ্করাচার্য্যপাদাস্ত্রয় এব বৌদ্ধাঃ স্বীকুর্ব্বন্তি—তথাচ—তত্রৈতে ত্রয়ো বাদিনো ভবন্তি—কেচিৎ সর্ব্বাস্তিত্ববাদিনঃ,কেচিদ্ বিজ্ঞানাস্তিত্বমাত্র বাদিনঃ, অন্যে পুনঃ সর্ব্বশূন্যত্ববাদিনঃ" ইতি। তত্র ভামতী—যদ্যপি বৈভাষিক সৌত্রান্তিকয়োরবান্তরমতভেদোঽস্তি; তথাপি সর্ব্বাস্তিতায়া-মস্তি সংপ্রতিপত্তিরিতি একীকৃত্যোপন্যাসঃ, তথাচ ত্রিত্বমুপপন্নমিতি" ইতি। অন্যে সর্ব্বে চত্বারঃ স্বীকুর্ব্বন্তি।

বিষয়ঃ অথ সমুদায়াধিকরণস্য বিষয়বাক্যম্—অথ তেষাং সিদ্ধান্তামাহুঃ—তেষু ইতি। তত্র বৈভাষিকস্তু—বাহ্যঃ সর্ব্বো ঘটাদিপাদার্থঃ প্রত্যক্ষো ভবতীতি মন্যতে; সৌত্রান্তিকশ্চ—বুদ্ধীতি—

মত দোষদুষ্ট হওয়া হেতু তাহাকে অবশ্যই নিরাকরণ করা উচিত এই নিমিত্ত বলিতেছেন—ইদানীং ইত্যাদি। অধুনা বুদ্ধমত নিরাকরণ করিতেছেন।

অনন্তর বৌদ্ধগণের ভেদ বলিতেছেন—তন্মধ্যে বুদ্ধমুনির বৈভাষিক সৌত্রান্তিক যোগাচার মাধ্যমিক নামে চারিজন শিষ্য ছিলেন। সর্ব্বদর্শন সংগ্রহে বর্ণিত আছে—যদ্যপি ভগবান বুদ্ধ একাকী বুদ্ধি প্রদাতা, তথাপি বোদ্ধাগণের বুদ্ধির ভেদ হেতু তাঁহার শিষ্যগণ চারিপ্রকার হইয়াছেন, যেমন "সূর্য্য অস্ত"হইল এইপ্রকার বলিলে জার চোর এবং বেদাধ্যয়ন কারিগণ নিজমনোভিলাষানুসারে অভিসার পরধনা পহরণ ও সন্ধ্যা বন্দনাদি করিবার সময় অবগত হয়। সেই প্রকার বুদ্ধদেব সকল ক্ষণিক, ক্ষণিক, দুঃখ দুঃখ স্বলক্ষণ, স্বলক্ষণ শূন্য শূন্য"এইরূপ উপদেশ করায় শিষ্যগণের ভাবনাও চারিপ্রকার হইয়াছে। শ্রীশঙ্করা-চার্য্যপাদ তিনজনই বৌদ্ধ স্বীকার করিয়াছেন—তিনজন বাদী হয়, কেহ সর্ব্বাস্তিত্ববাদী, কেহ বিজ্ঞান মাত্রাস্তিবাদী, অন্য সর্ব্বশূন্যবাদী।

ভামতীকার বলেন—যদ্যপি বৈভাষিক ও সৌত্রান্তিকের অবান্তর মত ভেদ আছে তথাপি সর্ব্বাস্তিতা স্বীকারহেতু উভয়ের সংপ্রতিপত্তি বা সাদৃশ্য দেখা যায়, সুতরাং তাহাদিগকে একীকরণ করিয়াই

অহং প্রত্যয়সমারূঢ়ো জ্ঞানসন্তানো বিজ্ঞানস্কন্ধঃ। স এষ কর্ত্তা ভোক্তা চাত্মা। সুখবেদনা দুঃখবেদনা চ বেদনাস্কন্ধঃ। দেবদত্তাদি নামধেয়ং সংজ্ঞাস্কন্ধঃ। রাগদ্বেষ মোহাদি চৈতসিকো ধর্ম্মঃ সংস্কারস্কন্ধঃ। ত এতে চত্ত্বারস্কন্ধাশ্চিত্তচৈত্তিকাঃ কথ্যন্তে। সর্ব্বব্যবহারা-

---

অনয়োঃ সিদ্ধান্তে জ্ঞানং তদ্‌ভিন্না পদার্থাশ্চ সর্ব্বে ক্ষণিকাঃ সত্যাশ্চ ভবন্তি। অয়মত্র বিশেষঃ—বৈভাষিকো ঘটাদিঃ প্রত্যক্ষঃ' ইতি মন্যতে; সৌত্রান্তিকস্তু জ্ঞানে ঘটাদ্যাকারে জাতে তেনাকারেণ প্রত্যক্ষেণ অপ্রত্যক্ষো ঘটাদিরনুমীয়তে ইতি বদতি।

ভাব পদার্থঃ সর্ব্বত্র ইতি – চতুর্ণাং মতেষু ইত্যর্থঃ, ক্ষণিকঃ' ইতিশেষঃ তদনয়োঃ বৈভাষিক-সৌত্রান্তিকয়োঃ সিদ্ধান্তং বাহ্যার্থাস্তিত্ববিশেষাদ্ একীকৃত্য প্রত্যাখ্যাতুং আদৌ তৎ প্রক্রিয়াং দর্শয়ন্তি—তত্রাদৌ" ইত্যাদিনা। আদৌ বৈভাষিক সৌত্রান্তিকৌ: যোগাচার মাধ্যমিকয়োর্ম্মতং তু যথাবসরে প্রদর্শয়িষ্যন্তে। অথ তয়োঃ পদার্থানুক্ত্বা বিভজন্তে ভূতেতি। তত্রাদ্যৌ সেমুদায়দ্বয়ম্; বাহ্যমান্তরঞ্চ তঞ্চ পঞ্চস্কন্ধা ভবন্তি।

তথাচ পরমাণুচতুষ্টয় এব বাহ্যসমুদায়ঃ। পার্থিবাদয়শ্চতুর্ব্বিধাঃ পরমাণবঃ যুগপৎ পুঞ্জীভূতাঃ

উপদেশ করিয়াছেন, অতঃ শ্রীশঙ্করাচার্য্য তিন জন বৌদ্ধ স্বীকার করিয়াছেন। অন্য সকলে চারিটি বৌদ্ধ মত স্বীকার করিয়াছেন।

বিষয়—অনন্তর সমুদায়াধিকরণের বিষয় বাক্য এই প্রকার। বৌদ্ধগণের সিদ্ধান্ত বলিতেছেন – "তেষু" ইত্যাদি। বৈভাষিকগণ বাহ্য সকল ঘটাদি পদার্থ প্রত্যক্ষ হয় এই প্রকার স্বীকার করেন। সৌত্রান্তিকগণ বুদ্ধি বৈচিত্র্যহেতু অর্থের অনুমান করেন। এই দুইমতের সিদ্ধান্তে জ্ঞান ও তাহা হইতে ভিন্ন পদার্থ সকল ক্ষণিক ও সত্য হয়।

বিশেষ এই বৈভাষিকগণ ঘটাদি প্রত্যক্ষ হয়' মানেন। সৌত্রান্তিকগণ জ্ঞানে ঘটাদ্যকারের উৎপন্ন হইলে সেই জ্ঞানাকারেই প্রত্যক্ষের দ্বারা অপ্রত্যক্ষ ঘটাদি অনুমান করা হয়' এই প্রকার বলেন। 'অর্থশূন্য বিজ্ঞানই পারমার্থিক সৎ, বাহ্য পদার্থ স্বপ্নতুল্য' ইহা যোগাচার বৌদ্ধগণের সিদ্ধান্ত। মাধ্যমিকগণ সর্ব্বশূন্যবাদী। তাঁহারা এই মত সকল পোষণ করেন। ভাবপদার্থ ক্ষণিক হয়। বৈভাষিক ও সৌত্রান্তিকের সিদ্ধান্ত বাহ্যার্থাস্তিত্ব সমান হেতু দুইজনের মত একীকৃত্য প্রত্যাখ্যানের নিমিত্ত প্রথমতঃ তাহাদের সিদ্ধান্ত প্রক্রিয়া প্রদর্শিত করিতেছেন — অত্রাদ্যৌ ইত্যাদি। তন্মধ্যে প্রথম বৈভাষিক ও সৌত্রান্তিক। যোগাচার ও মাধ্যমিকের মত যথাবসরে প্রদর্শিত হইবে। অনন্তর বৈভাষিক ও সৌত্রান্তিকের পদার্থ সকল বর্ণনা করিয়া বিভাজন করিতেছেন 'ভূত' ইত্যাদি। বৌদ্ধগণ ভূত ভৌতিক চিত্ত চৈত্ত্য নামে দুইটি সমুদায় স্বীকার করেন। এই সমুদায়দ্বয় বাহ্য এবং আন্তর ভেদে দ্বিবিধ, তাহাও পাঁচটি স্কন্ধে বিভাজিত।

স্পন্দত্বেন চান্তঃ সংহন্যন্তে। তদয়মান্তরঃ সমুদায়শ্চতুস্কন্ধীরূপঃ। ইদমেব সমুদায়দ্বয়মশেষং জগৎ এতদন্যদাকাশাদিকমবস্তুভূতমিতি।

সন্তঃ পৃথিব্যাদীনি চত্বারিভূতানি ভবন্তি। তানি চত্বারি পুনঃ দেহ-ইন্দ্রিয়-বিষয় রূপাণি ভৌতিকানি ইতি তানি ইমানি ভূতভৌতিকানি ন পরমাণুপুঞ্জব্যতিরিক্তানি সন্তীতি পরমাণুহেতুকোঽয়ং বাহ্যসমুদায়ঃ রূপস্কন্ধঃ ইত্যর্থঃ। তত্র খরঃ পার্থিবপরমাণুঃ, স্নেহঃ-জলীয় পরমাণুঃ ; উষ্ণঃ—তৈজসপরমাণুঃ ; চলনঃ—বায়বীয় পরমাণুঃ। তেষু রূপ-রস স্পর্শ গন্ধ স্বভাবাঃ খরাঃ পার্থিবপরমাণবঃ পৃথিবীরূপেণ সংহন্যন্তে। রূপ রস স্পর্শস্বভাবাঃ স্নেহা আপ্যাঃ পরমাণবঃ সলিলরূপেণ সংহন্যন্তে। রূপ স্পর্শ (উষ্ণ) স্বভাবাঃ তৈজস-পরমাণবঃ তেজোরূপেণ সংহন্যন্তে। স্পর্শ (ঈরণ) স্বভাবাশ্চ বায়বীয়াঃ পরমাণবঃ বায়ুরূপেণ সংহন্যন্তে। অথ আন্তরসমুদায় স্বরূপমাহুঃ—অহমিতি। জ্ঞান সন্তানঃ ইতি—আলয় বিজ্ঞান প্রবাহঃ ; তত্র দ্বিবিধং বিজ্ঞানং—আলয়বিজ্ঞানং, প্রবৃত্তিবিজ্ঞানঞ্চ।

তথাচ সর্ব্বদর্শন সংগ্রহে—বৌদ্ধদর্শনম্—(৭১ পৃ০)—তত্র আলয়বিজ্ঞানং নামাহমাস্পদম্। নীলাদ্যুল্লেখি চ বিজ্ঞানং প্রবৃত্তিবিজ্ঞানম্। যথোক্তম্—তৎ স্যাদালয়বিজ্ঞানং যদ্ ভবেদহমাস্পদম্। তৎস্যাৎ প্রবৃত্তিবিজ্ঞানং যন্নীলাদিকমুল্লিখেৎ॥ শেষং স্পষ্টম্। তদেবং দ্বিবিধ সমুদায়রূপং নিখিলং জগদিতি বৈভাষিক সৌত্রান্তিকয়োর্ম্মতমিতি। ইতি বিষয় বাক্যম্।

রূপস্কন্ধ বিজ্ঞানস্কন্ধ বেদনাস্কন্ধ সংজ্ঞাস্কন্ধ সংস্কারস্কন্ধ নামে পাঁচটি স্কন্ধ। তন্মধ্যে পরমাণু চতুষ্টয়ই বাহ্য সমুদায়, খর স্নেহ উষ্ণ চলন স্বভাবযুক্ত পার্থিবাদি চতুর্বিধ পরমাণু পৃথিব্যাদি ভূত চতুষ্টয়রূপে সংযোজিত হয়। এই ভূতচতুষ্টয়ই দেহ ইন্দ্রিয় ও রূপাকারে পরিণত হয়, ইহাই ভূত-ভৌতিকাত্মা রূপস্কন্ধ বাহ্যসমুদায়। অর্থাৎ পার্থিবাদি চতুর্ব্বিধ পরমাণু এককালে পুঞ্জীভূত হইয়া পৃথিব্যাদি ভূতচতুষ্টয় হয়, সেই ভূতচতুষ্টয় পুনঃ দেহ ইন্দ্রিয় বিষয় ও রূপ ভৌতিক, এই ভূত ভৌতিক পরমাণুপুঞ্জ হইতে অতিরিক্ত নহে।

সুতরাং পরমাণুহেতুক এই বাহ্যসমুদায় রূপস্কন্ধ ইহাই অর্থ। তন্মধ্যে খর পার্থিব পরমাণু, স্নেহ জলীয় পরমাণু, উষ্ণ তৈজসপরমাণু, চলন বায়বীয় পরমাণু। পুনঃ রূপ রস স্পর্শ গন্ধ স্বভাব খর পার্থিবপরমাণু পৃথিবীরূপে সংহত হয়। রূপ রস স্পর্শ স্বভাব জলীয় পরমাণু জলরূপে সংযুক্ত হয়। রূপস্পর্শ উষ্ণস্বভাব তৈজসপরমাণু তেজরূপে সংহত হয়। স্পর্শ ঈরণ চলন স্বভাব বায়বীয় পরমাণু বায়ুরূপে সংহত হয়।

অনন্তর আন্তর সমুদায় নিরূপণ করিতেছেন—'অহং' ইতি। অহং প্রত্যয় সমারূঢ় জ্ঞান প্রবাহ বিজ্ঞান স্কন্ধ। জ্ঞান সন্তান অর্থাৎ আলয় বিজ্ঞান প্রবাহ। বিজ্ঞান দুই প্রকার—আলয় বিজ্ঞান, ও প্রবৃত্তি বিজ্ঞান। সর্ব্বদর্শন সংগ্রহে বর্ণিত আছে—অহমাস্পদ বিজ্ঞানের নাম আলয় বিজ্ঞান। নীলাদির উল্লেখের নাম প্রবৃত্তি বিজ্ঞান। শ্লোকের ব্যাখ্যা সরল। এই বিজ্ঞান স্কন্ধই কর্ত্তা ভোক্তা আত্মা।

অত্র সংশয়ঃ, এষা সমুদায়দ্বয়কল্পনা যুক্তা ? নবেতি। এতেনৈব জগদ্ব্যবহারোপপত্তে র্যুক্তা।

ইতি প্রাপ্তে প্রতিবিধত্তে—

।।ওঁ।। সমুদায় উভয়হেতুকেঽপি তদপ্রাপ্তিঃ ।।ওঁ।।২।২।৩।১৮।।

যোঽয়মুভয়সংঘাতহেতুক উভয়বিধঃ সমুদয়ো নিরূপিতস্তস্মিন্ স্বীকৃতেঽপি তদপ্রাপ্তি

সংশয় ঃ - এবং সমুদায়াধিকরণস্য বিষয়বাক্য নিরূপণানন্তরং সংশয়ং নিরূপয়ন্তি —অত্রেত্যাদিনা। সোঽয়ং বৈভাষিকাদি সিদ্ধান্তো প্রমাণমূলো ভ্রমমূলো বা ইতি সংশয়ঃ। বৈভাষিক ইতি—(স০ দ০ সং- বৌ০ ৮১ পৃ০) "বাহ্যেষু গন্ধাদিষু আন্তরেষু রূপাদিস্কন্দেষু সৎস্বপি তত্র অনাস্থামুৎপাদয়িতুং "সর্ব্বং শূন্যম্" ইতি প্রাথমিকান্ বিনেয়ান্ অচকথদ্ ভগবান্ ; দ্বিতীয়াংস্তু "বিজ্ঞানমাত্র গ্রহাবিষ্ঠান্ বিজ্ঞানমেবৈকং সদিতি ; তৃতীয়ান্" উভয়ং সত্যং" ইত্যাস্থিতান্ বিজ্ঞেয়মনুমেয়মিতি ; সেয়ং বিরুদ্ধা ভাষা ইতি বর্ণয়ন্তঃ—বৈভাষিকাখ্যয়া খ্যাতাঃ।

পূর্ব্বপক্ষ ঃ—অথ সন্দেহানন্তরং পূর্ব্বপক্ষমবতারয়ন্তি—এতেনৈব" ইতি। এতেনৈব সমুদায় দ্বয়েনৈব জগদ্ব্যবহার-উপপত্তেঃ ; সর্ব্বজ্ঞোপদিষ্টত্বাচ্চ যুক্তি যুক্ত এব সমুদায়দ্বয়বাদ সিদ্ধান্তঃ। তস্মাৎ প্রমাণমূল এব ন প্রমাণরহিত ইত্যর্থঃ। ইতি পূর্ব্বপক্ষবাক্যম্।

সুখ বেদনা ও দুঃখ বেদনা বেদনা স্কন্ধ। দেবদত্তাদি নাম করণকে সংজ্ঞা স্কন্ধ বলে। রাগ দ্বেষ মোহাদি চৈতসিক ধর্ম্ম সংস্কার স্কন্ধ। এই চারিটি অর্থাৎ বিজ্ঞান বেদনা সংজ্ঞা সংস্কার স্কন্ধকে চিত্তচৈত্ত্যিক বলে। এই আন্তর সমুদায় স্কন্ধচতুষ্টয় রূপ। এই সমুদায়দ্বয়ই অশেষ জগৎ। ইহা ভিন্ন আকাশাদি অবস্তু অর্থাৎ আকাশ কোন পদার্থ ই নহে। অর্থাৎ এই দ্বিবিধ সমুদায় রূপেই সম্পূর্ণ জগৎ, ইহাই বৈভাষিকও সৌত্রান্তিকের সিদ্ধান্ত। এইপ্রকার বিষয়বাক্য।

সংশয়—এইপ্রকার সমুদায়াধিকরণের বিষয়বাক্য নিরূপনান্তর সংশয় নিরূপণ করিতেছেন অত্র ইত্যাদি। এইসংশয় এই যে সমুদায়দ্বয় কল্পনা যুক্তিসঙ্গত ? অথবা ভ্রমমূলক ? ইহাই সংশয় বাক্য। বৈভাষিক অর্থাৎ বাহ্যস্কন্ধ গন্ধাদি আন্তর রূপাদিস্কন্ধ থাকিলেও তাহাতে অনাস্থা উৎপাদন করিবার নিমিত্ত প্রথম শিষ্যগণকে ভগবান বুদ্ধদেব "সকলশূন্য" এইপ্রকার উপদেশ প্রদান করেন। দ্বিতীয় দলকে বিজ্ঞানমাত্র উপদেশ করেন। তৃতীয় শিষ্যগণকে উভয়সত্য" উপদেশ করেন, এই বিরুদ্ধ ভাষা বলিয়া যাহারা বর্ণনা করে তাহাদিগকে বৈভাষিক বলে।

পূর্ব্বপক্ষ - এই প্রকার সন্দেহের পরে পূর্ব্বপক্ষের অবতারণা করিতেছেন — "এতেনৈব" ইত্যাদি। ইহার দ্বারাই জগতের ব্যবহার সকল পূর্ণ হওয়া যুক্তি সঙ্গত। অর্থাৎ সমুদায় দ্বয়ের দ্বারাই

জগদাত্মকসমুদায়াসিদ্ধিঃ। সমুদায়িনামচেতনত্বাদন্যস্য চ সংহন্তুঃ স্থিরচেতনস্যাভাবাৎ। তস্য চ ভাবক্ষণিকত্বাঙ্গীকারাৎ। স্বতঃ প্রবৃত্ত্যুরীকৃতৌ তৎ সাতত্য প্রসঙ্গঃ। তস্মাদযুক্তা তৎ কল্পনা ॥১৮॥

সিদ্ধান্ত ঃ—ইত্যেবং বৈভাষিকানাং পূর্ব্বপক্ষে সমুপস্থিতে সতি সিদ্ধান্তসূত্রমবতারয়তি ভগবান্ শ্রীবাদরায়ণঃ - সমুদায়" ইতি। উভয়হেতুকঃ—চতুর্ব্বিধ পরমাণুহেতুকো বাহ্যসমুদায়ঃ, চতুস্কন্ধী হেতুক আন্তর সমুদায়ঃ স্বীকারেঽপি ; তদপ্রাপ্তিঃ ঃ - জগদাত্মক সমুদায় অপ্রাপ্তিঃ, অর্থাৎ জগদ্রচনং ন ভবতীত্যর্থঃ। কুতঃ জগদাত্মক সমুদায়াসিদ্ধিরিত্যপেক্ষয়ামাহুঃ—সমুদায়িনামিতি। তস্য চ—সমুদায় সংযোগস্য ভাবক্ষণিকত্বাঙ্গীকারাৎ।

নন্বু কারণকূটানাং সমবধানে সতি স্বতঃ কার্য্যোৎপত্তি দর্শনাদিতি চেৎ তত্রাহুঃ - স্বতঃ" ইতি। তৎ সাতত্য প্রসঙ্গঃ - ইতি, স্বতঃ কার্য্যস্য উৎপত্তিস্বীকারে সদৈব সমুদায়সিদ্ধি র্ভবতি, ন কদাপি তস্যাভাব ইত্যর্থঃ। নিগময়ন্তি—তস্মাদিতি। তস্মাৎ বৈভাষিকানাং জগদ্রচনার্থং সমুদায় কল্পনা নিতরামযুক্তা ইতি ॥১৮॥

জগদ্ ব্যবহারের উপপত্তিহেতু যুক্তি সঙ্গত। সর্ব্বজ্ঞ বুদ্ধদেব কর্ত্তৃক উপদিষ্টহেতু সমুদায়বাদ সিদ্ধান্ত যুক্তি পূর্ণ, অতএব প্রমাণ মূলই অপ্রমাণিক নহে। ইহা পূর্ব্বপক্ষবাক্য।

সিদ্ধান্ত—এইপ্রকার বৈভাষিকগণের পূর্ব্বপক্ষ সমুপস্থিত হইলে ভগবান শ্রীবাদরায়ণ সিদ্ধান্ত সূত্রের অবতারণা করিতেছেন -"সমুদায়" ইত্যাদি। উভয়হেতু সমুদায় অর্থাৎ চতুর্ব্বিধ পরমাণুহেতুক বাহ্য সমুদায়, চতুস্কন্ধী হেতুক আন্তর সমুদায় স্বীকার করিলেও তদপ্রাপ্তি জগদাত্মক সমুদায় প্রাপ্তি হইবে না, অর্থাৎ জগৎ রচনা সম্ভব হইবে না, ইহাই সূত্রার্থ আপনারা যে উভয়প্রকার সংঘাতহেতুক উভয়বিধ সমুদায় নিরূপণ করিয়াছেন, তাহা স্বীকার করিলেও জগদাত্মক সমুদায় সিদ্ধি হইবে না। কিপ্রকারে জগদাত্মক সমুদায়ের অসিদ্ধি তদুত্তরে বলিতেছেন—সমুদায়িগণের ইত্যাদি।

যেহেতু সমুদায় সকল অচেতন, অন্য কেহ তাহাদিগকে সংহত বা একত্রিত করিবে সেই সময় তাদৃশ স্থির চেতনের অভাববশতঃ জগৎরচনা সম্ভব নহে। যদি বলেন—কারণকূট অর্থাৎ কার্য্যের কারণ সমুদায় একত্রিত হইলেই তাহাহইতে স্বভাবতঃকার্য্যের উৎপত্তিহয় তাহা দেখা যায় তদুত্তরে বলিতেছেন— 'স্বত' ইত্যাদি। সমুদায় সকলের জগৎ রচনায় স্বতঃ প্রবৃত্তি স্বীকার করিলে সর্ব্বদাই সৃষ্টি হইবে। অর্থাৎ কার্য্যের স্বভাবতঃ উৎপত্তি স্বীকার করিলে সর্ব্বদাই সমুদায়সিদ্ধি হইবে, অতএব কোন কালেই তাহার অভাব হইবে না। প্রকরণের নিগমন করিতেছেন—'তস্মাৎ' ইত্যাদি। অতএব বৈভাষিকগণের জগৎ রচনার নিমিত্ত সমুদায় কল্পনা করা অত্যন্ত যুক্তিবিহীন বা অশাস্ত্রীয় ॥১৮॥

ননু সৌগতসময়েঽবিদ্যাদয়ো মিথো হেতু ফল ভাবমাপন্নাঃ স্বীক্রিয়ন্তে, অপ্রত্যাখ্যেয়াশ্চ তে সর্ব্বেষাম্ । তেষু চ মিথস্তথা ভাবেন ঘটীযন্ত্রবৎ সন্ততমাবর্ত্তমানেষ্বর্থাক্ষিপ্তঃ সংঘাতস্তমন্তরেণ এষামসিদ্ধেঃ ।

তে চাবিদ্যাসংস্কারো বিজ্ঞানং নামরূপং ষড়াতয়নং স্পর্শো বেদনা তৃষ্ণা উপাদানং ভবো জাতির্জরা মরণং শোকঃ পরিবেদনা দুঃখং দুর্ম্মনস্তা চেতি তত্রাহ—

অথ প্রকারান্তরেণ বৌদ্ধাঃ স্বপক্ষং স্থাপয়ন্তি—ননু ইত্যাদিনা। ননু নাস্মাকং কল্পনা অযুক্তা কিন্তু যুক্তি সঙ্গতা এব ; যতঃ সৌগত ইতি ! অস্মাকং সৌগতসিদ্ধান্তে বাহ্যাভ্যন্তর সমুদায়দ্বয়ং, অবিদ্যাদয়শ্চ মিথঃ পরস্পরং হেতু ফল ভাবং—কারণকার্য্য ভাবং প্রাপ্তাঃ সন্তঃ কার্য্যমুৎপাদয়ন্তি; ইতি স্বীকুর্ম্ম। ন চ এতে পদার্থাঃ কোঽপি প্রত্যাখ্যাতুং শক্যতে; সর্ব্বেষাং সমানত্বাং। অথ সংঘাতং সাধয়ন্তি—তেষু" ইতি। তথা ভাবেন' কার্য্যকারণ ভাবেন; ঘটীযন্ত্রবৎ" ইতি—মরু প্রদেশে অতিগভীরকূপাৎ জলোত্তোলনার্থং যন্ত্রবিশেষঃ ;

তচ্চ যন্ত্রং কূপোপরি লৌহনির্ম্মিত চক্র বিশেষে ঘটানাং মালাকারেণ সংযোগো ভবতি, পুনঃ—তচ্চক্রং বলীবর্দ্দাদিভি র্ভ্রাম্যমানে সতি কূপাৎ জলং নিঃসরতি ; কিঞ্চ—ঘটা অপি ক্রমেণ উর্দ্ধাধো ভবন্তীতি" ঘটীযন্ত্রম্। (মরুপ্রদেশীয় ভাষায়াং "রঁহট্" ইতি প্রসিদ্ধম্) এবং ঘটীযন্ত্রবৎ এতে পদার্থা সর্ব্ব দৈবসন্ততমাবর্ত্তমানেষু পদার্থানাক্ষিপ্তঃ সংঘাতং সৃজন্তি ; তদেব সংঘাতম্। তমন্তরেণ ইতি—সংঘাত সন্তরেণ, এষাং অবিদ্যাদীনাং সিদ্ধেরভাবাদিত্যর্থঃ। আধারং বিনা অধেয়স্থিতির্ন সম্ভবেদিতি। অবিদ্যা

অনন্তর প্রকারান্তরে বৌদ্ধগণ স্বপক্ষ স্থাপন করিতেছেন 'ননু' ইত্যাদির দ্বারা। বৈভাষিকগণ যদি বলেন—আমাদের কল্পনা অযৌক্তিক নহে, কিন্তু যুক্তিসঙ্গত, যেহেতু সৌগতসময়ে (সিদ্ধান্তে) অবিদ্যাদি পরস্পরহেতু ও ফলভাবাপন্ন হয়, তাহা স্বীকৃত হইয়াছে। তাহা কোন দার্শনিকই প্রত্যাখ্যান করিতে পারিবেন না। আমাদের সৌগত সিদ্ধান্তে বাহ্যাভ্যন্তর সমুদায়দ্বয় এবং অবিদ্যাদি পরস্পর কার্য্য কারণ ভাব প্রাপ্ত হইয়া কার্য্য উৎপাদন করে, এইপ্রকার স্বীকার করি। এই পদার্থ সকল কেহ প্রত্যাখ্যান করিতে পারিবেন না, যেহেতু তাহা সকলের সমান।

অতঃপর সংঘাতসাধন করিতেছেন—তন্মধ্যে সমুদায়দ্বয় ও অবিদ্যা উভয়ে কার্য্য কারণ ভাবে ঘটী যন্ত্রের ন্যায় সর্ব্বদা আবর্ত্তিত হইলে অর্থ সকল প্রক্ষিপ্ত করিয়া সংঘাত সৃষ্টি করে, তাহা বিনা এই সকল সিদ্ধ হয় না। ঘটীযন্ত্র এই প্রকার—মরু প্রদেশে অতিগভীর কূপ হইতে জলোত্তোলনের নিমিত্ত যন্ত্র বিশেষ, সেই যন্ত্র কূপের উপরে লৌহনির্ম্মিত চক্রবিশেষে ঘট সকলের মালাকারে সংযোগ হয়, পুনঃ সেই বলীবর্দাদির দ্বারা ভ্রমণ করাইলে পরে কূপ হইতে জল নির্গত হয়, এবং ঘটসকলও ক্রমে উপরে ও নীচে ভ্রমণ করে ইহাই ঘটীযন্ত্র।

।।ওঁ।। ইতরেতর প্রত্যয়ত্বাদিতি চেন্ন উৎপত্তিমাত্র নিমিত্তত্বাৎ ওঁ ২।২।৩।১৯।।

প্রত্যয়শব্দো হেতুবাচী। অবিদ্যাদীনাং পরস্পরহেতুত্বাদুপপন্নঃ সংঘাতেতি যদুক্তং তন্ন। কুতঃ? উৎপত্তীতি।

তেষাং পূর্ব্বপূর্ব্বমুত্তরোত্তরস্য উৎপত্তিমাত্রং প্রতি নিমিত্তং স্যাৎ, ন তু সংঘাতং প্রতি-কিঞ্চিত্তদস্তি। কিঞ্চ ভোগার্থং সংঘাতঃ। ন চ ক্ষণিকেষ্বাত্মসু ভোগঃ সম্ভবতি। তদ্ধে

তু—ভ্রান্তিরেব : ক্ষণিকেষ্বপি পরমাণুষু স্থিরত্ববুদ্ধিঃ ; অমার্গেষু মার্গবুদ্ধিঃ ; তে চ ইতি—সংঘাতপদার্থাঃ এতে ইতি।

ষড়ায়তনম্—পার্থিবাদি পরমাণুচতুষ্টয়ং শরীরং বিজ্ঞানধাতুশ্চ ইতি। চেতি ইতি। তথাচ বিজ্ঞানস্কন্ধস্য—আত্মনঃ ক্ষণিকত্বাৎ অবিদ্যা ক তিষ্ঠেৎ? ক বা রাগদ্বেষাদিরূপোজায়তে? তস্মাৎ ক্ষণি-কেষ্বপি পদার্থেষু স্থিরত্বাদি ভ্রান্তিরবিদ্যা ; তয়া অবিদ্যায়া সংস্কারাখ্যো রাগদ্বেষাদির্জন্যতে ; তেন সংস্কারেণ গর্ভস্য আদ্যং বিজ্ঞানং জন্যতে ; তেন বিজ্ঞানেন পৃথিব্যাদিচতুষ্টয়ং শরীরস্য সমুদায়াস্য হেতুভূতং নাম জন্যতে ; নামাশ্রয়ত্বাৎ তচ্চতুষ্টয়ং নাম ইত্যুক্তম্। তেন নাম্না সিতাসিতাদিরূপং শরীরং জন্যতে। রূপাশ্রয়ত্বাৎ শরীরং রূপমিত্যুক্তম্। গর্ভভূতস্য শরীরস্য কললবুদ্বুদাদ্যবস্থা নাম রূপশব্দার্থঃ। তেন রূপেণ ষড়ায়তনমিন্দ্রিয়বৃন্দং জন্যতে; তেন ষড়ায়তনেন নাম রূপেন্দ্রিয়াণাং মিথঃ সম্বন্ধাৎ স্পর্শো জন্যতে; তস্মাৎ স্পর্শাৎ সুখ দুঃখাদীনামনুভবো বেদনা জন্যতে।

মরুপ্রদেশীয় ভাষায় তাহাকে রঁহট বলে। এই প্রকার ঘটীযন্ত্রবৎ এই পদার্থ সকল আক্ষিপ্ত হইয়া সংঘাত সৃষ্টি করে, তাহাকেই সংঘাত বলে। এই সংঘাত বিনা অবিদ্যাদি সকলের সিদ্ধির অভাব হয়। যেমন আধার বিনা আধেয় বস্তুর অবস্থান সম্ভব হয় না। সেই সংঘাত পদার্থ সকল এইপ্রকার অবিদ্যা সংস্কার বিজ্ঞান নাম রূপ ষড়ায়তন অর্থাৎ পার্থিবাদি পরমাণু চতুষ্টয় শরীর ও বিজ্ঞান ধাতু স্পর্শ বেদনা তৃষ্ণা উপাদান ভব জাতি জরা মরণ শোক পরিবেদনা দুঃখ দুর্ম্মন ইত্যাদি। অর্থাৎ বিজ্ঞান স্কন্ধ আত্মার ক্ষণিকত্বহেতু অবিদ্যা কোথায় অবস্থান করিবে? কোথায় বা রাগদ্বেষাদিরূপ জাত হইবে? অতএব ক্ষণিক পদার্থসকলে যে স্থিরত্বাদি ভ্রম হয় তাহাই অবিদ্যা, সেই অবিদ্যার দ্বারা সংস্কার নামে রাগদ্বেষাদি জাত হয়, পুনঃ সেই সংস্কারের দ্বারা গর্ভের প্রথম বিজ্ঞান উৎপন্ন হয় ; সেই বিজ্ঞানের দ্বারা পৃথিব্যাদি চতুষ্টয় শরীর সমুদায়ের কারণ স্বরূপ নাম জাত হয়। পৃথিব্যাদি চতুষ্টয় নামের আশ্রয় হেতু তাহাকেও নাম বলে।

সেই নামের দ্বারা শুক্ল কৃষ্ণাদিরূপ শরীর জন্মে। শরীর রূপের আশ্রয়হেতু তাহাকে রূপ বলে

তোর্ধর্ম্মাধর্ম্মাদেস্তৈঃ পূর্ব্বমসম্পাদনাৎ। ন চ তৎ সন্তানেন স সম্পাদিতঃ। তস্য স্থায়িত্বে সর্ব্বক্ষণিকত্বপ্রতিজ্ঞা ব্যাকোপাৎ। ক্ষণিকত্বে প্রাগুক্তদোষানতিবৃত্তেঃ। তস্মাদসঙ্গত;

এবং ক্রমেণ তৃষ্ণা, উপাদানং, ভব জাতিঃ জরা মরণং ; শোক পরিবেদনা, দুঃখং ; দৌর্ম্মনস্য ঞ্চেতি জন্যতে ; তস্মাৎ অনাদিরিয়মন্যোহন্য মূলাবিদ্যাদিকা চক্র পরিবৃত্তিঃ ভূত ভৌতিক সংঘাতং বিনা ন সম্ভবতীতি সিদ্ধঃ সংঘাতোঽর্থাক্ষিপ্তঃঃ। তস্মাৎ সমুদায়সিদ্ধিরিত্যর্থঃ।

ইত্যেবং বৈভাষিকানাং পূর্ব্বপক্ষে সমুপস্থিতে সিদ্ধান্তসূত্রমবতারয়তি ভগবান্ শ্রীবাদরায়ণঃ-ইতর ইত্যাদি। ননু ইতরেতর প্রত্যয়াৎ অবিদ্যাদয়ঃপরস্পরাকার্য্য কারণ-ভাবাপন্নাঃ সন্তঃ সংঘাতমুৎপাদয়ন্তি ইতি প্রত্যয়াৎসর্ব্বং সোৎস্যতীতি চেৎ ন; উৎপত্তিমাত্র নিমিত্তত্বাৎ”ব্যাখ্যানং ভাষ্যে দ্রষ্টব্যম্। অথাসঙ্গত প্রকারং দর্শয়ন্তি—প্রত্যয়ঃ” ইত্যাদিনা। তেষাং—অবিদ্যাদীনাম্। তথাচ—অবিদ্যা-সংস্কার-বিজ্ঞান-নামরূপাদীনাং পূর্ব্বপূর্ব্বং উত্তরোত্তরস্য উৎপত্তিমাত্রং প্রতি নিমিত্তত্বেঽপি সংঘাতং প্রতি কিঞ্চিৎ স্থিরচেতনরূপং নিমিত্তং নাস্তি, তথাপি যদি নির্নিমিত্তমেব সংঘাতং ভবতি তথাত্বে লোকায়তিকেভ্যঃ কো বিশেষো ভবতাম্ ? কিঞ্চ সংঘাতস্য ভোগার্থত্বে ভোগকর্ত্তুরাত্মনঃ ক্ষণিকত্বাৎ ক্ষণিকাত্মসু ভোগো ন সম্ভবতি।

গর্ভভূত শরীরের কললবুদ্বুদাদির অবস্থা নাম ও রূপ শব্দের অর্থ। সেই রূপের দ্বারা ষড়ায়তন ও ইন্দ্রিয়সকল জাত হয়। সেই ষড়ায়তনের দ্বারা নামরূপ ইন্দ্রিয় সকলের পরস্পর সম্বন্ধ হইতে স্পর্শ জাত হয় সেই স্পর্শ হইতে সুখ দুঃখাদির অনুভবরূপ বেদনা জাত হয়। এই প্রকার ক্রমপূর্ব্বক তৃষ্ণা উপাদান ভব জাতি জরা মরণ শোক, পরিবেদনা দুঃখ দৌর্মনস্যাদি জাত হয়। অতএব অনাদি পরম্পরা মূলক অবিদ্যাদি চক্রের পরিবর্ত্তন ভূত ভৌতিক সংঘাত বিনা সম্ভব নহে সুতরাং অর্থাক্ষিপ্ত সংঘাত সিদ্ধ হয়। অতএব সমুদায় সিদ্ধ হয় ইহাই অর্থ।

এই প্রকার বৈভাষিকগণের পুর্ব্বপক্ষ সমুপস্থিত হইলে ভগবান শ্রীবাদরায়ণ সিদ্ধান্তসূত্রের অবতারণা করিতেছেন—‘ইতর’ ইত্যাদি। ইতরের প্রত্যয়হেতু অর্থাৎ অবিদ্যাদি পরস্পর কার্য্য কারণ ভাবাপন্ন হইয়া সংঘাত উৎপাদন করে এই প্রত্যয়হেতু সকল সিদ্ধি হয়, যদি এইপ্রকার বলেন, তদুত্তরে বলিতেছেন—উৎপত্তিমাত্র নিমিত্তহেতু ইহাই সূত্রার্থ। অনন্তর বৈভাষিকমতের অসঙ্গতি দেখাইতেছেন—“প্রত্যয়” ইত্যাদি। সূত্রের ‘প্রত্যয়’ শব্দটি হেতু বাচী, অর্থাৎ অবিদ্যাদি সকল পরস্পরের হেতু বা কারণ হওয়ার নিমিত্ত সংঘাত উৎপন্ন হয়” যাহা বলিয়াছেন তাহা সিদ্ধ হইবে না, কিহেতু ? উৎপত্তি ইত্যাদি। অবিদ্যাদি পূর্ব্ব পূর্ব্ব উত্তরের উৎপত্তির প্রতি নিমিত্ত হয়, কিন্তু সংঘাতের উৎপত্তির নিমিত্ত কেহ নাই সুতরাং সংঘাতের উৎপত্তি হয় না।

অপর সংঘাত ভোগের নিমিত্তই উৎপন্ন হয়, কিন্তু ক্ষণিক আত্মায় কোন প্রকার ভোগ সম্ভব হয় না। ভোগের হেতু ধর্ম্ম ও অধর্ম্মাদি ক্ষণিক আত্মার দ্বারা পূর্ব্ব সম্পাদিত হয় নাই। যদিবল

সৌগতসময়ঃ ॥১৯॥

ইদানীমবিদ্যাদীনাং মিথো হেতুত্বং দূষয়তি—

॥ওঁ॥ উত্তরোৎপাদে চ পূর্ব্বনিরোধাৎ ॥ওঁ॥ ২।২।৩।২০॥

ভোগহেতুধর্ম্মাধর্ম্মাদেরাচরণকারিণাং আত্মনাং ক্ষণিকত্বাৎ, পূর্ব্বং যৈরাচরিতং তে নাধুনা বিদ্যন্তে ; ন চ আত্ম সন্তানেন—আত্মধারয়া ভোগঃ সম্ভবতীতি" বাচ্যম্ ; সিদ্ধান্তহানেঃ, ভোগার্থং অস্ত্মসন্তানস্য স্থায়িত্ব স্বীকারে সর্ব্বক্ষণিকবাদে দত্ততিলাঞ্জলিঃ স্যাৎ।

কিঞ্চ ভোক্তা-আত্মসন্তানঃ সৎ ? অসৎ বা ? আদ্যে—সর্ব্বভাবক্ষণিকত্ববাদ ব্যাকোপাপত্তিঃ; আত্মনঃ স্থায়িত্বাপত্তিশ্চ। দ্বিতীয়ে ক্ষণিকাত্মসন্তানত্বাৎ ভোগাভাবঃ ; ভোগস্যাপি ক্ষণিকত্বাৎ, নিতরামপ সিদ্ধান্তো ভবতাং ক্ষণভঙ্গবাদঃ। তস্মাদসঙ্গতঃ সৌগতসময়ঃ। বৌদ্ধসিদ্ধান্ত ইত্যর্থঃ। সুগতো বুদ্ধঃ। তথাচামরসিংহঃ ১।১।১৩ সর্ব্বজ্ঞঃ সুগতোবুদ্ধো ধর্ম্মরাজস্তথাগতঃ" ইতি বুদ্ধপর্য্যায়ঃ ॥১৯॥

—আত্ম সন্তানের দ্বারা ধর্ম্মাধর্ম্ম সম্পাদিত হইয়াছে, তাহাও সিদ্ধ হয় না। আত্মসন্তানের স্থায়িত্ব স্বীকার করিলে সর্ব্বক্ষণিকত্ব প্রতিজ্ঞা ভঙ্গ হইবে। আত্মার ক্ষণিকত্ব স্বীকার করিলে পূর্ব্বকথিত ভোগাভাবদোষ নিবর্ত্তিত হইল না। অতএব সৌগত সিদ্ধান্ত অসঙ্গতি পূর্ণ। সারার্থ এই যে অবিদ্যাসংস্কার বিজ্ঞান নামরূপাদি সকল পূর্ব্ব পূর্ব্ব উত্তরোত্তরের উৎপত্তিমাত্রের প্রতি নিমিত্ত বা কারণ স্বীকার করিলেও সংঘাতের প্রতি কোন স্থির চেতনস্বরূপ নিমিত্ত নাই, তথাপি যদি নিমিত্ত না থাকিলেও আপনাদের সংঘাত উৎপন্ন হয়, তাহা হইলে লোকায়তিক চার্ব্বাক হইতে আপনাদের বৈশিষ্ট্য কি ? অপর আত্মার ভোগের নিমিত্ত সংঘাতের উৎপত্তি হয় কিন্তু সেই ভোগকর্ত্তা আত্মার ক্ষণিকত্বহেতু ক্ষণিক আত্মাতে ভোগ সম্ভব হয় না।

পুনঃ ভোগের নিমিত্ত ধর্ম্মাধর্ম্ম আচরণ কারি আত্মাসকলের ক্ষণিকত্বহেতু পূর্ব্বে যে আত্মাগণ কর্ত্তৃক ধর্ম্মাদি আচরিত হইয়াছিল তাহার অধুনা বিদ্যমান নাই, যেহেতু সকলই ক্ষণিক। যদি বলেন— আত্মসন্তান বা আত্ম ধারার দ্বারা ভোগ সম্ভব হয়, তাহা বলিতে পারেন না, তাহাতে স্বসিদ্ধান্ত হানি হইবে, ভোগের নিমিত্ত আত্ম সন্তানের স্থায়িত্ব স্বীকার করিলে সর্ব্বক্ষণিক বাদকে তিলাঞ্জলি দিয়া শ্রাদ্ধ করিতে হয়। এইস্থলে জিজ্ঞাস্য এই যে—ভোক্তা আত্মসন্তান সৎ ? অথবা অসৎ ? আদ্য অর্থাৎ ভোক্তা সৎ হইলে সর্ব্বভাবক্ষণিক সিদ্ধান্ত বৃথা হইবে, আত্মার স্থায়িত্বাপত্তি দোষ হইবে। দ্বিতীয়ে অর্থাৎ ভোক্তা অসৎ হইলে ক্ষণিকাত্ম সন্তানহেতু ভোগাভাব হইবে। অপর ভোগেরও ক্ষণিক হওয়া হেতু আপনাদের ক্ষণভঙ্গবাদ অতীব অপসিদ্ধান্তপূর্ণ। সুগত অর্থাৎ বুদ্ধদেব, অমরকোষে বুদ্ধপর্য্যায় এই প্রকার—সর্ব্বজ্ঞ সুগত বুদ্ধ ধর্ম্মরাজ তথাগত ইত্যাদি ॥১৯॥

নেত্যনুবর্ত্ততে, (২।২।৩।১৯) ক্ষণভঙ্গবাদিনো মন্যন্তে-উত্তরস্মিন্ ক্ষণে উৎপদ্যমানে পূর্ব্বঃ ক্ষণো নিরুদ্ধ্যেত ইতি। উত্তরক্ষণবর্ত্তিনি কার্য্যে জায়মানে সতি পূর্ব্বক্ষণবর্ত্তিকারণং বিনশ্যতীতি তদর্থঃ। নচৈবমঙ্গীকুর্ব্বতা অবিদ্যাদীনাং মিথো হেতুহেতুমদ্ভাবঃ শক্যো বিধাতুং, নিরুদ্ধস্য পূর্ব্বক্ষণবর্ত্তিনো নিরুপাখ্যত্বেন উত্তর ক্ষণবর্ত্তিহেতুত্বাহনুপপত্তেঃ। কারণং হি কার্য্যানুস্যূতং দৃষ্টম্ ॥২০॥

নন্থ অবিদ্যাদয়ো মিথঃ কার্যকারণ ভাবমাপন্নাঃ ঘটীযন্ত্রবৎ সর্ব্বদা পরিভ্রমণশীলাঃ কার্য্যং জনয়ন্তি' ইতি চেৎ, তত্রাহুঃ ইদানীমিত্যাদি। অথ বৈভাষিকানাং জগদুৎপত্তি কারণানাং পরস্পর হেতুত্বং দূষয়িতুং সূত্রমবতারয়তি ভগবান্ শ্রীবাদরায়ণঃ—উত্তর ইতি"। উত্তরক্ষণোৎপন্নে কার্য্যে পূর্ব্ব-নিরোধাৎ—পূর্ব্বস্য কারণস্য নিরোধাৎ বিনাশাৎ অনুপপন্নোহয়ং সিদ্ধান্ত ইতি সূত্রার্থঃ। "ইতরেতর প্রত্যয়ত্বাদিতি চেন্ন" ইত্যগ্রিমসূত্রাৎ "ন" ইত্যনুবর্ত্ততে।

অথ ক্ষণভঙ্গবাদিনাং বৈভাষিকানাং মতবিশেষমাহুঃ—ক্ষণভঙ্গবাদিনঃ" ইত্যাদি। ভাষ্যন্ত প্রকটার্থম্। তথাচ ঘটো ভবতি" ইত্যত্র ঘটস্য কারণং মৃৎ ততো মৃৎপিণ্ডঃ, ততঃ কপালদ্বয়ঃ; এবং সূত্র-চক্র সলিল-কুলালাদি কারণকূটৈর্ঘটমুৎপদ্যতে। কিন্তু ক্ষণভঙ্গবাদিনাং নয়ে যদা মৃদো মৃৎপিণ্ড-

---

আমরা বৈভাষিকগণ বলিব—অবিদ্যা সকল পরস্পর কার্য্যকারণ ভাবাপন্ন হইয়া ঘটীযন্ত্রবৎ পরিভ্রমণ স্বভাব বশতঃ কার্য্য উৎপন্ন করে; তদুত্তরে বলিতেছেন—"ইদানীং ইত্যাদি। এই প্রকার অবিদ্যাদি পরস্পর কার্য্য কারণ ভাব হইয়া সংঘাত উৎপন্ন করে, তাহাদের পরস্পরের হেতুতা সম্প্রতি নিরাকরণ করিতেছেন।

অনন্তর বৈভাষিকগণের জগদুৎপত্তিকারণের পরস্পরের দোষ উদ্ঘাটন করিবার নিমিত্ত ভগবান শ্রীবাদরায়ণ সূত্রের অবতারণা করিতেছেন—"উত্তর" ইত্যাদি। উত্তরক্ষণোৎপন্নে কার্য্যে পূর্ব্বনিরোধহেতু অর্থাৎ পূর্ব্বের কারণের বিনাশহেতু এই সিদ্ধান্ত যুক্তি সঙ্গত নহে। ইহাই সূত্রার্থ। অতঃপর ক্ষণভঙ্গ বাদি বৈভাষিকগণের মত বিশেষ বর্ণন করিতেছেন—ক্ষণভঙ্গবাদিগণ' ইত্যাদি। ক্ষণবাদিগণ মনে করেন উত্তর ক্ষণ উৎপন্ন হইলে পূর্ব্বক্ষণ নিরুদ্ধ হয়। অর্থাৎ উত্তর ক্ষণবর্ত্তী কার্য্য উৎপন্ন হইলে পরে পূর্ব্ব ক্ষণবর্ত্তী কারণ বিনষ্ট হয় ইহাই তাহার অর্থ।

আপনারা এই প্রকার স্বীকার করিলে অবিদ্যাদি সকলের পরস্পরহেতু হেতুমদ্ভাব বিধান করিতে পারিবেন না। পূর্ব্বক্ষণবর্ত্তী কারণ বিনষ্ট হইলে নিরুপাখ্য পদার্থের দ্বারা উত্তরবর্ত্তী কার্য্যে হেতু হওয়া সম্ভব নহে। যেহেতু কারণ কার্য্যে অনুসরণ করে। অর্থাৎ "ঘট হইতেছে" এইস্থলে ঘটের কারণ মৃত্তিকা, মৃত্তিকা হইতে মৃৎপিণ্ড, তাহা হইতে কপালদ্বয়, এই প্রকার সূত্র চক্র সলিল কুলালাদি কারণ সমূহের দ্বারা ঘট উৎপন্ন হয়।

অসতঃ সদুৎপত্তিং তে মন্যন্তে। নানুপমর্দ্য প্রাদুর্ভাবাদিতি। তাং দূষয়তি—

॥ওঁ॥ অসতি প্রতিজ্ঞোপরোধো যৌগপদ্যমন্যথা ॥ওঁ॥ ২।২।৩।২১॥

মৃৎপদ্যতে তদা তস্য কারণং মৃৎবিনশ্যতি ; যদা চ কপালদ্বয়মুৎপদ্যতে তদা মৃৎপিণ্ডমেব নশ্যতে, কিঞ্চ যদা ঘটমুৎপদ্যতে তবা ঘটকারণং কপালদ্বয়ং নশ্যতি ; তথাত্বে হেতু হেতুমদ্ ভাবো ন বিদ্যতে ; যতঃ কারণং কার্য্যানুসৃ্যতং দৃষ্টম্। ঘটস্য কারণং মৃত্বং ঘটদশায়ামপি অবিরুদ্ধং বর্ত্ততে, ন তু নশ্যতি ; তস্মাৎ বিরুদ্ধমিদং সৌগতমতমিতি ॥২০॥

অথ বৈভাষিকানাং অসৎকারণবাদং সমুত্থাপ্য নিরাকুর্ব্বন্তি—অসতঃ" ইতি। তে বৈভাষিকাঃ সৌত্রান্তিকাশ্চ ; তত্র অসৎকার্য্যবাদে তদ্ বাক্যং প্রমাণয়ন্তি নানুপমর্দ্যেতি। ন অনুপমর্দ্য প্রাদুর্ভাবাৎ; যথা বীজমনুপমর্দ্য বিনাশমকৃত্বা অঙ্কুরো ভবতি। ইত্যেবং বৈভাষিকানাং শঙ্কায়া নিরাকরণার্থং সূত্রমবতারয়তি ভগবান্ শ্রীবাদরায়ণঃ—অসতি" ইতি। অসতি উপদানকারণে অসতি যদি কার্য্যোৎপত্তিঃ স্যাৎ তদা প্রতিজ্ঞোপরোধঃ ; ভবতাং যা রূপ বিজ্ঞানাদি স্কন্ধপঞ্চকাৎ সমুদায়দ্বয় কল্পনা উৎপত্তির্ব্বা ইতি প্রতিজ্ঞা তস্যা উপরোধঃ ভঙ্গঃ স্যাৎ।

কিন্তু ক্ষণভঙ্গবাদি সিদ্ধান্তে যে কালে মৃৎ হইতে মৃৎপিণ্ড উৎপন্ন হয়, সেই কালে তাহার কারণ মৃত্তিকা বিনষ্ট হয়, যে সময় কপালদ্বয়ের উৎপত্তি হয় সে সময় মৃৎপিণ্ডও বিনষ্ট হয়, অপর যেকালে ঘট উৎপন্ন হয়, সেই কালে ঘটের কারণ কপালদ্বয় নাশ হয়, এই প্রকার স্বীকার করিলে হেতু হেতুমদ্ভাব থাকে না, যেহেতু কারণগুণ কার্য্যে অনুসৃত হইতে দেখা যায়। ঘটের কারণ যে মৃত্তিকা ঘটাবস্থাতেও অবিরুদ্ধ ভাবে বর্ত্তমান থাকে, কিন্তু বিনষ্ট হয় না। অতএব সৌগত সিদ্ধান্ত সর্ব্বথা বিরুদ্ধ জানিতে হইবে॥২০॥

অনন্তর বৈভাষিকগণের অসৎ কারণবাদ সমুত্থাপন করতঃ নিরাকরণ করিতেছেন "অসতঃ ইত্যাদি। বৈভাষিক ও সৌত্রান্তিকগণ অসৎ হইতে সতের উৎপত্তি স্বীকার করেন ; অসৎ কার্য্যবাদে বৌদ্ধবাক্য প্রমাণিত করিতেছেন—নানুপমর্দ্য প্রাদুর্ভাব হেতু উপমর্দন না করিয়া প্রাদুর্ভাব হয় না, যেমন বীজকে বিনাশ না করিয়া অঙ্কুরের প্রাদুর্ভাব হয় না, এবং বীজও অঙ্কুর হয় না। অতএব অসৎ হইতেই সতের উৎপত্তি হয় ইহাই সিদ্ধান্ত। বৈভাষিকগণের এই প্রকার শঙ্কার নিরাকরণার্থে ভগবান শ্রীবদরায়ণ সূত্রের অবতারণা করিতেছেন—"অসতি" ইত্যাদি। অসৎ অর্থাৎ উপদান কারণে না থাকিলেও যদি কার্য্যোৎপত্তি হয়, তাহা হইলে প্রতিজ্ঞা ভঙ্গ হইবে, অর্থাৎ আপনাদের যে রূপ বিজ্ঞানাদি স্কন্ধ পঞ্চক হইতে সমুদায়দ্বয়ের কল্পনা বা উৎপত্তি এই প্রতিজ্ঞার উপরোধ বা ভঙ্গ হইবে। যদি বলেন অন্যথা উপাদান অর্থাৎ যৎকিঞ্চিৎ উপাদান হইতে কার্য্যোৎপত্তি স্বীকার করিব ; এই প্রকারও বলিতে পারেন না, তাহা হইলে যৌগপদ্য অর্থাৎ কার্য্য ও কারণের সহাবস্থান হইবে।

অসত্যুপাদানে চেৎ কার্য্যং তদা স্কন্ধহেতুকা সমুদায়োৎপত্তিরিতি প্রতিজ্ঞাভঙ্গঃ। সর্ব্বদা সর্ব্বত্র সর্ব্বং চোৎপদ্যেত, উৎপন্নঞ্চাসৎ। অন্যথোপাদানাচ্চেৎ কার্য্যং তর্হি যৌগপদ্যং কার্য্যকারণয়োঃ সহাবস্থিতিঃ স্যাৎ। কার্য্যানুস্যূতস্যোপাদানত্বাৎ। তথাচ ভাবক্ষণিকত্ব

ননু অন্যথা উপাদানাৎ যৎ কিঞ্চিদুপাদানাৎ কার্য্যোৎপত্তিরিতি বাচ্যম্; তথাত্বে যৌগপদ্যং কার্য্যকারণয়োঃ সহাবস্থানং ভবেৎ তস্মাদসামঞ্জস্যমিদং অসৎকার্য্য বাদমিত্যর্থঃ। অসতীতি—প্রতিজ্ঞা-ভঙ্গঃ—তথাচ—মৃদুপাদানং বিনৈব ঘটোৎপত্তির্ভবেৎ ; তন্তুবিনা পটোৎপত্তিঃ ; কিঞ্চ ভোজনং বিনৈব উদরপূর্ত্তিঃ স্যাৎ, ন তু তথা দৃশ্যতে। কিঞ্চ স্কন্ধহেতুকা সমুদায়োৎপত্তিরপি ন স্যাৎ।

ননু বীজস্যোপমর্দ্দিতত্বাদুপাদানস্য অসদ্রূপত্বমিতি বাচ্যম্ ; তত্রাঙ্কুরস্য বৃক্ষস্য চ বিদ্যমানত্বাৎ ; বেদাবলম্বকা বয়ং, ন কুবুদ্ধি বিজৃম্ভিত-কপোল কল্পনা মাত্রাবলম্বকাঃ; তথা চ শ্রুতিঃ- ছা০ ৬ ১২।২,এতস্য বৈ সৌম্য ! এষোঽণিম্ন এবং মহান্যগ্রোধস্তিষ্ঠতি শ্রদ্ধৎস্ব সৌম্য" ইতি। তস্মাৎ সূক্ষ্মে বীজেঽপি অতি সূক্ষ্মরূপেণ বৃক্ষং তিষ্ঠত্যেব, ন তু অসত উৎপদ্যতে। অথ দোষান্তরমাহুঃ—সর্ব্বদা" ইতি। যদি অসতি উপাদানে কার্য্যমুৎপদ্যতে ; তদা আকাশে গন্ধং, বায়ৌ রূপং বহ্নৌ রসং উৎপদ্যেত ; কিঞ্চ যদুৎপদ্যতে তদেবাসৎ ক্ষণিকত্বাৎ।

সুতরাং এই অসৎ কার্য্যেবাদ অপসিদ্ধান্ত পূর্ণ। ইহাই সূত্রার্থ। বৈভাষিকগণ যদি বলেন-উপাদানে কারণ না থাকিলেও তাহা হইতে কার্য্যেৎপত্তি হয়, তদুত্তরে বলিতেছেন – তাহা হইলে স্কন্ধ হেতুকা যে সমুদায়ের উৎপত্তি এই প্রতিজ্ঞা ভঙ্গ হইবে।

অর্থাৎ তাহা স্বীকার করিলে মৃত্তিকা রূপ উপাদান বিনাই ঘটোৎপত্তি হউক, তন্তু বিনা পটোৎ পত্তি হইবে, অপর ভোজন বিনাই উদর পূর্ত্তি হইবে, কিন্তু সেই প্রকার দেখা যায় না। আরও স্কন্ধ হেতুক যে সমুদায়ের উৎপত্তি তাহাও হইবে না। যদি বলেন বীজ নষ্টকরিয়াই অঙ্কুর উৎপন্ন হয়, সুতরাং উপাদান অসৎ স্বরূপই, এই প্রকার বলিতে পারেন না যে হেতু বীজে অঙ্কুর ও বৃক্ষ বিদ্যমান আছে, আমরা বৈদিক, বেদশাস্ত্র অবলম্বন করিয়াই সিদ্ধান্ত করিব, আপনাদের মত কুবুদ্ধিবিজৃম্ভিত কপোল কল্পনা মাত্র অবলম্বনকারী নহি।

অতএব শ্রুতি বর্ণনা করিয়াছেন—"হে সৌম্য ! এই অণুতম বীজের মধ্যে এই মহান বট বৃক্ষ অবস্থান করিতেছে, হে বৎস ! ইহা শ্রদ্ধা কর সুতরাং সূক্ষ্মবীজেও অতিসূক্ষ্মরূপে বৃক্ষ অবস্থান করিতেছে, ঐ বৃক্ষ অসৎ হইতে উৎপন্ন হয় না।

অনন্তর দোষান্তর বর্ণনা কারিতেছেন-'সর্ব্বদা' ইত্যাদি। যদি অসদুপাদান হইতে কার্য্যেৎ-পত্তি স্বীকার করেন তাহা হইলে সর্ব্বদা সর্ব্বত্র সকল পদার্থের উৎপত্তি হইবে, এবং সেই উৎপন্ন বস্তুও

মতভঙ্গঃ। তস্মান্নাসতঃ সদুৎপত্তিঃ ॥২১॥

দীপস্যেব ঘটাদের্নিরন্বয়ং বিনাশং মন্যন্তে, তাং দূষয়তি—

॥ওঁ॥ ***প্রতিসংখ্যাঽপ্রতিসংখ্যা নিরোধাপ্রাপ্তিরবিচ্ছেদাৎ*** ॥ওঁ॥ ২।২।৩।২২

ননু অন্যথা উপাদানাৎ যৎকিঞ্চিদুপাদানাৎ কার্য্যং ভবতি; তথাচ—যাবদুত্তরক্ষণোৎপত্তিঃ তাবৎ পূর্ব্বক্ষণঃ তিষ্ঠতে; ইতি চেৎ: ন সহাবস্থান প্রসঙ্গাৎ; তথাত্বে কার্য্য কারণয়োঃ সহাবস্থিতিঃ স্যাৎ: মৃত্তিকা ঘটশ্চ মৃদুপাদানে যুগপদেব বর্ত্তেত: কিঞ্চ উত্তরক্ষণোৎপত্তিং প্রতি পূর্ব্বক্ষণস্য কারণত্বে ভাব-ক্ষণিকত্ববাদ ভঙ্গঃ স্যাৎ। তস্মাৎ বিয়ৎপুষ্পায়মানত্বং ভবতামসদুৎপত্তিবাদঃ ॥২১॥

এবং ক্ষণভঙ্গবাদিনাং বৈভাষিকানাং সৌত্রান্তিকানাঞ্চ সমুদায়দ্বয়োৎপত্তি প্রকারং নিরাকৃতম্। অথ তেষাং বিনাশপ্রকারং নিরাকুর্ব্বন্তি–দীপস্য' ইত্যাদিনা। দীপশিখায়াং নির্ব্বাপিতায়াং যথা দীপং নিরবশেষং বিনষ্টো ভবতি, তথা ঘটাদয়োঽপি বিনষ্টেষু নিরবশেষা বিনষ্টা ভবন্তি; তস্মাৎ বস্তূনাং বিনাশে সতি ন কিমপি সূক্ষ্মস্বরূপমবশিষ্যতে ইতি ভাবঃ।

অসৎ, কারণ সকল পদার্থই আপনাদের ক্ষণিক। এই প্রকার যদি অসদুপাদানে কার্য্যোৎপত্তি হয় তাহা হইলে আকাশে গন্ধ পবনে রূপ বহ্নিতে রস উৎপন্ন হইবে। এবং যাহা উৎপন্ন হইবে তাহাও অসৎ যে হেতু ক্ষণিক! যদি বলেন-অন্যথা উপাদান হইতে অর্থাৎ যৎকিঞ্চিৎ উপাদান হইতে কার্য্যোৎপত্তি হয়, তাহা হইলে যৌগপদ্য অর্থাৎ কার্য্য কারণের সহাবস্থান হইবে, যে হেতু উপাদান কার্য্যনুস্যূত হয়। তাহা হইলে ভাব ক্ষণিকত্ব মত ভঙ্গ হইবে।

অতএব অসৎ হইতে সদুৎপত্তি সম্ভব হয় না। অর্থাৎ যদি বলেন যাবদুত্তর ক্ষণ উৎপন্ন হয় তাবৎকাল পর্য্যন্ত পূর্ব্বক্ষণ অবস্থান করে, তাহা বলিতে পারেন না তাহা হইল উভয় কার্য্য ও কারণ অথবা মৃত্তিকা ও ঘট মৃদুপাদানে যুগপৎ অবস্থান করিবে। অপর উত্তর ক্ষণোৎপত্তির প্রতি পূর্ব্বক্ষণের কারণত্ব স্বীকার করিলে ভাবক্ষণিকত্ববাদ ভঙ্গ হইবে। অতএব আকাশ কুসুমের ন্যায় আপনাদের অসদুৎপত্তিবাদ অলীকমাত্র ॥২১॥

এই প্রকার ক্ষণভঙ্গবাদী বৈভাষিক ও সৌত্রান্তিকগণের সমুদায়োৎপত্তি প্রকার নিরাকরণ করিলেন; অনন্তর তাহাদের বিনাশ প্রকার নিরাকারণ করিতেছেন—"দীপস্য" ইত্যাদির দ্বারা। বৌদ্ধগণ প্রদীপের ন্যায় ঘটাদির ও নিরন্বয় বিনাশ স্বীকার করেন, অর্থাৎ প্রদীপের শিখা নির্ব্বাপিত হইলে যেমন, প্রদীপ নিরবশেষ বিনষ্ট হয়, সেই প্রকার ঘটাদিও বিনাষ্ট হইলে নিরবশেষ বিনষ্ট হয়, অতএব বস্তু সকলের বিনাশ হইলে পরে কোন প্রকার তাহার সূক্ষ্ম স্বরূপ অবশেষ থাকে না। এই প্রকার বৈভাষিক গণের নির-

ভাবানাং ধীপূর্ব্বকো ধ্বংসঃ প্রতিসংখ্যা নিরোধঃ, তদ্বিলক্ষণস্তু অপ্রতিসংখ্যানিরোধঃ। আবরণাভাবমাত্রমাকাশম্। এতত্ত্রয়ং নিরূপাখ্যাং শূন্যমিতিযাবৎ। তদন্যৎ সর্ব্বং ক্ষণিকম্। যদুক্তং বুদ্ধিবোধ্যং ত্রয়াদন্যৎ সংস্কৃতং ক্ষণিকঞ্চেতি। তত্রাকাশং পরত্র নিরাকরিষ্যতি, (২।২-৩।২৪)। নিরোধৌ তাবন্নিরাকরোতি-প্রতি সংখ্যেতি।

ইতি তেষাং নিরবশেষং বিনাশমপি ন সম্ভবেৎ ইতি প্রতিপাদয়িতুং সূত্রয়তি—ভগবান্ শ্রী-বাদরায়ণঃ—প্রতি সংখ্যা' ইতি। প্রতিসংখ্যা—ভাবপদার্থানাং ঘটাদিনাং বুদ্ধি পূর্ব্বকো দণ্ডাদিনা যো ধ্বংসঃ সঃ প্রতিসংখ্যানিরোধঃ; অপ্রতি সংখ্যা—অবুদ্ধি পূর্ব্বকো ভাবানাং যঃ স্বাভাবিক ধ্বংসঃ সঃ অপ্রতি সংখ্যানিরোধঃ; এতয়োরপ্রাপ্তিঃ, নিরোধদ্বয়ং ন সম্ভবেৎ, ? কুতঃ অবিচ্ছেদাৎ। সদ্বস্তুনো নিরবশেষধ্বংসাভাবাৎ; তস্যাবস্থান্তর প্রাপ্তিরেব বিনাশঃ, ন তু তস্যাত্যন্তাভাব ইত্যর্থঃ। অথ সূত্রার্থং বিশদয়ন্তি—ভাবনামিতি। প্রতিসংখ্যা' ইতি—ঘটমিমং মে প্রতিকুলং অনভিপ্রেতঞ্চ, তথাসৎকল্পং তমহং অসন্তং করোমি" ইত্যেবং চিন্তয়িত্বা দণ্ডাঘাতাদিনা বুদ্ধি পূর্ব্বকো যদ্বিনাশং তৎলক্ষণা সংখ্যা-বুদ্ধিঃ প্রতিসংখ্যা; তয়া প্রতিসংখ্যায়া যন্নিরোধো—নাশঃ সঃ প্রতিসংখ্যানিরোধঃ। তদ্বিলক্ষণমিতি যৎকিঞ্চিৎ কারণমবলম্ব্য উপলব্ধ্যযোগ্যঃ সূক্ষ্মশ্চ যো বিনাশো ভবতি সোঽপ্রতি সংখ্যানিরোধঃ" ইতি। তথাকাশম্, এতৎ ত্রয়ং নিরূপাখ্যং তুচ্ছমবস্তুভূতম্ শূন্যমিত্যর্থঃ।

বশেষ বিনাশও সম্ভব নহে, তাহা প্রতিপাদন করিবার নিমিত্ত ভগবান শ্রীবাদরায়ণ সূত্র করিতেছেন-প্রতিসংখ্যা" ইত্যাদি। প্রতিসংখ্যা অর্থাৎ ভাব পদার্থ ঘটাদির বুদ্ধি পূর্ব্বক দণ্ডাদির দ্বারা যে ধ্বংস তাহাকে প্রতিসংখ্যা নিরোধ বলে।

অপ্রতিসংখ্যা অর্থাৎ অবুদ্ধি পূর্ব্বক ভাব পদার্থের যে স্বাভাবিক ধ্বংস তাহাকে অপ্রতিসংখ্যা বলে, এই দুইয়ের অপ্রাপ্তি অর্থাৎ এই নিরোধদ্বয় সম্ভব হইবে না, কেন ? অবিচ্ছেদ হেতু। অর্থাৎ সৎ বস্তুর নিরবশেষ ধ্বংশের অভাব হেতু, সৎ পদার্থের অবস্থান্তর প্রাপ্তিই বিনাশ শব্দবাচ্য। কিন্তু তাহার অত্যন্তাভাব হয় না ইহাই সূত্রার্থ।

শ্রীভাষ্যকার প্রভুপাদ সূত্রের অর্থ বিস্তার করিতেছেন "ভাবানাং" ইত্যাদি। ভাব পদার্থের বুদ্ধিপূর্ব্বক ধ্বংস প্রতিসংখ্যানিরোধ, অর্থাৎ এই ঘট আমার প্রতিকূল অনভিপ্রেত তথা অসৎ বস্তু তাহাকে আমি বিনাশ করিব এই প্রকার চিন্তা করিয়া দণ্ডাঘাতাদির দ্বারা বুদ্ধি পূর্ব্বক যে ঘট বিনাশ তল্লক্ষণা সংখ্যাবুদ্ধি তাহা প্রতিসংখ্যা, এই প্রতিসংখ্যার দ্বারা যে নিরোধ বা নাশ তাহাকে প্রতিসংখ্যা নিরোধ বলে।

তাহার বিলক্ষণ অপ্রতিসংখ্যা নিরোধ অর্থাৎ যৎ কিঞ্চিৎ কারণ অবলম্বন করতঃ উপলব্ধির

এতয়োর্নিরোধয়োরপ্রাপ্তিরসম্ভবঃ স্যাৎ। কুতঃ? অবিচ্ছেদাৎ। সতো নিরন্বয়বিনাশাভাবাৎ। অবস্থান্তরাপত্তিরেব সতো দ্রব্যস্যোৎপত্তির্বিনাশশ্চ। অবস্থাশ্রয়ো দ্রব্যং ত্বেকং স্থায়ীতি। ন চ দীপনাশস্য নিরন্বয়ত্ববীক্ষণাদন্যত্রাপি তথাস্তু, ইতি বাচ্যম্, অবস্থান্তরাপত্তে-

---

এতৎ ত্রয়াণাং তথাত্বং তদ্‌বাক্যেন প্রমাণয়ন্তি—যদুক্তমিতি। ত্রয়াৎ—প্রতিসংখ্যানিরোধ—অপ্রতি সংখ্যানিরোধ-আকাশরূপাৎ: অন্যৎ—পরমাণু পৃথিব্যাদি। ত্রয়ং বুদ্ধিবোধ্যং, অন্যৎ সর্ব্বং ক্ষণিকং সংস্কৃতং ক্ষণিকলক্ষণোপেতমিতি। সংস্কৃতং—লক্ষণোপেতমিতি; (শব্দকল্পদ্রুমঃ ১৬৩০ পৃ°) এবং তেষাং বিনাশলক্ষণমুক্ত্বা তৎপরিহার প্রকারমাহুঃ—তত্রেতি। সদ্‌বস্তুনো নিরবশেষবিনাশাভাবং শ্রুত্যেব প্রতিপাদ্যম্।

তথাচ শ্রীগীতাসু-২।১৬, "নাভাবো বিদ্যতে সতঃ" ইতি। অবস্থান্তরেতি—স্থায়ীতি। তথাচ—সতো মৃৎপিণ্ডস্য কম্বুগ্রীবাদ্যবস্থাযোগো ঘটস্যোৎপত্তিঃ; তদ্‌বিরোধি-কপালাদ্যবস্থা যোগস্তু ঘটস্য বিনাশঃ; ন তু ঘটনাশে মৃৎপিণ্ডং বিনশ্যতি; মৃৎপিণ্ডস্তু একঃ স্থায়ী পদার্থশ্চ। তস্মাৎ সতঃ পদার্থস্য নিরন্বয়ং বিনাশং ন ভবতীত্যর্থঃ।

অযোগ্য ও সূক্ষ্ম যে বিনাশ তাহাকে অপ্রতিসংখ্যা নিরোধ বলে। এবং আবরণের অভাবমাত্র আকাশ, এই তিনটি নিরূপাখ্য বা শূন্যবস্তু অর্থাৎ এই তিনটি নিরূপাখ্য তুচ্ছ অবস্তুভূত বা শূন্য এই পদার্থত্রয় ভিন্ন অন্য সকল ক্ষণিক পদার্থ। এই তিনটির নিরূপাখ্যত্বাদি তাঁহাদের বাক্যেই প্রমাণিত করিতেছেন "যদুক্ত" ইত্যাদি।

বুদ্ধি বোধ্য তিনটি হইতে অন্য সংস্কৃতক্ষণিক। অর্থাৎ প্রতি সংখ্যানিরোধ অপ্রতিসংখ্যা নিরোধ ও আকাশ হইতে অন্য পৃথিবী পরমাণু প্রভৃতি ক্ষণিক, তিনটি বুদ্ধিবোধ্যও অন্য সকল ক্ষণিক, ক্ষণিক সংস্কৃত-ক্ষণিক লক্ষণ যুক্ত। এই বৌদ্ধগণের বিনাশের লক্ষণ বর্ণনা করিয়া তাহার খণ্ডন প্রকার বলিতেছেন—'তত্র' ইত্যাদি। তন্মধ্যে আকাশ পরে নিরাকরণ করিবেন। নিরোধ দ্বয় নিরাকরণ করিতেছেন—"প্রতিসংখ্যা" ইত্যাদি। এই নিরোধদ্বয়ের অপ্রাপ্তি বা অসম্ভব হইবে; কি প্রকারে? অবিচ্ছেদ হেতু, অর্থাৎ সৎ পদার্থের নিরন্বয় বিনাশের অভাব হেতু, সৎ বস্তুর সম্পূর্ণ বিনাশের অভাব শ্রুতি প্রতিপাদন করিয়াছেন—"সৎ বস্তুর কদাপি অভাব হয় না "এই প্রকার শ্রীগীতায় বর্ণিত আছে। সৎ দ্রব্যের অবস্থান্তর প্রাপ্তিই উৎপত্তি ও বিনাশ। অবস্থাশ্রয়ীদ্রব্য এক এবং স্থায়ী। অর্থাৎ সৎ মৃৎপিণ্ডের কম্বুগ্রীবাদি অবস্থার যোগই ঘটোৎপত্তি হয়।

তাহার বিরোধি কপালাদির অবস্থা যোগই ঘটের বিনাশ হয়, কিন্তু ঘটনাশে মৃৎপিণ্ড নাশ হয় না, মৃৎপিণ্ড এক ও স্থায়ী পদার্থ, সুতরাং সৎ পদার্থের নিরন্বয় বিনাশ হয় না। যদি বলেন-তাহা হইলে প্রদীপ দৃষ্টান্তের কি গতি হইবে? তদুত্তরে বলিতেছেন—'নচ' ইত্যাদি। প্রদীপবিনাশের নিরন্বয়ত্ব

রেবান্যত্র নাশত্বে নিশ্চিতে দীপেঽপি তস্যা এব তত্বেন নিশ্চেয়ত্বাৎ। অনুপলব্ধস্তু তি সৌক্ষ্ম্যাদেব। সদ্বস্তুনো নিরন্বয়শ্চেদ্ বিনাশস্তর্হি ক্ষণানন্তরং বিশ্বং নিরূপাখ্যং পশ্যেঃ। ত্বং ন চ ভবেঃ। নচৈবমস্তি। তস্মাদনুপপন্নঃ সঃ ॥২২॥

অথ তদভিমতাং মুক্তিং দূষয়তি—

॥ওঁ॥ উভয়থা চ দোষাৎ ॥ওঁ॥২।২।৩।২৩॥

নন্বু তথাত্বে প্রদীপ দৃষ্টান্তস্য কা গতিঃ? ইতিচেৎ—তত্রাহুঃ—ন চেতি। তত্বেন অবস্থান্তরাপত্তেরেব নাশাত্বেন; নন্বু যথা মৃদ্দ্রব্যস্য অবস্থান্তরেণ উৎপত্তিবিনাশৌ উপলভ্যেতে, তথা দীপস্য কুতে নোপলম্ভঃ? ইতি চেৎ তত্রাহুঃ—অতি সৌক্ষ্ম্যাদিতি। প্রদীপ প্রকাশোঽপি ভূততৃতীয়ে তেজসি বিলীনঃ তিষ্ঠতি; কারণকূটসমবধানে তু প্রকাশতে' ইত্যর্থঃ। অথ দোষান্তরমাহুঃ সদ্ বস্তুনঃ" ইতি। পুন দোষান্তরমাহুঃ—ত্বঞ্চেতি। নিরবশেষবিনাশবাদী ক্ষণিকঃ ত্বং, তস্মাৎ ক্ষণোত্তরমভাবগ্রস্তত্বাৎ ত্বঞ্চ ন ভবেঃ। তথাচ—মোক্ষোপায়ে প্রবৃত্তিরতীব মূঢ়তা ভবতামিতি ভাবঃ। অথ প্রকরণং নিগময়ন্তি—তস্মাদিতি। তস্মাৎ স নিরন্বয়বিনাশঃ সর্ব্বথা অনুপপন্নমেব ইতি ভাষ্যার্থঃ ॥২২॥

অথেতি- তদভিমতাং বৈভাষিকাভিমতাং মুক্তিং দূষয়ন্তি—তথাচ সর্ব্বদর্শন সংগ্রহে—বৌদ্ধদর্শনম্—(৮০ পৃ০) তদুভয়নিরোধঃ, (দুঃখস্য তৎকারণস্য চ নিরোধঃ) তদনন্তরং বিমলজ্ঞানোদয়ো বা মুক্তিঃ, তন্নিরোধোপায়ো মার্গঃ; স চ তত্ত্বজ্ঞানম্। তচ্চ প্রাচীনভাবনাবলাদ্ ভবতীতি পরমং রহস্যম্" ইতি।

সম্পূর্ণ বিনাশ দেখিয়া অন্যত্রও সেই প্রকার হউক" ইহা বলিতে পারিবেন না, যে হেতু অন্যত্র অবস্থান্তরাপত্তিকেই নাশ বলিয়া নিশ্চয় করা হইয়াছে, সুতরাং প্রদীপস্থলেও তাহাই অর্থাৎ অবস্থান্তর প্রাপ্তিই বিনাশ বলিয়া নিশ্চয় করিতে হইবে।

যদি বলেন-যে প্রকার মৃদাদি দ্রব্যের অবস্থান্তরের দ্বারা উৎপত্তি বিনাশ উপলব্ধি হয়, সেই প্রকার প্রদীপের উপলব্ধি হয় না কেন? তদুত্তরে বলিতেছেন—প্রদীপের অনুপলব্ধি কিন্তু অতিশয় সূক্ষ্ম হেতু হয় না, অর্থাৎ প্রদীপপ্রকাশও তেজে বিলীন হইয়া অবস্থান করে, কারণ সকল সমবধানে প্রকাশিত হয় ইহাই অর্থ। অনন্তর অন্য দোষ বর্ণনা করিতেছেন - 'সৎবস্তু' ইত্যাদি। সদ্বস্তুর নিরন্বয় বা সম্পূর্ণ যদি বিনাশ হয় তাহা হইলে পরক্ষণে সমগ্র বিশ্ব নিরূপাখ্য বা শূন্য দেখিবেন। পুনঃ দোষান্তর বলিতেছেন—আপনিও হইবেন না, কিন্তু এই প্রকার দেখা যায় না, অর্থাৎ নিরবশেষ বিনাশবাদী আপনি, সুতরাং একক্ষণের পরে অভাব যুক্ত হেতু আপনি ও বর্ত্তমান থাকিবেন না। অতএব অপনাদের মোক্ষ লাভের উপায়ে প্রবৃত্তি হওয়া নিতান্ত মূঢ়তা মাত্র। অতঃ পর প্রকরণ সমাপ্ত করিতেছেন- অতএব নিরন্বয় বিনাশ সিদ্ধান্ত সর্ব্বথা অনুপপন্নই হইতেছে ইহাই ভাষ্যার্থ ॥২২॥

ত্রিষু মণ্ডুকপ্লুত্যা নেত্যনুবর্ত্ততে, (২।২।৩।১৯) যোঽয়ং সংসারহেতোরবিদ্যাদে নিরোধো বৌদ্ধৈর্ম্মোক্ষোঽভিমতঃ। স কিং সাক্ষাত্তত্ত্বজ্ঞানাৎ স্যাৎ? স্বয়মেব বা? নাদ্যঃ

কিঞ্চ—(৮৮ পৃ০) ক্ষণিকাঃ সর্ব্বসংস্কারা ইতি যা বাসনা স্থিরা। স মার্গ ইতি বিজ্ঞেয়ঃ স চ মোক্ষোঽভিধীয়তে॥ অপিচ—রাগাদি জ্ঞান সন্তান বাসনোচ্ছেদ সম্ভবা। চতুর্ণামপি বৌদ্ধানাঃ মুক্তিরেষা প্রকীর্ত্তিতা॥ ইত্যেবং বৌদ্ধানাং মুক্তিমপি ন ভবতীতি তৎ প্রতিপাদয়িতুং সূত্রমবতারয়তি ভগবান্ শ্রীবাদরায়ণঃ—উভয়থা' ইতি।

অবিদ্যাদীনাং দুঃখকারণানাং প্রতিসংখ্যানিরোধ— অপ্রতি সংখ্যানিরোধ উভয়থা সদোষত্বাৎ ন তেষাং মোক্ষোঽপি সিদ্ধ্যতীত্যর্থঃ। ত্রিষু ইতি—"অসতি প্রতিজ্ঞোপরোধো যৌগপদ্যমন্যথা" "প্রতি সংখ্যাঽপ্রতি সংখ্যা নিরোধা প্রাপ্তিরবিচ্ছেদাৎ" "উভয়থা চ দোষাৎ" (২২।৩২১—২২-২৩) এষু ত্রিষু সূত্রেষু—"ইতরেতর প্রত্যয়ত্বাদিতি চেৎ ন উৎপত্তিমাত্র নিমিত্তত্বাৎ" (২।২ ৩ ১৯) ইত্যস্মাৎ সূত্রাৎ 'ন' কারোঽনুবর্ত্ততে।

মণ্ডুকপ্লুত্যা" ইতি—মণ্ডুকো যথা উৎপ্লুত্য-উৎপ্লুত্য গচ্ছতি, তথা যো বিধিঃ প্রবর্ত্ততে স ন্যায়ো" মণ্ডুকপ্লুতিঃ" ইত্যুচ্যতে। অত্র চ পূর্ব্ব সূত্রাৎ "ন" কারোৎপ্লুত্য পরসূত্রমাগচ্ছতি' ইতি অত্র

অনন্তর বৈভাষিকগণের অভিমতে যে মুক্তি তাহাও সিদ্ধ হয় না, তাহা প্রদর্শিত হইতেছে—সর্ব্বদর্শন সংগ্রহে বর্ণিত আছে-উভয় নিরাধ অর্থাৎ দুঃখও তাহার কারণ নিরোধ হইলে তদনন্তর বিমল জ্ঞানোদয় বা মুক্তি হয়। তাহাদের নিরোধের উপায় মার্গ তাহাকে তত্ত্বজ্ঞান বলে,তাহাও প্রাচীন ভাবনা বলে হইয়া থাকে ইহাই পরমরহস্য। অপর সংস্কার সকল ক্ষণিক এই প্রকার যে স্থির বাসনা তাহাকে মার্গ বলিয়া জানিবে, এবং তাহাই মোক্ষ বলিয়া অভিহিত হয়। আরও রাগাদি জ্ঞান পরম্পরার বাসনা উচ্ছেদ হইতে উৎপন্ন যে মুক্তি তাহা বৌদ্ধ চতুষ্টয়ের মোক্ষ বলিয়া কীর্ত্তিত হয়। বৌদ্ধগণের এই প্রকার মুক্তিও হয় না, ভগবান শ্রীবাদরায়ণ তাহাই প্রতিপাদন করিবার নিমিত্ত সূত্রের অবতারণা করিতেছেন-"উভয়থা" ইত্যাদি।

উভয় প্রকারেই দোষ হেতু। অর্থাৎ অবিদ্যাদি দুঃখ কারণ সকলের প্রতিসংখ্যানিরোধও অপ্রতিসংখ্যানিরোধ এই উভয় প্রকার দোষ যুক্ত হওয়া হেতু বৌদ্ধগণের মোক্ষও সিদ্ধ হয় না ইহাই সূত্রার্থ। "মণ্ডুক প্লুতি" ন্যায়ে তিনটি সূত্রে 'ন' কারের অনুবর্ত্তন করিতে হইবে, অর্থাৎ "ইতরেত"। ১৯) সংখ্যক সূত্র হইতে "ন" কারের অনুবর্ত্তন হইবে। মণ্ডুকপ্লুতি অর্থাৎ - মণ্ডুক যেমন লাফাইয়া গমন করে সেই প্রকার পূর্ব্ব হইতে লম্ফ প্রদানে উত্তরদেশে গমন করে সেই রূপ যে বিধি প্রবর্ত্তিত হয় তাহকে "মণ্ডুক প্লুতি" ন্যায় বলে। এই স্থলে পূর্ব্ব সূত্র হইতে লম্ফ প্রদান করিয়া 'ন' কার পরসূত্রে আসিয়াছে ইহাই মণ্ডুকপ্লুতি ন্যায়। বৌদ্ধগণের মুক্তি ও সিদ্ধ হয় না তাহা প্রতিপাদান করিতেছেন—'যোঽয়ং" ইত্যাদি।

নির্হেতুক বিনাশস্বীকার বৈয়র্থ্যাৎ। নেতরঃ, সাধনোপদেশ নৈরর্থক্যাৎ। ইত্যুভয়থাপি বিচারাসহত্বাত্তদভিমতো মোক্ষোঽপি ন সিদ্ধ্যতি ॥২৩॥

মণ্ডুকপ্লুতিন্যায়ো ভবতি। অথ তদভিমতো মোক্ষোঽপি ন সিদ্ধ্যতীতি—প্রতিপাদয়ন্তি—যোঽয়মিতি। স কিমিতি—স মোক্ষঃ কিং সাক্ষাৎ তত্ত্বজ্ঞানাৎ ভবেৎ? অথবা স্বয়মেব ভবেদিতি জিজ্ঞাসা? নাদ্য ইতি, অত্র সাক্ষাৎ তত্ত্বজ্ঞান শব্দেন প্রতিসংখ্যানিরোধো বোদ্ধ্যতে, বুদ্ধিপূর্ব্বকতত্ত্ব জ্ঞানলাভাৎ; তদেব মোক্ষস্য হেতুঃ স্বীকারে নির্হেতুকবিনাশ স্বীকার বৈয়র্থ্যাৎ। অপ্রতি সংখ্যানিরোধ স্বীকারে ব্যর্থতাপত্তিরিত্যর্থঃ।

অথ পক্ষান্তরং নিরাকুর্ব্বন্তি—নেতরঃ" ইতি। নহু মোক্ষঃ স্বয়মেব ভবতি; তথাত্বে সাধনোপদেশ নৈরর্থক্যাদিত্যর্থঃ। তথাচ তেষাং সাধনানি সর্ব্বদর্শন সংগ্রহে বৌদ্ধদর্শনম্—(৮৭ পৃ০) দ্বাদশায়তন পূজা শ্রেয়স্করীতি বৌদ্ধনয়ে প্রসিদ্ধম্—অর্থানুপার্জ্য বহুশো দ্বাদশায়তনানি বৈ। পরিতঃ পূজনীয়ানি কিমন্যৈরিহ পূজিতৈঃ॥ জ্ঞানেন্দ্রিয়াণি পঞ্চৈব তথা কর্ম্মেন্দ্রিয়ানি চ। মনো বুদ্ধিরিতি প্রোক্তং দ্বাদশায়তনং বুধৈঃ॥ অপি চ কৃত্তিঃ কমণ্ডলু-মৌণ্ড্যং চীরং পূর্ব্বাহ্ন ভোজনম্। সংঘো রক্তাম্বরত্বং চ শিশ্রিয়ে বৌদ্ধভিক্ষুভিঃ॥ ইতি তস্মাঽভয়থাপি মোক্ষবিষয়ে বিচারাসহত্বাৎ বৈভাষিকাভিমতো মোক্ষোঽপি ন সিদ্ধ্যতীতি ভাষ্যার্থঃ ॥২৩॥

এই যে সংসারের কারণ যে অবিদ্যা তাহার নিরোধই মোক্ষ ইহা বৈভাষিকগণের অভিমত, এইস্থলে জিজ্ঞাস্য সেই মোক্ষ সাক্ষাৎ তত্ত্বজ্ঞান হইতে লাভ হয়? অথব স্বয়ং মোক্ষ লাভ হয়? প্রথম পক্ষ হইবে না, যে হেতু নির্হেতুক বিনাশ স্বীকার করা ব্যর্থ হইবে।

অর্থাৎ এইস্থলে সাক্ষাৎ তত্ত্ব জ্ঞান শব্দের দ্বারা প্রতিসংখ্যানিরোধ কে বুঝায়, বুদ্ধি পূর্ব্বক তত্ত্বজ্ঞান লাভ হওয়া হেতু, তাহাকেই মোক্ষের হেতু স্বীকার করিলে নির্হেতুক বিনাশ স্বীকার করা বৃথা। প্রতিসংখ্যানিরোধ স্বীকারের দ্বারাই মোক্ষ সিদ্ধ হইলে, আর অপ্রতি সংখ্যানিরোধ স্বীকার করিলে ব্যর্থতাপত্তি দোষ হইবে ইহাই অর্থ।

অনন্তর পক্ষান্তর নিরাকরণ করিতেছেন—"নেতরঃ" ইত্যাদি। ইতর অর্থাৎ মোক্ষ স্বয়ং হইবে না, যে হেতু সাধনোপদেশ ব্যর্থ হইবে। এই রূপে উভয় প্রকারেই বিচারের অযোগ্য হওয়া হেতু মোক্ষও সিদ্ধ হইবে না। সর্ব্বদর্শন সংগ্রহে বৌদ্ধগণের সাধন সকল এই প্রকার বর্ণনা করিয়াছেন—দ্বাদশায়তন পূজা বৌদ্ধদিগের শ্রেয়স্কর যেমন—বহু অর্থ উপার্জন করিয়া চতুঃপার্শে দ্বাদশায়তনের পূজা করা কর্ত্তব্য: অন্যকোন পূজার প্রয়োজন নাই, পঞ্চ জ্ঞানেন্দ্রিয় পঞ্চকর্ম্মেন্দ্রিয় মনও বুদ্ধি এই সকল কে পণ্ডিতগণ দ্বাদশায়তন বলে। অপর কৃত্তি চর্ম্ম কমণ্ডলু মস্তক মুণ্ডন চীর জীর্ণ বস্ত্র খণ্ড পূর্ব্বাহ্নে ভোজন সংঘবদ্ধ হইয়া নিবাস রক্তাম্বর পরিধান বৌদ্ধ ভিক্ষুগণ এই সকল আশ্রয় করিবে। অতএব উভয়প্রকারেই মোক্ষবিষয়ে বিচারাসহহেতু বৈভাষিকাভিমত মুক্তি সিদ্ধ হইতেছে না ইহাই ভাষ্যার্থঃ ॥২৩॥

অথাকাশস্য নিরুপাখ্যত্বং নিরস্যতে—

॥ওঁ॥ আকাশে চাবিশেষাৎ ॥ওঁ॥ ২।২।৩।২৪॥

আকাশে যা নিরুপাখ্যতাভিমতা সা ন সম্ভবতি। কুতঃ? অবিশেষাৎ। "ইহ শ্যেন উৎপততি" ইতি প্রতীত্যা, তত্রাপি পৃথিব্যাদিবস্তুাবরূপত্বাৎ, গন্ধাদিগুণানাং পৃথিব্যাদিবস্তু।

প্রতিসংখ্যা নিরোধ-অপ্রতিসংখ্যা নিরোধাকাশঞ্চ ত্রয়ং নিরূপাখ্য শূন্যমিতি বৌদ্ধা বদন্তি। তত্র নিরোধদ্বয়ং পরিহৃতম্; অথ আকাশস্য নিরূপাখ্যত্বং নিরাকর্ত্তুং সূত্রমবতারয়তি ভগবান্ শ্রীবাদরায়ণঃ— আকাশে চ ইতি। আকাশে যা ভবতাং নিরূপাখ্যতা বুদ্ধিঃ সা ন সম্ভবতি; কুতঃ? অবিশেষাৎ। পৃথিব্যাদি ভাব পদার্থবদবিশেষাদিতার্থঃ।

অথ সূত্রার্থং বিশদয়ন্তি শ্রীমদ্ভাষ্যকার প্রভুচরণাঃ—"আকাশে" ইত্যাদিনা। সূত্রব্যাখ্যানন্ত ভাষ্যে স্পষ্টম্। অবিশেষাদিতি ভাবরূপত্বেন পৃথিব্যাদি দ্রব্যবদাকাশস্যাপি দ্রব্যত্বেনাবাধিত প্রতীতি সিদ্ধত্বাদিতি। অথাকাশস্য প্রতীতি প্রকারমাহুঃ—ইহেতি। "ইহ আকাশে শ্যেন উৎপততি" ইতি প্রতীত্যা আকাশস্য ভাবরূপত্বম্। অত্রানুমান প্রকারং দর্শয়ন্তি—তত্রাপীতি। আকাশঃ ভাববদ্দ্রব্যং পৃথিব্যাদিবদ্ ভাবরূপত্বাৎ; তথাচ—সংযোগাজন্য—জন্যবিশেষগুণ সমানাধিকরণ বিশেষাধিকরণম্; তদ্যথা সংযোগ অজন্যো যো জন্যবিশেষগুণঃ বিভাগজঃ শব্দঃ তৎসমানাধিকরণো বিশেষঃপদার্থ প্রভেদঃ তদধিকরণত্বমাকাশে অস্তীতি। আকাশত্বং শব্দসমবায়িকারণত্বম্।

অনন্তর আকাশের নিরূপাখ্যত্ব নিরসন করিতেছেন, প্রতিসংখ্যানিরোধ অপ্রতিসংখ্যা নিরোধ ও আকাশ এই তিনটি নিরূপাখ্য বা শূন্য ইহা বৌদ্ধগণ বলেন। তন্মধ্যে নিরোধ দ্বয় পরিহার করা হইয়াছে, অধুনা আকাশের নিরূপাখ্যত্ব নিরাকরণ করিবার নিমিত্ত ভগবান শ্রীবাদরায়ণ সূত্রের অবতারণা করিতেছেন—"আকাশে" ইত্যাদি। আপনাদের আকাশে যে নিরূপাখ্যতা বুদ্ধি তাহা সম্ভব নহে, কি প্রকারে? অবিশেষ হেতু, পৃথিব্যাদি ভাবপদার্থের ন্যায় আকাশও ভাব পদার্থ হওয়া হেতু, অর্থাৎ ভাব পদার্থবদবিশেষ হেতু ইহাই সূত্রার্থ।

অনন্তর শ্রীমদ্ভাষ্যকার প্রভুপাদ স্বয়ং সূত্রার্থ করিতেছেন—"আকাশ" ইত্যাদি। আকাশে যে নিরূপাখ্যত্ব বুদ্ধি তাহা সম্ভব নহে। কেন? অবিশেষ হেতু, অর্থাৎ ভাবরূপ হওয়া হেতু পৃথিব্যাদি দ্রব্যের সমান আকাশেরও দ্রব্যত্বরূপে অবাধিত প্রতীতি সিদ্ধ হওয়া হেতু আকাশ নিরূপাখ্য নহে। আকাশের প্রতীতি প্রকার বলিতেছেন—'ইহ' ইত্যাদি। এই আকাশে শ্যেনপক্ষী উৎপতিত হইতেছে এই প্রকার প্রতীতি হেতু আকাশের ভাবরূপতা সিদ্ধ হইতেছে। এইস্থলে অনুমান প্রকার দেখাইতেছেন—তত্রাপীত্যাদি।

শ্রয়ত্ব বীক্ষণাৎ, শব্দগুণস্যাপ্যাকাশো বস্তুভূত এবাশ্রয়ঃ, ইত্যানুমানাচ্চ।" বায়ুরাকাশসংশ্রয়ঃ" ইতি ত্বদুক্ত্যসঙ্গতেশ্চ। অপিচ "আবরণাভাবমাত্রমাকাশম্" ইতি ন শক্যং বক্তুং

তচ্চ শব্দঃ পৃথিব্যাদ্যষ্টদ্রব্যাতিরিক্ত দ্রব্যাশ্রিতঃ অষ্টদ্রব্যানাশ্রিতত্বে সতি সমবায়িকারণবত্ত্বাৎ যন্নৈবং তন্নৈবং যথা রূপমিতি। অথবা – শব্দো গুণঃ চক্ষুর্গ্রহণাযোগ্য বহিরিন্দ্রিয় গ্রাহ্যজাতিমত্ত্বাৎ স্পর্শবৎ"; শব্দো দ্রব্যসমবেতো গুণত্বাৎ সংযোগবৎ" ইত্যনুমানাভ্যাং শব্দস্য দ্রব্যসমবেত্বে সিদ্ধে পৃথিব্যাদ্যষ্টসু দ্রব্যেষু শব্দাধিকরণত্বস্য বাধাৎ শব্দাধিকরণং নবমং দ্রব্যং সিদ্ধ্যতি" ইতি। (ন্যায়কোশঃ—১১৪ পৃ০) অথানুমানান্তরমাহুঃ—গন্ধাদিগুণানামিতি। তস্মাদাকাশং ন নিরূপাখ্যমিতি। অথ বৌদ্ধসিদ্ধান্তেনাপি আকাশস্য বস্তুত্বং বিলোক্যতে ইতি প্রতিপাদয়ন্তি বায়ুরিতি। "পৃথিবী ভগবঃ কিং সংনিশ্রয়া ?" ইত্যস্মিন্ প্রশ্ন প্রতিবচন প্রবাহে পৃথিব্যাদীনামন্তে—বায়ুঃ কিং সংনিশ্রয়ঃ ? ইত্যস্যোত্তরং—"বায়ুরাকাশ সংনিশ্রয়ঃ" ইতি; অত্রাকাশস্য আশ্রয়ত্ব প্রতিপাদনাৎ ত্বদুক্তিসঙ্গতাভাবাৎ আকাশং ন নিরূপাখ্যম্।

আকাশ পৃথিব্যাদির ন্যায় দ্রব্য, যে হেতু তাহা ভাবরূপ। অর্থাৎ আকাশ ভাববদ্দ্রব্য হয় পৃথিবী প্রভৃতির সমান, ভাবরূপ হওয়া হেতু। আকাশ সংযোগ অজন্য জন্য বিশেষ গুণ সমানাধিকরণ বিশেষাধিকরণ, অর্থাৎ সংযোগজ শব্দভিন্ন যে জন্য বিশেষ গুণ বিভাগজ শব্দ, তাহার সমানাধিকরণ পদার্থ প্রভেদ, সেই পদার্থ প্রভেদের অধিকরণত্ব আকাশে বিদ্যমান আছে, সুতরাং আকাশ শব্দ সমবায়ি কারণ। সেই আকাশ পৃথিব্যাদি অষ্টদ্রব্যকে আশ্রয় করিয়া আছে, অতএব অষ্টদ্রব্যকে আশ্রয় না করিয়া আকাশ সমবায়ি কারণত্ব যুক্ত, যাহা এই প্রকার নহে তাহা এইপ্রকার নহে, যেমন রূপ। অথবা শব্দ একটি গুণ যে হেতু চক্ষুরিন্দ্রিয় গ্রহণের অযোগ্য ও বহিরিন্দ্রয় গ্রাহ্য জাতিমত্ত্ব হওয়ায়, যেমন স্পর্শ। শব্দ দ্রব্যসমবেত যে হেতু গুণ যেমন সংযোগ।

এই অনুমান দ্বয়ের দ্বারা শব্দের দ্রব্যসমবেতত্ব সিদ্ধ হইলে পৃথিব্যাদি অষ্টদ্রব্যে শব্দাধিকরণত্বের বাধক হেতু শব্দাধিকরণ রূপে আকাশ নবমদ্রব্য সিদ্ধ হইতেছে। অনুমানান্তর বর্ণন করিতেছেন—গন্ধাদি ইত্যাদি। গন্ধাদিগুণ সকল পৃথব্যাদিদ্রব্য সকলকে আশ্রয় করিয়া আছে তাহা দেখা যায়, এই কারণে শব্দগুণের আশ্রয়ও আকাশ এবং তাহা দ্রব স্বরূপ, দ্রব্যই গুণের আশ্রয় হয়, এই অনুমানের দ্বারা আকাশ ভাব রূপ বলিয়া সিদ্ধ হয়, অতএব আকাশ নিরূপাখ্য বা শূন্য নহে। বৌদ্ধ সিদ্ধান্তেও আকাশাকে বস্তু বলিয়া নিরূপণ করিয়াছেন, তাহা দেখা যায়, যেমন—"বায়ু আকাশ সংশ্রয়" সুতরাং আকাশনিরূপাখ্য হইলে আপনাদের এই বাক্যও অসঙ্গত হইবে।

আপনাদের শাস্ত্রে দেখা যায় হে ভগবন্! পৃথিবী কি আশ্রয় করিয়া অবস্থান করে ? এই প্রকার প্রশ্ন প্রতিবচন প্রবাহে পৃথিব্যাদি নিরূপণ করিয়া অন্তে—বায়ু কি আশ্রয় করিয়া অবস্থান

ক্ষোদাক্ষমত্বাৎ। তথাহি ন তাবৎ প্রাগভাবাদিত্রয়মাকাশঃ। পৃথিব্যাদেরাবরণস্য সত্ত্বেন তদপ্রতীতি প্রসঙ্গাৎ, বিশ্বং নিরাকাশং স্যাৎ।

আকাশস্য সত্ত্বেন পৃথিব্যাদ্যপ্রতীতি প্রসঙ্গাচ্চ। নাপ্যন্যোঽন্যাভাবঃ, তস্য তত্তদাবরণ

যদুক্তং "আবরণাভাব মাত্রমাকাশম্" (২২৩২২) তন্নিরাকুর্ব্বন্তি—অপিচ' ইত্যাদিনা। প্রাগভাবাদি ত্রয়মিতি—অভাবশ্চতুর্বিবধঃ প্রাগভাবঃ, প্রধ্বংসাভাবঃ, অত্যন্তাভাবঃ, অন্যোন্যাভাবশ্চ। (তর্ক° সং ৯ পৃ°) তত্রাদৌ অভাবত্রয়ং নিরূপয়ন্তি—পৃথিব্যাদেরিত্যাদিনা। পৃথিবী জল তেজসাং আবরণস্য বিদ্যমানত্বেন, তদ্ আকাশস্য অপ্রতীতিঃ প্রসঙ্গাৎ ; আকাশস্য প্রতীতেরভাবত্বে বিশ্বং নিরাকাশং অবকাশরহিতং স্যাৎ ; তথাত্বে "ইহ শ্যেন উৎপততি" ইতি প্রয়োগাপত্তেঃ। কিঞ্চ পৃথিব্যাদিষু আকাশস্য সত্ত্বেন পৃথিব্যাদীনাং অপ্রতীতিঃ প্রসঙ্গাচ্চ ; আকাশস্যাভাবরূপত্বাৎ।

ইদমত্রতত্ত্বম্—ন তাদাকাশঃ পৃথিব্যাদীনাং প্রাগভাবঃ, তচ্চ "অনাদিঃ সান্তঃ" যথা উৎপত্তেঃ পূর্ব্বং কার্য্যস্য ; ঘটোৎপত্তেঃ পূর্ব্বং ঘটাভাবঃ, ঘটপ্রাগভাবঃ। আকাশস্য পৃথিব্যাদীনাং প্রাগভাবত্বে তেষাং উৎপত্ত্যনন্তরং আকাশ প্রতীত্যযোগাৎ। ন চ প্রধ্বংসাভাবঃ, তচ্চ "সাদিরনন্তঃ" যথা উৎপত্ত্যনন্তরং কার্য্যস্য" ইতি "ঘটো ধ্বস্তঃ" ইত্যত্র যোঽভাবপ্রতীতি র্ভবতি সঃ প্রধ্বংসাভাবঃ। যদি আকাশঃ প্রধ্বংসাভাবঃ স্যাৎ, তদা পৃথিব্যাদের্নাশানন্তরমুৎপদ্যতে ; যাবৎ পৃথিব্যাদীনাং স্থিতিঃ তাবৎ স নোৎপদ্যেত ; তস্মাদপি তস্য প্রতীত্যভাবসিদ্ধেঃ।

করে ? তদুত্তরে-বায়ু আকাশকে আশ্রয় করিয়া অবস্থান করে "এইস্থলে আকাশের আশ্রয়ত্ব প্রতিপাদন করা হেতু আপনাদের সিদ্ধান্তের সঙ্গতির অভাব, সুতরাং আকাশ নিরূপাখ্য বস্তু নহে। আপনারা যে বলিয়াছেন—আবরণের অভাবমাত্র আকাশ, তাহা নিরাকরণ করিতেছেন—"অপিচ ইত্যাদির দ্বারা। অপর আবরণের অভাব মাত্র আকাশ, তাহা বলিতে পারিবেন না, কারণ তাহা বিচার যোগ্য বাক্য নহে। আপনাদের আকাশ প্রাগভাবাদি ত্রয় নহে। অভাব চতুর্ব্বিধ - প্রাগভাব, প্রধ্বংসাভাব অত্যন্তাভাব অন্যোন্যাভাব, তন্মধ্যে প্রথমে অভাব ত্রয় নিরূপণ করিতেছেন—পৃথিবী প্রভৃতির ইত্যাদি। পৃথিবী প্রভৃতির আবরণের বিদ্যমানতা হেতু আকাশ প্রতীতির অভাব প্রসঙ্গ হেতু বিশ্ব আকাশ শূন্য হইবে। অর্থাৎ পৃথিবী জলও তেজের আবরণ বিদ্যমান হেতু সেই আকাশের প্রতীতি হইবে না, আকাশ প্রতীতির অভাব হইলে বিশ্ব আকাশ রহিত হইবে, তাহা হইলে "এই আকাশে শ্যেন উড়িতেছে" এই প্রয়োগের আপত্তি হইবে।

আরও পৃথিবী প্রভৃতিতে আকাশের বিদ্যমান হেতু তাহাদের প্রতীতির অভাব প্রসঙ্গ হইবে, যেহেতু আপনাদের আকাশ অভাব স্বরূপ। এইস্থলে সারতত্ত্ব এই যে আকাশ পৃথিব্যাদির প্রাগভাব

গতত্বেন তস্যাপ্যাকাশাপ্রতীতি প্রসঙ্গাদিতি যৎকিঞ্চিদেতৎ, "যত্রাবরণাভাবস্তদাকাশম্" ইতি চেত্তর্হি বস্তুভূতমেব তদাবরণাভাবেন বিশেষিতত্বাৎ। তস্মাৎ পৃথিব্যাদিবদ্ভাবভূতমাকাশং ন তু নিরূপাখ্যম্ ॥২৪॥

নতু অত্যন্তাভাব আকাশঃ ; তচ্চ "ত্রৈকালিক সংসর্গাবচ্ছিন্ন প্রতিযোগিতাকঃ" যথা "ভূতলে ঘটো নাস্তি" অত্র পৃথিব্যাদীনামত্যন্তাভাবত্বং কদাপি ন সম্ভবতি ; যদা তু তাসামভাবো ভবতি তদা আকাশস্যাপি অভাবো ভবেৎ। অথ অন্যোঽন্যাভাবত্বং আকাশস্য নিরাকুর্ব্বন্তি—নাপি' ইত্যাদিনা। তচ্চ "তাদাত্ম্যসম্বন্ধাবচ্ছিন্ন প্রতিযোগিতাকাভাবঃ" (তর্কসং) যথা "ঘটঃ পটো ন" ইত্যনুভবঃ। তস্য" ইতি —তস্য অন্যোঽন্যাভাবস্যাপ্রতীতি প্রসঙ্গাদিত্যর্থঃ। যৎকিঞ্চিদেতৎ' ইতি অত্যন্তাসঙ্গতা ভবতা ধারণা, বুদ্ধির্ব্বা' ইতি।

অথ শাক্তাঃ শক্তেরনুগ্রহকর্ত্তা কশ্চিৎ পুরুষোঽঙ্গীকুর্ব্বন্তি—ইতি দর্শয়ন্নাহুঃ—অথেতি পুরুষঃ কপালী রুদ্রঃ তেন রুদ্রেণানুগৃহীতা সা শক্তিঃ জগৎসৃজতীতি তস্যাঃ কারণত্বং সুসিদ্ধমেব, ইত্যেবং শাক্তানাং যন্মতং তন্নিরাকর্ত্তুং সূত্রয়তি ভগবান্ শ্রীবাদরায়ণঃ—"ন চ" ইতি। যদি চ শাক্তাঃ শক্তেরনুগ্রহকর্ত্তারং কশ্চিৎ পুরুষমঙ্গীকুর্ব্বন্তি তথাপি তেষাং নাভীষ্টসিদ্ধিঃ ; তস্য কর্ত্তুঃ ন চ করণম্ ইন্দ্রিয়াদ্যভাবাৎ কর্ত্তৃত্বং ন যুক্তিমত্ত্বম্ ইত্যর্থঃ। "যদি" ইত্যাদি সুগমম্।

তথাচ—কপালী রুদ্রঃ শক্তেরধিষ্ঠাতা তেন তদধিষ্ঠানেন জগৎকারণং শক্তিরিতিচেৎ ন ; রুদ্রস্য শরীরবিরহাৎ ইন্দ্রিয়াদেরভাবঃ, তস্মাৎ তস্যা অনুগ্রহে সামর্থ্যাভাবঃ ; যদি চ কথঞ্চিৎ দেহাদিস্বীকৃত্য তন্নির্ব্বাহ্যতে তদা প্রাগুক্তদোষানতিবৃত্তিঃ ; তচ্চ—"করণবচ্চেন্ন ভোগাদিভ্যঃ" (২।২।৭।৪০) ইত্যত্র প্রতিপাদিতম্। তস্মাৎ শক্তিকারণবাদং ন শাস্ত্রসম্মতমিত্যর্থঃ ॥৪৩॥

কেন ? পুরুষের সম্বন্ধ না থাকিলে কেবল শক্তি হইতে জগৎ উৎপত্তি হইতে পারে না। এই বিষয়ে লৌকিক দৃষ্টান্ত ও দেখা যায় যেমন পুরুষ কর্ত্তৃক অনুগৃহীত বা পুরুষ সংযোগ প্রাপ্ত স্ত্রীগণ হইতেই পুত্র-কন্যাদি জাত হয় তাহা দেখা যায়, অতএব কেবল স্ত্রীগণ হইতে পুত্রাদি জাত হয় না, এই প্রকার কেবল শক্তি হইতে জগৎ সৃষ্টি সম্ভব নহে। শক্তির যে সার্ব্বজ্ঞ্যাদি গুণ বলা হইয়াছে তাহা অবিচার পূর্ব্বকই বুঝিতে হইবে, কারণ লোকে তাহা দেখা যায় না ॥৪২॥

শাক্তগণ শক্তির অনুগ্রহকর্ত্তা কোন পুরুষ আছে তাহা অঙ্গীকার করেন, তাহা দেখাইতেছেন—অথেতি। শক্তির অনুগ্রহ কর্ত্তা কোন পুরুষ আছে, সেই পুরুষদ্বারা অনুগৃহীতা হইয়া শক্তি জগৎ জননী হয়। অর্থাৎ পুরুষ কপালীরুদ্র সেই রুদ্র কর্ত্তৃক অনুগৃহীতা শক্তি জগৎ সৃষ্টি করে, সুতরাং তাহার কারণতা সুসিদ্ধ হইতেছে। এই প্রকার শাক্তগণের যে মতবাদ তাহা নিরাকরণ করিবার নিমিত্ত ভগবান শ্রীবাদরায়ণ সূত্র করিতেছেন—ন চ ইতি। যদিও শাক্তগণ শক্তির অনুগ্রহ কর্ত্তা কোন পুরুষকে অঙ্গীকার করেন তথাপি তাঁহাদের অভীষ্ট সিদ্ধি হইবে না, কারণ—সেই অনুগ্রহ কর্ত্তার ইন্দ্রিয় নাই, অর্থাৎ ইন্দ্রিয়াদির অভাবহেতু অনুগ্রহ কর্ত্তৃত্ব তাহার যুক্তি সঙ্গত নহে।

যদি শক্তির অনুগ্রহ কর্ত্তা পুরুষও অঙ্গীকার করা হয়, কিন্তু তাহারও বিশ্ব সৃষ্টির উপযোগী দেহেন্দ্রিয়াদি করণ নাই, সুতরাং অনুগ্রহের উপপত্তি হয় না। তাহার শরীরাদি আছে, এই প্রকার স্বীকার করিলে পূর্ব্বোক্ত দোষ হইতে নিস্তার নাই। অর্থাৎ কপালীরুদ্র শক্তির অধিষ্ঠাতা তাহার অধিষ্ঠানের

ননু নিত্যজ্ঞানেচ্ছাদিগুণকোঽসাবিতিচেত্তত্রাহ —

॥ওঁ॥ *বিজ্ঞানাদিভাবে বা তদপ্রতিষেধঃ* ॥ওঁ॥ ২।২।৮।৪৪॥

তস্য পুরুষস্য নিত্যজ্ঞানেচ্ছাদিকরণমস্তীতি চেৎ, তর্হি তদপ্রতিষেধো ব্রহ্মবাদান্তর্ভাবঃ। তত্র তাদৃশাৎ পুরুষাৎ বিশ্বসৃষ্ট্যঙ্গীকারাৎ ॥৪৪॥

অথ প্রকারান্তরেণ শাক্তাঃ স্বমতং স্থাপয়ন্তি —"নন্থ" ইত্যাদিনা। ননু কো নাম ব্রূতে ; শক্তেরধিষ্ঠতৃপুরুষস্য দেহেন্দ্রিয়াদি নাস্তি, বয়ং তু তস্য জ্ঞানেচ্ছাদয়ো গুণাঃ নিত্য—সিদ্ধা ইতি স্বীকুর্ম্মঃ ; ইতি চেৎ, তদা সূত্রমবতারয়তি ভগবান্ শ্রীবাদরায়ণঃ "বিজ্ঞানাদি" ইত্যাদি। ভাষ্যন্তু প্রকটার্থম্।

তথাচ—নিত্যজ্ঞানেচ্ছাদিমান্ স পুরুষো গুণময্যা শক্ত্যা জগৎসৃজতীতি, চেৎ, ভবতাং রাদ্ধান্তঃ, তর্হি নামাত্রেণৈব অস্মাভিঃ সহ বিবাদঃ, ভাষান্তরেণ ব্রহ্মকারণবাদমেব স্বীকুর্ব্বন্তিঃ। অত্র বিশেষ জিজ্ঞাসায়াং "বিকরণত্বান্নে ত চেৎ তদুক্তম্" (২।১।১০।৩১) ইতি সূত্রভাষ্যং দ্রষ্টব্যম্। তথাচ—শ্রীগীতাসু—৯।১০, "ময়াধ্যক্ষেণ প্রকৃতিঃ সূয়তে স চরাচরম্" ইতি। তস্মাৎ নিত্যজ্ঞানেচ্ছাদিগুণবতা পরমপুরুষেণ অনুগৃহীতা শক্তির্জগৎ সৃজতীতি নাস্মাকং কামপি বিপ্রতিপত্তিরিত্যর্থঃ ॥৪৪॥

দ্বারা শক্তি জগৎ কারণ হয়, এই সিদ্ধান্ত যুক্তি সঙ্গত নহে কারণ রুদ্রের শরীর না থাকার জন্য ইন্দ্রিয়াদির অভাব বিদ্যমান আছে, সুতরাং শক্তির অনুগ্রহে রুদ্রের সামর্থ্য নাই। যদিও কোন প্রকারে দেহাদ স্বীকার করিয়া তাহা নির্ব্বাহ করা হয়, তবে প্রাগুক্ত দোষ হইতে নিস্তার নাই। তাহা "করণবচ্চেন্ন-ভোগাদিভ্যঃ" এই সূত্রে প্রতিপাদন করা হইয়াছে। অতএব শক্তি কারণবাদ শাস্ত্রসম্মত নহে ইহাই অর্থ ॥৪৩॥

অতঃপর শাক্তগণ প্রকারান্তরে স্বমত স্থাপন করিতেছেন ননু ইত্যাদির দ্বারা। আমরা (শাক্ত) বলিব শক্তির অনুগ্রাহক পুরুষ শিব নিত্য জ্ঞান ইচ্ছাদি গুণযুক্ত, অর্থাৎ কে বলে শক্তির অধিষ্ঠাতা পুরুষের দেহেন্দ্রিয়াদি নাই, আমরা তাহার জ্ঞান ইচ্ছাদি গুণ সকল নিত্যসিদ্ধরূপে বিদ্যমান আছে' তাহা স্বীকার করি। এই শঙ্কার উত্তরে ভগবান শ্রীবাদরায়ণ সূত্রের অবতারণা করিতেছেন—"বিজ্ঞানাদি" ইত্যাদি। তাহার বিজ্ঞানাদি ভাব স্বীকার করিলে তাহা আমরা নিষেধ করি না। শক্তির অধিষ্ঠাতা পুরুষের নিত্যজ্ঞান ইচ্ছাদি করণ আছে, এই সিদ্ধান্তের প্রতিষেধ করি না, কারণ তাহা ব্রহ্মকারণবাদেরই অন্তর্গত।

বেদান্তে বা ব্রহ্মকারণবাদে তাদৃশ পুরুষ হইতেই বিশ্বসৃষ্টি অঙ্গীকার করা হইয়াছে। অর্থাৎ সেই পুরুষ নিত্যজ্ঞানেচ্ছাদিমান ত্রিগুণময়ী শক্তির দ্বারা জগৎসৃষ্টি করেন' এই যদি আপনাদের (শাক্ত) সিদ্ধান্ত হয় তবে নামমাত্রেই আমাদের সহিত বিবাদ, ভাষান্তরে বা অন্য প্রকারে আপনারা ব্রহ্মকারণ বাদই স্বীকার করিতেছেন। এই বিষয়ে বিশেষ জিজ্ঞাসা থাকিলে "বিকরণত্বান্নেতি চেত্তদুক্তম্" এই সূত্র

শক্তিমাত্রকারণতা বাদস্তু নিঃশ্রেয়সকামৈরনাদরণীয় এব ইত্যুপসংহরতি—

॥ওঁ॥ বিপ্রতিষেধাচ্চ ॥ওঁ॥ ২।২।৮।৪৫॥

সর্ব্বশ্রুতিস্মৃতিযুক্তিবিরোধাত্তুচ্ছঃ শক্তিবাদঃ। "শ্রুতয়ঃ স্মৃতয়শ্চৈব যুক্তয়শ্চেশ্বরং

অথ শক্তিমাত্র কারণবাদ স্বীকারে 'জীবানাং মুক্তিরপি ন সম্ভবেৎ' ইতি প্রতিপাদয়ন্তি— "শক্তি" ইত্যাদিনা। এবং পরব্রহ্মেতর জগৎকারণতা বাদং নিরাকুর্ব্বন্ পাদোপসংহার সূত্রং প্রকটয়তি ভগবান্ শ্রীবাদরায়ণঃ—বিপ্রতিষেধাচ্চ" ইতি। সর্ব্বেষাং শ্রুতি-স্মৃতি পুরাণাদি সাত্বত শাস্ত্রাণাং তথা বৈদিক লৌকিক যুক্তীনাঞ্চ বিপ্রতিষেধাৎ বিরোধাৎ শক্তিবাদমসমঞ্জসমেব।

তথাচাত্র শ্রুতিঃ—নারায়ণোপনিষদি—১, "অথ" পুরুষো হ বৈ নারায়ণোঽকাময়ত" ইতি। মহোপনিষদি ১।৭,৮, "অথ পুনরেব নারায়ণঃ সোঽন্যং কামো মনসা ধ্যায়ত" শ্রীগীতাসু চ - ১০।৮, "অহং সর্ব্বস্য প্রভবো মত্তঃ সর্ব্বং প্রবর্ত্ততে" ইতি। ইতি সর্ব্বে শ্রীগোবিন্দদেবস্য এব পরমকারণত্বং প্রতিপাদয়ন্তি।

তস্মাৎ কেবলায়াঃ শক্তেঃ কারণত্ব কল্পনা যুক্তি বিরুদ্ধা ইত্যর্থঃ। তথাহি শ্রীমনু—১২।৯৫ যা বেদবাহ্যাঃ স্মৃতয়ো যাশ্চ কাশ্চ কুদৃষ্টয়ঃ। সর্ব্বাস্তা নিষ্ফলা প্রেত্য তমো নিষ্ঠা হি তাঃ স্মৃতাঃ॥ তদেতৎ নিখিলশাস্ত্র বিরোধাৎ শক্তিমাত্রবাদো মোক্ষার্থিভিঃ প্রহেয় ইত্যর্থঃ। অথ পদ্মপুরাণ বাক্যেন শ্রীগোবিন্দদেবকারণতাং প্রতিপ্রাদ্য অন্যকারণতাং নিরাকুর্ব্বন্তি—"শ্রুতয়ঃ" ইত্যাদিনা। শ্রুতয়ঃ স্মৃতয়ঃ যুক্তয়ঃ চ এব ঈশ্বরং শ্রীগোবিন্দদেবং পরং সর্ব্বশ্রেষ্ঠং অনন্যং বা জগৎ কারণং বদন্তি; যো জনঃ' সিদ্ধান্তং শাস্ত্রং বা তদ্ বিরুদ্ধং বদেৎ, তস্মাৎ মানবাৎ সিদ্ধান্তাৎ, শাস্ত্রাদ্ বা কোঽপি অধমো নাস্তি; 'চ' কারাৎ পাষণ্ডোঽপি নাস্তীত্যর্থঃ। তথাচ—ভ্রমমূলেন শাক্তসিদ্ধান্তেন পরব্রহ্মণি শ্রীগোবিন্দদেবে সর্ব্বশাস্ত্রাণাং সমন্বয়ো ন বিরোদ্ধুং শক্যঃ।

ভাষ্য দ্রষ্টব্য। শ্রীগীতায় বর্ণিত আছে—সত্য সঙ্কল্পাদি গুণযুক্ত আমার অধ্যক্ষতায়, অথবা আমাকর্ত্তৃক প্রেরিত হইয়া প্রকৃতি চরাচর জগৎ প্রসব করে। অতএব নিত্যজ্ঞানেচ্ছাদিগুণবান পরমপুরুষ শ্রী-গোবিন্দদেব কর্ত্তৃক অনুগৃহীত হইয়া শক্তি জগৎ সৃষ্টি করে, তাহা হইলে আমাদের (বৈদান্তিক) কোন আপত্তি নাই॥৪৪॥

অতঃপর শক্তিমাত্র কারণবাদ স্বীকারে জীবগণের মুক্তিরও সম্ভাবনা নাই, ইহা প্রতিপাদন করিতেছেন—শক্তি' ইত্যাদি দ্বারা। শক্তিমাত্র কারণতাবাদ মঙ্গলকামি মানবগণের আদরণীয় নহে এই ভাবে উপসংহার করিতেছেন। এই প্রকার ব্রহ্মেতর জগৎ কারণতাবাদ নিরাকরণ করিয়া ভগবান শ্রীবাদ-রায়ণ দ্বিতীয়পাদের উপসংহার সূত্র প্রকট করিতেছেন—বিপ্রতিষেধাচ্চ" ইতি। সকল শ্রুতি স্মৃতি

পরম্। বদন্তি তদ্বিরুদ্ধং যো বদেত্তস্মান্নচাধমঃ ॥ ((পাদ্মে) ইতি হি স্মৃতিঃ। চ শব্দেন "উৎপত্ত্যসম্ভবাৎ" (ব্র° স্° ২।২।৮।৪২) ইতি হেতুঃ সমুচ্চিতঃ। তদেবং সাংখ্যাদিবর্ত্মনা

সঙ্গতি ঃ—অথ দ্বিতীয়পাদস্য সঙ্গতি প্রকারং নিরূপয়ন্তি 'তদেবং' ইতি। তস্মাৎ সর্ব্বেশ্বর সর্ব্বকারণ কারণ স্বেতর সর্ব্বনিয়ামক—ব্রহ্মাশিবাদিবন্দনীয় চরণারবিন্দ সার্ব্বজ্ঞ্যাদিনিত্য দিব্যগুণবৃন্দমণ্ডন সৌন্দর্য্য-মাধুর্য্যাদি অনন্তাচিন্ত্য সদ্গুণগণালঙ্কৃত শ্রীগোবিন্দদেব এব জগন্নিমিত্তোপাদান উভয়বিধ কারণ মিতি সর্ব্বেষাং বেদানাং তদনুগত মুনীনাং সর্ব্বতন্ত্র স্বতন্ত্র সিদ্ধান্ত ইতি।

অতঃ প্রার্থয়ামি নবানাং নব সিদ্ধান্তে নবমং প্রাপিতং ময়া।
অনবং নবগোবিন্দ! মামুদ্ধর নবার্ণবাৎ ॥

অথ "উৎপত্ত্যসম্ভবাধিকরণে শ্রীশঙ্করাচার্য্যৈ বৈষ্ণবমতং দূষিতং, তচ্চেত্থম্—(২।২।৮।৪১) তত্র ভাগবতা মন্যন্তে ভগবানেবৈকো বাসুদেবো নিরঞ্জন জ্ঞানস্বরূপঃ পরমার্থ তত্ত্বম্। বাসুদেবো নাম পরমাত্মোচ্যতে: সঙ্কর্ষণো নাম জীবঃ, প্রদ্যুম্নো নাম মনঃ, অনিরুদ্ধো নামাহঙ্কারঃ। অত্র

পুরাণাদি সাত্ত্বত শাস্ত্রগণের, তথা লৌকিক ও বৈদিক যুক্তি সকলের বিপ্রতিষেধ বিরোধ হেতু শক্তিবাদ অসঙ্গতই বুঝিতে হইবে।

শ্রীগোবিন্দদেব কারণতাবাদ বিষয়ে শ্রুতি প্রমাণ নারায়ণোপনিষদে—পরমপুরুষ শ্রীনারায়ণ সৃষ্টি করিতে কামনা করিয়াছিলেন। মহোপনিষদে—পুনরায় শ্রীনারায়ণ অন্য সৃষ্টি কামনায় মনে মনে ধ্যান করিলেন। শ্রীগীতায় শ্রীকৃষ্ণ বলিলেন—হে অর্জ্জুন! আমি সকল পদার্থের উৎপত্তি স্থান· আমা হইতেই সকল প্রবর্ত্তিত হয়, এই প্রকার সকল শাস্ত্রে শ্রীগোবিন্দদেবেরই পরম কারণতা প্রতিপাদন করিতেছেন। অতএব কেবলমাত্র শক্তির কারণত্ব কল্পনা করা যুক্তি বিরুদ্ধ ইহাই অর্থ। শ্রীমনুসংহিতায় বর্ণিত আছে—যে সকল বেদাদি শাস্ত্র বহিষ্কৃত স্মৃতি আছে—যাহা কোন কুদৃষ্টি সম্পন্ন ব্যক্তিকর্ত্তৃক রচিত সেই সকল শাস্ত্রের ক্রিয়াদি নিষ্ফল জানিতে হইবে তাহাতে যাহাদের নিষ্ঠা তাহারা পরলোকে অন্ধকারে অবস্থান করে। সুতরাং নিখিলশাস্ত্র বিরোধ হেতু শক্তিমাত্র কারণবাদ মোক্ষার্থিগণ কর্ত্তৃক সর্ব্বদা পরিত্যক্ত হইয়াছে।

এই স্থলে পদ্মপুরাণ বাক্যের দ্বারা শ্রীগোবিন্দদেব কারণতা প্রতিপাদন করিয়া অন্য কারণতা নিবারণ করিতেছেন - শ্রুতয়ঃ" ইত্যাদি। শ্রুতি স্মৃতি ও যুক্তি সকলেই ঈশ্বর শ্রীগোবিন্দদেবকে সর্ব্ব শ্রেষ্ঠ বা অনন্ত জগৎকারণ বর্ণনা করেন, কিন্তু যে ব্যক্তি যে সিদ্ধান্ত, অথবা যে শাস্ত্র তাহা হইতে বিরুদ্ধ বলে সেই মানব হইতে সিদ্ধান্ত বা শাস্ত্র হইতে কেহ অধম নাই 'চ'কারের দ্বারা তাহা হইতে নাস্তিকও কেহ নাই। সুতরাং ভ্রমমূলক শক্তি বাদের দ্বারা পরব্রহ্ম শ্রীগোবিন্দদেবে সকল শাস্ত্রের সমন্বয় বিরোধ করিতে সমর্থ হইবে না। সূত্রস্থ 'চ' শব্দের দ্বারা "উৎপত্ত্যসম্ভবাৎ" এই হেতুটি ও সংগ্রহ করিয়াছেন।

দোষকণ্টকবৈশিষ্ট্যাত্তদ্রহিতং বেদান্তবর্ত্মৈব শ্রেয়োঽর্থিভিরাশ্রেয়মিতি ॥৪৫॥

ইতি শ্রীমদ্ব্রহ্মসূত্রে শ্রীগোবিন্দভাষ্যে দ্বিতীয়াধ্যায়স্য দ্বিতীয়ঃ পাদঃ ॥২।২॥

ক্রমঃ ঃ—ন বাসুদেব সংজ্ঞাকাৎ পরমাত্মনঃ সঙ্কর্ষণসংজ্ঞকস্য জীবস্যোৎপত্তিঃ সম্ভবতি ; অনিত্যত্বাদিদোষ প্রসঙ্গাৎ।

উৎপত্তিমত্ত্বে হি জীবস্যানিত্যত্বাদয়ো দোষাঃ প্রসজ্যেরন্, ততশ্চ নৈবাস্য ভগবৎ প্রাপ্তির্মোক্ষঃ স্যাৎ. কারণ প্রাপ্তৌ কার্য্যস্য বিলয় প্রসঙ্গাৎ। প্রতিষেধিষ্যতি চাচার্য্যো জীবস্যোৎপত্তিং—"নাত্মাঽশ্রুতে র্নিত্যত্বাচ্চ তাভ্যঃ" (২।৩।১১।১৭) ইতি। তস্মাদসঙ্গতা এষা কল্পনা।

অপিচ—"বিপ্রতিষেধশ্চাস্মিন্ শাস্ত্রে বহুবিধ উপলভ্যতে—গুণগুণিত্ব কল্পনাদিলক্ষণঃ 'জ্ঞানৈশ্বর্য্য শক্তি বল বীর্য্য তেজাংসি গুণাঃ আত্মন এব এতে ভগবন্তো বাসুদেবা ইত্যাদি দর্শনাৎ। বেদ প্রতিষেধশ্চ ভবতি চতুর্ষু বেদেষু পরং শ্রেয়োঽলব্ধা শাণ্ডিল্য ইদং শাস্ত্রমধিগতবান্" ইত্যাদি বেদনিন্দা দর্শনাৎ, তস্মাদসঙ্গতৈষা কল্পনেতি সিদ্ধম্ (২।২ ৮।৪৫) ইত্যাদি।

তদিদং অনাঘ্রাত বেদবচন মনাকলিত—
বেদোপবৃংহণ পুরাণ পঞ্চরাত্রাদি শাস্ত্রাণাং স্বকপোলকল্পনা প্রসূত প্রৌঢ়িবাদমাত্রম্। তথাচ—শ্রীভগবতঃ শক্তি শক্তিমতোরভেদ স্বীকারাৎ ন কিমপি দোষাবহম্। কিঞ্চ—ন তে সঙ্কর্ষণাদয়ো জীবাঃ, তোত্রামুপাস্যত্ব শ্রবণাৎ।

তথাহি—শ্রীভাগবতে—৩।২৬।২০ যৎ তৎ সত্ত্বগুণং স্বচ্ছং শান্তং ভগবতঃ পদম্। যদাহু র্বাসুদেবাখ্যং চিত্তং তন্মহদাত্মকম্॥ সহস্রশিরসং সাক্ষাদ্ যমনন্তং প্রচক্ষতে। সঙ্কর্ষণাখ্যং পুরুষং

সঙ্গতিঃ—অতঃপর দ্বিতীয় পাদের সঙ্গতি প্রকার নিরূপণ করিতেছেন—তদেবম্" ইত্যাদি। এইপ্রকার শ্রেয়াভিলাসি মানবগণের দোষ কণ্টক পরিপূর্ণ সাংখ্যাদি মার্গেরদ্বারা গমন না করিয়া কণ্টকাদি রহিত বেদান্তমার্গে ই গমন করা উচিত। অতএব সর্ব্বেশ্বর সর্ব্বকারণ কারণ স্বেতর সর্ব্বনিয়ামক ব্রহ্মা শিবাদি বন্দনীয় চরণারবিন্দ সার্ব্বজ্ঞ্যাদি নিত্যদিব্যগুণবৃন্দমণ্ডন সৌন্দর্য্য মাধুর্য্যাদি অনন্ত অচিন্ত্য সদ্ গুণগণালঙ্কৃত শ্রীগোবিন্দদেবই একমাত্র জগতের নিমিত্তোপাদান উভয়বিধ কারণ ইহা বেদ সকল ও বেদানুগত মুনিগণের সর্ব্বতন্ত্র স্বতন্ত্র সিদ্ধান্ত।

সুতরাং শ্রীগোবিন্দদেবের শ্রীচরণে প্রার্থনা করি-নবানাং-চার্ব্বাক সৌত্রান্তিক বৈভাষিক যোগাচার মাধ্যমিক শৈব গাণপত দৈনপত ও শাক্ত এই নয়জনের অতিনবীন সিদ্ধান্তের দ্বারা আমার প্রাণরোধ উপস্থিত হইয়াছে, হে অনব ! অনাদি, হে নবগোবিন্দ ! নিত্যনবনবায়মান সৌন্দর্য্যাদি যুক্ত শ্রীগোবিন্দদেব আমাকে এই নয়টি সমুদ্র হইতে উদ্ধার করুন।

ভূতেন্দ্রিয়মনোময়ম্ ॥২৪॥, যদ্বিতুর্য্যনিরুদ্ধাখ্যং হৃষীকাণামধীশ্বরম্। শরদেন্দীবরশ্যামং সংরাধ্যং যোগিভিঃ শনৈঃ ॥২৭॥ টীকা চ শ্রীস্বামিপাদানাম্—প্রসঙ্গাচ্চতুর্ব্যূহোপাসনমাহ—যত্তদিতি। সর্ব্বাগম প্রসিদ্ধত্বমাহ—স্বচ্ছং বিশদং শান্তং রাগাদিরহিতম্। ভগবতঃ পদম্—উপলব্ধি স্থানং অতএব বাসুদেবাখ্যং যদাহুঃ, অয়মর্থঃ—অধিভূতরূপেণ তস্যৈব মহানিতি সংজ্ঞা, অধ্যাত্মরূপেণ চিত্তমিতি, উপাস্যরূপেণ বাসুদেব ইতি, অধিষ্ঠাতা তু তস্য ক্ষেত্রজ্ঞঃ।

এবমহঙ্কারে সঙ্কর্ষণ উপাস্যঃ রুদ্রোঽধিষ্ঠাতা, মনসি অনিরুদ্ধ উপাস্যঃ চন্দ্রোঽধিষ্ঠাতা, বুদ্ধৌ প্রদ্যুম্ন উপাস্যঃ ব্রহ্মাধিষ্ঠাতা ইতি জ্ঞাতব্যম্ ইত্যেষা। তস্মাৎ সঙ্কর্ষণাদীনাং পরব্রহ্মণঃ শ্রীগোবিন্দদেবস্য এব স্বেচ্ছাবিগ্রহ স্বরূপত্বাৎ ভক্তবাৎসল্যেন তথৈব প্রতীতেঃ তথাচ—শ্রুতিঃ—"অজায়মানো বহুধা বিজায়তে" অতঃ—জীব-মনোঽহঙ্কারতত্ত্বানামধিষ্ঠাতারেঃ বাসুদেব সঙ্কর্ষণ অনিরুদ্ধাঃ। তেষাং জীবাদিশব্দৈরভিধানন্তু আকাশ প্রাণাদিশব্দৈ ব্রহ্মণোঽভিধান বৎ ইতি।

যদুক্তং—শাণ্ডিল্যঃ সর্ব্ববেদানধীত্য তত্র পরং শ্রেয়োঽপ্রাপ্য ইদং বেদবিরুদ্ধং পঞ্চরাত্রমধীতবান্" ইতি। এতদপি রভসাভিধানম্। তথাচ—ছান্দোগ্যোপনিষদি ভূমবিদ্যা প্রারম্ভে শ্রীনারদেন "ঋগ্বেদং ভগবোঽধ্যেমি, যজুর্ব্বেদং সামবেদমাথর্ব্বণং চতুর্থং ইতিহাস পুরাণং পঞ্চমম্" (ছা০ ৭।১।২) ইত্যারভ্য সর্ব্বং বিদ্যাস্থানমভিধায়—"সোঽহং ভগবো মন্ত্রবিদেবাস্মি নাত্মবিৎ" (ছা০ ৭।১।৩) ইত্যত্র ভূমবিদ্যাব্যতিরিক্তাসু সর্ব্বাসু আত্মজ্ঞানলাভাভাববচনং ভূমবিদ্যা প্রশংসার্থম্, এবং শাণ্ডিল্যস্যাপি ইতি বোধ্যম্।

অনন্তর এই উৎপত্ত্যসম্ভবাধিকরণে শ্রীশঙ্করাচার্য্যপাদ বৈষ্ণবমত খণ্ডন করিয়াছেন—তাহা এই প্রকার—ভাগবত বৈষ্ণবগণ মনে করেন ভগবান শ্রীবাসুদেব নিরঞ্জন জ্ঞান স্বরূপ একমাত্র পরমার্থ তত্ত্ব, শ্রীবাসুদেবকে পরমাত্মা বলা হয়, সঙ্কর্ষণকে জীব বলে, প্রদ্যুম্নকে মনঃ ও অনিরুদ্ধকে অহঙ্কার বলা হয়। এইস্থলে আমরা (শঙ্কর) বলিব—শ্রীবাসুদেব নামক পরমাত্মা হইতে সঙ্কর্ষণ নামক জীবের উৎপত্তি হওয়া সম্ভব নহে, তাহাতে অনিত্যত্বাদি দোষ প্রসঙ্গ হইবে। জীবের উৎপত্তি স্বীকার করিলে অনিত্যত্বাদি দোষ প্রসক্তি হয়। তাহা হইলে জীবের ভগবৎ প্রাপ্তিরূপ মোক্ষ হইবে না, যেহেতু কারণ প্রাপ্তি হইলে কার্য্যের বিলয় প্রাপ্তি হয়। আচার্য্য শ্রীবাদরায়ণ জীবের উৎপত্তি নিষেধ করিবেন—জীবাত্মা জাত হয় না, শ্রুতিগণ নিত্যরূপে স্বীকার করিয়াছেন" সুতরাং এই প্রকার কল্পনা যুক্তিসঙ্গত নহে। অপর এই শাস্ত্রে বহুবিধ বেদবিরোধী বাক্যও উপলব্ধ হয় যেমন—গুণ গুণিত্বাদি কল্পনা, জ্ঞান ঐশ্বর্য্য শক্তি বল বীর্য্য তেজঃ প্রভৃতি গুণ আত্মারই, এবং এই গুণ সকলই ভগবান বাসুদেব ইত্যাদি দেখা যায়। বেদ বিরোধিতাও দেখা যায় চারিবেদ অধ্যয়ন করিয়াও পরম শ্রেয়ঃলাভ না করিয়া শাণ্ডিল্য ঋষি এই শাস্ত্র অধ্যয়ণ করিয়াছিলেন ইত্যাদি বেদ নিন্দা দৃষ্ট হয়।

সুতরাং এই পঞ্চরাত্র সিদ্ধান্ত কল্পনা অসঙ্গত সিদ্ধ হইল। এই প্রকার বাক্য যাহারা বেদ

অত্র শ্রীমদাচার্য্যদেবানাং শ্রীসর্ব্বসম্বাদিন্যাং পরমাত্মসন্দর্ভানুব্যাখ্যায়াম্—(৮২ পৃঃ)

নন্বু ব্রহ্মসূত্রেষু এব তে পাঞ্চরাত্রিকা দোষাঃ সূচ্যন্তে "উৎপত্ত্যসম্ভবাৎ" ইত্যাদিষু ? মৈবম্,

বচনের গন্ধও গ্রহণ করে না, এবং বেদোপবৃংহণ পুরাণের পঞ্চরাত্রাদি শাস্ত্রের শ্রবণ করে না তাহাদেরই স্বকপোল কল্পনা প্রসূত প্রৌঢ়িবাদ মাত্র। শ্রীভগবানের শক্তি ও শক্তিমানের অভেদ স্বীকার হেতু তাহা কোন দোষাবহ নহে, অপর সঙ্কর্ষণাদি জীব নহে, উপাস্য বস্তু। শ্রীভাগবতে বর্ণিত আছে - যিনি সত্ত্বগুণ যুক্ত নির্ম্মল রাগাদি রহিত উপলব্ধি স্থান যে চিত্ত তিনি বাসুদেব সেই চিত্তই মহত্তত্ত্বের স্বরূপ। এই অহঙ্কারের মধ্যেও উপাস্যদেব আছেন, যিনি সঙ্কর্ষণাখ্য সহস্রশীর্ষাপুরুষ যাঁহাকে তত্ত্বজ্ঞ পণ্ডিতগণ সাক্ষাৎ অনন্ত বলেন, তিনি এই অহঙ্কারের কার্য্য যে ভূত ইন্দ্রিয় ও মনঃ আদি স্বরূপ। তত্ত্বজ্ঞগণ ঐ মনস্তত্ত্বকে ইন্দ্রিয়গণের অধীশ্বর অনিরুদ্ধ বলিয়া জানেন, যিনি শরৎকালীন নীলপদ্মের ন্যায় শ্যাম বর্ণ, যোগিগণ যাঁহাকে ক্রমে ক্রমে বশীভূত করিতে পারেন।

এইস্থলে শ্রীস্বামিপাদের টীকা—প্রসঙ্গতঃ চতুর্ব্যূহ উপাসনা বলিতেছেন যৎ ইত্যাদি। সকল আগম শাস্ত্রের প্রসিদ্ধতা বলিতেছেন—স্বচ্ছ বিশদ শান্ত রাগাদি রহিত, ভগবানের পাদপদ্ম-উপলব্ধি স্থান, অতএব যাঁহাকে বাসুদেব বলে। সারর্থ এই যে—অধিভূতরূপে তাহার মহান এই নাম, অধ্যাত্ম-রূপে চিত্ত, উপাস্যরূপে বাসুদেব, অধিষ্ঠাতা রূপে ক্ষেত্রজ্ঞ (বিষ্ণু)। এই প্রকার অহঙ্কার রূপে সঙ্কর্ষণ উপাস্য, অধিষ্ঠাতা রুদ্র, মনে অনিরুদ্ধ উপাস্য চন্দ্র অধিষ্ঠাতা. বুদ্ধিতে প্রদ্যুম্ন উপাস্য ব্রহ্মা অধিষ্ঠাতা ইহা জানিতে হইবে।

অতএব পরমব্রহ্ম শ্রীগোবিন্দদেবের সঙ্কর্ষণাদি স্বেচ্ছাবিগ্রহ স্বরূপ হওয়ার জন্য ভক্তবাৎসল্য হেতু সেই প্রকার প্রতীতি হয়। এই বিষয়ে শ্রুতি প্রমাণ-তিনি অজ হইলেও ভক্তের জন্য বহু রূপে প্রকট হয়েন। অতঃ জীব মনঃ অহঙ্কারতত্ত্বের অধিষ্ঠাতা ক্রমপূর্ব্বক বাসুদেব সঙ্কর্ষণ অনিরুদ্ধ, তাঁহাদিগকে জীবাদিশব্দে অভিহিত করা আকাশ প্রাণাদিশব্দের দ্বারা পরব্রহ্মকে বর্ণনের ন্যায় জানিতে হইবে। আপনি (শঙ্কর) যে বলিয়াছেন - ঋষি শাণ্ডিল্য সকল বেদ অধ্যয়ণ করিয়াও তাহাতে পরম শ্রেয়ঃ না পাইয়া এই বেদ বিরুদ্ধ পঞ্চরাত্র শাস্ত্র অধ্যায়ণ করিয়াছেন" ইহা বিচার করিয়া বলেন নাই, কারণ ছান্দোগ্যোপনিষদে ভূমবিদ্যার প্রারম্ভে শ্রীনারদ বলিলেন—হে ভগবন্! ঋগ্ বেদ অধ্যয়ন করিয়াছি, যজুর্ব্বেদ সামবেদ চতুর্থ অথর্ব্ববেদ, ইতিহাস ও পুরাণ পঞ্চমবেদ" এই প্রকার আরম্ভ করিয়া সর্ব্ববিদ্যাস্থান বর্ণনা করিয়া পুনঃ বলিলেন—হে ভগবন্! আমি কেবল মন্ত্রবিৎ, কিন্তু আত্মবিৎ নহি" এইস্থলে ভূমবিদ্যা ব্যতিরিক্ত অন্য সকল বিদ্যায় আত্মজ্ঞান লাভের অভাব বর্ণন করা ভূমবিদ্যা প্রশংসা করিবার নিমিত্ত, এই প্রকার শাণ্ডিল্যেরও জানিতে হইবে।

এই স্থলে শ্রীমদাচার্য্যদেবের শ্রীসর্ব্বসম্বাদিনী- শ্রীপরমাত্মসন্দর্ভানুব্যাখ্যা—যদি বলেন ব্রহ্ম

তানি হি সূত্রাণি শ্রীমধ্বাচার্য্যাদিভিঃ শাক্তমতদূষণায় এব বিবৃতানীতি। কিঞ্চ তাঃ পাঞ্চরাত্রিক প্রক্রিয়া ভগবতা শ্রীবাদরায়ণেনৈব স্বয়ং পুরাণাদিষু দর্শিতাঃ বাসুদেবাদিব্যূহানাং শতশস্তথৈব অভ্যুপপত্তেঃ, শ্রুতিষু অপি তাঃ প্রক্রিয়াঃ শতশো দৃশ্যন্তে, তথা একস্য গুণ গুণিরূপত্বমপি শ্রীবিষ্ণুপুরাণাদৌ তদ্‌বদে- ব্যঙ্গীক্রিয়তে - (বিং পুং ৬।৫।৭৯,—"জ্ঞান শক্তি বলৈশ্বর্য্য বীর্য্যতেজাংস্যশেষতঃ। ভগবচ্ছব্দবাচ্যানি" ইত্যাদিনা। তস্মাদপি ন নিন্দ্যা পাঞ্চরাত্রিকী প্রক্রিয়া।

পঞ্চরাত্রবিদাং তু সাক্ষাদ্‌ভগবৎ প্রাপ্তিমুক্ত্বা তস্য শাস্ত্রস্য সাক্ষাদেব ভগবদভিধায়কত্বমাহ। তথাচ শ্রীমহাভারতে—শান্তি মোক্ষধর্ম্মে ৩৪৯।৭২, পঞ্চরাত্রবিদো যে তু ক্রমযোগপরা নৃপ! একান্ত ভাবোপগতাস্তে হরিং প্রবিশন্তি বৈ॥ তত্রৈব—৩৫০।৬৮, পঞ্চরাত্রস্য কৃৎস্নস্য বেত্তা তু ভগবান্ স্বয়ম্॥ ইতি। স্বয়ং শ্রীভাগবতেনাপি বৈষ্ণবপঞ্চরাত্রং স্তূয়তে—"তৃতীয়ং ঋষিসর্গং বৈ দেবর্ষিত্বমুপেত্য সঃ। তন্ত্রং সাত্বতমাচষ্ট নৈষ্কর্ম্ম্যং কর্ম্মণাং যতঃ॥ (১।৩।৮) তদেবং পাঞ্চরাত্রিকং মতমনুত্তমমেবেতি দিক্॥ ইতি। তস্মাৎ বৈষ্ণবপাঞ্চরাত্রমতে দোষারোপণং ব্যর্থপ্রয়াসমেব ইতি॥

শ্যামসুন্দর! গোবিন্দ! গোপীজনমনোহর!।
শ্রীরাধাপ্রিয়বন্ধো! হে! রাধানিকুঞ্জ কুঞ্জর!॥
ত্রাহি মাং গোপিকাপ্রাণ! গোবর্দ্ধনধরপ্রিয়!।
অসদ্‌বাদসমুদ্রেভ্যো মামুদ্ধর দয়ানিধে!॥৪৫॥

ইতি উৎপত্ত্যসম্ভবাধিকরণং অষ্টমং সমাপ্তম্॥৮॥

ইতি শ্রীমদ্‌ব্রহ্মসূত্রে শ্রীগোবিন্দভাষ্য ব্যাখ্যানে অবিরোধাখ্য দ্বিতীয়াধ্যায়স্য দ্বিতীয়পাদস্য—
শ্রীমদ্‌বেদান্ততীর্থস্য কৃতৌ শ্রীশ্রীরসিকানন্দভাষ্যম্ সম্পূর্ণম্॥২।২॥

সূত্রেই পাঞ্চরাত্রিক প্রক্রিয়া দোষযুক্ত সূচিত করিয়াছেন, "উৎপত্তির অসম্ভবহেতু"ইত্যাদি। না তাহা নহে, ঐসূত্র সকল শ্রীমধ্বাচার্য্যপাদ প্রভৃতি শাক্তমত দূষণপরব্যাখ্যা করিয়াছেন। অপর এই পাঞ্চরাত্রিক প্রক্রিয়া ভগবান শ্রীবাদরায়ণ কর্ত্তৃক স্বয়ং পুরাণাদি শাস্ত্রে দর্শিত হইয়াছে। বাসুদেবাদি চতুর্ব্যূহ শতশঃ স্বীকার করা হইয়াছে, শ্রুতি শাস্ত্রেও ঐ প্রক্রিয়া শতশঃ দেখা যায়, এই প্রকার একটি বস্তুর গুণগুণীরূপে শ্রীবিষ্ণু পুরাণাদিতে তাহা অঙ্গীকার করিয়াছেন—জ্ঞান শক্তি বল ঐশ্বর্য্য বীর্য্য অশেষ তেজঃ সকল ভগবদ্‌বাচ্য" ইত্যাদি।

সুতরাং পাঞ্চরাত্রিকী প্রক্রিয়া নিন্দার যোগ্য নহে। পাঞ্চরাত্রবিদ্ বৈষ্ণবগণের সাক্ষাৎ ভগবৎ প্রাপ্তি বর্ণন করিয়া সেই শাস্ত্রের সাক্ষাৎ ভগবদভিধায়কত্ব বর্ণন করিয়াছেন। শ্রীমহাভারতে বর্ণিত আছে - হে নৃপ! যাঁহারা পঞ্চরাত্রবিৎ ক্রমযোগ পরায়ণ ও একান্ত ভাব প্রাপ্ত তাঁহারা শ্রীহরির ধামে প্রবেশ করেন।

পুনঃ সমগ্র পঞ্চরাত্র শাস্ত্রের বেত্তা শ্রীভগবান স্বয়ম্। স্বয়ং শ্রীভাগবত মহাপুরাণেও বৈষ্ণব পঞ্চরাত্র মতকে স্তব করিয়াছেন—তৃতীয় ঋষিসর্গ, শ্রীভগবান শ্রীনারদরূপ ধারণ করিয়া বৈষ্ণব পঞ্চরাত্রাগম বা তন্ত্র বিস্তর করিয়াছেন, যাঁহার বর্ণিত কর্ম্মের দ্বারা নৈষ্কর্ম্য বন্ধন মোচন হয়। সুতরাং পাঞ্চরাত্রিক মতই সর্ব্বশ্রেষ্ঠ ইহা সিদ্ধ হইল।

অতএব বৈষ্ণব পাঞ্চরাত্রমতে দোষারোপণের প্রয়াস বৃথা। হে শ্যামসুন্দর! হে গোবিন্দ! হে গোপীজনমনোহর! হে শ্রীরাধাপ্রিয়োবন্ধো! হে রাধা নিকুঞ্জকুঞ্জর! হে গোপিকা প্রাণ! হে গোবর্দ্ধনধর প্রিয়! আমাকে পরিত্রাণ কর, হে দয়ানিধে! আমাকে অসদ্বাদ সমুদ্র হইতে উদ্ধার কর ॥৪৫॥

এই প্রকার উৎপত্ত্যসম্ভবাধিকরণ অষ্টম সমাপ্ত ॥৮॥

এই প্রকার শ্রীমদ্ব্রহ্মসূত্রে শ্রীশ্রীগোবিন্দভাষ্য ব্যাখ্যায়

অবিরোধ নামক দ্বিতীয় অধ্যায়ের দ্বিতীয় পাদের

"শ্রীশ্রীরাধাচরণচন্দ্রিকা"

অনুবাদ সম্পূর্ণ ॥২।২॥

দ্বিতীয়াধ্যায়স্য তৃতীয়ঃ পাদঃ

ব্যোমাদিবিষয়াং গোভির্বিমতিং বিজঘান যঃ।
স তাং মদ্বিষয়াং ভাস্বান্ কৃষ্ণঃ প্রণিহনিষ্যতি ।।

দ্বিতীয়াধ্যায়স্য তৃতীয়ঃ পাদঃ

যস্মাদুৎপদ্যতে সর্ব্বং খং বায়ুরিন্দ্রিয়াণি চ।
তং সর্ব্বেশং হৃষীকেশং গৌরচন্দ্রমহং ভজে ১॥

অথ দ্বিতীয়পাদে সাংখ্যাদি পরপক্ষাণাং সিদ্ধান্তং বেদাদি শাস্ত্র বিরোধাৎ কেবল কপোলকল্পনা মাত্রত্বাৎ প্রমাণাভাসমপি শূন্যত্বমুক্তম্ ; ইদানীং পরব্রহ্মনিমিত্তোপাদান কারণতা বাদস্য তাদৃশো বিপ্রতি-ষেধাদিদোষ গন্ধাভাসরহিতত্ব প্রতিপাদনায় তৃতীয়পাদস্যারম্ভ" ইতি পাদসঙ্গতিঃ।

অথ দ্বিপঞ্চাশৎসূত্রকং বিংশত্যধিকরণকং তৃতীয়পাদ ব্যাখ্যানমারভমানাঃ শ্রীমদ্ ভাষ্যকারপ্রভু পাদাঃ শ্রীকৃষ্ণস্মৃতিব্যঞ্জকং তৎপ্রভাববর্ণনরূপঞ্চ—মঙ্গলমাচরন্তি – ব্যোমাদীতি। যঃ ভাস্বান্ ব্যোমাদি-বিষয়াং বিমতিং গোভিঃ বিজঘান, সঃ কৃষ্ণঃ মদ্‌বিষয়াং তাং প্রাণিহনিষ্যতি ইত্যন্বয়ঃ।

ব্যাখ্যাচ—যঃ শ্রীকৃষ্ণঃ—আব্রহ্মস্তম্ভ পর্য্যন্ত চেতনাচেতন সর্ব্বচিত্তাকর্ষক-পরংব্রহ্ম শ্রীগোবিন্দঃ, স এব ভাস্বান্ স্বপর প্রকাশক জগচ্চক্ষু সূর্য্যঃ, সূর্য্যো যথা আকাশস্থ নক্ষত্রবিষয়াং বিমতিং ভ্রান্তিং নাশ-

---

দ্বিতীয়ধ্যায়স্য তৃতীয়ঃ পাদঃ

যাহা হইতে আকাশ বায়ু ও ইন্দ্রিয়সকল উৎপন্ন হয়,
সেই সর্ব্বেশ হৃষীকেশ শ্রীগৌরচন্দ্রকে আমি ভজনা করি ॥১॥

অনন্তর দ্বিতীয়পাদে সাংখ্যাদি পরপক্ষগণের সিদ্ধান্ত বেদাদি শাস্ত্র বিরোধ ও কেবল কপোল কল্পনামাত্র হেতু প্রমাণাভাস শূন্য নিরূপণ করিয়াছেন। ইদানীং পরব্রহ্ম নিমিত্তোপাদন কারণতা বাদের তাদৃশ বিপ্রতিষেধাদি দোষগন্ধাভাস শূন্য প্রতিপাদনের নিমিত্ত তৃতীয়পাদ আরম্ভ করিতেছেন" ইহাই পাদ সঙ্গতি।

অতঃপর বাহান্ন সূত্রযুক্ত কুড়ি অধিকরণাত্মক তৃতীয়পাদের ব্যাখ্যা আরম্ভ করিয়া শ্রীমদ্ ভাষ্যকার প্রভুপাদ শ্রীকৃষ্ণস্মৃতি ব্যঞ্জক ও তাঁহার প্রভাব বর্ণনরূপ মঙ্গলাচরণ করিতেছেন—ব্যোমাদীতি। যেমন সূর্য্য আকাশাদি বিষয়ে কুমতকে নিজ কিরণদ্বারা বিনাশ করিয়াছেন, সেইপ্রকার শ্রীকৃষ্ণ সূর্য্য আমার আকাশাদি বিষয়ে কুমতি বিনাশ করিবেন।

১। বিয়দধিকরণম্

প্রধানাদিবাদানাং যুক্ত্যাভাসময়তা দ্বিতীয়ে পাদে প্রদর্শিতা। তৃতীয়ে তু সর্ব্বেশ্বরাৎ তত্ত্বানামুৎপত্তিস্তেনৈব তেষাং বিলয়ো, জীবানাত্ত্বনুৎপত্তির্জ্ঞানবপুষাং তেষাং জ্ঞানাশ্রয়ত্বং, পরমাণুতা, জ্ঞানদ্বারা ব্যাপ্তিঃ, কর্তৃত্বং ব্রহ্মাংশতা মৎস্যাদ্যবতারানাং সাক্ষাদবতারত্বং, অদৃষ্টাদিহেতুকা জীববৈচিত্রীচেত্যয়মর্থ নিচয়ো বিরোধিবাক্য পরিহাণোপপাদ্যতে।

য়তি ; তথা শ্রীগোবিন্দোঽপি ব্যোমাদি বিষয়াং আকাশাদিগতাং বিমতিং "এতে আকাশাদয়ঃ সংহত্য জগদাকারেণ পরিণমন্তে" ইতি বিরুদ্ধবুদ্ধিং গোভিঃ—প্রভাবরশ্মিভিঃ, কৃপারশ্মিভির্ব্বা, নিজঘান—নিরবশেষেণ নাশয়াঞ্চকার।

তথাচ—স্বতেজসা আকাশাদীনুৎপাদ্য ব্রহ্মাণ্ডং রচয়াঞ্চকার, স সর্ব্বকারণকারণ শ্রীশ্যামসুন্দরঃ মদ্ বিষয়াং তাং বিমতিং, মদ্গতাং তচ্চরণারবিন্দ—বৈমুখ্যরূপাং বুদ্ধিং প্রণিহনিষ্যতি ; প্রকৃষ্টরূপেণ বিনাশয়িষ্যতি ইতি। তথাচ—তৎ শ্রীচরণারবিন্দ বৈমুখ্যরূপাং কুবুদ্ধিং বিনাশ্য স্বসাম্মুখ্যভাজং মাং করিষ্যতি ইতি ভাবঃ।

পক্ষে ব্যাখ্যা—যঃ কৃষ্ণঃ শ্রীবাদরায়ণঃ, ব্যোমাদিবিষয়াং আকাশাদিষু জাতাং নিত্যত্বাদিরূপাং তার্কিকাদীনাং বিমতিং বেদবিরুদ্ধাং বুদ্ধিং গোভিঃ—ব্রহ্মসূত্ররূপ স্ববাক্যৈঃ বিজঘান নাশয়মাস, সঃ ভাস্বান্ পরব্রহ্ম প্রকাশকঃ শ্রীব্যাসদেবঃ মদ্‌বিষয়াং তাং বিমতিং, যদি কথঞ্চিৎ তার্কিকাদীনাং সঙ্গজাতদোষেণ তাদৃশীং বেদবিরুদ্ধাং বুদ্ধিং জনয়িষ্যতি তাং প্রণিহনিষ্যতীত্যর্থঃ।

অর্থাৎ - যে শ্রীকৃষ্ণ আব্রহ্মস্তম্ভ পর্য্যন্ত চেতনাচেতন সর্ব্বচিত্তাকর্ষক শ্রীগোবিন্দদেব, তিনিই ভাস্বান্ স্বপর প্রকাশক জগচ্চক্ষু সূর্য্য, সূর্য্য যেমন আকাশাদি নক্ষত্র বিষয়ে ভ্রম নাশ করে, সেই প্রকার শ্রীগোবিন্দদেবও আকাশাদি বিষয়ে ভ্রম, 'এই আকাশাদি সকলে মিলিত হইয়া জগদাকারে পরিণত হয় এই বিরুদ্ধ বুদ্ধি প্রভাব কিরণ বা কৃপাকিরণের দ্বারা নিরবশেষে বিনাশ করিয়াছেন, অর্থাৎ স্বপ্রভাবে আকাশাদি উৎপাদন করিয়া ব্রহ্মাণ্ড রচনা করিয়াছেন, সেই সর্ব্বকারণ শ্রীশ্যামসুন্দর আমা বিষয়ে সেই বিমতি মদ্গতা তচ্চরণারবিন্দ বৈমুখ্যরূপাবুদ্ধি প্রকৃষ্টরূপে বিনাশ করিবেন। অর্থাৎ তাঁহার শ্রীচরণারবিন্দ বৈমুখ্য রূপ কুবুদ্ধি বিনাশ করিয়া আমাকে স্বসাম্মুখ্যভাগী করিবেন।

পক্ষে—যে শ্রীকৃষ্ণদ্বৈপায়ন বাদরায়ণ ব্যোমাদি বিষয়া আকাশাদিতে জাতা নিত্যত্বাদিরূপা তার্কিকগণের যে "বেদবিরুদ্ধা বুদ্ধি তাহাকে গোভিঃ ব্রহ্মসূত্ররূপ নিজবাক্য সমূহে বিনাশ করিয়াছেন, সেই সূর্য্য পরব্রহ্ম প্রকাশক শ্রীব্যাসদেব আমাবিষয়ক সেই বিমতি, যদি কোন প্রকারে তার্কিকাদিগণের সঙ্গজাত দোষে সেই প্রকার বেদ বিরুদ্ধা বুদ্ধি জাত হয়, তাহাকে বিনাশ করিবেন ইহাই অর্থ।

ইহ প্রধান মহদহঙ্কার তন্মাত্রা ইন্দ্রিয় বিয়দাদি রূপেণ সৃষ্টিক্রমঃ সুবালাদিশ্রুতিসিদ্ধো মুখ্যঃ। তৈত্তিরীয়াদি ক্রমেণ বিয়দাদিতত্ত্বদ্বিচারস্তু বিসম্বাদ বিনাশায়, ইতি স্পষ্টমুপরিষ্টাদ্ ভবিষ্যতি।

১॥ বিয়দধিকরণম্

অথ তৃতীয়পাদস্য ব্যাখ্যানমারভ্য—দ্বিতীয়পাদস্য বিষয়ং স্মারয়ন্তি শ্রীমদ্‌ভাষ্যকারচরণাঃ—প্রধানাদি" ইত্যাদিনা। আদি পদেন—নৈয়ায়িক-বৌদ্ধ—চার্ব্বাক জৈন—শৈব শাক্তাদীনামপি গ্রহণমুচিতম্। অথ তৃতীয়পাদস্য বিষয়বাক্যং সংক্ষেপেণ প্রকাশয়ন্তি—তৃতীয়ে তু" ইত্যাদিনা।

ননু—বিয়দারভ্য তত্ত্বনাং উৎপত্তিদর্শনাৎ নিখিলানাং বিয়দাদিতত্ত্বানাং শ্রীভগবত উৎপত্তিঃ ইত্যেতৎ কথং শ্রদ্ধীয়তে অস্মাভিঃ, ইতি চেৎ—তত্রাহুঃ—ইহ প্রধান" ইত্যাদি। অথ সুবালোপনিষদি—১।২, "তস্মাত্তমঃ সঞ্জায়তে তমসো ভূতাদিঃ, ভূতাদেরাকশং, আকাশাদ্‌বায়ুঃ" বায়োরগ্নিঃ, অগ্নেরাপো-হ্‌দ্ভ্যঃ পৃথ্বী" ইতি। এবং তৈত্তিরীয়োপনিষদি—২।১।৩ "তস্মাদ্ বা এতস্মাদাত্মন আকাশঃ সম্ভূতঃ, আকাশাদ্ বায়ুঃ বায়োরগ্নিঃ, অগ্নেরাপঃ অদ্‌ভ্যঃ পৃথিবী, পৃথিব্যা ওষধয়ঃ; 'ওষধিভ্যোঽন্নম্; অন্নাৎ পুরুষঃ" ইতি।

শ্রীভাগবতে—২।৫, ৩।৫।৩।২৬। ১১।২৪, অথ সর্ব্বশক্তিমান্ পরব্রহ্ম শ্রীগোবিন্দদেবঃ স্বীয় বহিরঙ্গাখ্যায়াং মায়াশক্ত্যাং বীর্য্যমাধত্ত,ততঃসামহত্তত্ত্বমসূতমহত্তত্ত্বাদ্ বিকুর্ব্বাণাদহং তত্ত্বং ব্যজায়ত তন্মহত্তত্ত্বং ত্রিবিধম্—বৈকারিকং, তৈজসং, তামসশ্চ; বৈকারিকাদহঙ্কারাৎ—মনো-অর্থাভিব্যঞ্জকা দেবাশ্চ; তে চ দশ, ২।৫।৩০—দিগ্‌বাতঃ—অর্কঃ—প্রচেতো অশ্বিনীকুমারো,—বহ্নিঃ-ইন্দ্রঃ উপেন্দ্রঃ, মিত্রঃ, কশ্চ।

১॥ বিয়দধিকরণের ব্যাখ্যা

অথ তৃতীয়পাদের ব্যাখ্যা আরম্ভ করিয়া শ্রীমদ্‌ভাষ্যকার প্রভুপাদ দ্বিতীয়পাদের বিষয়কে স্মরণ করাইতেছেন—প্রধানাদি ইত্যাদির দ্বারা। দ্বিতীয়পাদে প্রধানাদিবাদ সকলের যুক্ত্যাভাসময়তা প্রদর্শিত হইয়াছে, আদি পদে নৈয়ায়িক বৌদ্ধ চার্ব্বাক জৈন শৈব শাক্ত প্রভৃতি গ্রহণ করিতে হইবে। অতঃপর তৃতীয়পাদের বিষয় বাক্য সংক্ষেপে প্রকাশ করিতেছেন—তৃতীয়ে" ইত্যাদি।

এই তৃতীয় পাদে সর্ব্বেশ্বর শ্রীগোবিন্দদেব হইতে আকাশাদি তত্ত্ব সকলের উৎপত্তি তাঁহার দ্বারাই তত্ত্বসমূহের বিলয়, জীবগণের অনুৎপত্তি, জীবগণের জ্ঞানাস্বরূপত্ব, জ্ঞানশ্রয়ত্ব, পরমাণুতা, জ্ঞানদ্বারা ব্যাপ্তি কর্ত্তৃত্ব, ব্রহ্মাংশতা মৎস্যাদি ভগবদবতারগণের সাক্ষাদবতারতা, অদৃষ্টাদির দ্বারা জীবগণের বিচিত্রতা ইত্যাদি অর্থ সকল বিরোধিবাক্য পরিহার পূর্ব্বক উপপাদন করা হইবে।

শঙ্কা—যদি বলেন—আকাশ হইতে আরম্ভ করিয়া তত্ত্ব সকলের উৎপত্তি দর্শন হেতু নিখিল আকাশাদি তত্ত্বের "শ্রীভগবান হইতে উৎপত্তি হয়" এই সিদ্ধান্ত কি প্রকার স্বীকার করিব?

ছান্দোগ্যে (৬।২।১) "সদেব সৌম্যেদমগ্র আসীৎ" ইত্যুপক্রম্য "তদৈক্ষত বহুস্যাং প্রজায়েয়" (ছা. ৬।২।৩) ইতি, "তত্তেজোঽসৃজত, তত্তেজ ঐক্ষত বহুস্যাং প্রজায়েয়েতি, তদপোঽসৃজত, তা আপ ঐক্ষন্ত, বহ্বঃ স্যাম প্রজায়েমহীতি, তা অন্নমসৃজন্ত" (ছাং—৬।২।৩-৪) ইতি পঠ্যতে।

তৈজসাদহঙ্কারাৎ "ইন্দ্রিয়াণি দশাভবন্" তেষু পঞ্চজ্ঞানেন্দ্রিয়াণি, "শ্রোত্রং ত্বগ্‌ঘ্রাণদৃগ্‌জিহ্বা পঞ্চকর্ম্মেন্দ্রিয়াণি— বাগ্‌দোর্মেট্রাঙ্ঘ্রি পায়বঃ" ইতি। তামসাদহঙ্কারাত্তু—আদৌ আকাশমভূৎ তস্য মাত্রা গুণঃ শব্দঃ। আকাশাৎ স্পর্শগুণো বায়ুরভবৎ। বায়োঃ রূপবান্ তেজোঽভূৎ; তেজসঃ রসাত্মকং জলং জাতম্। জলাৎ গন্ধবতী পৃথিবী জাতা।

তস্মাদাকাশস্য বিশেষগুণাঃ শব্দঃ (৩ ২৬,) বায়োর্ব্বিশেষগুণৌ—শব্দস্পর্শৌ। তেজসঃ বিশেষগুণঃ—রূপ শব্দস্পর্শাঃ। জলস্য রস-রূপ-শব্দ-স্পর্শাঃ। পৃথিব্যাঃ—গন্ধ শব্দ রূপ-রস-স্পর্শাঃ। এতৈ ব্র্হ্মাণ্ডমরচয়ৎ শ্রীভগবান্ ইতি। অথ নৈয়ায়িকানাং সৃষ্টিক্রমঃ—প্রাণিনাং ভোগভূতয়ে পরমেশ্বরস্য সিসৃক্ষা জায়তে সর্গাদৌ ভগবানীশ্বরঃ—প্রযোজ্য-প্রযোজকবৃদ্ধ শরীরদ্বয়ং পরিগৃহ্য তথা ব্যবহরতি, ততস্তদ্ ব্যবহারাদ্ বালঃ পূর্ব্ববৎ সঙ্কেতং গৃহ্ণাতি।

সমাধান—তদুত্তরে বলিতেছেন 'ইহ প্রধান" ইত্যাদি। এইস্থলে প্রধান মহৎ অহঙ্কার তন্মাত্রা ইন্দ্রিয় আকাশাদিরূপে যে সৃষ্টিক্রম তাহা সুবলাদি শ্রুতিসিদ্ধ তথা মুখ্য, সুবালোপনিষদে বর্ণিত আছে—তাহা হইতে তমঃ সঞ্জাত হয়, তমঃ হইতে ভূতাদি, ভূতাদি হইতে আকাশ, আকাশ হইতে বায়ু, বায়ু হইতে অগ্নি, অগ্নি হইতে জল, জল হইতে পৃথিবী জাত হয়। তৈত্তিরীয়াদি ক্রমে আকাশ হইতে সৃষ্টি হয়, এই সকলের বিচার বিসম্বাদ বিরোধ বিনাশের নিমিত্ত, ইহা পরে স্পষ্ট হইবে। তৈত্তিরীয় উপনিষদে বর্ণিত আছে—

এই আত্মা হইতে আকাশ জাত হয়, আকাশ হইতে বায়ু, বায়ু হইতে অগ্নি, অগ্নি হইতে জল, জল হইতে পৃথিবী, পৃথিবী হইতে ঔষধি, ঔষধি হইতে অন্ন, অন্ন হইতে পুরুষ জাত হয়। শ্রীভাগবতে বর্ণিত আছে—সর্ব্বশক্তিমান পরব্রহ্ম শ্রীগোবিন্দদেব স্বীয় বহিরঙ্গা মায়াশক্তিতে বীর্য্যাধান করেন, তাহা হইতে মায়া মহত্তত্ত্ব প্রসব করে, মহৎ হইতে অহঙ্কার জাত হয়, সেই অহঙ্কার বৈকারিক, তৈজস, ও তামস ভেদে ত্রিবিধ।

বৈকারিক অহঙ্কার হইতে মনঃ এবং অর্থাভিব্যঞ্জক দশজন দেবতা জাত হয়, তাহারা দিক পবন সূর্য্য প্রচেতা অশ্বিনীকুমারদ্বয় বহ্নি ইন্দ্র উপেন্দ্র মিত্র ও কশ্যপ। তৈজসাহঙ্কার হইতে দশটি ইন্দ্রিয় হয় তন্মধ্যে পঞ্চজ্ঞানেন্দ্রিয় শ্রোত্রত্বগ্‌ ঘ্রাণ নয়ন ও জিহ্বা, অপর কর্ম্মেন্দ্রিয় পঞ্চ বাক্ বাহু মেট্র চরণ ও পায়ু তামসাহঙ্কার হইতে প্রথমে আকাশ হয়, তাহার অনুমাপক গুণ শব্দ। আকাশ হইতে স্পর্শগুণযুক্ত বায়ু

অত্র তেজোঽবন্নানি প্রজাতানীত্যুক্তম্। ইহ ভবতি বিমর্শঃ। বিয়ৎ প্রজায়তে ন বেতি সংশয়ে, শ্রুত্যভাবান্ন প্রজায়তে, ইতি শঙ্কতে—

ততো লব্ধবৃত্তিকাদৃষ্ট বিশিষ্টাত্মসংযোগাৎ দোধূয়মানেষু পবনপরমাণুষু প্রথমতঃ কর্ম্মোৎপত্তিঃ। ততো দ্বয়োঃ পবনপরমাণ্বোঃ সংযোগঃ; ততো দ্ব্যণুকোৎপত্তিঃ; ততঃ ত্রিষু দ্ব্যণুকেষু কর্ম্মোৎপত্তিঃ; ততস্তেষাং সংযোগঃ, ততঃ ত্র্যণুকোৎপত্তিঃ, এবং চতুরণুকাদ্যুৎপত্তি ক্রমেণ মহান্ বায়ুরুৎপদ্য বিহায়সি দোধূয়মানস্তিষ্ঠতি।

ততঃ—তস্মিন্ বায়ৌ জলপরমাণুভ্যো দ্ব্যণুকাদিক্রমেণ মহান্ জলরাশিরুৎপদ্যতে। তস্মিন্ মহোদধৌ পৃথিবীপরমাণুতো দ্ব্যণুকাদিক্রমেণ মহাপৃথিব্যুৎপদ্যতে। ততঃ তস্মিন্নেব জলে তৈজসেভ্যঃ পরমাণুভ্যো মহাতেজোরাশিরুৎপদ্যতে। তত্র তেজঃ পরমাণু সহিত পৃথিবী পরমাণুভিরীশ্বরাভিধ্যানাৎ ব্রহ্মাণ্ডমুৎপদ্যতে" ইতি। (ন্যাং কো০ ১০৩২) তথা ছান্দোগ্যোপনিষদি তু—৬।২।১, "সদেব সৌম্যেদমগ্র আসীৎ" ইত্যারভ্য—সচ্ছব্দবাচ্যস্য ব্রহ্মণঃ সকাশাদ্ "তেজোঽবন্নানাং" সমুৎপত্তির্শ্রূয়তে। ইত্যেবং শ্রুত্যাদীনাং মিথো বিরোধঃ দরীদৃশ্যতে।

ননু তর্হি শ্রুতীনাং পরস্পর বিরোধদর্শনাৎ ব্রহ্মকারণতা বাদস্যাপি বিরোধঃ স্যাদিতি, শঙ্কা-নিবারণায় তৃতীয়াদিপাদদ্বয়ং প্রারভ্যতে।

হয়, বায়ু হইতে রূপবান তেজঃ হয়, তেজঃ হইতে রসাত্মক জল জাত হয়, জল হইতে গন্ধবতী পৃথিবী জাত হয়।

অতএব আকাশের বিশেষগুণ শব্দ, বায়ুর বিশেষ গুণ শব্দ ও স্পর্শ, তেজের বিশেষ গুণ রূপ শব্দ ও স্পর্শ জলের বিশেষগুণ রসরূপ, শব্দ ও স্পর্শ, পৃথিবীর বিশেষ গুণ গন্ধ শব্দরূপ রস ও স্পর্শ, শ্রীভগবান এই সকলের দ্বারা ব্রহ্মাণ্ড রচনা করেন।

অনন্তর নৈয়ায়িকগণের সৃষ্টিক্রম—প্রাণিগণের ভোগ ও অপবর্গের নিমিত্ত পরমেশ্বরের সৃষ্টির ইচ্ছা হয়, সৃষ্টির প্রথমে ভগবান ঈশ্বর প্রযোজ্য ও প্রযোজক বৃদ্ধ এই শরীরদ্বয় গ্রহণ করিয়া সেই প্রকার ব্যবহার করে, অনন্তর তাহাদের ব্যবহার হইতে বালক পূর্ব্বের ন্যায় সঙ্কেত গ্রহণ করে। তদনন্তর লব্ধবৃত্তিকাদৃষ্ট বিশিষ্ট আত্মসংযোগ হেতু দোধূয়মান পবন পরমাণুসকলে প্রথমতঃ কর্ম্মের উৎপত্তি হয়। পরে দুইটি পবন পরমাণুর সংযোগ, তাহা হইতে দ্ব্যণুকের উৎপত্তি হয়। পরে তিনটি দ্ব্যণুকে কর্ম্মোৎপত্তি, পরে তাহাদের সংযোগ তাহা হইতে ত্র্যণুকের উৎপত্তি, এইপ্রকারে চতুরণুকাদির উৎপত্তিক্রমে মহান বায়ু উৎপন্ন হইয়া আকাশে কম্পমান হইয়া অবস্থান করে।

অনন্তর সেই পবনে জল পরমাণু সকল হইতে দ্ব্যণুকাদিক্রমে মহান জলরাশি উৎপন্ন হয়। সেই মহাসাগরে পৃথিবী পরমাণু হইতে দ্ব্যণুকাদিক্রমে মহাপৃথিবী উৎপন্ন হয়। অতঃপর সেই জলেই তেজস

॥ওঁ॥ ন বিয়দশ্রুতেঃ ॥ওঁ॥ ২।৩।১।১॥

নিত্যং বিয়ন্ন প্রজায়তে। কুতঃ? অশ্রুতেঃ। ছান্দোগ্যগত ভূতোৎপত্তি

বিষয়ঃ—অথ বিয়দধিকরণস্য বিষয়বাক্যমবতারয়ন্তি—ছান্দোগ্যে" ইত্যাদিনা। সদেবেতি সৌম্য! হে শোভনবুদ্ধিযুক্ত! শ্বেতকেতো! ইদং পরিদৃশ্যমানং জগৎ অগ্রে স্থূলরূপেণ সৃষ্টেরগ্রে সদেব ব্রহ্ম এব আসীৎ; অস্য সৌক্ষ্যাৎ তত্র বিলীনমেবাসীৎ, ইত্যর্থঃ। ইত্যুপক্রম্য তদৈক্ষত—তৎ সচ্ছব্দবাচ্যং ব্রহ্ম সঙ্কল্পমকরোৎ, বহুস্যাং আকাশাদিরূপেণ বহবঃ স্যাম্" ইতি।

অথ বহুভবন প্রকারমাহ—তদ্ ব্রহ্ম তেজোঽসৃজত, যতঃ প্রকাশ দর্শন পাচনাদি ভবতি, তাদৃশঃ তেজঃ সৃষ্টিঞ্চকার; তেজোভূত্বা আবির্ব্বভূব" ইতি। এবং সঃ তেজো ভূত্বা ঐক্ষত—পর্য্যালোচয়ামাস, বহুস্যামিতি, তথা পর্য্যালোচ্য অপঃ অসৃজত, অপরূপেণ স্বং প্রকটয়ামাস ইত্যর্থঃ। এবং তা আপ ঐক্ষত, বহ্বঃ স্যাম, তথা বিচার্য্য অন্নরূপেণ আত্মানং বিস্তারঞ্চকার; ইতি সামবেদীয় ছান্দোগ্যোপনিষদি পঠ্যতে; অত্র ছান্দোগ্যে তেজোঽবন্নানি ত্রিণি এব তত্ত্বানি প্রজাতানি নাধিকাণি ন ন্যুনানীত্যর্থঃ। ইতি বিষয়বাক্যম্।

পরমাণু সকল হইতে মহাতেজোরাশির উৎপত্তি হয়। তন্মধ্যে তেজঃ পরমাণুর সহিত পৃথিবী পরমাণুসকল দ্বারা ঈশ্বরের অভিধ্যান হেতু ব্রহ্মাণ্ডের উৎপত্তি হয়। এই ছান্দোগ্যোপনিষদে কিন্তু 'হে সৌম্য! সৃষ্টির অগ্রে সতই ছিল' এইপ্রকার আরম্ভ করিয়া সৎশব্দবাচ্য পরব্রহ্মের নিকট হইতেই তেজঃ জল ও অন্নের সমুৎপত্তি দেখা যায়।

এই প্রকার শ্রুতি সকলের পরস্পর বিরোধ দেখা যায়। যদি—বলেন তাহা হইলে শ্রুতিগণের পরস্পর বিরোধ হেতু ব্রহ্মকারণতা বাদেরও বিরোধ হইবে, তাহা নহে, এই শঙ্কা নিবারণের নিমিত্ত তৃতীয় ও চতুর্থ এই দুই পাদ আরম্ভ করিতেছেন।

বিষয়—অনন্তর বিয়দধিকরণের বিষয়বাক্যের অবতারণা করিতেছেন ছান্দোগ্য" ইত্যাদি দ্বারা। সদেব হে সৌম্য! শোভন বুদ্ধিযুক্ত! শ্বেতকেতো! এই পরিদৃশ্যমান জগৎ অগ্রে স্থূলরূপে সৃষ্টির অগ্রে সৎ-ব্রহ্মই ছিল, এই জগৎ সূক্ষ্মহেতু ব্রহ্মেই বিলীন হইয়াছিল ইহাই অর্থ। এই প্রকার আরম্ভ করিয়া তদৈক্ষত-সেই সচ্ছব্দবাচ্য পরব্রহ্ম সঙ্কল্প করিয়াছিলেন, বহুস্যাম্ আকাশাদিরূপে বহু হইয়া প্রকট হইব।

অতঃপর বহুভবন প্রকার বলিতেছেন--সেই ব্রহ্ম সৃষ্টি করিলেন, যাহা হইতে প্রকাশ দর্শন পাচনাদি হয়, সেই প্রকার তেজ সৃষ্টি করিলেন, অর্থাৎ তিনি তেজঃ হইয়া আবির্ভূত হইলেন। এই প্রকার তিনি তেজঃ হইয়া পর্য্যালোচনা করিলেন—বহু হইব, সেইরূপ চিন্তা করিয়া জলসৃষ্টি করিলেন, জলরূপে নিজেকে প্রকট করিলেন। তিনি জল হইয়া পর্য্যালোচনা করিলেন- অনেক হইব, তাহা বিচার

প্রকরণে তস্যাশ্রবণাৎ। তত্র "তদৈক্ষত" (ছা° ৬৷২৷৩) ইত্যাদিনা ত্রয়াণামেব তেজোঽবন্নানামুৎপত্তিঃ শ্রূয়তে, ন তু বিয়তঃ, তন্নোৎপদ্যত ইত্যর্থঃ ॥১॥

সংশয়ঃ - ইহ ছান্দোগ্যোক্ত বিষয়বাক্যে ভবতি সংশয়ঃ বিয়ৎ—আকাশঃ প্রজায়তে, তেজোঽবন্নাদিবৎ জায়তে; অথবা নিত্যত্বাৎ কদাপি ন জায়তে; ইতি সংশয়বাক্যম্।

পূর্ব্বপক্ষ ঃ—ইত্যেবং সংশয়ে জাতে পূর্ব্বপক্ষমবতারয়ন্তি—শ্রুত্যভাবাৎ বিয়ৎ ন জায়তে। অত্র কণভক্ষাক্ষপাদ পাদানুযায়িণাং আশঙ্কা উত্থাপনং ; তে তু আকাশস্য নিত্যত্বং উৎপত্ত্যাভাবত্বং বিভূত্বং চ বদন্তি। তস্মাৎ শ্রুতিষু আকাশস্য জন্মাভাবশ্রবণাৎ ন—প্রজায়তে ; অথ পূর্ব্বপক্ষমতানুসারেণ সূত্রয়তি ভগবান্ শ্রীবাদরায়ণঃ—ন" ইতি।

আকাশো নিত্যং, নোৎপদ্যতে : কুতঃ ? অশ্রুতেঃ। ছান্দোগ্যোপনিষদি ভূতোৎপত্তি প্রকরণে বিয়দুৎপত্তি শ্রবণাভাবাৎ আকাশস্য নিত্যত্বাৎ তস্য উৎপত্যভাব ইতি সূত্রার্থঃ। ভাষ্যন্তু প্রকটার্থম্। তথাচ "তদৈক্ষত" ইত্যাদি শ্রুতিবাক্যেষু ত্রয়াণাং তেজোঽবন্নানাং উৎপত্তিঃ শ্রূয়তে ; ন তু আকাশস্য, তস্মাদাকাশো নোৎপদ্যতে ইতি ভাবঃ ॥১॥

ইতি বিয়দধিকরণং প্রথমং সমাপ্তম্ ॥১॥

করতঃ অন্নরূপে নিজেকে বিস্তার করিলেন, এই প্রকার সামবেদীয় ছান্দোগ্যোপনিষদে বর্ণিত আছে, এই ছান্দোগ্যে তেজঃ জল ও অন্ন তিনটি তত্ত্বই জাত হইয়াছে অধিকও নয় ন্যূনও নয়। এই প্রকার বিষয় বাক্য।

সংশয় —এই ছান্দোগ্যোক্ত বিষয়বাক্যে সংশয় হইতেছে—বিয়ৎ আকাশ জাত হয় ? অথবা হয় না, অর্থাৎ তেজোঽবন্নাদির সমান আকাশ উৎপন্ন হয় ? অথবা নিত্যতা হেতু কখনও জাত হয় না ? ইহাই সংশয় বাক্য।

পূর্ব্বপক্ষ—পূর্ব্বপক্ষমতানুসারে ভগবান শ্রীবাদরায়ণ সূত্র করিতেছেন—'ন' ইত্যাদি। আকাশ নিত্য, উৎপন্ন হয় না, কেন ? যে হেতু শ্রুতিতে নাই, ছান্দোগ্যোপনিষদে ভূতোৎপত্তি প্রকরণে আকাশোৎপত্তি শ্রবণের অভাব হেতু আকাশের নিত্যতা প্রযুক্ত তাহার উৎপত্তি হয় না ইহাই সূত্রার্থ। আকাশ নিত্য সুতরাং জাত হয় না। কেন ? শ্রুতি প্রমাণের অভাব হেতু, ছান্দোগ্যগত ভূতোৎপত্তি প্রকরণে আকাশের উৎপত্তি দেখা যায় না ছান্দোগ্যাপনিষদে 'তদৈক্ষত' ইত্যাদি প্রমাণের দ্বারা তেজ জলও অন্ন এই পদার্থ ত্রয়েরই উৎপত্তি শ্রবণ করা যায়, কিন্তু আকাশের উৎপত্তি নাই, সুতরাং আকাশ উৎপন্ন হয় না ইহাই অর্থ। এইটি পূর্ব্বপক্ষ সূত্র ॥১॥

এই প্রকার বিয়দধিকরণ প্রথম সমাপ্ত ॥১॥

২। বিয়দুৎপত্ত্যধিকরণম্

এবং প্রাপ্তে নিরস্যতি—

॥ওঁ॥ অস্তি তু ॥ওঁ॥ ২৩।২।২

'তু' শব্দঃ শঙ্কাপনোদনার্থঃ। অস্তি উৎপত্তির্বিয়তঃ। ছান্দোগ্যে তস্যাশ্রবণেঽপি "তস্মাদ্বা এতস্মাদাত্মন আকাসঃ সম্ভূত আকাশাদ্বায়ুর্ব্বায়োরগ্নিরগ্নেরাপোঽদ্ভ্যঃ পৃথিবী" ইতি

২। বিয়দুৎপত্ত্যধিকরণম্।

সিদ্ধান্তঃ—অথ নৈয়ায়িকানাং এবং পূর্ব্বপক্ষে প্রাপ্তে তন্মতং নিরস্যতি ভগবান্ শ্রীবাদরায়ণঃ—অস্তি তু" ইতি। শ্রুতিষু আকাশস্য উৎপত্তিঃ অস্তি ইতি ভগবান্ শ্রীবাদরায়ণো দর্শয়তি—অস্তি" ইতি।

ননু ছান্দোগ্যবাক্যে অশ্রবণাৎ তস্যোৎপত্তির্নাস্তি ইতি চেৎ ন ; তৈত্তিরীয়কে দৃশ্যতে ; তথাচ তৈত্তিরীয়বাক্যম্—তস্মাদ্ বা এতস্মাদ্ সত্য জ্ঞানানন্দানন্তস্বরূপঃ পরব্রহ্ম শ্রীগোবিন্দদেবঃ স্বভক্তানাং কামনা পূরণার্থং, তেভ্যঃ স্বসেবাসুখ প্রদানার্থং জগৎরচয়ামাস ; তদেব স্পষ্টয়তি শ্রুতিঃ—তস্মাৎ ভক্তানাং শ্রীভগবল্লাভ বাসনা পূরণাৎ হেতোঃ, 'এতস্মাৎ' সত্যজ্ঞানানন্দানন্তস্বরূপাৎ প্রপঞ্চনির্ম্মাণেচ্ছোঃ শ্রী-গোবিন্দদেবাৎ, আত্মনঃ সকাশাৎ শব্দগুণবান্ আকাশঃ সম্ভূতঃ ; সম্যকরূপেণ উদ্ভূত ইত্যর্থঃ।

তস্মাদকাশাৎ রূপরহিতঃ স্পর্শবান্ বায়ুঃ সম্ভূত, বায়োঃ সকাশাৎ উষ্ণস্পর্শবান্ অগ্নিঃ সম্ভূতঃ, অগ্নেঃ আপঃ সম্ভূতঃ, অদ্ভ্যঃ পৃথিবী সম্ভূতঃ ইত্যর্থঃ। তস্মাৎ তৈত্তিরীয়ক শ্রুতিবাক্য প্রমাণাৎ আকা-

---

২। বিয়দুৎপত্ত্যধিকরণের ব্যাখ্যা।

সিদ্ধান্ত—এই প্রকার নৈয়ায়িকগণের মতে পূর্ব্বপক্ষ প্রাপ্ত হইলে ভগবান শ্রীবাদরায়ণ তাহাদের মত নিরাকরণ করিতেছেন—"অস্তি" ইত্যাদি। শ্রুতিশাস্ত্রে আকাশের উৎপত্তি আছে, তাহা ভগবান্ শ্রীবাদ-রায়ণ দেখাইতেছেন 'অস্তি' ইত্যাদি। সূত্রে যে হেতু শব্দ আছে তাহা শঙ্কা আপনোদনের নিমিত্ত। আকাশেরও উৎপত্তি আছে। ছান্দোগ্যে তাহার উৎপত্তি না থাকিলেও তৈত্তিরীয়কে শ্রবণ করা যায়—সেই আত্মা হইতে আকাশ জাত হয়, আকাশ হইতে বায়ু তাহা হইতে অগ্নি, অগ্নি হইতে জল উৎপন্ন হয়। অর্থাৎ সেই এই সত্য জ্ঞানানন্দানন্ত স্বরূপ পরব্রহ্ম শ্রীগোবিন্দদেব নিজভক্তগণের কামনা পূরণ করিবার নিমিত্ত এবং তাহাদিগকে স্বসেবাসুখ প্রদানের জন্য জগৎ রচনা করিয়াছেন, তাহা স্পষ্ট করিতেছেন শ্রুতি—অতএব ভক্তগণের শ্রীভগবল্লাভ বাসনা পূরণহেতু এই সত্যজ্ঞানানন্দানন্ত স্বরূপ প্রপঞ্চনির্মাণেচ্ছু আত্মস্বরূপ শ্রীগোবিন্দদেব হইতে শব্দগুণবান্ আকাশ সম্যকরূপে জাত হয় ইহাই অর্থ।

সেই আকাশ হইতে রূপ রহিত স্পর্শবান বায়ুজাত হয়, বায়ু হইতে উষ্ণস্পর্শবান অগ্নি উৎপন্ন হয়, অগ্নি হইতে জল তাহা হইতে পৃথিবী জাত হয় ইহাই অর্থ। অতএব তৈত্তিরীয়ক শ্রুতি বাক্য প্রমাণ

(তৈ০ ২।১।৩) তৈত্তিরীয়কে শ্রবণাৎ ।।২।।

পুনঃ শঙ্ক্যতে—

।।ওঁ।। গৌণ্যসম্ভবাচ্ছব্দাচ্চ ।।ওঁ।। ২।৩।২।৩।।

ন খলু বিয়দুৎপত্তিঃ সম্ভাবয়িতুমপি শক্য জীবৎসু শ্রীমৎকণভক্ষাক্ষচরণোপজীবিষু। যা তু ৎপত্তিঃ শ্রুতিভিরুদাহৃতা, সা কিল "কুরু্বাকাশং জাতমাকাশম্" ইত্যাদি লোকোক্তিবদ্‌-গৌণী ভবিষ্যতি। কুতঃ? অসম্ভবাৎ। ন হি নিরাকারস্য বিভোর্বিয়তঃ সম্ভবেদুৎপত্তিঃ

শস্য উৎপত্তিমত্বং সর্ব্ববাদিসম্মতমিত্যর্থঃ অত আকাশো জন্যপদার্থ ইতি শ্রৌতবিৎসম্মতমিতি ভাবঃ। তথাহি শ্রীভাগবতে—৩।২৬।৩২, "তামসাচ্চ বিকুর্ব্বণাদ্ ভগবদ্ বীর্য্যচেদিতাৎ। শব্দমাত্রমভূৎ তস্মান্নভঃ শ্রোত্রং তু শব্দগম্॥ ইতি আকাশোৎপত্তিঃ শ্রূয়তে ॥২॥

অথ নৈয়ায়িকানাং পুনঃ শঙ্কা—তত্রপূর্ব্বোক্তেণ "অস্তিতু" ইতি সূত্রেণ সন্তোষাভাবাৎ পুনঃ শঙ্কায়া উত্থাপনমিত্যর্থঃ,—অথ আকাশনিত্যতা বাদিনাং অভিমতং সূত্ররূপেণাবতারয়তি ভগবান্ শ্রীবাদ-রায়ণঃ—গৌণী "ইতি। অথ তৈত্তিরীয়ক শ্রুতৌ যদ্‌বিয়দুৎপত্তিঃ শ্রূয়তে সা তু গৌণী ভবিতুমর্হতি, কুতঃ? অসম্ভবাৎ নিত্যনিরবয়স্য আকাশস্য উৎপত্ত্যসম্ভবাৎ; কিঞ্চ শ্রুতিপ্রমাণমপি বিদ্যতে, ইত্যাহ—শব্দাচ্চ ইতি।

পূর্ব্বপক্ষসূত্রমিদম্। শ্রীমৎকণভক্ষঃ—স চ অধ্যায়দশকং, প্রত্যধ্যায়মাহ্নিকদ্বয় বিশিষ্টং বৈশেষিক দর্শন কর্ত্তা, অক্ষচরণঃ মহর্ষিগৌতমঃ, স চ পঞ্চাধ্যায়াত্মকং দশাহ্নিকবিশিষ্টং ন্যায়দর্শনস্য কর্ত্তা। এতয়োশ্চরণোপজীবিষু অস্মাসু জীবৎসু কো নাম ব্রূতে আকাশো জায়তে;

ননু তথাত্বে কথং "আকাশঃ সম্ভূতঃ" ইতি সঙ্গচ্ছতে ইতি চেৎ তত্রাহুঃ যা" ইত্যাদিনা। তথাচ—যথা "আকাশং কুরু" ইত্যুক্তে—জনগহন দূরীকরণেন অবকাশং বোধ্যতে; এবং "জাতমাকাশম্" ইত্যুক্তে মঠাকাশ ঘটাকাশাদেরুৎপত্তিঃ বোধ্যতে, নতু মুখ্যস্যাকাশস্য, তথা "আকাশঃ সম্ভূতঃ"ইত্যাদাবপি

হেতু আকাশ জন্য পদার্থ ইহা সর্ব্ববাদি সম্মত। সুতরাং আকাশ জন্য পদার্থ ইহা শ্রৌতগণের সম্মত। শ্রীভাগবতে বর্ণিত আছে—শ্রীভগবানের বীর্য্য অর্থাৎ কাল প্রভাবে প্রেরিত হইয়া তামস অহঙ্কার বিকার প্রাপ্ত হওয়াতে শব্দতন্মাত্র উৎপন্ন হয়, ঐ তন্মাত্র হইতে আকাশ ও শব্দগ্রহণকারি শ্রোত্র জাত হয়। সুতরাং শাস্ত্রে আকাশের উৎপত্তি শ্রবণ করা যায় ॥২॥

এই স্থলে নৈয়ায়িকগণের পুনঃ আশঙ্কা, পূর্ব্বোক্ত 'অস্তিতু' সূত্রের দ্বারা সন্তোষের অভাবহেতু পুনঃ শঙ্কার উত্থাপন। অতঃপর আকাশনিত্যতা বাদিগণের অভিমত ভগবান শ্রীবাদরায়ণ সূত্ররূপে অব-তারণা করিতেছেন—'গৌণী' ইত্যাদি। তৈত্তিরীয়ক শ্রুতিবাক্যে যে আকাশোৎপত্তির কথা শ্রবণ করা যায়, তাহা গৌণী হইবে, কেন? অসম্ভবহেতু, নিত্য নিরবয়ব আকাশের উৎপত্তি অসম্ভব। অপর

কারণ সামগ্রী বিরহাৎ। শব্দাচ্চ "বায়ুশ্চান্তরীক্ষঞ্চৈতদমৃতম্" (বৃ০ ২।৩।৩) ইতি বৃহদারণ্যক বাক্যাচ্চ, তস্যোৎপত্তির্নাস্তীতি মন্তব্যম্ ।।৩।।

ন মুখ্যাকাশস্য সম্ভূতিঃ কিন্তু গৌণস্য এব. তস্মাৎ সা শ্রুতিঃ গৌণী ভবিষ্যতি ইত্যর্থঃ।

নন্বু আকাশস্য উৎপত্ত্যভাবঃ কুতঃ ? অসম্ভবাৎ' ইতি ব্রূমঃ , অথ অসম্ভবপ্রকারং প্রতিপাদয়ন্তি ন হি, ইত্যাদিনা। নহি নিরাকারস্য বিভোঃ আকাশস্য উৎপত্তিঃ—সম্ভবেৎ ; তথাচ তর্কসংগ্রহে—(১২ পৃ০) "শব্দগুণকমাকাশম্ , তচ্চ একং বিভুর্নিত্যঞ্চ" ইতি। অনেকত্বে মানাভাবাদেকত্ব মিতি ভাবঃ।

বিভুত্বং—সর্ব্বমূর্ত্তদ্রব্যসংযোগিত্বম্। এবং বৈশেষিকদর্শন—সপ্তপদার্থী-ভাষাপরিচ্ছেদাদৌ চ তথৈব নিরূপণাৎ, আকাশে ষড়্ গুণাস্তিষ্ঠন্তি—তথাচ—সংখ্যা পরমমহৎ পরিমাণম্ এক পৃথকৃত্বং সংযোগ বিভাগঃ শব্দাশ্চেতি। (বৈ০ সূ০—২।১।৩১, ভা০ প০—৩৩, তর্ক০ ভা০ ১৪৩ পৃ০) তস্মাৎ আকার বিরহাৎ, সর্ব্বমূর্ত্তদ্রব্যসংযোগিত্বাৎ আকাশো নোৎপদ্যতে, কিঞ্চ আকাশস্য কারণসামগ্রী বিরহাৎ উৎপত্ত্যাভাবশ্চ।

শ্রুতি প্রমাণও বিদ্যমান আছে, তাহা বলিতেছেন - শব্দ হইতেও। ইহা পূর্ব্বপক্ষসূত্র। শ্রীমৎ কণভক্ষ এবং শ্রীঅক্ষচরণোপজীবিগণ আমরা জীবিত থাকিতে কেহ আকাশের উৎপত্তির সম্ভাবনা করিতেও সমর্থ হইবে না।

অর্থাৎ শ্রীমৎকণভক্ষ কণাদ তিনি দশাধ্যায়ী বৈশেষিক দর্শন করেন, প্রত্যেক অধ্যায়ে দুইটি আহ্নিক আছে। অক্ষচরণ মহর্ষি গৌতম তিনি পঞ্চাধ্যায়াত্মক দশাহ্নিক বিশিষ্ট ন্যায়দর্শনের কর্ত্তা, ইহাদের চরণোপজীবী আমরা জীবিত থাকিতে কে বলিবে—আকাশ জাত হয় ? যদি বলেন—তাহা হইলে "আকাশঃ সম্ভূতঃ" ইত্যাদি শ্রুতিবাক্য কি প্রকারে সঙ্গত হইবে ? তদুত্তরে বলিতেছেন—যা" ইত্যাদি তবে আকাশের উৎপত্তির উদাহরণ দেওয়া হইয়াছে তাহা "আকাশ কর আকাশ হইল" ইত্যাদি লোকোক্তির সমান গৌণই হইবে।

অর্থাৎ যেমন আকাশ কর এই কথা বলিলে জনগহন দূরীকরণের দ্বারা অবকাশ বোধ হয়, এই প্রকার আকাশ জাত হইল এই কথা বলিলেও ঘটাকাশ মঠাকাশাদির উৎপত্তি বোধ করায়, কিন্তু মুখ্য আকাশের নহে। যদি বলেন—আকাশের উৎপত্ত্যভাব স্বীকার করিতেছেন কেন ? অসম্ভব হেতুই বলিব। অতঃপর অসম্ভব প্রকার প্রতিপাদন করিতেছেন নহি" ইত্যাদি। নিরাকার বিভু বা ব্যাপক আকাশের উৎপত্তি সম্ভব হইবে না।

তর্কসংগ্রহে বর্ণিত আছে—শব্দগুণযুক্ত আকাশ তাহা এক বিভু ও নিত্য, অনেকত্বে প্রমাণা-

যদি কশ্চিদ্ ব্রূয়াদেক এব "সম্ভূতঃ" শব্দোঽগ্নিপ্রভৃতাবনু বর্ত্তমানো মুখ্য, আকাশে পুনর্গে ণৈঃ কথমিতি, তং প্রত্যাহ –

তথাহি– কারণ সমগ্রী সদ্ভাবেন কার্য্যোৎপত্তির্ভবেৎ, সমবায়ি—অসমবায়ি-নিমিত্তকারণেভ্যঃ সর্ব্বমুৎপদ্যতে, একজাতীয়ানেকঞ্চ দ্রব্যারম্ভকম, তচ্চ আকাশে ন সম্ভবতি, একত্বাৎ তথা পৃথিব্যাদি বৈধর্ম্ম্যাৎ বিভুত্বাদিলক্ষণাৎ আকাশস্য জন্যাভাবত্বসিদ্ধিঃ। তস্মাদাকাশো নোৎপদ্যতে ইতি ভাবঃ। কিঞ্চ অপৌরুষেয় শ্রুতিপ্রমাণমপি তথৈব সাধয়তি—ইত্যাহুঃ শব্দাচ্চ" ইতি। আকাশস্য অনুৎপত্তিমত্ত্বং সাধয়তি বৃহদারণ্যক শ্রুতিঃ বায়ুশ্চেতি। রূপরহিতঃ স্পর্শবান্ বায়ু, তথা নিত্যং বিভুঃ অন্তরিক্ষং আকাশং অমৃতং উৎপত্তি-বিনাশ রহিতমিত্যর্থঃ। তস্মাৎ "আকাশঃ সম্ভূতঃ" ইতি শ্রুতিস্তু গৌণী, ইতি আকাশো-নোৎপদ্যতে ॥৩॥

অথ নৈয়ায়িকাঃ পুনঃ আশঙ্ক্য সমাধানং কৃত্বা চ স্বপক্ষং দ্রঢ়য়ন্তি — যদি" ইত্যাদিনা। যদি কশ্চিৎ প্রতিবাদী বৈদিকাভিমানী এবং ব্রূয়াৎ, শেষমতিরোহিতার্থম্। তং বৈদিকাভিমানিনং প্রতি

ভাব হেতু একত্ব সিদ্ধি হয়, বিভু-সর্ব্বমূর্ত্তদ্রব্য সংযোগী। এইপ্রকার বৈশেষিক দর্শন সপ্তপদার্থী ভাষাপরিচ্ছেদ ও তর্কভাষাদি গ্রন্থ সকলেও নিরূপণ করিয়াছেন। আকাশে ছয়টি গুণ আছে—সংখ্যা পরম মহৎ-পরিমাণ এক পৃথকত্ব সংযোগ বিভাগ ও শব্দ। অতএব আকার বিরহ হেতু সর্ব্বমূর্ত্তদ্রব্য সংযোগী হেতু আকাশ উৎপন্ন হয় না।

অপর আকাশের কারণ সামগ্রীর বিরহ হেতু উৎপত্তির অভাব হয়। অর্থাৎ কারণ সামগ্রী বিদ্যমান থাকিলেই কার্য্যোৎপত্তি হইবে, সমবায়ি অসমবায়ি ও নিমিত্ত কারণ হইতে সকল উৎপন্ন হয়, এক জাতীয় অনেক পদার্থই দ্রব্যের আরম্ভক হয়, তাহা আকাশে সম্ভব নহে, কারণ আকাশ এক, পৃথিব্যাদি দ্রব্য হইতে বিলক্ষণ, বিভুত্বাদি লক্ষণ প্রযুক্ত আকাশের জন্যত্বাভাবের সিদ্ধি হইতেছে। অতএব আকাশ জাত হয় না ইহাই ভাবার্থ।

আরও অপৌরুষের শ্রুতি প্রমাণও তাহাই সিদ্ধ করিতেছেন—তাহা শ্রীমদ্ভাষ্যকার প্রভুপাদ বলিতেছেন শব্দাচ্চ ইতি। আকাশের অনুৎপত্তিত্ব বৃহদারণ্যক শ্রুতি সাধন করিতেছেন—বায়ু ও অন্তরীক্ষ অমৃত, সুতরাং তাহাদের উৎপত্তি নাই। অর্থাৎ রূপরহিত স্পর্শবান বায়ু, এবং নিত্য বিভু অন্তরিক্ষ আকাশ অমৃত উৎপত্তিবিনাশ রহিত ইহাই অর্থ। অতএব "আকাশঃ সম্ভূতঃ" এই শ্রুতিবাক্য গৌণ, কারণ আকাশ উৎপন্ন হয় না ॥৩॥

অনন্তর নৈয়ায়িকগণ পুনঃ আশঙ্কা করিয়া সমাধান করতঃ স্বপক্ষ দৃঢ় করিতেছেন যদি" ইত্যাদির দ্বারা। যদি কোন বৈদিকাভিমানী প্রতিবাদী এই প্রকার বলেন—একমাত্র "সম্ভূতঃ" এই

॥ওঁ॥ স্যাচ্চৈকস্য ব্রহ্মশব্দবৎ ॥ওঁ॥ ২।৩।২।৪॥

যথা ভৃগুবল্ল্যাং—(তৈ॰ ৩।২।১) "তপসা ব্রহ্ম বিজিজ্ঞাসস্ব তপো ব্রহ্ম" ইত্যেকস্মিন্নেব বাক্যে একস্যৈব ব্রহ্মশব্দস্য ব্রহ্মবিজ্ঞান সাধনে তপসি গৌণত্বং বিজ্ঞেয়ে, ব্রহ্মণি তু মুখ্যত্বমেবং "সম্ভূতঃ" শব্দস্যাপি স্যাৎ। তস্মাচ্ছান্দোগ্যাশ্রবণাদিতঃ ক্বাচিৎকী বিয়দুৎপত্তিশ্রুতি র্বাধ্যতে ॥৪॥

ভগবান্ শ্রীবাদরায়ণঃ—আহ - স্যাদিতি।

একস্য 'সম্ভূতঃ" শব্দস্য স্যাৎ চ' প্রকরণবিশেষে গৌণত্ব মুখ্যত্বে প্রয়োগৌ ভবেতাম্; ব্রহ্ম শব্দবদিতি' যথা ক্বচিৎ গৌণঃ প্রয়োগঃ ক্বচিৎ মুখ্যপ্রয়োগো ভবেৎ, তথা "সম্ভূতঃ" শব্দস্যাপি ক্বচিন্মুখ্যত্বং ক্বচিদ্‌গৌণত্বমিত্যর্থঃ।

অথ একস্য এব ব্রহ্মশব্দস্য উভয়বিধত্বং প্রমাণয়ন্তি—যথা ভৃগুবল্ল্যামিতি। ভৃগুবল্ল্যাং মন্ত্রমিদং তিষ্ঠতি ভাষ্যন্তু স্পষ্টম্। এবং মুণ্ডকে চ - ১ ১ ৯, তস্মাদেতং ব্রহ্ম নাম রূপমন্নঞ্চ জায়তে" অত্র ব্রহ্মশব্দঃ প্রধানে গৌণরূপেণ প্রযুক্তঃ, ব্রহ্মণি তু মুখ্যরূপেণ তদ্ বদিত্যর্থঃ। নিগময়ন্তি—তস্মাদিত্যাদিনা। বাধ্যতে—ছান্দোগ্যোক্ত্যা বিয়দুৎপত্তিঃ—গৌণী, অত আকাশো নোৎপদ্যতে ইতি শ্রীমৎকণভক—অক্ষপাদ পদানুজীবিনাং নৈয়ায়িকানাং রাদ্ধান্তঃ ॥৪॥

ইতি বিয়দুৎপত্ত্যধিকরণং দ্বিতীয়ং সমাপ্তম্ ॥২॥

শব্দটি অগ্নি প্রভৃতিতে অনুবর্ত্তমান হইয়া মুখ্য, এবং আকাশে কি প্রকারে গৌণ প্রয়োগ হইবে? তাহাদের প্রতি, অর্থাৎ সেই বৈদিকাভিমানির প্রতি ভগবান শ্রীবাদরায়ণ বলিতেছেন—স্যাদিতি। একটি মাত্র সম্ভূত শব্দের প্রকরণ বিশেষে গৌণ ও মুখ্য দুই প্রকার হয়, যেমন ব্রহ্ম শব্দের সমান। যেমন একটি মাত্র ব্রহ্মশব্দ কোথাও গৌণ প্রয়োগ এবং কোন স্থলে মুখ্য প্রয়োগ হয়, সেই প্রকার সম্ভূত শব্দও কোন স্থলে মুখ্য ও কোথাও গৌণ হয় ইহাই অর্থ।

অতঃপর একটি ব্রহ্মশব্দের উভয় বিধত্ব প্রমাণিত করিতেছেন - ভৃগুবল্ল্যামিত্যাদি। ভৃগু বল্লীতে এই মন্ত্রটি আছে—তপস্যার দ্বারা ব্রহ্মকে জিজ্ঞাসা করিবে, তপস্যাই ব্রহ্ম" এইস্থলে যেমন একটি বাক্যে একটি মাত্র ব্রহ্ম শব্দের ব্রহ্মবিজ্ঞান সাধন তপস্যায় গৌণ, কিন্তু বিজ্ঞেয় ব্রহ্মে মুখ্য প্রয়োগ হইয়াছে, এই প্রকার সম্ভূত হইয়াছে। এবং মুণ্ডকে বর্ণিত আছে—অতএব ব্রহ্ম নামরূপ ও অন্ন হইয়া জাত হইলেন।

এইস্থলে ব্রহ্মশব্দ প্রধানে গৌণরূপে প্রয়োগ হইয়াছে, কিন্তু ব্রহ্মে মুখ্যরূপে প্রয়োগ হইয়াছে সেই প্রকার। পূর্ব্বপক্ষের নিগমন করিতেছেন—তস্মাদিতি। অতএব ছান্দোগ্যোপনিষদে অশ্রবণ হেতু কোন কোন শ্রুতিতে যে আকাশের উৎপত্তি শ্রবণ করা যায় তাহা কাদাচিৎকী সুতরাং আকাশোৎপত্তি

৩॥ প্রতিজ্ঞাহান্যধিকরণম্

এবং প্রাপ্তৌ পুনঃ পরিহরতি—

॥ওঁ॥ প্রতিজ্ঞাহানিরব্যতিরেকাৎ ॥ওঁ॥ ২।৩।৩।৫॥

"যেনাশ্রুতং শ্রুতং ভবতি" (ছা° ৬।১।৩) ইত্যাদি ছান্দোগ্যশ্রুত্যা যা প্রতিজ্ঞা তস্যা অহানিঃ কৃৎস্নস্যার্থস্য ব্রহ্মাব্যতিরেকাৎ সম্পদ্যতে। ব্যতিরেকে তু সতি সা বিহীয়েতে এব। তদব্যতিরেকস্তু তদুপাদানকত্বনিবন্ধনঃ। তস্মাদেকবিজ্ঞানেন সর্ব্ববিজ্ঞানং প্রতিজ্ঞানন্ত্যা তয়া বিয়দুৎপত্তিরঙ্গীকৃতা ॥৫॥

৩॥ প্রতিজ্ঞাহান্যধিকরণম্।

শ্রীগোবিন্দাত্তু সর্ব্বেষাং সমুৎপত্তিরিতিশ্রুতিঃ।
তস্মাত্তস্য পদাম্ভোজং ভজ নিত্যসুখাপ্তয়ে॥

অথ পরমাণুকারণবাদিনাং নৈয়ায়িকানাং যৎ "আকাশো নোৎপদ্যতে" ইতি পূর্ব্বপক্ষং তৎ পরিহারায় ইদং প্রতিজ্ঞাহান্যধিকরণারম্ভঃ ইতি অধিকরণসঙ্গতিঃ। অথ নৈয়ায়িকানাং বিয়দনুৎপত্তিরিতি মতং নিরাকর্ত্তুং সূত্রমবতারয়তি ভগবান্ শ্রীবাদরায়ণঃ—প্রতিজ্ঞ" ইতি।

প্রতিজ্ঞা—"একবিজ্ঞানেন সর্ব্ববিজ্ঞানমিতি যা—

প্রতিজ্ঞা সা পরব্রহ্মণঃ সর্ব্ববিধকারণ স্বীকারে অহানিঃ, অহানিঃ স্যাৎ, অন্যথা তস্যাঃ প্রতিজ্ঞায়াঃ হানিঃ স্যাদিত্যর্থঃ। তথা অব্যতিরেকাৎ—কারণাৎ কার্য্যস্য অব্যতিরেকাৎ অনন্যাৎ, যদি পরব্রহ্মণঃ সকাশাৎ আকাশাদিকার্য্যাণাং ব্যতিরেকাভাবঃ স্যাৎ তদৈব সা প্রতিজ্ঞা সিদ্ধির্ভবতি অন্যথা ন সিদ্ধেদিত্যর্থঃ। "যেনাশ্রুতমিতি—যেন পরব্রহ্মণা শ্রবণেন অশ্রুতমপি সর্ব্বং শ্রুতং ভবতি, ইতি যা

শ্রুতি বাধা প্রাপ্ত হইতেছে। অর্থাৎ ছান্দোগ্যশ্রুতির দ্বারা আকাশোৎপত্তি গৌণ হইতেছেন, সুতরাং আকাশ উৎপন্ন হয় না, ইহাই শ্রীমৎকণাদ গৌতম চরণানুজীবি নৈয়ায়িক গণের সিদ্ধান্ত ॥৪॥

এই প্রকার বিয়দুৎপত্ত্যধিকরণ দ্বিতীয় সমাপ্ত ॥২॥

৩॥ প্রতিজ্ঞাহান্যধিকরণের ব্যাখ্যা।

শ্রীগোবিন্দদেব হইতে সকল বস্তুগণের সমুৎপত্তি হয়, শ্রুতি এই প্রকার বলেন, অতএব নিত্য সুখলাভের নিমিত্ত শ্রীগোবিন্দদেবের পদাম্ভোজ ভজনা কর। পরমাণু কারণবাদি নৈয়ায়িকগণের যে আকাশ জাত হয় না' এই পূর্ব্বপক্ষ তাহা পরিহারের নিমিত্ত এই প্রতিজ্ঞাহান্যধিকরণারম্ভ, এই প্রকার অধিকরণ সঙ্গতি। এইরূপ পূর্ব্বপক্ষ প্রাপ্তি হইলে পুন পরিহার করিতেছেন—অর্থাৎ নৈয়ায়িকগণের আকাশ অনুৎপত্তি, এই মত নিরাকরণ করিবার নিমিত্ত ভগবান শ্রীবাদয়ায়ণ সূত্রের অবতারণা করিতেছেন—প্রতিজ্ঞা ইত্যাদি। প্রতিজ্ঞা—'একবস্তু বিজ্ঞানের দ্বারা সকল পদার্থের জ্ঞান হয়, এইযে প্রতিজ্ঞা

॥ওঁ॥ শব্দেভ্যশ্চ ॥ওঁ॥ ২।৩।৩।৬॥

তথা শব্দেভ্যশ্চ (ছা০ ৬।২।১) "সদেব সৌম্যেদমগ্র আসীদেকমেবাদ্বিতীয়ম্" (ছা০ ৬।৭।৪) ঐতদাত্ম্যমিদং সর্ব্বম্" ইত্যাদিভিস্তদ্ গতেভ্যঃ প্রাক্সর্গাদেকত্বং পরত্র তাদাত্ম্যঞ্চ নিরূপয়দ্ভ্যঃ সা স্বীকার্য্যা ॥৬॥

প্রতিজ্ঞা সা ইতি। অন্যৎ সুগমম্। তথাচ—পরমকারণাৎ সর্ব্বেশ্বরাৎ শ্রীগোবিন্দদেবাৎ আকাশাদি ক্রমেণ সর্ব্বেষাং পদার্থানাং সমুৎপত্তিরিতি তয়া ছান্দোগ্যশ্রুত্যা অঙ্গীকৃতা , তস্মাৎ বিয়দুৎপদ্যতে" ইতি সর্ব্বাষাং শ্রুতীনাং সূত্রকারস্য চ সম্মতমিতি ॥৫॥

অথ শ্রুতিবাক্যৈরপি পরব্রহ্মণ এব আকাশাদীনাং উৎপত্তিরিতি নির্দ্ধারিতা – ইতি প্রতিপাদয়িতুং সূত্রয়তি ভগবান্ শ্রীবাদরায়ণঃ "শব্দেভ্যশ্চ" ইতি। তথা শব্দেভ্যঃ শ্রুতিবাক্যপ্রমাণেভ্য আকাশস্য উৎপত্তিঃ প্রতিপাদয়তি ইতি। সদেব" ইতি , ঐতদাত্ম্য" ইত্যাদি ছান্দোগ্যস্থেভ্যঃ বাক্যেভ্যঃ তাদত্ম্যং কার্য্যকারণাভেদং নিরূপয়দ্ভ্যঃ শব্দেভ্যঃ সা বিয়দুৎপত্তিঃ স্বীকার্য্যা, তস্মাৎ আকাশোৎপত্তিঃ যুক্তিসঙ্গতা, শ্রুতিসঙ্গতা চ॥ তথাচ মুণ্ডকোপনিষদি – ১।১।৩, তত্র শৌনকপ্রশ্নঃ—"কস্মিন্ নু ভগবো

তাহা পরব্রহ্মের সর্ব্ববিধকারণ স্বীকারে অহানি হইবে, অন্যথা সেই প্রতিজ্ঞার হানি হইবে, এবং অব্যতিরেক—কারণ হইতে কার্য্যের অব্যতিরেক বা অনন্যতা হেতু।

যদি পরব্রহ্মের সকাশ হইতে আকাশাদি কার্য্য সকলের ব্যতিরেকাভাব হয়, তাহা হইলেই সেই প্রতিজ্ঞা সিদ্ধি হইবে, অন্যথা সিদ্ধি হইবে না ইহাই অর্থ। "যাহা শ্রবণ করিলে অশ্রুত পদার্থও শ্রুত হয়" ইত্যাদি ছান্দোগ্য শ্রুতি বাক্যের দ্বারা যে প্রতিজ্ঞা তাহার অহানি সমগ্র পদার্থের ব্রহ্ম অব্যতিরেক হেতু সম্পাদিত হয়, ব্যতিরেক হইলে পরে সেই প্রতিজ্ঞা বিনষ্ট হইবেই। তাহা হইতে অব্যতিরেক অর্থাৎ তদুপাদানকত্ব নিবন্ধন।

অতএব এক বিজ্ঞানের দ্বারা সর্ব্ববিজ্ঞান হয় এই প্রকার প্রতিজ্ঞা করিয়াই ছান্দোগ্যশ্রুতি আকাশের উৎপত্তি অঙ্গীকার করিয়াছেন। অর্থাৎ পরমকারণ সর্ব্বেশ্বর শ্রীগোবিন্দদেব হইতে আকাশাদি ক্রমপূর্ব্বক সকল পদার্থগণের সমুৎপত্তি হইয়াছে— ইহা শ্রীসূত্রকার ছান্দোগ্যশ্রুতি বাক্য দ্বারা অঙ্গীকার করিয়াছেন, অতএব 'আকাশজাত হয়, ইহা সমস্ত শ্রুতিগণের ও শ্রীসূত্রকারের অভিমত ইহাই অর্থ ॥৫॥

অথ শ্রুতিবাক্যের দ্বারাও পরব্রহ্ম হইতেই আকাশাদি সকলের উৎপত্তি নির্দ্ধারিত হইয়াছে ইহা প্রতিপাদন করিবার নিমিত্ত ভগবান শ্রীবাদরায়ণ সূত্র করিতেছেন—শব্দেভ্যঃ' ইত্যাদি। তথা শব্দেভ্যঃ – শ্রুতিবাক্য প্রমাণ সমূহ হইতেও আকাশের উৎপত্তি প্রতিপাদন করিতেছেন। সেই শব্দ সকল এই প্রকার – হে সৌম্য! সৃষ্টির অগ্রে এই সংস্বরূপ পরব্রহ্মই একমাত্র অদ্বিতীয়রূপে ছিলেন।

ননু বাচকাভাবাৎ কথমত্র সা বক্তুং শক্যা, তত্রাহ—

॥ওঁ॥ যাবদ্বিকারন্তু বিভাগো লোকবৎ ॥ওঁ॥ ২৩।৩।৭॥

তু শব্দ শঙ্কা প্রহাণায়। "ঐতদাত্ম্যমিদং সর্ব্বম্" (ছা০ ৬।৯।৪) ইত্যত্র যাবদ্বিকারং বিভাগো নিরূপিতঃ।

প্রধান মহাদাদয়ো যাবন্তো বিকারাঃ সুবালাদি শ্রুত্যন্তরোক্তাঃ তেষাং সর্ব্বেষামেব বিভাগস্তয়াপি বোধিত ইত্যর্থঃ। বিভাগ উৎপত্তিঃ। দৃষ্টান্তমাহ - লোকেতি ।

বিজ্ঞাতে সর্ব্বমিদং বিজ্ঞাতং ভবতীতি" ইতি অত্রোত্তরম্—২।১।৩, "দিব্যো হ্যমূর্ত্তঃ পুরুষ." ইত্যুপক্রম্য এতস্মাজ্জায়তে প্রাণো মনঃ সর্ব্বেন্দ্রিয়াণি চ। খং বায়ুর্জ্যোতিরাপঃ পৃথিবী বিশ্বস্য ধারিণী॥ ইতি বিয়দুৎপত্তির্দর্শিতা ॥৬॥

ননু ভবতু শব্দান্তরেভ্যঃ তস্যোৎপত্তিঃ অত্র ছান্দোগ্যে তন্নাস্তি, ইতি শঙ্কামবতারয়ন্তি—ননু" ইত্যাদিনা। ইতি শঙ্কায়াং সূত্রমবতারয়তি ভগবান্ শ্রীবাদরায়ণঃ— যাবদ্ ইতি। যাবদ্ বিকারং' ইতি —যাবন্তো প্রধান মহদাদয়ো বিকারাঃ তেষাং সর্ব্বেষাং বিভাগ উৎপত্তিঃ ছান্দোগ্যশ্রুত্যাপি বোধিতঃ; যথা লোকবদিতি। "তু শব্দঃ" ইত্যারভ্য—গম্যেতি" ইত্যন্তং—প্রকটার্থম্। যথাচ—যাবান্ বিভাগঃ তাবানেব বিকারঃ, ন বিকার রহিতং কিঞ্চিদ্ বিভক্তমুপলভ্যতে; আকাশস্য পৃথিব্যাদিভ্যো বিভাগঃ শ্রবণাৎ সোঽপি বিকারো ভবিতুমর্হতি' ইতি।

ননু আকাশাদিভ্য আত্মাপি বিভক্তঃ পদার্থঃ, তস্য কার্য্যত্বাৎ সোঽপি বিকারী ভবতু; ইতি

এই সকল পদার্থ আত্মাস্বরূপ, ইত্যাদি ছান্দোগ্যগত বাক্য সকল হইতে সৃষ্টির পূর্ব্বে একত্ব ও পরত্রে তাদাত্ম্য নিরূপণ হেতু আকাশের উৎপত্তি স্বীকার করিতে হইবে।

অর্থাৎ 'সদেব' ও ঐতদাত্ম্য" ইত্যাদি ছান্দোগ্যস্থিত বাক্য হইতে তাদাত্ম্য কার্য্য কারণের অভেদ নিরূপণ কারি শব্দ হইতে বিয়দুৎপত্তি স্বীকৃত হইয়াছে। অতএব আকাশোৎপত্তি যুক্তি সঙ্গত ও শ্রুতি সঙ্গত। মুণ্ডকোপনিষদে বর্ণিত আছে—শৌনক প্রশ্ন করিলেন - হে ভগবন্! কাহাকে জানিলে এই সকল পদার্থের বিজ্ঞান হয়? উত্তর 'দিব্য অমূর্ত্ত পুরুষ' এই প্রকার উপক্রম করিয়া বলিলেন—এই দিব্য পুরুষ হইতে প্রাণ মনঃ ইন্দ্রিয় সকল এবং আকাশ বায়ু তেজ জল বিশ্বধারিণী পৃথিবী জাত হয়, এই প্রমাণ দ্বারা আকাশের উৎপত্তি প্রদর্শিত হইল ॥৬॥

শঙ্কা - আমরা (নৈয়ায়িক) বলিব—শব্দান্তর হইতে আকাশের উৎপত্তি হউক, কিন্তু ছান্দোগ্যোপণিষদে তাহা নাই, এই প্রকার শঙ্কার অবতারণা করিতেছেন—ননু ইত্যাদির দ্বারা। ছান্দোগ্যে বাচকাভাব হেতু কি প্রকারে আকাশের উৎপত্তি বলিতে সমর্থ হইবেন? উত্তর এই প্রকার শঙ্কা হইলে ভগবান্ শ্রীবাদরায়ণ সূত্রের অবতারণা করিতেছে—যাবৎ ইতি।

লোকে যথা "এতে সর্ব্বে চৈত্রাত্মজাঃ ইত্যুক্তে। তেষু কেষাঞ্চিদেব চৈত্রাদুৎপত্তৌ কীর্ত্তিতায়াং তস্মাদেব সর্ব্বেষামুৎপত্তি র্বিদিতা স্যাৎ তথা ইহাপি, "ঐতদাত্ম্যমিদং সর্ব্বম্" (ছা. ৬।৯।৪)ইত্যনেন সর্ব্বাণিপ্রধান মহদাদীনি তত্ত্বানিসদুৎপন্নাণি উক্তে। তেষু তেজোঽবন্নানাং সত উৎপত্তৌ কীর্ত্তিতায়াং সর্ব্বেষাং তেষাং তস্মাদুৎপত্তির্ব্বিদিতা ভবতীতিতথাচ বাচকাভাবেঽপ্যার্থিকী বিয়দুৎপত্তিরত্রগম্যেতি।

যত্তু "গৌণ্যসম্ভবাচ্ছব্দাচ্চ" (ব্র. সূ. ২।৩।২।৩) ইত্যুক্তং তন্ন, অচিন্ত্যশক্তেরুৎ-

---

চেৎ ন ; অনবস্থাদোষ প্রসঙ্গাৎ। তথাচ—আত্মনঃ কার্য্যত্বে তস্য কারণং বক্তব্যম্ , এবং ক্রমেণ কারণ-পরম্পরা নির্ণয়াভাবাৎ সুতরামেব অনবস্থা প্রাপ্তিঃ। অপি চ শুন্যবাদমপি প্রসজ্যেত। তস্মাৎ পরব্রহ্মণঃ কার্য্যং বিয়দিত্যর্থঃ। তথাচ শ্রীমাধ্বভাষ্যধৃত বৃহৎসংহিতা বচনম্—একোঽবিভক্তঃ পরমপুরুষো বিষ্ণুরুচ্যতে। প্রকৃতিঃ পুরুষঃ কালস্ত্রয় এতে বিভাগতঃ॥ চতুর্থস্তু মহান্ প্রোক্তঃ পঞ্চমাহঙ্কৃতির্ম্মতা। তদ্ বিভাগেন জায়ন্ত আকাশাদ্যাঃ পৃথক্ পৃথক্॥ যো বিভাগী বিকারঃ স, মোহবিকারঃ পরো হরিঃ। অবিভাগাৎ পরানন্দো নিত্যোনিত্যগুণাত্মকঃ॥ বিভাগোঽল্পশক্তিস্থান্ন তদস্তি জনার্দ্দনে॥ ইতি।

নন্নু তথাত্বে "গৌণ্যসম্ভবাচ্ছব্দাচ্চ" (২।৩।২।৩) ইতি সূত্রস্য কা গতি র্ভবেৎ ইতি চেৎ তত্রাহুঃ —যত্তু" ইত্যাদিনা। অতর্ক্যসহস্রশক্তিমতঃ পরব্রহ্মণঃ শ্রীগোবিন্দদেবস্য স্বীয়াচিন্ত্যশক্তেরেব উৎপাদক

যাবদ্ বিকার যাবৎ প্রধান মহদাদি বিকার সকল আছে সেই সকলের বিভাগ উৎপত্তি ছান্দোগ্যোপনিষদেও বোধ করায়, যেমন লোকবৎ-লৌকিক দৃষ্টান্ত। সূত্র যে তুশব্দ আছে তাহা শঙ্কা প্রহানির নিমিত্ত। এই সকল পদার্থ ই আত্মা স্বরূপ' এইস্থলে যাবৎ বিকারী পদার্থ সকল বিভাগ উৎপত্তিমান নিরূপণ করিয়াছেন, প্রধান মহদাদি যাবৎ পদার্থকে বিকারী সুবালাদি শ্রুতি শ্রুত্যন্তরে বর্ণনা করিয়াছেন, সেই সকল পদার্থেরই উৎপত্তি ছান্দোগ্য শ্রুতিও নিরূপণ করিয়াছেন ইহাই অর্থ। বিভাগ অর্থাৎ উৎপত্তি।

এই বিষয়ে লৌকিক দৃষ্টান্ত বলিতেছেন লোকেত্তি। এই লোকে যেমন 'ইহারা সকলে চৈত্রের পুত্র" এই বলিয়া কয়েক মাত্র বালকের চৈত্র হইতে উৎপত্তি কীর্ত্তন করিলেও চৈত্র হইতেই সকলের উৎপত্তি বিদিত হয় সেই প্রকার এই স্থলেও বুঝিতে হইবে। 'এই সকল পদার্থ ই আত্মা স্বরূপ' এইবাক্যের দ্বারা প্রধান মহদাদি তত্ত্ব সকলের সৎ হইতে উৎত্তি বর্ণনা করিয়া তন্মধ্যে তেজ জল অন্ন সকলের সৎ হইতে উৎপত্তি কীর্ত্তিত হইলেই সকল পদার্থের সৎ হইতে উৎপত্তি বিদিত হইতেছে। সুতরাং সাক্ষাৎ বাচকাভাব থাকিলেও অর্থের দ্বারা আকাশোৎপত্তি বোধ হইতেছে। অর্থাৎ যে পর্য্যন্ত বিভাগ সেই পর্য্যন্ত বিকার রহিত কোন বিভক্ত বস্তু উপলব্ধ হয় না, আকাশের পৃথিব্যাদি হইতে বিভাগ শ্রবণ হেতু আকাশও বিকার হইবার যোগ্য হয়।

পাদকসামগ্র্যাঃ শ্রবণাৎ। অমৃতত্বং ত্বাপেক্ষিকমেব (বৃ॰ ২।৩।৩) উৎপত্তি বিনাশ শ্রবণাৎ। এবমনুমানাচ্চ তস্যোৎপত্তিবিনাশৌ নিশ্চিনুমঃ। "বিয়দুৎপদ্যতে ভূতত্বাদ্বিনশ্যতি চানিত্যগুণাশ্রয়ত্বাদগ্নিবৎ" ইত্যুভয়ত্রাম্বয়দৃষ্টান্তঃ।

সামগ্রীত্বমিতি। প্রতিপাদিতঞ্চ—"সর্ব্বোপেতা চ তদ্দর্শনাৎ" ইতি সূত্রে ভাষ্যে চ। (২।১।৯৩০)

নন্বু তথাত্বে চ আকাশস্য অমৃতত্বং কথং সঙ্গস্থতে? তত্রাহুঃ—অমৃতত্বমিত্যাদিনা। "অমৃতা দিবৌকসঃ" ইতিবৎ কল্পকালস্থায়িত্বাভিপ্রায়েণ ইত্যর্থঃ।

নন্বু তথাপি—স্যাচ্চ একস্য ব্রহ্মশব্দবৎ" ইতি (২৩।২।৪ সূত্রস্য কিমুত্তরম্? ইত্যপেক্ষায়ামাহুঃ—এতেন" ইতি। এতেন অনুমানেন আকাশস্য নিত্যত্ব-বিভুত্বাদিকং নিরস্তং বেদিতব্যম্।

যদি বলেন-আকাশাদি হইতে আত্মাও বিভক্ত পদার্থ, অতএব কার্য্য হওয়া হেতু সেও বিকারী হউক? আপনারা এই কথা বলিতে পারেন না, তাহাতে অনবস্থাদোষ প্রসঙ্গ হইবে, তাহা এই প্রকার আত্মা যদি কার্য্য হয়, তবে তাহার কারণ বলিতে হইবে এই ক্রমদ্বারা কারণ পরম্পরা নির্ণয়ের অভাব হেতু অবশ্যই অনবস্থাদোষ প্রাপ্তি হইবে। অপর তাহাতে শূন্যবাদ প্রসঙ্গও উপস্থিত হইবে। অতএব পরব্রহ্মের কার্য্য আকাশ ইহাই অর্থ।

এই বিষয়ে শ্রীমাধ্বভাষ্যধৃত বৃহৎসংহিতা বাক্য এই প্রকার-এক অবিভক্ত পরম পুরুষকে বিষ্ণুবলা হয়, প্রকৃতি পুরুষ ও কাল এই তিনটি বিভাগ হইতে জাত হয়, চতুর্থ মহান্ পঞ্চমবস্তুকে অহঙ্কার বলে, এই অহঙ্কার বিভাগ হেতু আকাশাদি পৃথক পৃথক জাত হয়, যে বিভাগী সে বিকারী হয়, কিন্তু সেই শ্রীহরি অবিকারী অবিভাগ হেতু পরমানন্দময়, নিত্য, এবং নিত্যগুণাত্মক, বিভাগ অল্প শক্তি যুক্ত হয় তাহা শ্রীজনার্দ্দনে নাই। যদি বলেন-বিয়দুৎপত্তি স্বীকার করিলে গৌণী অসম্ভব হেতু" এই সূত্রের কি গতি হইবে? তদুত্তর বলিতেছেন যক্তু' ইত্যাদি। আপনারা যে গৌণী সম্ভব নহে' ইত্যাদি বলিয়াছেন, তাহা যুক্তি সঙ্গত নহে, অচিন্ত্য শক্তির আকাশাদি উৎপাদক সামগ্রী আছে তাহা শাস্ত্রে শ্রবণ করাযায়, অতএব অতর্ক্য সহস্র শক্তিই সকলের উৎপাদক সামগ্রী, তাহা 'সর্ব্বোপেতা" সূত্রে ও ভাষ্যে প্রতিপাদন করা হইয়াছে। যদি বলেন-তাহাতে আকাশ অমৃত' এই বাক্যের সঙ্গতি কি প্রকারে হইবে? তদুত্তরে বলিতেছেন-অমৃতত্বম্" ইত্যাদি। আকাশের অমৃতত্ব আপেক্ষিক মাত্র, কারণ তাহার উৎপত্তি ও বিনাশ শ্রবণ করা যায়, অর্থাৎ দেবতাগণ অমর এই প্রকার কল্পকাল স্থায়ী বলিয়াই অমৃত বা অমর বলা হইয়াছে ইহাই অর্থ। এই প্রকার অনুমানের দ্বারা ও আকাশের উৎপত্তি বিনাশ নিশ্চয় করিব, "আকাশ উৎপন্ন হয়, ভূতদ্রব্য হওয়া হেতু, বিনষ্টও হয় অনিত্য গুণের আশ্রয় হেতু, যেমন অগ্নি" ইহা অন্বয় দৃষ্টান্ত। যাহা নয় তাহা এই প্রকার নহে, যেমন আত্মা" ইহা ব্যতিরেক যদি বলেন তথাপি স্যাচ্চ একস্য" এই সূত্রের উত্তর কি? এই অপেক্ষায় বলিতেছেন—এতেন' ইত্যাদি।

"যস্মৈবং তস্মৈবং যথাত্মা" ইত্যুভয়ত্র ব্যতিরেকদৃষ্টান্তশ্চ। এতেন "স্যাচ্চৈকস্যে-ত্যপি নিরস্তম্।" (ব্র০ সূ০ ২।৩।২।৪) তস্মান্নব্যো ন ব্যোমজন্মাভ্যুপগমঃ ॥৭॥

৪। মাতরিশ্বাধিকরণম্

বায়ৌ পূর্ব্বোক্তমর্থমতিদিশতি—

॥ওঁ॥ এতেন মাতরিশ্বা ব্যাখ্যাতঃ ॥ওঁ॥ ২।৩।৪।৮॥

সঙ্গতিঃ – অথ প্রতিজ্ঞাহান্যধিকরণস্য সঙ্গতিপ্রকারমাহুঃ—তস্মাৎ" ইতি। তস্মাৎ সর্ব্বত্র শ্রুতিবাক্যেষু আকাশোৎপত্তি শ্রবণাৎ নব্যঃ নবীনঃ ন ব্যোমজন্মঃ কিন্তু সর্ব্ব শ্রুতি–পুরাণাদিসিদ্ধ এব ইত্যর্থঃ। অবিচিন্ত্যমহাশক্তেরাশ্রয়াৎ সর্ব্বকারণাৎ। সর্ব্বমুৎপদ্যতে তস্মাদাকাশোঽপি তথা স্মৃতঃ॥ যস্মিন্নাকাশ ওতশ্চ প্রোতশ্চেতি শ্রুতীরীতা। অম্বরান্তধৃতেশ্চাসৌ গোবিন্দঃ সর্ব্বকারণম্ ॥৭॥

ইতি প্রতিজ্ঞাহান্যধিকরণং তৃতীয়ং সমাপ্তম্ ॥৩॥

৪॥ মাতরিশ্বাধিকরণম্।

বায়ুশ্চজায়তে তস্মাৎ যস্মাৎ সর্ব্বমজায়ত।
তং সর্ব্বজনকং দেবং শ্রীগোবিন্দমহং ভজে॥

নন্বু ভবতু আকাশস্য কার্য্যত্বং জন্যত্বাৎ, ন তু তথা বায়ুঃ, তস্য অমৃতত্বশ্রবণাৎ' ইতি শঙ্কা বিনাশায় মাতরিশ্বাধিকরণারম্ভঃ" ইতি অধিকরণসঙ্গতিঃ।

অনুমানের দ্বারা বা এই সিদ্ধান্তের দ্বারা 'স্যাচ্চৈকস্য' সূত্রে যে পূর্ব্বপক্ষ করা হইয়াছে তাহাও নিরস্ত অর্থাৎ আকাশের নিত্যত্ব বিভুত্বাদি নিরস্ত হইল জানিতে হইবে।

সঙ্গতি অনন্তর প্রতিজ্ঞাহান্যধিকরণের সঙ্গতি প্রকার বলিতেছেন-তস্মাৎ' ইত্যাদি। অতএব ব্যোম জন্মাভ্যুপগম নব্য নহে। অর্থাৎ সর্ব্বত্র শ্রুতিবাক্য সকলে আকাশের উৎপত্তি শ্রবণ হেতু আকাশের জন্ম স্বীকার করা নবীন মত নহে, কিন্তু সকল শ্রুতি পুরাণাদি সিদ্ধ ইহাই অর্থ। অবিচিন্ত্য মহাশক্তির পরমাশ্রয় সর্ব্বকারণ শ্রীগোবিন্দদেব হইতে সকলের উৎপত্তি হয়, অতএব তাঁহা হইতে আকাশ ও উৎপন্ন হয় জানিতে হইবে।

শ্রুতিগণ বলেন-যাহাতে আকাশ ওতঃ প্রোত ভাবে বিদ্যমান আছে, যিনি আকাশ পর্য্যন্ত সর্ব্ব ধারক এই শ্রীগোবিন্দদেবই সর্ব্ব কারণ হয়েন ॥৭॥

এই প্রকার প্রতিজ্ঞাহান্যধিকরণ তৃতীয় সমাপ্ত ॥৩॥

৪॥ মাতরিশ্বাধিকরণের ব্যাখ্যা।

যাহা হইতে সকল পদার্থজাত হয় তাহা হইতে বায়ুও জাত হয়, সেই সর্ব্বজনক ক্রীড়াশীল শ্রীগোবিন্দদেবকে আমি ভজনাকরি। যদি বলেন আকাশ জন্য পদার্থ হেতু কার্য্য হউক, কিন্তু বায়ু

এতেন বিয়জ্জন্ম ব্যাখ্যানেন "মাতরিশ্বা" তদাশ্রিতো বায়ুরপি কার্য্যতয়োক্ত ইত্যর্থঃ। ইহাপ্যেবমঙ্গানি বোধ্যানি। বায়ুর্নোৎপদ্যতে ছান্দোগ্যেঽনুক্তেঃ।

অস্ত্যুৎপত্তিঃ "আকাশাদ্বায়ু" (তৈ০ ৩।১) ইত্যুক্তেঃ, তৈত্তিরীয়কে। গৌণ্যুৎপত্তির মৃতত্বং শ্রুতেঃ।

"প্রতিজ্ঞানুপরোধাৎ" (ব্র০ সূ০ ১।৪।৭।২৩) "ঐতদাত্ম্যমিদং সর্ব্বম্" (ছা০ ৬।৯।৪) ইতি সর্ব্বেষাং ব্রহ্মকার্য্যত্বোক্তেশ্চ। ছান্দোগ্যেঽপি বায়োরুৎপত্তির্ব্বোধ্যা ইতি সিদ্ধান্তঃ।

বিষয়ঃ—অথ মাতরিশ্বাধিকরণস্য বিষয়বাক্য সংগ্রহঃ—তথাহি ছান্দোগ্যে—৬।২।১, "সদেব সৌম্য ইদমগ্র আসীৎ" ইত্যুপক্রম্য—"তত্তেজোঽসৃজত" (৬।২।৩) ইতি তেজোঽবন্নানাং সমুৎপত্তিঃ নিরূপিতম্। ইতি বিষয়বাক্যম্।

সংশয়ঃ ইতি বিষয় বাক্যে ভবতি সন্দেহঃ, মাতরিশ্বা উৎপদ্যতে? অথবা নোৎপদ্যতে? ইতি সংশয়বাক্যম্।

পূর্ব্বপক্ষঃ—ছান্দোগ্যবাক্যে বায়োরুৎপত্ত্যভাবাৎ নোৎপদ্যতে ইত্যর্থঃ। ইত্যাদিস্তু অতিদেশঃ; "অন্যতুল্যত্ব বিধানমতিদেশঃ" ইতি। অস্য মাতরিশ্বাধিকরণস্য বিয়দধিকরণ (২।৩।১) তুল্যত্ব বিধানাৎ অতিদেশঃ; অতিদেশত্বাদস্য অধিকরণস্য পৃথক্ সঙ্গত্যপেক্ষা নাস্তীতি প্রতিপাদয়িতুং অবতারয়তি—বায়ৌ" ইত্যাদি। তস্মাদত্রাপি পূর্ব্ববদ্ বোদ্ধব্যমিত্যর্থঃ। ইত্যেবং পূর্ব্বপক্ষে প্রাপ্তে সিদ্ধান্ত সূত্রমবতারয়তি ভগবান্ শ্রীবাদরায়ণঃ—"এতেন" ইতি। এতেন আকাশজন্ম ব্যাখ্যানেন মাতরিশ্বা

সেই প্রকার নহে, কারণ শ্রুতি পবনকে অমৃত বলিয়াছে, এই শঙ্কা বিনাশের নিমিত্ত মাতরিশ্বাধিকরণারম্ভ 'এই প্রকার অধিকরণ সঙ্গিত।

বিষয়—এই মাতরিশ্বাধিকরণের বিষয় বাক্য সংগ্রহ ছান্দোগ্যে বর্ণিত আছে সৌম্য! অগ্রে সতই ছিল, সে তেজ সৃষ্টি করিল, এই রূপে তেজজল ও অন্ন সৃষ্টি নিরূপণ করিলেন, ইহা বিষয়বাক্য।

সংশয় এই বিষয় বাক্যে সন্দেহ হয় মাতরিশ্বা উৎপন্ন হয়? অথবা উৎপন্ন হয় না ইহা সন্দেহ বাক্য।

পূর্ব্বপক্ষ ছান্দোগ্য বাক্যে বায়ুর উৎপত্তি অভাব হেতু তাহার উৎপত্তি হয় না, ইত্যাদি বাক্য অতিদেশ, অন্যের তুল্যতা বিধানের নাম অতিদেশ' এইমাতরিশ্বাধিকরণের বিয়দধিকরণের তুল্যতা বিধান হেতু অতিদেশ, অতিদেশ হওয়া হেতু এই অধিকরণের পৃথক সঙ্গতির অপেক্ষা নাই ইহা প্রতিপাদন করিবার নিমিত্ত অবতারণা করিতেছেন বায়ৌ ইত্যাদি। বায়ুতে পূর্ব্বোক্ত অর্থের অতিদেশ করিতেছেন অতএব এইস্থলেও পূর্ব্বের ন্যায় বুঝিতে হইবে।

সিদ্ধান্ত এইপ্রকার পূর্ব্বপক্ষ প্রাপ্ত হইলে ভগবান শ্রীবাদরায়ণ সিদ্ধান্ত সূত্রের অবতারণা

অমৃতত্বন্ত্বাপেক্ষিকমিত্যুক্তম্। যোগবিভাগস্তেজঃ সূত্রে মাতরিশ্বা পরামর্শার্থঃ ॥৮॥

৫॥ অসম্ভবাধিকরণম্

অথ "সদেবসোম্যেদম্" (ছা॰ ৬।২।১) ইত্যাদৌ সন্দেহানন্তরম্ সদ্ ব্রহ্মাপ্যুৎপদ্যতে? নবেতি। কারণানামপি প্রধান মহাদাদীনামুৎপত্ত্যভিধানাৎ, সদপ্যুৎপদ্যতে, তস্যাপি কারণত্বা-বিশেষাৎ। ইত্যেবং প্রাপ্তৌ —

ব্যাখ্যাতা কার্য্যতয়া উক্তা ইত্যর্থঃ। ইহাপি ইতি — ইহ মাতরিশ্বাধিকরণেঽপি বিয়দধিকরণবদঙ্গানি বোদ্ধ্যানি। ভাষ্যন্তু প্রকটার্থম্।

তথাচ — শ্রীভাগবতে - ২।৫।২৬, নভসোঽথ বিকুর্ব্বাণাদভূৎ স্পর্শগুণোঽনিলঃ। ইতি যোগঃ" ইতি — "তেজোঽতস্তথা হ্যাহ" (২।৩।৬।১০) ইতি সূত্রে মাতরিশ্বা পরামর্শাৎ সূত্রমিদং বিয়দধিকরণাৎ পৃথক্ কৃতমিত্যর্থঃ ॥৮॥

ইতি মাতরিশ্বাধিকরণং চতুর্থং সম্পূর্ণম্ ॥৪॥

৫॥ অসম্ভবাধিকরণম্।

ন হি সতঃ সমুৎপত্তির্দৃশ্যতে শ্রূয়তেঽপি বা।
স আকাশ-পৃথিব্যাদেঃ সর্ব্বস্য কারণং পরম্ ॥

করিতেছেন-এতেন' ইত্যাদি। এতদ্দ্বারা আকাশ জন্ম ব্যাখ্যানের দ্বারা মাতরিশ্বা ব্যাখ্য অর্থাৎ কার্য্য রূপে কথিত হইয়াছে, ইহাই অর্থ। এই গগন জন্ম ব্যাখ্যানের দ্বারা মাতরিশ্বা তদাশ্রিত পবনও কার্য্যরূপে কথিত হইল। এই স্থলেও অঙ্গ সকল জানিতে হইবে, অর্থাৎ এই মাতরিশ্বাধিকরণেও বিয়দধিকরণবৎ অঙ্গ সকল জানিতে হইবে।

তাহা এই প্রকার বায়ু উৎপন্ন হয় না কারণ ছান্দোগ্যে কথিত হয় নাই, উৎপত্তি আছে" আকাশ হইতে বায়ু তৈত্তিরীয়কে এই প্রকার উক্ত হইয়াছে, এই উৎপত্তি গৌণী, শ্রুতি তাহাকে অমৃত বলিয়াছে। "প্রতিজ্ঞা অনুপরোধ হেতু" এই সকলই আত্মা স্বরূপ' এই প্রমাণে সকল পদার্থের ব্রহ্ম কার্য্যতা কথিত হইয়াছে, সুতরাং ছান্দোগ্যেও বায়ুর উৎপত্তি কথিত হইয়াছে জানিতে হইবে ইহাই সিদ্ধান্ত। বায়ুর অমৃতত্ব আপেক্ষিক মাত্র। শ্রীভাগবতে বর্ণিত আছে আকাশ বিকার প্রাপ্ত হইয়া স্পর্শগুণ যুক্ত অনিল হয়। যোগ বিভাগ স্তেজ সূত্রে মাতরিশ্বা পরামর্শের নিমিত্ত, যোগ অর্থাৎ "তেজোঽতস্তথাহ্যাহ" এই সূত্রে মাতরিশ্বা পরামর্শ হেতু এই সূত্র বিয়দধিকরণ হইতে পৃথক করা হইয়াছে ইহাই অর্থ ॥৮॥

এই প্রকার মাতরিশ্বাধিকরণ চতুর্থ সমাপ্ত ॥৪॥

ওঁ অসম্ভবস্তু সতোঽনুপপত্তেঃ ॥ওঁ॥ ২।৩।৫।৯॥

তু শব্দঃ শঙ্কাচ্ছেদে, নিশ্চয়ে বা। সতো ব্রহ্মণঃ সম্ভব উৎপত্তির্নৈবাস্তি। কুতঃ ?

অথ বিয়দধিকরণে মাতরিশ্বাধিকরণে চ আকাশ পবনয়োরুৎপত্তির্নিরূপিতা ; অথ যস্মাৎ এতৌ উৎপদ্যেতে তস্য উৎপত্তিরস্তি ? নাস্তি বা ? ইতি আশঙ্কায়াং সর্ব্বোৎপাদকস্য পরব্রহ্মণঃ কোঽপি উৎপাদকো নাস্তি' ইতি প্রতিপাদনায় অসম্ভবাধিকরণারম্ভঃ ; ইত্যধিকরণ সঙ্গতিঃ।

বিষয়ঃ—অথ অসম্ভবাধিকরণস্য বিষয়বাক্যসংগ্রহঃ—তথাহি ছান্দোগ্যে—৬ ২ ১, "অসদেবেদমগ্র আসীদেকমেবাদ্বিতীয়ং তস্মাৎ অসতঃ সজ্জায়ত" ইতি। "সদেবেতি" ইদং সন্দেহম্—পূর্ব্বমসম্ভাবিতোৎপত্তিকয়োরপি বিয়ৎপবনয়োঃ "তস্মাদ্ বা এতস্মাদাত্মন আকাশঃ সম্ভূতঃ, আকাশাদ্ বায়ুঃ" ইতি ; (তৈ০ ২।১।৩) শ্রুতিবলাৎ উৎপত্তিরুক্তা ; তথা "জাতো ভবসি বিশ্বতোমুখঃ" ইতি শ্রুত্যা সদপি উৎপদ্যতে।

তথাচ—ব্রহ্মাপি উৎপদ্যতে সহেতুত্বাৎ আকাশবৎ" ইত্যনুমানেন ব্রহ্মণোঽপি কুতশ্চিদ্ধেতোরুৎপত্তিরস্তি" ইতি সন্দেহম। ইতি বিষয়বাক্যম্।

সংশয়ঃ—অস্মিন্ বিষয়বাক্যে ভবতি সংশয়ঃ সদিতি। যৎ সর্ব্বেষাং কারণং তস্য উৎপত্তিরস্তি ? ন বা ইতি সংশয় বাক্যম্।

৫॥ অসম্ভবাধিকরণের ব্যাখ্যা

সতের উৎপত্তি কোন শাস্ত্রে দেখাও যায় না, এবং শুনাও যায় না, কিন্তু সেই সৎ আকাশাদি পৃথিবী প্রভৃতি সকলের পরম কারণ।

অতঃপর বিয়দধিকরণে ও মাতরিশ্বাধিকরণে আকাশ ও পবনের উৎপত্তি নিরূপণ করা হইল, যাহা হইতে এই দুইটি উৎপন্ন হয় তাহার উৎপত্তি আছে ? অথবা নাই ? এই প্রকার আশঙ্কা হইলে 'সর্ব্বোৎপাদক পর ব্রহ্মের কেহ উৎপাদক নাই' ইহা প্রতিপাদন করিবার নিমিত্ত অসম্ভবাধিকরণারম্ভ ইহাই অধিকরণ সঙ্গতি।

বিষয়—এই অসম্ভবাধিকরণের বিষয়বাক্য সংগ্রহ এই প্রকার ছান্দোগ্যোপনিষদে বর্ণিত আছে-সৃষ্টির অগ্রে একমাত্র অদ্বিতীয় অসতই ছিল' সেই অসৎ হইতে সৎ জাত হয়। 'সদেব সৌম্য' এই শ্রুতি বাক্যে অন্য প্রকার সন্দেহ হইতেছে-পূর্ব্বে যাহাদের কোন প্রকার উৎপত্তির সম্ভাবনা ছিল না সেই গগন ও পবনের সেই এই আত্মা হইতে আকাশ জাত হয় তাহা হইতে বায়ু" এই শ্রুতি বলে উৎপত্তি বর্ণনা করিলেন। সেই প্রকার হে বিশ্বতোমুখ! তুমি জাত হও' এই শ্রুতিবলে সতও উৎপন্ন হয়। অর্থাৎ ব্রহ্মও উৎপন্ন হয়, সহেতু হওয়ার জন্য, যেমন আকাশ, এই অনুমানের দ্বারা ব্রহ্মেরও কোন কারণ হইতে উৎপত্তি আছে ইহাই সন্দেহ, এই প্রকার বিষয় বাক্য।

অনুপপত্তেঃ। হেতুবিরহিণস্তস্য তদযোগাদিত্যর্থঃ। অত এবং শ্রুতিরাহ "স কারণং করণাধিপাধিপো ন চাস্য কশ্চিজ্জনিতা ন চাধিপঃ (শ্বেঃ ৬।৯) ইতি। ন চ কারণত্বাদুৎপত্তিমৎ" ইত্যনুমাতুং শক্যম্, শ্রুত্যনুমানবাধাৎ।

পূর্ব্বপক্ষ ঃ—ইত্যেবং সংশয়ে জাতে পূর্ব্বপক্ষমবতারয়তি—কারণানামিতি। তথাচ- যথা বিকারেভ্য এব আকাশাদিভ্য উত্তরেষাং বিকারাণাং পবনাদীনামুৎপত্তিঃ, তথা কস্যচিদ্ বিকারাদেব ব্রহ্মণ উৎপত্তির্ভবিতুমর্হতি' ইতি বাদীনামাশয়ঃ। ইতি পূর্ব্বপক্ষবাক্যম্।

সিদ্ধান্ত ঃ—ইত্যেবং পূর্ব্বপক্ষে প্রাপ্তে সত্যাং ; অত্র ব্রহ্মণোঽজত্বাদিশ্রুতিঃ, ব্রহ্মোৎপত্তিশ্রুতেশ্চ বিরোধো ভবতি ; ন বা ? ইতি সংশয়ে—ব্রহ্মোৎপত্তিশ্রুতেরনুমানপোষকেন প্রাবল্যাৎ অস্ত্ব্যভয়োর্ব্বিরোধঃ" ইতি প্রাপ্তে সিদ্ধান্তসূত্রমবতারয়তি ভগবান্ শ্রীবাদরায়ণঃ অসম্ভবস্তু" ইত্যাদি। "তু" শব্দঃ শঙ্কাচ্ছেদে ; তথাচ এতাদৃশী শঙ্কা ন করণীয়া" ইতি। অথবা—নিশ্চয়ে—নিশ্চিতমেব সতো ব্রহ্মণ উৎপত্তির্ণাস্তি" ইত্যর্থঃ।

সংশয়—এই বিষয় বাক্যে সন্দেহ হইতেছে-সদিতি। সৎ ব্রহ্মও উৎপন্ন হয় ? কিম্বা হয় না ? অর্থাৎ যে সকলের কারণ তাহার উৎপত্তি হয় ? অথবা উৎপত্তি হয় না, ইহা সংশয় বাক্য।

পূর্ব্বপক্ষ—এই প্রকার সংশয় জাত হইলে পূর্ব্বপক্ষ অবতারণা করিতেছেন-কারণানামিতি। প্রধান মহদাদি কারণ সমূহেরও উৎপত্তি কথন হেতু সতও উৎপন্ন হয়, যে হেতু তাহাও কারণ বিশেষ অর্থাৎ যেমন আকাশাদি বিকার হইতে উত্তরোত্তর পবনাদি বিকার সমূহের উৎপত্তি হয়, সেই প্রকার কোন বিকার হইতেই ব্রহ্মের উৎপত্তি হওয়া উচিত ইহাই বাদিগণের অভিপ্রায় এই প্রকার পূর্ব্বপক্ষ বাক্য।

সিদ্ধান্ত—এই পূর্ব্বপক্ষ প্রাপ্ত হইলে পরে ব্রহ্মের অজত্বাদি শ্রুতি ও ব্রহ্মোৎপত্তি শ্রুতির বিরোধ হয় ? অথবা হয় না ? এই সংশয়ে ব্রহ্মোৎপত্তি শ্রুতি অনুমান পোষকের দ্বারা প্রবল হেতু উভয়ের বিরোধ হয়, এই স্থলে ভগবান শ্রীবাদরায়ণ সিদ্ধান্ত সূত্রের অবতারণা করিতেছেন-অসম্ভবস্তু' ইত্যাদি। সতের উৎপত্তি অসম্ভব অনুপপত্তি হেতু। সূত্রে যে তু শব্দ আছে তাহা শঙ্কা ছেদের নিমিত্ত, অর্থাৎ এই প্রকার শঙ্কা করা উচিত নহে। অথবা নিশ্চত রূপে সৎ ব্রহ্মের উৎপত্তি নাই ইহাই অর্থ। সৎ ব্রহ্মের সম্ভব উৎপত্তি নাই, অর্থাৎ সর্ব্ব কারণ কারণ পরব্রহ্ম শ্রীগোবিন্দদেবের উৎপত্তি নাই। কেন ? অনুপপত্তি হেতু, অর্থাৎ তাদৃশ যুক্তির অভাব হেতু। হেতু বিরহী ব্রহ্মের হেতুর অযোগ হেতু, অর্থাৎ হেতু বিরহী কারণ রহিত সেই পর ব্রহ্মের কারণের অভাব হেতু এই অর্থ। যাহা হেতু বিরহ সৎরূপ তাহা নিত্য, বৈশেষিক সূত্রে বর্ণিত আছে-সৎ অকারণবৎ নিত্য, অতএব সতের কারণাভাব হেতু নিত্য।

মূলকারণস্য স্বীকার্য্যত্বাত্তদভাবেঽনবস্থাপাতাচ্চ। যন্মূলকারণং তত্ত্বমূলমেব। মূলেমূলাভাবাদিতি" (সং সূ° ১।৬৭) ইহ ব্রহ্মোৎপত্তিশঙ্কা পরিহারেণ এবং জ্ঞাপ্যতে

সতঃ – সর্ব্বকারণকারণস্য পরব্রহ্মণঃ শ্রীগোবিন্দদেবস্য উৎপত্তির্নাস্তি ; কুতঃ ? অনুপপত্তেঃ, তাদৃশযুক্ত্যভাবাদিত্যর্থঃ। হেতুরিতি –হেতুবিরহিনঃ কারণরহিতস্য তস্য পরব্রহ্মণঃ তদযোগাৎ কারণাভাবাদিত্যর্থঃ। তথাচ—যৎ হেতুবিরহিতং সদ্রূপং তন্নিত্যম্। তথাহি বৈশেষিকসূত্রম্—৪।১।১, সদকারণবন্নিত্যম্" ইতি। তস্মাৎ সতোঽকারণবত্বাৎ নিত্যমিত্যর্থঃ। অথ সতো ব্রহ্মণো হেতুবিরহে শ্বেতাশ্বতর শ্রুতিবাক্যং প্রমাণয়ন্তি স কারণমিতি। সঃ—সর্ব্বজ্ঞ সর্ব্বেশ্বর স্বেতরসর্ব্বনিয়ামক স্বয়ং ভগবান্ শ্রীগোবিন্দদেবঃ, "কারণম্," অব্যক্তমহদহঙ্কারাকাশ পবনাদীনাং কারণং উদ্ভবস্থানমিতি ; এতেষাং কারণানামপি কারণমিত্যর্থঃ :

তথাহি শ্রীব্রহ্মসংহিতায়াম্—৫।১ "অনাদিরাদির্গোবিন্দঃ সর্ব্বকারণকারণম্," ইতি। এবং স এব কারণাধিপাধিপঃ, করণানি চক্ষুরাদীন্দ্রিয়াণি তেষামধিপা ইন্দ্রাদয়ো দেবাঃ ; তেষামিন্দ্রাদিদেবানামপি অধিপঃ, নিয়ামক ইত্যর্থঃ। তথাচ শ্রীভাগবতে—৩।৫।৩৭, এতে দেবাঃ কলা বিষ্ণোঃ কালমায়াংশলিঙ্গিনঃ নানাত্বাৎ স্বক্রিয়াঽনীশাঃ প্রোচুঃ প্রাঞ্জলয়ো বিভুম্॥ তস্মাৎ করণাধিপাধিপঃ শ্রীগোবিন্দদেব এব। কিঞ্চ—তস্য সর্ব্বকারণস্য সর্ব্বনিয়ামকস্য শ্রীগোবিন্দদেবস্য কশ্চিৎ জনিতা জন্ম প্রদাতা ন নাস্তীত্যর্থঃ। তথা তস্য অধিপঃ শাসকঃ চ ন নাস্তি ইতি।

অনন্তর সৎ ব্রহ্মের হেতু বিরহ বিষয়ে শ্বেতাশ্বতর শ্রুতি বাক্য প্রমাণিত করিতেছেন-সকারণমিতি। তিনি সকলের কারণ এবং কারণাধিপেরও রাজা কেহ তাঁহার জন্মদাতা নাই, এবং কেহ শাসক নাই, অর্থাৎ সেই সর্ব্বজ্ঞ সর্ব্বেশ্বর স্বেতর সর্ব্বনিয়ামক স্বয়ং ভগবান শ্রীগোবিন্দদেব কারণ অব্যক্ত মহদহঙ্কার আকাশ পবনাদি সকলের উৎপত্তি স্থান ইহাদের ও পরমকারণ এই অর্থ। শ্রীব্রহ্মসংহিতায় বর্ণিত আছে-শ্রীগোবিন্দদেব অনাদি এবং কারণ বর্গের আদি, এবং কারণ সমূহেরও পরম কারণ। এবং তিনিই কারণাধিপাধিপ, চক্ষুরাদি ইন্দ্রিয় সকল করণ, তাহাদের শাসক ইন্দ্রাদিদেবগণ, শ্রীগোবিন্দদেব সেই ইন্দ্রাদিদেব গণেরও অধিপ বা নিয়ামক ইহাই অর্থ। এই বিষয়ে শ্রীভাগবতে বর্ণিত আছে-এই মহদাদির অভিমানী দেবতা সকল শ্রীবিষ্ণুর কলা বা বিভূতি, তাহারা কাল লিঙ্গ বিকার, মায়ালিঙ্গ বিক্ষেপ, অংশলিঙ্গ-চেতন, সুতরাং পরস্পর মিলিত না হইয়া পৃথকরূপে স্ব স্ব কার্য্য ব্রহ্মাণ্ড রচনায় অসমর্থ হইলেন, সুতরাং কৃতাঞ্জলি পুটে সর্ব্বব্যাপক শ্রীগোবিন্দদেবকে স্তব করতঃ বলিলেন। অতএব কারণাধি পাধিপ শ্রীগোবিন্দদেবই।

অপর সেই সর্ব্ব কারণ সর্ব্বনিয়ামক শ্রীগোবিন্দদেবের কেহ জনিতা জন্ম প্রদাতা নাই, এবং তাঁহার অধিপ বা শাসকও নাই। এই বিষয়ে শ্রীদশমে বর্ণিত আছে শ্রীসহদেব কহিলেন-সাত্ত্বতগণের অধিপতি

ব্রহ্মৈব পরমকারণত্বাদুৎপত্তিশূন্যং, তদন্যদবক্তব্য মহদাদিকন্তু সর্ব্বমুৎপত্তিমদেব। খাদিজন্মনিরূপণন্তূদাহরণার্থমিতি ।।৭।।

তথাহি - শ্রীভাগবতে - ১০।৭৪।১৯-২১, অর্হতি হ্যচ্যুতঃ শ্রৈষ্ঠ্যং ভগবান্ সাত্বতাং পতিঃ। এষ বৈ দেবতাঃ সর্ব্বা দেশকাল ধনাদয়ঃ॥ যদাত্মকমিদং বিশ্বং ক্রতবশ্চ যদাত্মকাঃ। অগ্নিরাহুতয়ো মন্ত্রাঃ সাংখ্যং যোগশ্চ যৎপরঃ॥ এক এবাদ্বিতীয়োহসাবৈতদাত্ম্যমিদং জগৎ। আত্মনাহত্মাশ্রয়ঃ সভ্যাঃ সৃজত্যবতি হন্ত্যজঃ॥ তস্মাৎ পরমকারণস্য শ্রীগোবিন্দদেবস্য সতঃ উৎপত্তির্ণাস্তীত্যর্থঃ। ন চ আকাশাদি বিকারেভ্যো বিকারোৎপত্তিদর্শনাৎ, ব্রহ্মণ কারণাবিশেষাৎ তস্যাপিবিকারত্বং ভবিতুং যোগ্যমিতি বাচ্যম্, শ্রুত্যনুমানেন বাধাৎ। মূলকারণাস্বীকারেঽনবস্থাদোষ প্রসঙ্গাচ্চ।

ন চ কারণত্বাদুৎপত্তিমৎ আকাশবৎ' ইত্যনুমানবলাৎ ব্রহ্মণোঽপি উৎপত্তিমত্ত্বং সাধ্যমিতি চেৎ তত্রাহুঃ—নচেতি। শ্রুত্যনুগতমনুমানস্তু—ব্রহ্মণঃ কারণাভাবং সর্ব্বেষাং মূলকারণত্বাৎ, জনকাভাবত্বাৎ, শাসকাভাবত্বাৎ, পরমাণুবৎ" ইতি। তস্মাৎ শ্রুত্যনুমানবাধাৎ পরমকারণত্বাৎ ব্রহ্ম নোৎপত্তিমানিত্যর্থঃ। এতদেব বিস্তারয়ন্তি মূলকারণস্য" ইত্যাদিনা। অত্রার্থে সাংখ্যসূত্রমুদাহরন্তি—মূলে" ইতি। "মূলে মূলাভাবদমূলং মূলং যৎ কারণং তন্মূলং, তস্যাপি মূলান্বেষণে অনবস্থাপাতাং।

ভগবান অচ্যুত অগ্রপূজার সর্ব্বশ্রেষ্ঠ যোগ্য পাত্র, দেশকাল পাত্র বিবেচনায় শ্রীকৃষ্ণকে পূজা করিলে সকল দেবতার পূজা হইবে, এই বিশ্বযদাত্মক যজ্ঞসকল যদাত্মক অগ্নি আহুতি মন্ত্র সকল সাংখ্য জ্ঞান, যোগ উপাসনা যাঁহার অধীন, তিনি এক ও অদ্বিতীয়, এই জগৎ সমুদায় তদাত্মক, হে সভ্যগণ! তিনি নিজেই নিজের আশ্রয়, এই সৃষ্টি স্থিতি পালনের কর্ত্তা, অতএব সৎ স্বরূপ পরমকারণ শ্রীগোবিন্দদেবের উৎপত্তি নাই এই অর্থ।

যদি বলেন আকাশাদি বিকার হইতে বিকারের উৎপত্তি দর্শন হেতু ব্রহ্মও সেই প্রকার কারণ বিশেষ হেতু সেও বিকারী হইতে যোগ্য হয়, তাহা বলিতে পারেন না, কারণ শ্রুতি কথিত অনুমানের দ্বারা বাধা প্রাপ্ত হইবে। মূল কারণ স্বীকার না করিলে অনবস্থাদোষ প্রসঙ্গ হইবে। যদি বলেন-আমরা 'কারণত্বাৎ উৎপত্তিমান, আকাশবৎ' এই অনুমান বলে ব্রহ্মেরও উৎপত্তিমত্ব সাধন করিব, তদুত্তরে বলিতেছেন নচেতি। কারণ হেতু উৎপত্তিমান' এই রূপ অনুমান করিতে পারিবেন ন, শ্রুত্যনুমান তাহার বাধা প্রদান করিবে, শ্রুত্যনুগতানুমান এই প্রকার ব্রহ্মের কারণের অভাব আছে, সকলের মূল কারণ হেতু, তাঁহার জনকের অভাব হেতু, শাসকের অভাব হেতু যেমন পরমানু। অতএব উক্তানুমানের শ্রুত্যনুমান দ্বারা বাধা হেতু, পরমকারণ হেতু ব্রহ্ম উৎপত্তি মান নহে। ইহাই বিস্তার করিতেছেন-মুল কারণস্য "ইত্যাদি।

মূলকারণ স্বীকার করিতে হইবে, তাহার অভাবে অনবস্থাদোষ হইবে। যাহা মূলকার

ননু "জাতো ভবসি বিশ্বতো মুখ! ইতি শ্রুতেঃ কা গতিঃ? অত্র এবং সমাধেয়ম্,—শ্রুত নু-মানেন তস্যা বাধাৎ সা তু দুর্ব্বলা শ্রুতিঃ, তস্মাৎ জীবশক্তি-মায়াশক্তিদ্বয় দ্বারা জগদাকারপরিণতিরেব ভবতি পরব্রহ্ম; নতু তত্র বিকারলেশগন্ধঃ" ইতি। তথাপি মূলান্বেষণে বিপ্রতিপত্তৌ সত্যাং—"সমমাবয়োদ্‌ষণম্" ইতি। তথাচ খণ্ডনখণ্ড খাদ্যে—২য় পরি° (৫৬৮ পৃ°) যত্রোভয়োঃ সমো দোষঃ পরিহারোঽপি বা সমঃ। নৈকঃ পর্য্যনুযোক্তব্যঃ তাদৃগর্থ-বিচারণে॥ ইতি শ্রীকুমারিলভট্টপাদাঃ। (শ্লোক° বা°) তথাচ—বাদিনো যদি ব্রূতে ভবতাং ব্রহ্ম উৎপত্তিমান্ কারণত্বাৎ দ্ব্যণুকাদিবৎ, ব্রহ্ম উৎপত্তিমান্ কারণত্বাৎ মহদ্‌বৎ" ইতি; তদা এবমুচ্যতে—ভবন্তোঽপি পরমাণূনাং; প্রধানস্য চ কারণং কথয়ন্তু; যদি নাস্তি ভবতাং তেষাং কারণং, তদা অস্মাকমপি পরব্রহ্মণঃ কারণাভাবে ন কামপি বিপ্রতিপত্তিরিত্যর্থঃ।

সঙ্গতি ঃ—অথ অসম্ভবাধিকরণস্য সঙ্গতিপ্রকারমাহুঃ—"ইহ" ইত্যাদিনা। তস্মাৎ পরব্রহ্ম —শ্রীগোবিন্দদেবঃ পরমকারণত্বাৎ উৎপত্তি-বিনাশশূন্যমিতি বর্ত্তুলার্থঃ। তথাহি শ্রীভগবান্ শ্রীভাগবতে—২।৯ ৩২ অহমেবাসমেবাগ্রে নান্যদ্ যৎ সদসৎ পরম্। পশ্চাদহং যদেতচ্চ যোঽবশিষ্যতে সোঽস্ম্যহম্॥ ইতি॥৭॥

ইতি অসম্ভবাধিকরণং পঞ্চমং সম্পূর্ণম্॥৫॥

তাহা কিন্তু অমূল অর্থাৎ মূল রহিত। এই বিষয়ে সাংখ্যসূত্রে উদাহরণ দিতেছেন-মূলে" ইতি। মূলে মূলের অভাব হেতু মূলের মূল নাই' অর্থাৎ' মূল কারণের অভাব হেতু মূল রহিত যে কারণ তাহাই মুল, তাহারও মূল মূল অন্বেষণ করিলে অনবস্থা হইবে। যদি বলেন-হে বিশ্বমুখ! আপনি জাত হইতেছেন" এই শ্রুতির কি গতি হইবে? এই স্থলের সমাধান এক প্রকার-শ্রুত্যনুমানের দ্বারা ঐ শ্রুতির বাধা হেতু, তাহা দুর্ব্বল শ্রুতি।

অতএব জীবশক্তি এবং মায়াশক্তি দ্বারা পরব্রহ্ম জগদাকারে পরিণত হয়, কিন্তু তাহাতে বিকার লেশের গন্ধ মাত্রও নাই। তথাপি যদি আপনারা (নৈয়ায়িকা) মূল অন্বেষণ বিপ্রত্তিপত্তি উপস্থিত হইলে আমাদের উভয়ের দোষ সমান, এই বিষয়ে খণ্ডনখণ্ড খাদ্যে বর্ণিত আছে-যে স্থলে উভয়ের দোষ সমান, অথবা পরিহারও সমান, সেই স্থলে অর্থ বিচার বিষয়ে কোন একটির প্রয়োগ করা উচিত নহে। যদি বাদিগণ বলেন-আপনাদের ব্রহ্ম উৎপত্তিমান্ যে হেতু সে কারণ, যেমন দ্ব্যনুকাদি, ব্রহ্ম উৎপত্তিমান কারণ হেতু যেমন মহৎ।

তদুত্তরে আমরা (বৈদান্তিক) বলিব-আপনারাও চতুর্ব্বিধ পরমানু সকলের ও প্রধানের কারণ বলুন? যদি আপনাদের প্রধান ও পরমানু সকলের কারণ নাই, তবে আমাদেরও পরব্রহ্মের কারণাভাবে কোন বিপ্রতিপত্তি নাই এই অর্থ।

সঙ্গতি—অসম্ভবাধিকরণের সঙ্গতি প্রকার বলিতেছেন-ইহ" ইত্যাদি। এইস্থলে ব্রহ্মোৎ

৬। তেজোঽধিকরণম্

এবং প্রাসঙ্গিকং সমাপ্য, তেজোবিষয়কং শ্রুতিবিরোধং পরিহরতি। "তত্তেজোঽসৃজত" (ছা০ ৬।২।৩) ইতি ব্রহ্মজত্বং তেজসো শ্রুতম্। বায়োরগ্নিঃ" (তৈঃ ২।১।৩) ইতি তু বায়ুজত্বম্। তত্র "বায়োঃ" ইতি পঞ্চম্যা আনন্তর্য্যার্থত্বস্যাপি সম্ভবাৎ ব্রহ্মজং তদিতি প্রাপ্তে—

৬। তেজোঽধিকরণম্।

এবং প্রাসঙ্গিকমিতি—আকাশাদ্যুৎপত্তি প্রকরণে প্রতিবাদিশঙ্কা নিবারণার্থং ব্রহ্ম উৎপদ্যতে ন বা ইতি প্রসঙ্গমাপতিতম্; তৎ সমাপ্য তেজো বিষয়কং শ্রুতি বিরোধং পরিহারার্থমিদমারভ্যতে। অথ গগন-পবনয়োর্ব্রহ্মজত্বং প্রতিপাদ্য তেজসঃ তদুৎপন্নত্বং নিরূপয়িতুং তেজোঽধিকরণমারম্ভঃ, ইতি অধিকরণ সঙ্গতিঃ।

বিষয়ঃ—অথ তেজোঽধিকরণস্য বিষয়বাক্যমবতারয়ন্তি তদিতি। তৎ সচ্ছব্দবাচ্য এক মেবাদ্বিতীয় পরব্রহ্ম ভগবান্ শ্রীগোবিন্দদেবঃ তেজোঽসৃজত" ইতি অত্র ছান্দোগ্যবাক্যে তেজসো ব্রহ্মজত্বং শ্রুতম্। তৈত্তিরীয়কোপনিষদি "বায়োঃ অগ্নিরুৎপদ্যতে" ইতি অগ্নেঃ বায়ুজত্বং আম্নায়তে ইতি বিষয়-বাক্যম্।

আশঙ্কা পরিহারের দ্বারা ইহাই বলিতেছেন ব্রহ্মই পরমকারণ হেতু উৎপত্তি শূন্য, তদন্য অব্যক্ত মহাদাদি সকল উৎপত্তিমান। আকাশাদি জন্মনিরূপণ কিন্তু উদাহরণের নিমিত্ত। অতএব পরমব্রহ্ম শ্রীগোবিন্দদেব পরম কারণ হেতু উৎপত্তি বিনাশ শূন্য।

শ্রীভাগবতে বর্ণিত আছে শ্রীভগবান বলিলেন সৃষ্টির অগ্রে আমিই এক মাত্র ছিলাম, অন্য সৎ অসৎ প্রভৃতি ছিলনা, অমি সৃষ্টির পশ্চাতে থাকিব, যাহা বর্ত্তমনে আছে তাহাও আমি, যাহা অবশেষ থাকিবে তাহাও আমি, সুতরাং শ্রীগোবিন্দদেবই সর্ব্ব কারণ কারণ ॥৯॥

এই প্রকার অসম্ভবাধিকরণ পঞ্চম সম্পূর্ণ ॥৫॥

৬। তেজোঽধিকরণের ব্যাখ্যা।

এই প্রকার প্রাসঙ্গিক বিষয় শেষ করিয়া তেজঃ বিষয়ক শ্রুতি বিরোধ পরিহার করিতেছেন, অর্থাৎ আকাশাদি উৎপত্তি প্রকরণে প্রতিবাদি গণের শঙ্কা নিবারণ করিবার নিমিত্ত ব্রহ্ম উৎপন্ন হয়? অথবা হয় না? এই প্রসঙ্গ উপস্থিত হয়, তাহা সমাপ্ত করিয়া তেজঃ বিষয়ক শ্রুতি বিরোধ করিবার নিমিত্ত আরম্ভ করিতেছেন।

অনন্তর গগন ও পবনের ব্রহ্ম জাতত্ব প্রতিপাদন করিয়া তেজের ব্রহ্মোৎপন্নত্ব নিরূপণ করিবার নিমিত্ত তেজোহধিকরণারম্ভ, ইহাই অধিকরণ সঙ্গতি নিরূপিত হইল।

ওঁ॥ তেজোঽতস্তথা হ্যাহ ॥ওঁ॥ ২।৩।৬।১০।

অতো মাতরিশ্বনঃ সকাশাত্তেজ উৎপদ্যতে। তথাহি শ্রুতিরাহ "বায়োরগ্নিঃ" (তৈ০ ২।১।৩) ইতি। ইদমত্র বোধ্যং অনুবর্ত্তমান সম্ভূতঃ' শব্দান্বিতত্বেন "বায়োঃ" ইতি পঞ্চম্যা অপাদানার্থত্বমেব মুখ্যং কণ্ঠত্বাৎ। আনন্তর্য্যার্থত্বং তু ভাক্তং কল্প্যত্বাৎ। ততশ্চ মুখ্যমেব

সংশয় ঃ অত্র ভবতি সংশয়ঃ—কিময়ং তেজো ব্রহ্মজং বায়ুজাতং বা ? ইতি সংশয়ঃ।

পূর্ব্বপক্ষ ঃ—তত্র পূর্ব্বপক্ষমবতারয়ন্তি তত্র ইত্যাদিনা। বায়োঃ" ইতি পঞ্চমীবিভক্তিস্তু আনন্তর্য্যার্থকথনং ন তু অপাদানম্। তস্মাদ্ বায়োরনন্তরং অগ্নিরুৎপদ্যতে" ইতি মন্ত্রার্থস্য সম্ভবাৎ,তেজো ব্রহ্মজমেব, ইতি পূর্ব্বপক্ষবাক্যম্॥

সিদ্ধান্ত ঃ বায়োরনন্তরং তেজোৎপত্তিরিতি পূর্ব্বপক্ষে প্রাপ্তে সিদ্ধান্তয়তি ভগবান্ শ্রীবাদরায়ণ ঃ—তেজঃ" ইতি। সূত্রার্থস্তু ভাষ্যে স্পষ্টম্। ননু "তস্মাদ্ বা এতস্মাদাত্মন আকাশঃ" (তৈ০ ২।১।৩) ইত্যারভ্য "পৃথিব্যা ওষধয়ঃ" ইত্যন্তেন হেতুপঞ্চম্যা দর্শনাৎ মধ্যে কস্মাৎ ক্রমার্থা—আনন্তর্য্যার্থা বা পঞ্চমী সম্ভবেৎ ? তত্ত্ব অসঙ্গতমেব, ইতি সমাধানার্থং বিস্তারয়ন্তি ইদমত্র বোধ্যমিতি। অনু" ইতি প্রকটার্থম্।

বিষয়—অতঃপর তেজোঽধিকরণের বিষয়বাক্যের অবতারণা করিতেছেন তদিতি। তিনি তেজঃ সৃষ্টি করিলেন, অর্থাৎ সচ্ছব্দবাচ্য একমাত্র দ্বিতীয় রহিত পরব্রহ্ম ভগবান শ্রীগোবিন্দদেব তেজঃ সৃষ্টি করিয়াছিলেন। এইস্থলে ছান্দোগ্য বাক্যে তেজের ব্রহ্ম হইতে জন্ম শ্রবণ করা যায়। বায়ু হইতে অগ্নি' অর্থাৎ তৈত্তিরীয়কোপনিষদে বায়ু হইতে অগ্নিজাত হয়, এই প্রকার অগ্নির বায়ুজাতত্ব বর্ণিত হয়, ইহা বিষয়বাক্য।

সংশয়—এই স্থলে সংশয় হয় এই তেজঃ ব্রহ্ম হইতে জাত হইয়াছে ? অথবা বায়ু হইতে জাত হইয়াছে ? ইহা সংশয়।

পূর্ব্বপক্ষ—তন্মধ্যে পূর্ব্বপক্ষের অবতারণা করিতেছেন—তত্র" ইত্যাদি। তাহাতে অর্থাৎ তৈত্তিরীয়োপনিষদে বায়ু হইতে এই পঞ্চমী বিভক্তির আনন্তর্য্য অর্থও সম্ভব হেতু বায়ু ব্রহ্মজই, অর্থাৎ 'বায়োঃ" এই পঞ্চমী বিভক্তি আনন্তর্য্য অর্থ বলিবার জন্য, কিন্তু অপাদান নহে। সুতরাং বায়ুর অনন্তর অগ্নি উৎপন্ন হয় এই প্রকার মন্ত্রার্থ সম্ভব হেতু বায়ু ব্রহ্ম হইতেই জাত হইয়াছে এই প্রকার পূর্ব্বপক্ষবাক্য।

সিদ্ধান্ত—বায়ু অনন্তর তেজের উৎপত্তি, এই প্রকার পূর্ব্বপক্ষ প্রাপ্ত হইলে ভগবান শ্রীবাদরায়ণ সিদ্ধান্ত করিতেছেন—তেজঃ "ইতি, অতএব তেজও সেই প্রকার শ্রুতি বলিয়াছেন। এই হেতু মাতরিশ্বা হইতে তেজ উৎপন্ন হয়। এই বিষয়ে শ্রুতি বলিয়াছেন বায়ু হইতে অগ্নি জাত হয়।

ন্যায্যত্বাদ্ গ্রাহ্যম্। এবমপি বক্ষ্যমানযুক্ত্যা ব্রহ্মজত্বঞ্চ ন বিরুদ্ধ্যতে ॥১০॥

৭॥ অবধিকরণম্

অথাপামুৎপত্তিমাহ, তত্র যদ্যুভয়ত্রাপ্যগ্নেরেব তদুৎপত্তিরুক্তা, তথাপি বিরুদ্ধাত্তস্মাৎ সা ন যুজ্যেতেতি কস্যচিৎ শঙ্কা স্যাৎ। তামপনেতুং সূত্রারম্ভঃ -

---

তথাহি শ্রীভাগবতে—৩ ২৬ ৩৮ বায়োশ্চ স্পর্শতন্মাত্রাদ্ রূপং দৈবেরিতাদভূৎ। সমুত্থিতং ততস্তেজ —শ্চক্ষুরূপোপলম্ভকম্ ॥ তথাচ "তস্মাদ্ বা এতস্মাদাত্মন আকাশঃ সম্ভূতঃ" ইতি সম্ভূতঃ" শব্দস্য প্রতিবর্ত্তমান শব্দেন সহ অন্বিতত্বাৎ "বায়োঃ" ইতি পঞ্চম্যাঃ অপাদানার্থত্বমেব মুখ্যমিতি, কৢপ্তত্বাৎ সিদ্ধত্বাদিত্যর্থঃ। আনন্তর্য্যার্থত্বং তু গৌণং কল্পনীয়ত্বাৎ।

সঙ্গতি ঃ—অথ সঙ্গতি প্রকারং দর্শয়ন্তি—ততশ্চেতি। ততঃ যন্মুখ্যং তদেব গ্রহনীয়মিতি সিদ্ধম্। এবমিতি—বক্ষ্যমাণ—"তদভিধ্যানাদেব তু তল্লিঙ্গাৎ সঃ" (ব্র০ সূ০ ২।৩।১৩) ইতি রীত্যা সর্ব্বেষাং ব্রহ্মজত্বমপি ন বিরোধঃ ॥১০॥

ইতি তেজোঽধিকরণং ষষ্ঠং সমাপ্তম্ ॥৬॥

শঙ্কা—তৈত্তিরীয়কোপনিষদে সেই এই আত্মা হইতে আকাশ' এইরূপ আরম্ভ করিয়া" পৃথিবী হইতে ঔষধ সকল" এই পর্য্যন্ত হেতু অর্থে পঞ্চমী বিভক্তি দর্শন হেতু, মধ্যস্থলে কি কারণে ক্রমার্থ, অথবা আনন্তর্য্যার্থ পঞ্চমী হইবে ? তাহা অসঙ্গত, ইহা সমাধানের নিমিত্ত বিস্তার করিতেছেন- ইদমিতি। এই স্থলে ইহাই জানিবার বিষয় অনুবর্ত্তমান পশ্চাৎ গমনকারী' সম্ভূতঃ শব্দের সহিত অন্বিত হওয়া হেতু "বায়োঃ" এই পঞ্চমীর অপাদানার্থ ই মুখ্য অর্থ সিদ্ধ হইতেছে। আনন্তর্য্যার্থ কিন্তু গৌণ যে হেতু তাহা কল্পনীয়। এই বিষয়ে শ্রীভাগবতে বর্ণিত আছে—স্পর্শতন্মাত্র রূপ বায়ু, শ্রীভগবানের ইচ্ছায় প্রেরিত হইয়া বিকার প্রাপ্ত হইলে রূপ তদনন্তর তেজঃ এবং রূপের গ্রাহক চক্ষুঃ উৎপন্ন হয়। অতঃ " সেই এই আত্মা হইতে আকাশ সম্ভূত হয়" এই 'সম্ভূতঃ' শব্দের প্রতি বর্ত্তমান শব্দের সহিত অন্বয় হওয়া হেতু 'বায়োঃ' এই পঞ্চমীর অপাদানার্থ ই মুখ্য সিদ্ধার্থ' হেতু। আনন্তর্য্যার্থ কিন্তু গৌণ, কারণ তাহা কল্পনীয় হেতু।

সঙ্গতি অনন্তর সঙ্গতি প্রকার দেখাইতেছেন ততশ্চেতি। সুতরাং মুখ্যার্থ ই গ্রহণীয় তাহা ন্যায্য হেতু যাহা মুখ্যার্থ তাহাই গ্রহণ করা উচিত। এই প্রকার যুক্তির দ্বারা সকলের ব্রহ্ম জাতত্ব বিরোধ হয় নাই। অর্থাৎ বক্ষ্যমান তাঁহার অভিধ্যান হেতু ও শ্রুতি প্রমাণ হেতু তিনি সর্ব্বকর্ত্তা" এই রীতি অনুসারে সকল পদার্থের ব্রহ্ম হইতে উৎপন্ন হওয়ায় কোন বিরোধ নাই ॥১০॥

এই প্রকার তেজোঽধিকরণ ষষ্ঠ সমাপ্ত ॥৬॥

ওঁ॥ আপঃ ॥ওঁ॥ ২।৩।৭।১১॥

"অতস্তথাহ্যাহ" (২।৩।৬।৯) ইত্যনুবর্ত্ততে। আপোঽতস্তেজস উৎপদ্যন্তে। 'হি' যতস্তথা শ্রুতিরাহ—"তদপোঽসৃজত" ইতি (ছা° ৬।২।৩) "অগ্নেরাপঃ" (তৈ° ২।১।৩) ইতি

৭। অবধিকরণম্।

অথ তেজোৎপত্ত্যনন্তরং জলবিমর্শনম্"

বিষয়ঃ—অথাত্র বিষয় বাক্য সংগ্রহঃ—তথাহি ছান্দোগ্যে—৬।২।৩, "তদপোঽসৃজত" ইতি। তৈত্তিরীয়কে-২।১।৩ "অগ্নেরাপঃ" ইতি। মুণ্ডকে চ—২।১।৩ এতস্মাজ্জায়তে প্রাণো মনঃ সর্ব্বেন্দ্রিয়াণি চ। খং বায়ুর্জ্যোতিরাপঃ পৃথিবী বিশ্বস্য ধারিণী" ইতি বিষয়বাক্যম্।

সংশয়ঃ—অত্র বিষয়বাক্যে সংশয়স্যাবতারমাহুঃ—"তত্র" ইত্যাদিনা। যদ্যপি উভয়ত্র তৈত্তিরীয়কে ছান্দোগ্যোপনিষদি চ অগ্নেরেব জলস্যোৎপত্তিরভিহিতা, তথাপি ভবতি সংশয়ঃ; কুতঃ? বিরুদ্ধত্বাৎ, উভয়ত্র অগ্নিজত্বমপাং নিরূপিতম্। ছান্দোগ্যে তু পুন ব্র্হ্মজত্বং প্রতিপাদিতমিতি শঙ্কা নিদানম্। ইতি সংশয় বাক্যম্।

পূর্ব্বপক্ষঃ—এবং সংশয়ে জাতে ভবতি পূর্ব্বপক্ষস্যাবসরঃ; "সা ন যুজ্যতে" ইতি। জলস্য অগ্নের্নোৎপত্তিঃ সম্ভবেৎ, কুতঃ? বিরুদ্ধত্বাৎ। তথাচ জলস্য অগ্নিদাহত্ব দর্শনাৎ, অগ্নেশ্চ জলনাশ্যত্ব দর্শনাৎ নোভয়োঃ কার্য্য কারণ সম্ভাবনা; তস্মাদপামপি ব্রহ্মজত্বং বোধ্যমিতি পূর্ব্বপক্ষ বাক্যম্।

৭। অবধিকরণের ব্যাখ্যা।

অথ তেজোৎপত্তি নির্ণয়ের পর জলোৎপত্তি বিচার।

বিষয়—অবধিকরণের বিষয় বাক্য সংগ্রহ-ছান্দোগ্যে বর্ণিত" আছে" তিনি জল সৃষ্টি করিলেন" তৈত্তিরীয়ে কথিত আছে-অগ্নি হইতে জল জাত হয় মুণ্ডকোপনিষদে বর্ণিত আছে-এই পরব্রহ্ম হইতে প্রাণ মনঃ ও ইন্দ্রিয় সকল জাত হয় এবং আকাশ বায়ু জ্যোতিঃ জল ও বিশ্বধারিণী পৃথিবী জাত হয়, এই প্রকার বিষয় বাক্য।

সংশয়—এই বিষয় বাক্যে সংশয়ের অবতরণা করিতেছেন তত্রেতি। যদিও উভয় স্থলে অগ্নি হইতেই জলের উৎপত্তি কথিত হইয়াছে, তথাপি বিরুদ্ধ হেতু তাহা হইতে উৎপত্তি যুক্ত সঙ্গত নহে, এই প্রকার কাহারও শঙ্কা হয়। অর্থাৎ উভয়ত্র তৈত্তিরীয়কে ও ছান্দোগ্যে অগ্নি হইতেই জলের উৎপত্তি কথিত হইয়াছে, তথাপি সংশয় হইতেছে, কেন! বিরুদ্ধ হেতু, উক্ত উপনিষদ্দ্বয়ে জল অগ্নি হইতে জাত নিরূপণ করিয়াছেন, কিন্তু ছান্দোগ্যে পুনরায় ব্রহ্ম হইতে জাত হয় প্রতিপাদন করিয়াছেন ইহাই শঙ্কার নিদান।

পূর্ব্বপক্ষ—এই প্রকার সংশয় জাত হইলে পূর্ব্ব পক্ষের অবসর হইতেছে-তাহা যুক্তি সংগত

চ। নহি বাচনিকেঽর্থে ন্যায়োঽবতরতি। ছান্দোগ্যে তূপপাদিকা যুক্তিরপি দৃশ্যতে তস্মাদ্ যত্র ক্ক চ শোচতি স্বেদতে বা পুরুষস্তেজস এব তদধ্যাপো জায়ন্তে" (ছা° ৬।২।৩) ইতি ।।১১।।

সিদ্ধান্ত : ইত্যেবমাশঙ্কামপনেতুং সূত্রারম্ভং করোতি ভগবান্ শ্রীবাদরায়ণঃ—আপঃ" ইতি আপঃ অগ্নেরেবোৎপদ্যতে ; "অগ্নেরাপঃ" ইতি তৈত্তিরীয়কশ্রুতেঃ। ভাষ্যন্তু স্পষ্টম্। তথাচ যত্র শ্রুতিঃ স্পষ্টমেব বস্তু প্রতিপাদয়তি তত্র ন্যায়োঽবতারণং ব্যর্থমেব। এবং ছান্দোগ্য বাক্যে জলস্য তেজোৎপন্নত্বং যুক্তিদ্বারেণ প্রতিপাদিতম্। তদিত্থম্—তস্মাৎ জলস্য তেজোৎপন্নত্বাৎ যত্র ক্ক চ দেশে কালে বা শোচতি শোকং করোতি, রোদিতি বা, স্বেদতে ঘর্ম্মাক্তো ভবতি পুরুষ ইতি ; তাঃ আপঃ তেজস এব জায়ন্তে ; আপো দ্রবাঃ, স্নিগ্ধাঃ, রস্যাঃ, স্যন্দিন্যঃ, শুক্লাশ্চেতি।

তথাহি শ্রীভাগবতে—৩।২৬।৪১· রূপমাত্রাদ্বিকুর্ব্বাণাৎ তেজসো দৈবচোদিতাৎ। রসমাত্রমভূৎ তস্মাদম্ভো জিহ্বা রসগ্রহঃ॥ তস্মাৎ তেজস এব অপামুৎপত্তিরিত্যর্থঃ। নচ জলস্যাগ্নিদাহ্যত্বং অগ্নেশ্চ জলনাশ্যত্বমিতি বাচ্যম্ অপকৃষ্ট উৎকৃষ্টত্ব বিধানাৎ। তথাচ অপকৃষ্ট স্নেহমেব জলং বহ্নিনাশকম্ উৎকৃষ্ট স্নেহবিশিষ্ট—ঘৃত-তৈলাদি ভাবগতস্য জলস্য অগ্নেরনুকূলমেবেতি সংক্ষেপঃ॥১১॥

ইতি অবধিকরণং সপ্তমং সমাপ্তম্ ॥৭॥

নহে, জলের অগ্নি হইতে উৎপত্তি সম্ভব হইবে না, কেন ? বিরোধ হেতু। অর্থাৎ জল অগ্নিদ্বারা দাহ হয়, অগ্নি ও জলের বিনষ্ট হয়, সুতরাং উভয়ের কার্য্য কারণ সম্ভাবনা নাই, অতএব জলও ব্রহ্ম হইতে জাত হয় জানিতে হইবে, এই প্রকার পূর্ব্বপক্ষ বাক্য।

সিদ্ধান্ত—এই প্রকার শঙ্কা অপনোদন করিবার নিমিত্ত ভগবান শ্রীবাদরায়ণ সূত্রারম্ভ করিতেছেন-অপঃ " ইতি। অপ অগ্নি হইতেই উৎপন্ন হয় 'অগ্নি হইতে জল" এই প্রকার তৈত্তিরীয়ক শ্রুতি বলিয়াছেন। পূর্ব্ব সূত্র' অতএব তাহা বলিয়াছেন' এই অংশ অনুবর্ত্তন করিতে হইবে। এই হেতু জল তেজঃ হইতে উৎপন্ন হয়। হি শব্দের দ্বারা শ্রুতি তাহাই বলিতেছেন, 'তিনি জল সৃষ্টি করিলেন অগ্নি হইতে জল ইত্যাদি। বাচনিক অর্থে ন্যায়ের অবতার হয় না, অর্থাৎ যে স্থলে স্পষ্ট রূপে বস্তু প্রতিপাদন করিতেছেন সেই স্থলে ন্যায়ের অবতরণ করা ব্যর্থ প্রয়াশ। ছান্দোগ্যে উপপাদিকা যুক্তিও দেখা যায়, অর্থাৎ ছান্দোগ্য বাক্যে জল তেজঃ হইতে উৎপন্ন হয় তাহা যুক্তি দ্বারা প্রতিপাদান করিয়াছেন, তাহা এই প্রকার-অতএব জলের তেজঃ হইতে উৎপন্ন হওয়া হেতু যে কোন দেশে কিম্বা কালে মানব শোক করে রোদন করে, ঘর্ম্মাক্ত হয় তাহা তেজঃ হইতেই সেই জল জাত হয়। জল দ্রব গুণ যুক্ত স্নিন্ধ রস যুক্ত ক্ষরণ শীল ও শুক্ল বর্ণ যুক্ত। শ্রীভাগবতে বর্ণিত আছে রূপ তন্মাত্র স্বরূপ তেজঃ শ্রীভগবান কর্ত্তৃক প্রেরিত হইয়া বিকার প্রাপ্ত হইলে রস তন্মাত্র হয় তাহা হইতে জল ও রস গ্রাহক জিহ্বা হয়। অতএব তেজঃ হইতেই জলের উৎপত্তি হয়। যদি বলেন অগ্নি জলকে দাহন শোষণ করে, অগ্নিও

পৃথিব্যধিকরণম্

"তা আপ ঐক্ষন্ত বহ্ব্যঃ স্যাম প্রজায়েমহীতি তা অন্নমসৃজন্ত" (ছা০ ৬।২।৩) ইত্যত্র বিচারান্তরম্। কিমনেন 'অন্ন' শব্দেন যবাদিকং গ্রাহ্যম্ ? কিম্বা পৃথিবীতি ? "তস্মাৎ যত্র ক্বচন বর্ষতি তদেব ভূয়িষ্ঠমন্নং ভবতি, অদ্ভ্য এব তদধ্যন্নাদ্যং জায়তে" (ছা০ ৬।২।৪) ইতি তত্রৈব যুক্তিপ্রদর্শনাদ্ রূঢ়েশ্চ যবাদিকমিতি প্রাপ্তে—

৮। পৃথিব্যধিকরণম্।

বিষয়ঃ অথ পৃথিব্যধিকরণস্য বিষয়বাক্যসংগ্রহঃ—তথাহি ছান্দোগ্যে ৬।২।৪, তা আপ ঐক্ষন্ত বহ্ব্যঃ স্যাম প্রজায়েমহীতি তা অন্নমসৃজন্ত ইতি। তৈত্তিরীয়কে চ ২।১।৩ "অদ্‌ভ্যঃ পৃথিবী" ইতি। মুণ্ডকে চ ২ ১ ৩, এতস্মাজ্জায়তে" ইত্যারভ্য "পৃথিবী বিশ্বস্য ধারিণী" ইতি বিষয় বাক্যম্।

সংশয়ঃ—অত্র ভবতি সংশয়ঃ ; কিং ইয়ং পৃথিবী অদ্‌ভ্যো জায়তে ? অথবা ব্রহ্মণো জায়তে ? ইতি সংশয়ম্ ।

পূর্ব্বপক্ষঃ অথ অনয়ো র্বিরোধোঽস্তি ন বা ইতি সন্দেহে পূর্ব্বপক্ষস্যাবতারঃ—অদ্ভ্য এব জায়তে ; কুতঃ ? উভয়োপনিষৎ প্রতিপাদিতত্বাৎ বাচনিকত্বাচ্চ। ইতি। **অথ 'তা আপ ঐক্ষন্ত"** ইত্যত্র বিচারান্তরম্ ; অত্র অন্নশব্দেন কিং যবাদিধান্যানি গ্রাহ্যানি ; অথবা **পৃথিবী ? যবাদিকমিত্যত্র**

জল দ্বারা নাশ নির্ব্বাপিত হয়, এই প্রকার বলাযায় না, তাহাও অপকৃষ্ট ও উৎকৃষ্ট বিধান আছে, অর্থাৎ অপকৃষ্ট স্নেহই জল তাহা বহ্নির নাশক, এবং উৎকৃষ্ট স্নেহ বিশিষ্ট ঘৃত তৈলাদিভাবগত জল বহ্নির অনুকূল ইহাই সারার্থ ॥১১॥

এই প্রকার অবধিকরণ সপ্তম সমাপ্ত ॥৭॥

৮। পৃথিব্যধিকরণের ব্যাখ্যা।

বিষয় অতঃপর পৃথিব্যধিকরণের বিষয় বাক্য সংগ্রহ এই প্রকার ছান্দোগ্যে বর্ণিত আছে সেই আপ পর্য্যালোচনা করিলেন বহু হইয়া জাত হইব, সেইজল অন্ন সৃষ্টি করিল। তৈত্তিরীয়কে বর্ণিত আছে জল হইতে পৃথিবী জাত হইল। এবং মুণ্ডকে বর্ণিত আছে-তাহা, ইহতে জাত' ইহা আরম্ভ করিয়া 'বিশ্ব ধারিণী পৃথিবী জাত হয়" ইহাই বিষয়বাক্য।

সংশয় এইস্থলে সংশয় এই যে-এই পৃথিবী কি জল হইতে উপন্ন হইয়াছে ? অথবা পরব্রহ্ম হইতে জাত হইয়াছে ? ইহাই সন্দেহ বাক্য।

পূর্ব্বপক্ষ—অতঃপর এই শ্রুতিদ্বয়ের বিরোধ আছে কিনা ? এই প্রকার সন্দেহে পূর্ব্বপক্ষের অবতারণা পৃথিবী জল হইতেই জাত হয়, কেন? উভয় উপনিষৎ দ্বারা প্রতিপাদন ও বাচনিক

ওঁ।। পৃথিব্যধিকাররূপ শব্দান্তরেভ্যঃ ।।ওঁ।। ২।৩।৮।১২।।

পৃথিব্যেবগ্রাহ্যা ন তু যবাদি, কুতঃ? অধিকারেত্যাদেঃ॥ "তত্তেজোঽসৃজত" (ছা০ ৬।২।৩) ইতি মহাভূতানামেবাধিকারাৎ।" যৎ কৃষ্ণং তদন্নস্য (ছা০ ৬।৪।৪) ইতি পার্থিবরূপ

অমরকোষ টীকায়াং শ্রীক্ষীর স্বামিপাদাঃ—৩৯২১ ধান্যং ব্রীহিঃ স্তম্বকরিঃ" ব্রীহিঃ যবো, মসূরো গোধূমো মুদ্গ মাষ-তিলচণকাঃ ; অনবঃ প্রিয়ঙ্গু কোদ্রব ময়ুষ্টকাঃ শালিরাঢ়ক্যঃ দ্বৌ চ কুলায়-কুলথৌ শণঃ সপ্ত দশানি ধান্যানি" ইতি। কিং প্রাপ্তম্?

যবাদিকমেব গ্রাহ্যমিত্যর্থঃ। কুতঃ? ছান্দোগ্যপ্রমাণাৎ ; অত্র প্রমাণমাহুঃ তস্মাদিতি—তস্মাৎ জলস্য অন্নোৎপাদকত্বাৎ যত্র কালে যত্র স্থানে জলং বর্ষতি, তত্র তদেব দেশে কালে চ ভূয়িষ্ঠং প্রভূতমন্নং ভবতি ; অতো জলাদেব অন্নাদ্যং জায়তে' ইতি মন্ত্রার্থঃ। ইতি তত্রৈব ছান্দোগ্যোপনিষদি যুক্তি প্রদর্শনাৎ রূঢ়ি প্রয়োগাচ্চ অত্র অন্ন শব্দেন যবাদিকং গ্রাহ্যমিতি পূর্ব্বপক্ষ বাক্যম্।

সিদ্ধান্ত :—ইতি পূর্ব্বপক্ষে প্রাপ্তে সিদ্ধান্তসূত্রমবতারয়তি ভগবান্ শ্রীবাদরায়ণঃ—পৃথিবী" ইতি। অত্র ছান্দোগ্যোপনিষদুক্তমন্ত্রেণ যদন্নং ইত্যুক্তং তত্তু পৃথিবী এব ; কুতঃ? অধিকারাৎ, মহাভূতানামধিকারাৎ, তথা রূপাৎ, পৃথিব্যাং রূপনিরূপণাৎ। এবং শব্দান্তরেভ্যঃ—শ্রুতিশব্দেষু তথৈব বর্ণনাদিত্যর্থঃ। ভাষ্যন্ত প্রকটার্থম। তত্তেজঃ" ইতি।

অত্র একমেবাদ্বিতীয়স্য সতঃ পরব্রহ্ম শ্রীগোবিন্দদেবস্য সিসৃক্ষায়াং জাতায়াং "বহুস্যাং" ইতি বিচার্য্য তেজোঽসৃজত, তস্মাজ্জলম্, অতোঽন্নস্য কারণভূতা পৃথিবী' ইতি মহাভূতসৃষ্টি প্রকরণাৎ অন্নমত্র পৃথিবী এব, নতু যবাদি ইত্যর্থঃ। যৎ কৃষ্ণম্" ইতি। যদত্রিবৃৎ কৃতস্য তেজসো রূপং তত্তু

হেতু। অনন্তর তা আপঃ "এইস্থলে বিচারান্তর আরম্ভ করিতেছেন ছান্দোগ্যে অন্নশব্দের দ্বারা কি যবাদি ধান্য গ্রহণ করিতে হইবে? অথবা পৃথিবী? যবাদি শব্দে ধান্য গ্রহণ করিতে হইবে, অমর কোষের টীকায় শ্রীক্ষীরস্বামী বলিয়াছেন ধান্য শব্দে ব্রীহি ও স্তম্বকরি হয় ব্রীহি যব মসূর গম মুগ মাষ তিল চণক অণব প্রিয়ঙ্গু ময়ুঅষ্টক শালি আঢ়ক কুলায় কুলথ ও শণ এই সপ্তদশ প্রকার ধান্য। ফল কি হইল? যবাদি ধান্যই গ্রহণ করিতে হইবে, কেন? ছান্দোগ্য প্রমাণ হেতু সেই প্রমাণ বলিতেছেন তস্মাদিতি।

অতএব যে কোন স্থানে বর্ষা হয় সেই স্থানে বহু অন্ন হয়, জল হইতেই সেই অন্ন জাত হয়। অর্থাৎ জলের অন্নোৎপাদকত্ব হেতু যে কালে যে স্থানে জলবৃষ্টি হয়, সেইকালে সেইদেশে প্রভূত অন্ন জাত হয়, সুতরাং জল হইতেই অন্নাদি উৎপন্ন ইহাই মন্ত্রার্থ। অতএব ছান্দোগ্যোপনিষদে যুক্তি প্রদর্শন হেতু ও রূঢ়ি প্রয়োগ হেতু অন্নশব্দের দ্বারা যবাদি ধান্যই গ্রহণ করা উচিত, ইহাই পূর্ব্বপক্ষ বাক্য।

সিদ্ধান্ত—এই প্রকার পূর্ব্বপক্ষ প্রাপ্ত হইলে ভগবান শ্রীবাদরায়ণ সিদ্ধান্ত সূত্রের অবতারণা।

ত্বাৎ। "অদ্ভ্যঃ পৃথিবী" (তৈ ২।১) ইতি শ্রুত্যন্তরাচ্চেত্যর্থঃ। এবং সতি "তস্মাদ্ যত্র ক্বচন" (৬।২।৪) ইত্যাদিকন্তু হেতুফলয়োরৈক্য বিবক্ষয়া সঙ্গমনীয়ম্ ॥১২॥

ত্রিবৃৎকৃতস্য অগ্নেঃ রোহিতং রূপম্ ভবতি, এবং যৎ অত্রিবৃৎ কৃতায়াঃ পৃথিব্যাঃ রূপং তত্ত্ব ত্রিবৃৎকৃতস্য অন্নস্য কৃষ্ণং রূপং ভবতীতি অন্নস্য পার্থিবরূপশ্রবণাৎ, অন্নশব্দেন পৃথিব্যেবগ্রাহ্যা ন তু যবাদি। অদ্ভ্যঃ পৃথিবী" ইতি—এবং তৈত্তিরীয়কে "অদ্ভ্যঃ পৃথিবী সম্ভূতঃ" শ্রবণাৎ জলাৎ পৃথিবী এব জায়তে, ন তু অন্নমিত্যর্থঃ।

অথ শঙ্কামবতারয়ন্তি—এবম্ ইতি। সমাধানমাহুঃ—হেতু-ফলয়োরিতি। কারণ-কার্য্যয়োঃ পৃথিবী যবাদিকয়োরভেদ বিবক্ষিতত্বাদিত্যর্থঃ, তস্মাৎ পৃথিব্যাঃ স্থানে যবাদিকথনেঽপি সা এব লভ্যেত, ইতি ন কোঽপি বিরোধলেশগন্ধঃ। তথাহি শ্রীভাগবতে চ ৩২৬।৪৪, রসমাত্রাদ্বিকুর্ব্বাণাদম্ভসো দৈবচোদিতাৎ। গন্ধমাত্রমভূৎ তস্মাৎ পৃথ্বী ঘ্রাণস্তু গন্ধগঃ॥ ইতি এবং শ্রীমহাভারতেঽপি—শান্তিপর্ব্বণি মোক্ষধর্ম্মে—শ্রীব্যাস শুকদেব সংবাদে—২৩২।১—৭, ব্রহ্মতেজোময়ং শুক্রং যস্য সর্ব্বমিদং জগৎ।

করিতেছেন—পৃথিবী ইতি। ছান্দোগ্যোপনিষদুক্ত মন্ত্রের দ্বারা যে অন্নকথিত হইয়াছে তাহা পৃথিবীই, কেন? অধিকার হেতু, অর্থাৎ মহাভূততোৎপত্তি অধিকার হেতু। তথারূপ হেতু, পৃথিবীতে রূপ নিরূপণ হেতু, এবং শব্দান্তর হইতে, শ্রুতি শব্দ সকলে সেই প্রকার বর্ণনা করা হেতু ইহাই সূত্রার্থ। অন্ন শব্দে পৃথিবীই গ্রহণ করিতে হইবে, কিন্তু যবাদি নহে। কেন? অধিকার ইত্যাদি হেতু। তিনি তেজ সৃষ্টি করিলেন, অর্থাৎ একমেবাদ্বিতীয় সৎ পরব্রহ্ম শ্রীগোবিন্দদেবের সৃষ্টি করিতে ইচ্ছা হইলে আমি বহু হইব এই বিচার করিয়া তেজ সৃষ্টি করিলেন, তেজ হইতে জল এবং জল হইতে অন্নাদির কারণ-ভূতা পৃথিবী সৃষ্টি করিলেন, এই প্রকার মহাভূত সৃষ্টি প্রকরণ হেতু অন্ন পৃথিবীই হয়, কিন্তু যবাদি নহে ইহাই অর্থ। যাহা কৃষ্ণরূপ তাহা অন্নের, এই প্রকার পার্থিব রূপ কথন হেতু। অর্থাৎ অত্রিবৃৎ কৃত তেজের যে রূপ তাহা ত্রিবৃৎ কৃত বহ্নির রোহিত রূপ হয়। এই প্রকার অত্রিবৃৎ কৃত পৃথিবীর যে রূপ তাহা ত্রিবৃৎ অন্নের কৃষ্ণরূপ হয়, এইভাবে অন্নের পার্থিব রূপ শ্রবণ হেতু অন্ন শব্দের দ্বারা পৃথিবীই গ্রহণ করিতে হইবে কিন্তু যবাদি নহে।

জল হইতে পৃথিবী জাত হয়, এই প্রকার অন্য শ্রুতি কথন হেতু। অর্থাৎ এই প্রকার তৈত্তিরীয়কে জল হইতে পৃথিবী জাত শ্রবণ হেতু, জল হইতে পৃথিবীই জাত হয়, কিন্তু অন্ন নহে এই অর্থ। অনন্তর শঙ্কা করিতেছেন যদি অন্ন শব্দে পৃথিবী গ্রহণ করেন তবে 'যে স্থানে বর্ষা হয়" ইত্যাদির সমাধান কি? তাহার সমাধান বলিতেছেন হেতু ও ফলের একত্ব বিবক্ষা বশতঃ সমাধান করিতে হইবে। অর্থাৎ কারণ ও কার্য্য পৃথিবী ও যবাদির অভেদ বিবক্ষা হেতু। অতএব পৃথিবীর স্থানে যবাদি বলিলেও পৃথিবীই বোধ হইবে, সুতরাং বিরোধ লেশ গন্ধও নাই। এই বিষয়ে শ্রীভাগবতে

৭। তদভিধ্যানাধিকরণম্

বিয়দাদিক্রমেণ তত্ত্বসৃষ্টিবিমর্শো বিসম্বাদপরিহারায়ৈব কৃতঃ। প্রধান মহদাদিরূপেণ তদ্বিমর্শস্তু "জন্মাদি" (ব্র° স্° ১।১।২।২) সূত্রেণৈব সিদ্ধঃ।

একস্য ব্রহ্মভূতস্য দ্বয়ং স্থাবর-জঙ্গমম্॥ অহর্মুখে বিবুদ্ধঃ সন্ সৃজতেঽবিদ্যয়া জগৎ। অগ্র এব মহদ্ ভূতমাশু ব্যক্তাত্মকং মনঃ॥ (২)

আকাশং জায়তে তস্মাৎ তস্য শব্দগুণং বিদুঃ॥ (৪) আকাশাত্তু বিকুর্ব্বাণাৎ সর্ব্বগন্ধবহঃ শুচিঃ। বলবান্ জায়তে বায়ুঃ তস্য স্পর্শোগুণোমতঃ॥ (৫ বায়োরপি বিকুর্ব্বাণাৎ জ্যোতির্ণভসি ভাস্বরম্। রোচিষ্ণু জায়তে শুক্রং তদ্রূপগুণমুচ্যতে॥ (৬) জ্যোতিষোঽপি বিকুর্ব্বাণাৎ ভবন্ত্যাপো রসাত্মিকাঃ। অদ্ভ্যো গন্ধবহা ভূমিঃ সর্ব্বেষাং সৃষ্টিরুচ্যতে॥ (৭) ইতি ॥১২॥

ইতি পৃথিব্যধিকরণং অষ্টমং সমাপ্তম্ ॥৮॥

৯॥ তদভিধ্যানাধিকরণম্।

যস্মাদুৎপদ্যতে সর্ব্বং যস্মিন্ স্থিতিশ্চ নিশ্চলা।
যত্র চ প্রলয়ং যাতি তং গোবিন্দ মুপাস্মহে॥

অথ এতানি তত্ত্বানি সাক্ষাৎ সর্ব্বজ্ঞাৎ সর্ব্বকারণাৎ শ্রীগোবিন্দদেবাদেবোৎপদ্যন্তে ইতি প্রতিপাদয়িতুং তদভিধ্যানাধিকরণারম্ভঃ ইতি অধিকরণ সঙ্গতিঃ।

বর্ণিত আছে—রসতন্মাত্র জল শ্রীভগবান কর্ত্তৃক প্রেরিত হইয়া বিকার বশতঃ গন্ধ তন্মাত্র হয়, তাহা হইতে পৃথিবী ও গন্ধ গ্রাহক নাসিকা জাত হয়। শ্রীমহাভারতে বর্ণিত আছে ব্রহ্ম তেজোময় শুক্র স্বরূপ, যার এইসকল জগৎ একমাত্র ব্রহ্ম স্বরূপের স্থাবর ও জঙ্গম দুই প্রকার সৃষ্টি, সেই পরব্রহ্ম সৃষ্টির প্রারম্ভে জাগ্রত হইয়া অবিদ্যার দ্বারা জগৎসৃষ্টি করেন, প্রথমে মহৎ ও অব্যক্তস্বরূপ মনকে সৃষ্টি করেন, তাহা হইতে আকাশ জাত হয় তাহার গুণ শব্দ, আকাশ বিকৃত হইয়া গন্ধবাহী পবিত্র বলবান বায়ু জাত হয়, তাহার গুণ স্পর্শ বায়ু হইতে আকাশে ভাস্বর রোচিষ্ণু জোতিঃ বা শুক্ররূপ তেজঃ জাত হয়, তাহার গুণরূপ, জ্যোতিঃ হইতে রসাত্মক জল হয়, জল হইতে গন্ধবতী পৃথিবী জাত হয়, এই প্রকার সকলের সৃষ্টি কথিত হয় ॥১২॥

এই প্রকার পৃথিব্যধিকরণ অষ্টম সমাপ্ত ॥৮॥

৯॥ তদভিধ্যানাধিকরণের ব্যাখ্যা।

যাহা হইতে সকল পদার্থ উৎপন্ন হয়, যাহাতে নিশ্চল ভাবে অবস্থান করে যাহাতে প্রলয় হয়, সেই শ্রীগোবিন্দদেবকে আমরা উপাসনা করি। আকাশাদি তত্ত্ব সকল সাক্ষাৎ সর্ব্বজ্ঞ সর্ব্বকারণ শ্রীগোবিন্দদেব হইতেই উৎপন্ন হয় ইহা প্রতিপাদন করিবার নিমিত্ত তদভিধ্যানাধিকরণারম্ভ "ইহাই অধিকরণ সঙ্গতি।

অথ তস্মিন্ বিশেষং বক্তুমারভতে। সুবালোপনিষদি পঠ্যতে–(১।১।২-৩) "ভদাহুঃ কিং তদাসীৎ তস্মৈ স হোবাচ ন সন্নাসন্নসদসদিতি, তস্মাত্তমঃ সঞ্জায়তে, তমসো ভূতাদি ভূতাদেরাকাশমাকাশাদ্ বায়ু র্বায়ো রগ্নিরগ্নেরাপোঽদ্ভ্যঃ পৃথিবী তদণ্ডমভবৎ" ইতি। ইহ তম আকাশয়োরন্তরালে অক্ষরাব্যক্তমহদ্ ভূতাদি তন্মাত্রা ইন্দ্রায়াণি ক্রমেণ বোধ্যানি।

বিষয়ঃ—অথ তদভিধ্যানাধিকরণস্য বিষয়বাক্যমবতারয়ন্তি বিয়দাদীত্যাদিনা। অথ সুবলা শ্রুত্যনুসারেণ সৃষ্টিক্রমং প্রতিপাদয়ন্তি তদাহুঃ" ইতি। স্বগুরুদেবং প্রতি শিষ্যাঃ পৃচ্ছন্তি; হে গুরো! তৎ পঞ্চ প্রপঞ্চ সৃষ্টেঃ পূর্ব্বে কিমাসীৎ? কিঞ্চিদবিনাশি বস্তু ভূতং আসীৎ, উতঃ শুন্য-মেবাসীদিতি?

এবং পৃষ্টো গুরুরাহ তস্মৈ শিষ্যবর্গায় সংগুরু স্ফুটমুবাচ ইতার্থঃ। সৃষ্টেঃ পূর্ব্বং অবিনাশি বস্তুভূতং যদ্ বস্তু আসীৎ তৎ ন সৎ; তেজোঽবন্নরূপং ন ইত্যর্থঃ। ন অসৎ সূক্ষ্মং প্রধানাদিরূপমপি নাসীদিতি। ন চ সদসদ্ স্থূল সূক্ষ্মমুভয়াত্মকমপিনাসীদিত্যর্থঃ। তর্হি কিং শূন্যমাসীদিতি চেৎ তত্রাহ—তমঃ শক্তিকং ব্রহ্মৈব তদাসীদিত্যর্থঃ। তস্মাৎ স্ববিলীন ক্ষেত্রজ্ঞ বুভুক্ষা অভ্যুদিতদয়াৎ, ঈক্ষিত তমঃ শক্তিকাৎ পরব্রহ্মণঃ তমঃ সঞ্জায়তে; তমঃ শব্দেনাত্র সিসৃক্ষা বোদ্ধব্যম। যতঃ তমঃ—আকাশয়োর্মধ্যে অব্যক্ত মহান্তৌ জায়েতে ইতি বোদ্ধব্যৌ। ভূতাদিরহঙ্করাঃ; তস্মাদাকাশাদিক্রমেণ ইতি।

বিষয়—অতঃপর তদভিধ্যানাধিকরণের বিষয় বাক্যের অবতারণা করিতেছেন—বিয়দিতি আকাশাদি ক্রমপূর্ব্বক তত্ত্ব সকলের সৃষ্টি বিচার বিসম্বাদ পরিহারের নিমিত্ত করা হইল। প্রধান মহদাদি রূপে তাহার বিচার কিন্তু "জন্মাদি" সূত্রের দ্বারাই সিদ্ধ হইয়াছে। অনন্তর এই অধিকরণের বিশেষ বলিতে আরম্ভ করিতেছেন। সুবালোপনিষদে বর্ণিত আছে—অর্থাৎ সুবাল শ্রুত্যনুসারে সৃষ্টিক্রম প্রতিপাদন করিতেছেন—তদাহুঃ ইতি তাহারা জিজ্ঞাসা করিলেন তখন কি ছিল? অর্থাৎ নিজগুরু-দেবের প্রতি শিষ্যগণ জিজ্ঞাসা করিলেন—হে গুরুদেব! এই পঞ্চ প্রপঞ্চ সৃষ্টির পূর্ব্বে কি ছিল? কোন অবিনাশী বস্তু স্বরূপ ছিল? অথবা শূন্যই ছিল? এই প্রকার জিজ্ঞাসা করিলে শ্রীগুরু কহিলেন শিষ্য বর্গকে গুরুদেব স্পষ্টরূপে কহিলেন সৎ অসৎ সদসৎ ছিল না অর্থাৎ সৃষ্টির পূর্ব্বে অবিনাশী বস্তু স্বরূপ যে ছিল তাহা সৎ নহে, তেজঃ জল অন্নরূপ নহে, অসৎ অর্থাৎ সূক্ষ্ম প্রধানাদি রূপও ছিল না, সদসৎ-স্থূল সূক্ষ্ম উভয়াত্মক ও ছিল না। তাহা হইলে কি শূন্যই ছিল? তদুত্তরে বলিতেছেন—সেই কালে তমঃ শক্তি যুক্ত ব্রহ্মই ছিল। তাহা হইতে তমঃ জাত হয়, সেই ব্রহ্ম হইতে, অর্থাৎ স্ববিলীন জীব গণের ভোগ পূর্ত্তি বিষয়ে জাতদয় ঈক্ষিত তমঃ শক্তিক পরব্রহ্ম হইতে তমঃ জাত হয়, তমঃ শব্দে এই স্থলে সৃষ্টির ইচ্ছা বুঝিতে হইবে।

"সন্দগ্ধা সর্ব্বাণি ভূতাণি পৃথিব্যাস্ প্রলীয়তে, আপস্তেজসি, প্রলীয়ন্তে তেজো বায়ৌ বিলীয়তে, বায়ুরাকাশে বিলীয়তে, আকাশমিন্দ্রিয়েষু, ইন্দ্রিয়াণি তন্মাত্রেষু, তন্মাত্রাণি ভূতাদৌ বিলীয়ন্তে, ভূতাদির্ম্হতি বিলীয়তে, মহানব্যক্তে বিলীয়তে; অব্যক্তমক্ষরে বিলীয়তে, অক্ষরং তমসি বিলীয়তে, তম একী ভবতি পরস্মিন্, পরস্মান্নসন্নাসন্ন সদসৎ" (সুবাল ২।৪) ইত্যগ্রিমলয় বাক্যানুরোধাৎ।

অয়মত্র ক্রমঃ সিসৃক্ষোঃ পরব্রহ্মণঃ তমঃ সঞ্জায়তে : তস্মাৎ ত্রিগুণমব্যক্তম্ ; অব্যক্তাৎ মহান; মহতঃ ত্রিবিধোঽহঙ্কার : তথাহি শ্রীবিষ্ণুপুরাণে—১।২ ৩৪. "সাত্ত্বিকো রাজসশ্চৈব তামসশ্চ ত্রিধা মহান্" তত্র সাত্ত্বিকাহঙ্কারাৎ ইন্দ্রিয়াধিষ্ঠাত্র্যো দেবতামনশ্চ। রাজসাহঙ্কারাৎ দশেন্দ্রিয়াণি। তামসাহঙ্কারাৎ তন্মাত্রদ্বারাকাশাদীনি ; তথাচ—শব্দতন্মাত্রদ্বারা তামসাৎ আকাশঃ স্পর্শতন্মাত্রদ্বারা আকাশাদ্ বায়ুঃ জায়তে। রূপতন্মাত্রদ্বারা বায়োরগ্নিঃ।

রসতন্মাত্রদ্বারা অগ্নেরাপঃ। গন্ধতন্মাত্রদ্বারা অদ্ভ্যঃ পৃথিবী জায়তে ইত্যর্থঃ। অত্র পরব্রহ্মণঃ সর্ব্বত্র নির্ব্বিশেষমধিষ্ঠাতৃত্বং জ্ঞেয়ম্। এতৈর্যুক্তং ব্রহ্মাণ্ডং ভবতি। তত্র বৈরাজঃ পুরুষঃ ; অন্তর্য্যামী শ্রীনারায়ণঃ, তন্নাভিপদ্মে বৈরাজস্য ভোগবিগ্রহঃ চতুর্ম্মুখঃ, ততঃ ক্ষেত্রজ্ঞানাং যথাবসরং জন্ম ইতি। তথাচ শ্রীভাগবতে ১১ ২৪ ২–৮ "আসীজ্জ্ঞানমথো হ্যর্থ একমেবাবিকল্পিতম্" ইত্যারভ্য—তমো রজঃ সত্ত্বমিতি প্রকৃতেরভবন্ গুণাঃ। ময়া প্রোক্ষভ্যমানায়াঃ পুরুষানুমতেন চ॥ (৫) তেভ্যঃ সমভবৎ সূত্রং

তমঃ হইতে অহঙ্কার, তাহা হইতে আকাশ, আকাশ হইতে বায়ু বায়ু হইতে অগ্নি, বহ্নি হইতে অপ, অপ হইতে পৃথিবী, তাহা হইতে ব্রহ্মাণ্ড জাত হয়! এইস্থলে তমঃ ও আকাশের মধ্য বর্ত্তী প্রধান এবং মহৎ জাত হয় ভূতাদি অহঙ্কার, পঞ্চ তন্মাত্র অতএব আকাশাদি ক্রমে জাত হয়! এইস্থলে সৃষ্টি ক্রম এই প্রকার-সৃজনেচ্ছু পরব্রহ্ম হইতে তমঃ জাত হয়, তাহা হইতে ত্রিগুণাত্মক অব্যক্ত, তাহা হইতে মহৎ মহৎ হইতে ত্রিবিধ অহঙ্কার। শ্রীবিষ্ণুপুরাণে কথিত আছে—মহান্‌সাত্ত্বিক রাজসিকও তামসিক ত্রিবিধ অহঙ্কার রূপে পরিণত হয়। তন্মধ্যে সাত্ত্বিক অহঙ্কার হইতে ইন্দ্রিয়গণের অধিষ্ঠাতৃদেবতা ও মনঃ হয়, রাজসাহঙ্কার হইতে দশটি ইন্দ্রিয় তমসাহঙ্কার হইতে পঞ্চ তন্মাত্র, তাহা হইতে আকাশাদি। অর্থাৎ শব্দ তন্মাত্র দ্বারা তামসাহঙ্কার হইতে আকাশ, স্পর্শতন্মাত্র দ্বারা আকাশ হইতে বায়ু জাত হয়। রূপ তন্মাত্র দ্বারা বায়ু হইতে অগ্নি হয়, রস তন্মাত্র দ্বারা অগ্নি হইতে জল হয়, গন্ধ তন্মাত্র দ্বারা জল হইতে পৃথিবী জাত হয় ইহাই অর্থ।

এই সকলের মধ্যে পর ব্রহ্ম নির্বিশেষ ভাবে অধিষ্ঠান করিতেছেন। এই সকল পদার্থ সংযুক্ত হইয়া ব্রহ্মাণ্ড রচিত হয়, তন্মধ্যে বিরাট পুরুষ, অন্তর্য্যামী শ্রীনারায়ণ তাঁহার নাভি কমলে বৈরাজ পুরুষের ভোগ বিগ্রহ চতুর্ম্মুখ ব্রহ্মা জাত হয়, তদনন্তর জীব গণের যথাবসরে জন্মাদি হয়।

এতচ্চাপাততো বস্তুতস্তু ভূতাদিশব্দেনাহঙ্কারস্ত্রিবিধঃ। তস্মাৎ সাত্ত্বিকাৎ মনো দেবতাশ্চ। রাজসাদিন্দ্রিয়াণি। তামসাত্তু তন্মাত্রদ্বারা আকাশাদীনীতি বহুব্যাখ্যানুসারাৎ।

শ্রীগোপালোপনিষদি চ (গো. তা. উ. ৭১-৭২) "পূর্ব্বং হ্যেকমেবাদ্বিতীয়ং ব্রহ্মাসীৎ, তস্মাদব্যক্তং ব্যক্তমেবাক্ষরং তস্মাদক্ষরান্মহান্ মহতো বা অহঙ্কারস্তস্মাদহঙ্কারাৎ পঞ্চতন্মাত্রাণি তেভ্যো ভূতানি তৈরাবৃতমক্ষরং ভবতীতি।

মহান্ সূত্রেণ সংযুতম্। ততো বিকুর্ব্বতো জাতোঽহঙ্কারো যো বিমোহনঃ ॥৬ বৈকারিকস্তৈজসশ্চ তামসশ্চেত্যহং ত্রিবৃৎ। তন্মাত্রেন্দ্রিয়মনসাং কারণং চিদচিন্ময়ঃ॥ (৭) অর্থস্তন্মাত্রিকাজ্জে তামসাদিন্দ্রিয়াণি চ। তৈজসাদ্ দেবতা আসন্ একাদশ চ বৈকৃতাৎ ॥৮ ইতি।

অথ প্রলয়প্রকারং নিরূপয়ন্তি –"সন্" ইতি। মন্ত্রব্যাখ্যানন্তু সুগমম্। এবং অথর্ব্ববেদান্তর্গতা শ্রীগোপালতাপন্যুপনিষদপি তথৈব নিরূপয়তি—"পূর্ব্বমিতি" পূর্ব্বং-সৃষ্টেঃ প্রাক্ ব্রজবিলাসিস্বরূপং একমেবাদ্বিতীয়ং ব্রহ্মাসীৎ, তস্মাৎ নরাকৃতি পরব্রহ্মণঃ শ্রীগোপালাৎ অব্যক্তং ত্রৈগুণ্যশরীরকমক্ষরং জীবচৈতন্যম্, ব্যক্তমাসীৎ তদেবাক্ষরমিতি, তস্মাৎ মহদাদিক্রমেণ ব্রহ্মাণ্ডান্তং সর্ব্বং জাতমিতি। ইতি বিষয়বাক্যম্।

শ্রীভাগবতে বর্ণিত আছে-শ্রীভগবান বলিলেন-উদ্ধব! পূর্ব্বে প্রলয়াবসরে দৃশ্য পদার্থ সকল বিকার শূন্য অদ্বিতীয় এক পরব্রহ্মে বিলীন ছিল "এই প্রকার আরম্ভ করিয়া-জীবের অদৃষ্ট বশতঃ জীবের অনুমতি ক্রমে আমা কর্ত্তৃক ক্ষোভিতা মায়ায় সত্ত্ব রজঃ ও তমঃ এই গুণ ত্রয় জাত হয়। সেই গুণ ত্রয় হইতে ক্রিয়াশক্তি মান সূত্রাত্মা হিরণ্যগর্ভজাত হয়,তৎসংযুক্ত জ্ঞানশক্তিমান মহত্তত্ত্ব উৎপন্ন হয়,তাহা হইতে বিকার প্রাপ্ত হইয়া জীবের ভ্রমের কারণ অহঙ্কারতত্ত্ব জাত হয়, সেই অহঙ্কার বৈকারিক তৈজস ও তামস ভেদে তিন প্রকার, এই অহঙ্কার ত্রয় তন্মাত্রের, ইন্দ্রিয়গণের, ও মনের কারণ, এবং চিদচিন্ময়। তামসাহঙ্কার বিকার, তন্মাত্র হইতে পঞ্চমহাভূত, তৈজস অহঙ্কার হইতে ইন্দ্রিয়সকল ও বৈকারিকাহঙ্কার হইতে একাদশ ইন্দ্রিয়াধিষ্ঠাত্রী দেবতা জাত হয়।

অনন্তর প্রলয় প্রকার নিরূপণ করিতেছেন-সনিতি। স্থাবর জঙ্গমাত্মক ভূত সকলের সহিত পৃথিবী পূর্ণরূপে দগ্ধ হইয়া জলে বিলীন হয়, জল তেজে প্রলীন হয়, তেজ বায়ুতে বিলীন হয়, বায়ু আকাশে লীন হয়, আকাশ ইন্দ্রিয়ে, ইন্দ্রিয় সকল তন্মাত্রে, তন্মত্রে সকল ভূতাদি অহঙ্কারে, অহঙ্কার মহতে বিলয় হয়, মহান্ অব্যক্তে লয় হয়, অব্যক্ত অক্ষরে বিলীন হয়, অক্ষর তমসি লয় হয়, তমঃ পরব্রহ্মে একী হয়, সুতরাং পরব্রহ্ম হইতে সং অসৎ সদসং আদি কিছুই নাই। সুবালোপনিষদে আগ্রে দেখা যায়। ইহা আপততঃ বলা হইল, সার কথা এই যে অহঙ্কার ত্রিবিধ, সাত্ত্বিকাহঙ্কার হইতে মনঃও দেবতা, রাজস হইতে ইন্দ্রিয়গণ, তামস হইতে তন্মাত্র দ্বারা আকাশাদি, ইহা বহুবার কথিত

তত্র সংশয়ঃ। প্রধানাদীনি স্বানন্তর তত্ত্বাদুপজায়ন্তে? উত সাক্ষাদেব সর্ব্বেশ্বরাদিতি? শব্দস্বারস্যাৎ স্বানন্তরতত্ত্বাদেবেতি প্রাপ্তে—

॥ওঁ॥ তদভিধ্যানাদেব তু তল্লিঙ্গাৎ সঃ ॥ওঁ॥ ২।৩।৯।১৩॥

শঙ্কাচ্ছেদায় "তু" শব্দঃ। স তম আদি শক্তিকঃ সর্ব্বেশ্বর এব প্রধানাদীনাং পৃথিব্যন্তানাং কার্য্যানাং সাক্ষাদ্ধেতুঃ। কুতঃ? তদভীতি। "সোঽকাময়ত বহুস্যাং প্রজায়েয়" (তৈ০২।৬)ইত্যাদৌ তস্যৈব তচ্ছক্তিকস্য সর্ব্বেশ্বরস্য প্রধানাদিবহুভবনসঙ্কল্পাৎ লিঙ্গাৎ,ব্রহ্মৈব তমঃ

সংশয়ঃ—অত্র বিষয়বাক্যে ভবতি সংশয়ঃ, প্রধানাদীনি" ইতি। স্বানন্তরতত্ত্বাৎ—অব্যবহিত স্বপূর্ব্বতত্ত্বাদিত্যর্থঃ। তথাচ কিং আকাশাদয়ঃ এব স্বতন্ত্রাঃ স্বানন্তরতত্ত্বাৎ পূর্ব্বপদার্থাজ্জায়ন্তে। অথবা সাক্ষাৎ শ্রীগোবিন্দদেব এব তানি সৃজতি? ইতি সংশয় বাক্যম্।

পূর্ব্বপক্ষ—ইতি সংশয়ে জাতে পূর্ব্বপক্ষমবতারয়ন্তি - শব্দেতি। শব্দস্বারস্যাৎ শ্রুতিপ্রমাণ বলাচ্চ স্বানন্তরতত্ত্বাদেব এতানি মহদাদীনি জায়ন্তে, ন তু সর্ব্বেশ্বরাৎ, ইতি পূর্ব্বপক্ষবিষয়ম্।

সিদ্ধান্ত—এবং পূর্ব্বপক্ষে প্রাপ্তে সিদ্ধান্তসূত্রমবতারয়তি ভগবান্ শ্রীবাদরায়ণঃ—তদিতি। পরমকারণ—সর্ব্বশক্তিমৎ সর্ব্বজ্ঞ সর্ব্বেশ্বর সর্ব্বনিয়ন্তৃ শ্রীগোবিন্দদেব এব প্রধানাদীনাং পৃথিব্যন্তানাং সর্ব্বেষাং কার্য্যাণাং সাক্ষাৎ কারণং কুতঃ? তদভিধ্যানাৎ, অভিধ্যানং "একোঽহং বহুস্যাং" ইতি সঙ্কল্পঃ,

---

হইয়াছে। এবং অথর্ব্ব বেদান্তর্গত শ্রীগোপাল তাপনী উপনিষদেও তাহাই নিরূপণ করিয়াছেন পূর্ব্বমিতি। পূর্ব্বে এক অদ্বিতীয় ব্রহ্ম ছিল, অর্থাৎ সৃষ্টির পূর্ব্বে ব্রজবিলাসি স্বরূপ এক ও অদ্বিতীয় ব্রহ্মছিল।

সেই নরাকৃতি পরব্রহ্ম শ্রীগোবিন্দদেব হইতে অব্যক্ত ত্রৈগুণ্য শরীর জীব চৈতন্য অক্ষর ব্যক্ত হয়, তাহাই অক্ষর। অক্ষর হইতে মহান্ তাহা হইতে অহঙ্কার তাহা হইতে পঞ্চ তন্মাত্র, তাহা হইতে পঞ্চমহাভূত, তাহার দ্বারা অক্ষর আবৃত হয়। অতএব মহাদদি ক্রমে ব্রহ্মাণ্ড পর্যন্ত সকল জাত হয়, ইহাই বিষয় বাক্য।

সংশয় এই বিষয় বাক্যে সংশয় হইতেছে প্রধানাদি ইতি। প্রধানাদি তত্ত্বসকল স্বানন্তর তত্ত্ব হইতে উৎপন্ন হয়? অথবা সাক্ষাৎ সর্ব্বেশ্বর হইতে। স্বানন্তর তত্ত্ব অর্থাৎ অব্যবহিত নিজ পূর্ব্ব তত্ত্ব, অর্থাৎ আকাশাদি কি স্বতন্ত্র ভাবে নিজ পূর্ব্ববর্ত্তি তত্ত্ব হইতে জাত হয়? অথবা সাক্ষাৎ শ্রীগোবিন্দদেবই আকাশাদি সকলকে সৃষ্টি করেন? ইহাই সংশয় বাক্য।

পূর্ব্বপক্ষ—এইরূপ সংশয় জাত হইলে পূর্ব্বপক্ষের অবতারণা করিতেছেন—শব্দেতি। শব্দ স্বারস্য হেতু নিজ অব্যবহিত পূর্ব্বতত্ত্ব হইতে জাত হয়; অর্থাৎ শ্রুতি প্রমাণ সামর্থ্য হেতু স্বানন্তর তত্ত্ব হইতেই এই মহদাদি জাত হয়, কিন্তু সর্ব্বেশ্বর হইতে নহে। এই প্রকার পূর্ব্বপক্ষ বাক্য।

প্রভৃতীনি প্রবিশ্যঃ প্রধানাদিরূপেণ তানি পরিণময়তি। যস্য পৃথিবীশরীরম্ (বৃ° ৩।৭।৩) ইত্যাদি শ্রুতেরন্তর্য্যামিব্রাহ্মণাচ্চ ॥১৩॥

"তত্তেজ ঐক্ষত" (ছা° ৬ ২।৩) ইতি পরব্রহ্মণো বহুভবন সঙ্কল্পরূপ ঈক্ষণশ্রবণাৎ তথা প্রধান-মহদ-হঙ্কারাকাশাদীনাং কারণানামপি তথাবিধ-ঈক্ষা পূর্ব্বিকা স্বকার্য্যসৃষ্টিরিতি বোধ্যতে তল্লিঙ্গাৎ—তস্মাদেব সৃষ্টিবোধক শ্রুতিবাক্যপ্রমাণাৎ 'স' এব সর্ব্বেষাং কার্য্যাণাং সাক্ষাৎ হেতুরিতি সূত্রার্থঃ। ভাষ্যন্ত প্রকটার্থম্।

অথ পূর্ব্বত্র "উৎক্রান্তিগত্যধিকরণে" (২।৩।১৩।১৯) অণুত্ব মহত্ত্ববাক্যয়োরেকত্রবিরোধে পরব্রহ্মণঃ শ্রীগোবিন্দদেবস্য মহত্বং ব্যবস্থাপ্য, জীবস্যাণুত্বং প্রতিপাদিতম্। তথা জীবস্য ধর্ম্মভূতং জ্ঞানেন স্বদেহব্যাপিত্বঞ্চ নিরূপিতম্। অথ জীবস্য ধর্ম্মভূতং জ্ঞানং নিত্যমনিত্যং বা ইতি শঙ্কায়াং তন্নিত্যমিতি নিরূপণার্থং পৃথগুপদেশাধিকরণারম্ভঃ" ইতি অধিকরণ সঙ্গতিঃ।

সুতরাং পৃথিবীতেই গন্ধ বিদ্যমান আছে। যদি বলেন-সুগন্ধ জল, সুগন্ধ পবন, ইত্যাদি প্রয়োগ কি প্রকারে সঙ্গত হইবে তদুত্তরে বলিতেছেন-জলও বায়ুতে সংশ্রিত, যে গন্ধ ও বায়ুতে যে গন্ধ অনুভব হয় তাহা সংযোগ সম্বন্ধে অনুভব হয়, বস্তুত সেই গন্ধ পৃথিবীরই। এই প্রকার কর চরণাদির যে গ্রহণাদি দেখা যায় তাহা জীবেরই করচরণাদির নহে। অতএব অণু হইলেও জীব গন্ধবৎ নিজ প্রভাবেই সর্ব্ব শরীর ব্যাপী, ইহাই অধিকরণার্থ। জীব অণু স্বরূপ হইলেও নিজদেহ ব্যাপিয়া অবস্থান করে, এবং হৃদয়ে অবস্থান করিলেও কর্ত্তাও সকল ইন্দ্রিয়ের প্রবর্ত্তক হয় ॥২৬॥

এই প্রকার উৎক্রান্তি গত্যধিকরণ ত্রয়োদশ সম্পূর্ণ ॥১৩॥

১৪। পৃথগুপদেশাধিকরণের ব্যাখ্যা

এই প্রকার পূর্ব্বে উৎক্রান্তি গত্যধিকরণে অণুত্ব মহত্ত্ববাক্যের একত্র বিরোধ হইলে পরব্রহ্ম শ্রীগোবিন্দদেবের মহত্ব ব্যবস্থাপিত করিয়া, জীবের অণুত্ব প্রতিপাদন করেন, এবং জীবের ধর্ম্মভূত জ্ঞানের দ্বারা স্বদেহ ব্যাপিত্ব নিরূপণ করেন। অতঃপর জীবের ধর্ম্মভূত যে জ্ঞান তাহা নিত্য অথবা অনিত্য এই আশঙ্কায় তাহা নিত্য ইহা নিরূপণ করিবার নিমিত্ত পৃথগুপদেশাধিকরণারম্ভ ইহাই অধিকরণ সঙ্গতি।

ইত্যাদিশ্রুতেঃ। জ্ঞানত্বং তস্য জ্ঞানসম্বন্ধাৎ বোদ্ধ্যম্ বহ্নিত্বমিব বহ্নিসম্বন্ধাদয়সঃ। যদি জ্ঞানং নিত্যং তর্হি সুষুপ্ত্যাদৌ তৎ স্যাৎ, কারণব্যর্থতাচেতি প্রাপ্তে—

॥ওঁ॥ পৃথগুপদেশাৎ ॥ওঁ॥ ২।৩।১৪।২৭॥

ধর্ম্মভূতং জ্ঞানং নিত্যম্। কুতঃ? পৃথগিতি। "এষ হি" (প্রশ্ন ৪।৯) ইত্যাদিবাক্যাৎ

বিষয়ঃ—অথ পৃথগুপদেশাধিকরণস্য বিষয়বাক্যমবতারয়ন্তি—"এষঃ" ইতি। "এষ হি দ্রষ্টা স্প্রষ্টা শ্রোতা ঘ্রাতা রসয়িতা মন্তা বোদ্ধা কর্ত্তা বিজ্ঞানাত্মা পুরুষঃ" ইতি তু পূর্ণা শ্রুতিঃ। অত্র দ্রষ্টৃত্বাদি-গুণবান্ জীবঃ। "সুখমহমস্বাপ্সম্ ন কিঞ্চিদবেদিসম্" ইত্যত্র জীবস্য জ্ঞানমনিত্যং প্রতীতম্। এবং "অবিনাশী বা অরে! অয়মাত্মানুচ্ছিত্তি ধর্ম্মা" (বৃ॰ ঃ ৪।১৪) ইতি তু গুণানাং নিত্যত্বং প্রতিপাদিত-মিতি বিষয়বাক্যম্।

সংশয়ঃ—অত্র বিষয়বাক্যে ভবতি সংশয়, জীবস্যেতি জীবস্য যৎ ধর্ম্মভূতং জ্ঞানং তন্নিত্যং, অনিত্যং বা ভবতি, ইতি সংশয়বাক্যম্।

পূর্ব্বপক্ষঃ—অত্র পরমাণুকারণবাদিনাং পূর্ব্বপক্ষঃ—পাষাণকল্পে" ইতি। সুখমহম্" ইত্যত্র জীবস্য জ্ঞানাভাবত্বং প্রতিপাদিতম্, অহং কিঞ্চিদপি ন অবেদিষম্'জ্ঞাতমিত্যর্থঃ তস্মান্ন নিত্যজ্ঞানবান্ জীবঃ তথাহি—তর্ককৌমুদ্যাম্ শ্রীলৌগাক্ষিভাস্করঃ—১, পৃ॰ ৩—অনিত্যজ্ঞানবান্" কিঞ্চ—ভাষাপরিঃ মুক্তাবলী—৪৯ কারিকায়াম্, "ন জ্ঞানসুখাত্মা কিন্তু জ্ঞানাদ্যাশ্রয়ঃ "নিত্যং বিজ্ঞানমানন্দং ব্রহ্ম" ইত্যাদৌ বিজ্ঞান-পদেন জ্ঞানাশ্রয় এবোক্তঃ" ইতি।

বিষয়—অনন্তর পৃথগুপদেশাধিকরণের বিষয় বাক্যের অবতারণা করিতেছেন-এষ ইতি। এই জীবাত্মা দর্শন কর্ত্তা, এই জীব দ্রষ্টা, স্পর্শ কারী, শ্রোতা, গন্ধ গ্রহণ কারী, রসগ্রহণ কর্ত্তা, মনন কর্ত্তা জ্ঞাতা বিজ্ঞানাত্মা পুরুষ ইত্যাদি পূর্ণ শ্রুতিবাক্য। এইস্থলে দ্রষ্টৃত্বাদি গুণবানজীব। আমি সুখে ঘুমাইয়াছিলাম কিছুই জানি নাই, এই স্থলে জীবের জ্ঞান অনিত্য প্রতীত হইতেছে। এবং অরে মৈত্রেয়ি! এই আত্মা অবিনাশী ও অণুচ্ছেদ ধর্ম্মযুক্ত" ইত্যাদি শ্রুতিবাক্যে গুণ সকলের নিত্যতা প্রতিপাদন করিয়াছেন, ইহাই বিষয় বাক্য।

সংশয়—এই বিষয় বাক্যে সংশয় হইতেছে-জীবেতি। জীবের ধর্ম্মভূত যে জ্ঞান তাহা নিত্য? অথবা অনিত্য? ইহাই সংশয়।

পূর্ব্বপক্ষ-এইস্থলে পরমাণু কারণ বাদিগণের পূর্ব্বপক্ষ-পাষাণেতি। পাষাণে সদৃশ জীবে মনের সহিত সংযোগ হইলে জ্ঞান উৎপন্ন হয়। আমি সুখে ঘুমাইয়া ছিলাম কিছুই জানিনা, ইত্যাদি শ্রুতি বাক্য আছে, এই বাক্যে জীবের জ্ঞানভাবত্ব প্রতিপাদন করিতেছেন, আমি কিছুই জানি না, সুতরাং জীব নিত্য জ্ঞানবান্ নহে। শ্রীলৌগাক্ষি ভাস্কর তর্ককৌমুদীতে বলিয়াছেন জীব অনিত্য

পৃথগ্ভূতে, "অবিনাশী বা অরে! অয়মাত্মানুচ্ছিত্তি ধর্ম্মা" (৪।৫।১৪) ইত্যাদি বৃহদারণ্যকবাক্যে তত্ত্বেন তস্যোপদেশাৎ। ন চ মনসা সংযোগাদাত্মনি জ্ঞানোৎপত্তিঃ, নিরবয়বয়োঃ তয়োঃ সংযোগাসিদ্ধেঃ। ভগবদ্বৈমুখ্যেনাবৃতমিদং, তৎসাম্মুখ্যেন তস্মিন্ বিনষ্টে সতি আবির্ভবতীতি

সুখদুঃখাদীনাং সমবায়েন আশ্রয়ঃ, অধিকরণমিত্যর্থঃ। কিঞ্চ "আনন্দং ব্রহ্মণোবিদ্বান্ ন বিভেতি কদাচন" ইতি (তৈ০ ২।৪।১) শ্রুতেঃ নি নিত্যজ্ঞানাদিমানাত্মা।

নমু তথাত্বে "ঘটমহং জানামি" ইতি জ্ঞানং কেন সম্বন্ধেন বিদ্যতে? তত্রাহুঃ জ্ঞানেতি। তস্য জীবস্য জ্ঞানত্বং জ্ঞানসম্বন্ধাৎ সংযোগসম্বন্ধাৎ বোদ্ধব্যম্। অত্র দৃষ্টান্তমাহুঃ—বহ্নিত্বমিতি। যথা বহ্নি সংযোগসম্বন্ধবিশেষাৎ লৌহস্য বহ্নিত্বং এবং জীবস্যাপি। তস্মাৎ জীবো ন নিত্যজ্ঞানবানিত্যর্থঃ। অথ জীবস্য নিত্যজ্ঞানবত্বে শঙ্কামবতারয়ন্তি যদীতি। তথাচ জীবস্য জ্ঞানং যদি নিত্যং স্যাৎ তদা সুপ্তোত্থিতস্য "ন কিঞ্চিদবেদিষম্" ইতি পরামর্শো ন স্যাৎ, কিঞ্চ করণ ব্যর্থতা চ ভবিতা, তথাচ চক্ষুষা রূপজ্ঞানম্ কর্ণেন শব্দজ্ঞানমিত্যাদি করণেন যজ্জ্ঞানমুৎপদ্যতে তন্মাভুৎ, জ্ঞানস্য নিত্যত্বাৎ, তচ্চ জীবে এব তিষ্ঠতি, তস্মাৎ সুষুপ্তৌ জ্ঞানাভাবাৎ নিত্যত্বে করণব্যর্থতাপত্তেরনিত্যজ্ঞানবান্ জীবঃ ইতি পূর্ব্বপক্ষবাক্যম্।

জ্ঞানবান্। অপর মুক্তাবলীতে বর্ণিত আছে-আত্মা জ্ঞান সুখ স্বরূপ নহে, কিন্তু জ্ঞানাদির আশ্রয়, নিত্য বিজ্ঞান আনন্দ স্বরূপ ব্রহ্ম, ইত্যাদি বাক্যের দ্বারা জ্ঞানাশ্রয় বলিয়াছেন। আত্মা সুখ দুঃখাদির সমবায় সম্বন্ধের দ্বারা আশ্রয়, অর্থাৎ অধিকরণ। অপর ব্রহ্মের আনন্দকে জানিয়া বিদ্বান্ কখনও ভয় করে না' এই শ্রুতি বাক্যেও নিত্য জ্ঞানাদিবান্ আত্মা নহে। যদি বলেন-তাহা হইলে, আমি ঘট জানি' এই জ্ঞান জীবে কি সম্বন্ধে বিদ্যমান আছে? তদুত্তরে বলিতেছেন-জ্ঞানেতি। সেই জীবের জ্ঞানতা জ্ঞান সম্বন্ধে অর্থাৎ সংযোগ সম্বন্ধে বিদ্যমান আছে বুঝিতে হইবে। এই বিষয়ে দৃষ্টান্ত বলিতে ছেন-বহ্নীতি।

লৌহ যেমন বহ্নির সম্বন্ধে বহ্নি হয় সেই প্রকার, অর্থাৎ বহ্নি সংযোগ সম্বন্ধ বিশেষ হেতু লৌহের বহ্নিত্ব হয়, সেই প্রকার জীবের সংযোগ সম্বন্ধ বিশেষ হেতু জ্ঞান উৎপন্ন হয়, অতএব জীব নিত্য জ্ঞানবান্ নহে ইহাই অর্থ। অতঃপর জীবের নিত্য জ্ঞানবত্বে শঙ্কার অবতারণা করিতেছেন-যদীতি জীবের জ্ঞান যদি নিত্য হয় তবে সুষুপ্তি কালেও তাহা থাকিবে, এবং করণের ব্যর্থতাপত্তি হইবে। অর্থাৎ জীবের জ্ঞান যদি নিত্য হয় তবে সুপ্তোত্থিত ব্যক্তির আমি কিছুই জানি না' এই পরামর্শ হইবে না। অপর করণ ব্যর্থতা দোষও হইবে, যেমন চক্ষুর দ্বারা রূপ জ্ঞান, কর্ণের দ্বারা শব্দ জ্ঞান ইত্যাদি করণের দ্বারা যে জ্ঞান উৎপন্ন হয় তাহা না হউক, যেহেতু জ্ঞান নিত্য এবং তাহা জীবেই অবস্থান করে, অতএব সুষুপ্তিদশায় জ্ঞানাভাব হেতু, তথা নিত্যত্বে করণব্যর্থতাপত্তি হেতু অনিত্যজ্ঞানবান্ জীব এই প্রকার পূর্ব্বপক্ষ বাক্য

স্মৃতিরাহ—(বিষ্ণুধর্ম্মে—১০৪।৫৫ ৫৭) "যথা ন ক্রিয়তে জ্যোৎস্না মলপ্রক্ষালনান্মণেঃ। দোষ প্রহাণাৎ ন জ্ঞানমাত্মনঃ ক্রিয়তে তথা।

যথোদপানখননাৎ ক্রিয়তে ন জলান্তরম্। সদেব নীয়তে ব্যক্তিমসতঃ সম্ভবঃ কুতঃ ?

সিদ্ধান্ত ঃ—এবং পূর্ব্বপক্ষে প্রাপ্তে সিদ্ধান্তসূত্রমবতারতি ভগবান্ শ্রীবাদরায়ণঃ—পৃথগিতি। পৃথক্—গুণাৎ গুণিনঃ পৃথগুপদেশাৎ। তথাচ জীবাত্মা স্বচেতনগুণেন এব সর্ব্বশরীর ব্যাপী ইতি পৃথগুপদেশাদিত্যর্থঃ। জীবস্য ধর্ম্মভূতং জ্ঞানং নিত্যমিতি, কুতঃ ? পৃথগিতি। অবিনাশী" ইতি—অরে মৈত্রেয়ি ! অয়মাত্মা অনুচ্ছিত্তিধর্ম্মা, তথাচ অস্য জীবাত্মনঃ যে দ্রষ্টৃত্বাদয়ো ধর্ম্মানঃ সন্তি, তেষাং কদাপি উচ্ছিত্তিঃ বিনাশো ন ভবতি, তস্মাৎ "এষ হি দ্রষ্টা" ইত্যাদিবাক্যাৎ পৃথগ্‌ভূতে বৃহদারণ্যক বাক্যেঽপি জীবস্য নিত্যগুণবত্ত্বং প্রতিপাদিতমিত্যর্থঃ। যদুক্তং পাষাণকল্পে জীবে মনসা সংযুক্তে জ্ঞানমুৎপদ্যতে" ইতি, তন্নিরাকুর্ব্বন্তি - নচেতি। যতঃ তয়োঃ নিরবয়বয়োঃ আত্মমনসোঃ সংযোগাসিদ্ধেঃ।

নন্ যদি জীবস্য জ্ঞানং নিত্যং তর্হি কথং সর্ব্বদা ন দৃশ্যতে, ইতি চেৎ, তত্রাহুঃ—ভগবদিতি। জীবস্য স্বরূপভূতং জ্ঞানং শ্রীভগবদ্‌বৈমুখ্যেন ধর্ম্মেণ তিরোভবতি, তৎসাম্মুখ্যেন—শ্রীভগবৎ সাম্মুখ্যেন তস্মিন্ অজ্ঞানে বিনষ্টে সতি আবির্ভবতি, তথাচ শ্রীগীতাসু—৭।১৪, দৈবী হ্যেষা গুণময়ী মম মায়া দুরত্যয়া মামেব যে প্রপদ্যন্তে মায়ামেতাং তরন্তি তে॥ শ্রীভাগবতে—১।২।১৮ –১৯ নষ্টপ্রায়েষ্বভদ্রেষু নিত্যং ভাগবত সেবয়া। ভগবত্যুত্তমশ্লোকে ভক্তির্ভবতি নৈষ্ঠিকী॥ তদা রজস্তমোভাবাঃ কামলোভাদয়শ্চ য। চেত এতৈরনাবিদ্ধং স্থিতং সত্ত্বে প্রসীদতি॥

সিদ্ধান্ত—এই প্রকার পূর্ব্বপক্ষ প্রাপ্ত হইলে ভগবান শ্রীবাদরায়ণ সিদ্ধান্ত সূত্রের অবতারণা করিতেছেন পৃথগিতি। পৃথক উপদেশ হেতু, অর্থাৎ জীবাত্মা নিজ চেতন গুণের দ্বারাই সর্ব্ব শরীর ব্যাপী এই প্রকার পৃথক উপদেশ হেতু ইহাই অর্থ। জীবের ধর্ম্ম ভূত যে জ্ঞান তাহা নিত্য, কেন ? পৃথক হেতু। এই জীবাত্মা দ্রষ্টা'ইত্যাদি বাক্য হইতে পৃথক বাক্যেও অর্থাৎ-অরে মৈত্রেয়ি ! এই জীবাত্মা অনুচ্ছিত্তি ধর্ম্ম বিশিষ্ট, এই জীবাত্মর যে দ্রষ্টৃত্বাদি ধর্ম্ম সকল আছে তাহাদের কোন কালেও বিনাশ হয় না, অতএব বৃহদারণ্যক বাক্যে সেই প্রকারেই উপদেশ করিয়াছেন। সুতরাং প্রশ্নোপনিষদ্ বর্ণিত এই আত্মা দ্রষ্টা ইত্যাদি বাক্য হইতে পৃথক ভূত বৃহদারণ্যকও জীবের নিত্যগুণবত্ত্ব প্রতিপাদন করিয়াছেন আপনারা যে বলিয়াছেন-পাষাণ কল্পে জীবে মনের সহিত সংযুক্ত হইলে জ্ঞান উপন্ন হয়,, তাহা নিরাকরণ করিতেছেন নচেতি। মনের সহিত সংযোগ হেতু আত্মাতে জ্ঞানোৎপত্তি হয়, এই প্রকার নহে, সেই নিরবয়ব দুইটি আত্মা ও মনের কখনও সংযোগ সিদ্ধ হয় না। যদি বলেন-জীবের জ্ঞান যদি নিত্য হয় তবে সর্ব্বদা দেখা যায়না কেন ? তদুত্তরে বলিতেছেন-ভগবদিতি। এই জ্ঞান শ্রীভগবদ্ বৈমুখ্যের দ্বারা আবৃত, অর্থাৎ জীবের স্বরূপ ভূত যে নিত্য জ্ঞান তাহা শ্রীভগবানের বিমুখতা ধর্ম্মের

তথা হেয়গুণধ্বংসাদববোধাদয়োগুণাঃ। প্রকাশ্যন্তে ন জায়ন্তে নিত্যা এবাত্মনোহি তে॥ ইতি ।।২৭।।

কিঞ্চ শ্রীভগবদ্ বিমুখতাদোষে বিনষ্টে সতি জীবস্য স্বরূপভূতাঃ শ্রীগোবিন্দদাসত্বাদয়ো গুণাঃ আবির্ভবন্তি ইতি শ্রীশৌনকবাক্যেনাহুঃ—স্মৃতিরিতি। যথা মলপ্রক্ষালনাৎ মনেঃ জ্যোৎস্না ন ক্রিয়তে, কিন্তু মনেঃ স্বতঃসিদ্ধপ্রভা এব মলাদ্যপসরণেন প্রকটী ক্রিয়তে, তথা আত্মনঃ দোষপ্রহানাৎ নিত্যসিদ্ধা জ্ঞানমুৎপদ্যতে ন ক্রিয়তে, তজ্ জ্ঞানন্তু ন তদা ভবতি, শ্রীভগবদ্বিমুখতাদোষবশতঃ মায়য়া তজ্ জ্ঞানমাবৃণোতি শ্রীভগবৎসঙ্গিসঙ্গ প্রভাবেন শ্রীভগবদনন্যশরণ গ্রহণেন চ দোষ প্রহাণে সতি জীবস্য গুণাঃ প্রকটয়ন্তি অথ দৃষ্টান্তান্তরমাহুঃ—যথা" ইতি। যথা উদপান খননাৎ নবীন কূপখননেন জলান্তরং ন ক্রিয়তে নব জলস্য সৃজনং, অপিতু কূপমধ্যস্থিত জলমেব প্রকাশ্যং নীয়তে, যতঃ সদেব বস্তু ব্যক্তিং নীয়তে, অভিব্যক্তং করোতি অসতঃ সম্ভবঃ কুতঃ? ন কুতোঽপীত্যর্থঃ।

যথা মলাপসরণেন মনেঃ প্রভা ভবতি, যথা বা কূপখননেন জলমুৎপদ্যতে, তথা হেয়গুণধ্বংসাৎ

দ্বারা তিরো হিত হয়, তৎসান্মুখ্যে তাহা বিনষ্ট হইলে আবির্ভূত হয়, অর্থাৎ শ্রীভগবৎ সাম্মুখ্য ধর্ম্মের দ্বারা সেই অজ্ঞান বিনষ্ট হইলে জীবের স্বরূপ ভূত জ্ঞান প্রকাশ হয়। এই বিষেয় শ্রীগীতায় শ্রীভগবান বলিয়াছেন-এই দৈবী ত্রিগুণাত্মিকা আমার মায়া দুরত্যয়া, যাহারা একমাত্র আমারই শরণাগত হয় তাহারা এই মায়া হইতে তরিয়া যায়।

শ্রীভাগবতে বর্ণিত আছে প্রতিদিন শ্রীভাগবত শাস্ত্রের বা ভক্তগণের সেবার দ্বারা অমঙ্গল সকল নষ্ট হইলে উত্তম শ্লোক শ্রীভগবানে নিশ্চলা ভক্তি হয়। সেইকালে রজঃ তমঃ ভাব ও তদুৎপন্ন কাম লোভাদি কর্ত্তৃক চিত্ত অনাবিদ্ধ হইলে সত্ত্বগুণে অবস্থান করিয়া প্রসন্ন হয়। আরও ভগবদ্ বিমুখতা দোষ বিনষ্ট হইলে পরে জীবের স্বরূপ ভূত শ্রীগোবিন্দ দাসত্বাদিগুণ সকল আবির্ভূত হয় 'ইহাই শ্রী-শৌনকের দ্বারা বলিতেছেন-স্মৃতিরিতি যেমন মল ধূলিকণা প্রক্ষালন দ্বারা মণির জ্যেস্নো প্রকাশ হয় না, কিন্তু মণির স্বতসিদ্ধ প্রভাই ধূলিকণাদি অপসারণের দ্বারা প্রকট হয়, সেই প্রকার আত্মার দোষ প্রহাণের দ্বারা নিত্য সিদ্ধজ্ঞান উপন্ন হয়, কিন্তু করে না, সেই জ্ঞান জীবের তখনই হয় না। শ্রীভগবানে বিমুখতা দোষ বশতঃ মায়ার দ্বারা জীবের জ্ঞান আবৃত হয়, শ্রীভগবানের সেবকের সঙ্গ প্রভাবের অনন্য শরণ গ্রহণের দ্বারা দোষ নাশ হইলে পরে জীবের গুণ সকল প্রকট হয়। অনন্তর অন্য দৃষ্টান্ত বলিতেছেন-যথেতি। যেমন উদপান খনন নবীন কূপখননের দ্বারা জলান্তর করে না, নবীন জলের সৃজন করে না অপিতু কূপমধ্যস্থিত জলকেই প্রকাশ করে. যে হেতু সৎ বস্তুরই অভিব্যক্তি হয়, অসতের কোন প্রকারেই অভি ব্যক্তি হয় না ইহাই অর্থ।

"যোবিজ্ঞানে তিষ্ঠন্" (বৃ. ৩।৭।২২) ইত্যাদিশ্রুতের্গতিমাহ—

॥ওঁ॥ তদ্গুণসারত্বাত্তদ্ব্যপদেশঃ প্রাজ্ঞবৎ ॥ওঁ॥ ২।৩।১৪।২৮॥

জ্ঞাতুরপি জীবস্য জ্ঞানস্বরূপত্বেন ব্যপদেশঃ। কুতঃ? তদ্গুণেতি স জ্ঞানলক্ষণো গুণঃ সারো যত্র তথাত্বাৎ। সারো ব্যভিচার রহিতঃ স্বরূপানুবন্ধীতি যাবৎ। প্রাজ্ঞবৎ যথা "যঃ সর্ব্বজ্ঞঃ সর্ব্ববিৎ" (মু. ১।১।৯) ইতি প্রাজ্ঞত্বেনোক্তস্য বিষ্ণোঃ "সত্যং জ্ঞানম্" (তৈ. ২।১ ইতি

আত্মনঃ অববোধাদয়ো গুণাঃ উৎপদ্যন্তে, হি—যতঃ, তে গুণা আত্মনো নিত্যাঃ তথাচ বিধিপূর্ব্বক সমাশ্রিত শ্রীগুরুচরণারবিন্দস্য যথা বিহিতবেদান্তাধ্যয়ণ পূর্ব্বকজিজ্ঞাসিতাত্ম যাথাত্ম্যস্য ঐকান্তিক শ্রীগোবিন্দচরণ প্রপন্নস্য বিশুদ্ধচেতসঃ সাধকস্য কামক্রোধাদয়ঃ অহং মমতাদয়শ্চ হেয়গুণা বিনাশে সতি অজিঘৎসাপিপাসাদয়ো নিত্যগুণাঃ প্রকাশন্তে, যতঃ তে আত্মনঃ নিত্যগুণাঃ"। তস্মাৎ জীবস্য ধর্ম্মভূতং জ্ঞানং নিত্যমেব ॥২৭॥

নন্বু জ্ঞাতৃত্বাদিধর্ম্মবান্ যদি আত্মা তদা "যো বিজ্ঞানে তিষ্ঠন্" "বিজ্ঞানং যজ্ঞং তনুতে" (তৈ. ২৫।১) "জ্ঞানস্বরূপমত্যন্তনির্ম্মলম্" (বি. পু. ১২৬) ইত্যাদেঃ জ্ঞানমাত্রমেবাত্মা ইতি নির্দ্দেশস্য কা গতিরিতি চেৎ, অত্র সমাধানায় সূত্রয়তি ভগবান্ শ্রীবাদরায়ণঃ—তদ্গুণঃ" ইতি তদ্গুণসারবত্ত্বাৎ— জ্ঞাতুর্জীবস্য জ্ঞানগুণসারবত্ত্বাৎ স্বরূপানুবন্ধী ব্যভিচারাভাবাৎ, তদ্ব্যপদেশঃ, জ্ঞানরূপেণ ব্যপদেশঃ: অত্র দৃষ্টান্তমাহ প্রাজ্ঞবদিতি। সর্ব্বজ্ঞস্য শ্রীগোবিন্দদেবস্য যথা জ্ঞানরূপেণ নির্দ্দেশঃ, ইতি। ভাষ্যন্তু সুগমমিতি।

সারাংশ এই যে-যে প্রকার ধূলিকণাদি অপসারণের দ্বারা মণির প্রভা বিস্তার হয়, যেমন কূপখনন হইতে জল উৎপন্ন হয়, সেই প্রকার হেয়গুণ ধ্বংস হেতু আত্মার অববোধাদি গুণ সকল উৎপন্ন হয়, কারণ ঐগুণ সকল আত্মারই নিত্যগুণ। মর্য্যাদা বিধি পূর্ব্বক শ্রীগুরুচরণারবিন্দ আশ্রয়কারী যথা বিহিত বেদান্তাদি অধ্যয়ন পূর্ব্বক আত্মযাথাত্ম্য জিজ্ঞাসাকর্ত্তা একান্ত ভাবে শ্রীগোবিন্দদেবের চরণ কমল সমাশ্রয়ী বিশুদ্ধচেতা সাধকের কামক্রোধাদি অহং মমতাদি হেয় গুণ বিনাশ হইলে পরে ক্ষুধা পিপাসাদি রহিত হইয়া নিত্যগুণ সকল প্রকাশিত হয়, যে হেতু ঐসকল আত্মার নিত্যগুণ। অতএব জীবের ধর্ম্মভূতজ্ঞান নিত্য বলিতে হইবে ॥২৭॥

শঙ্কা—যদি বলেন জ্ঞাতৃত্বাদি ধর্ম্মবান আত্মা, তাহা হইলে যে বিজ্ঞানে অবস্থান করিয়া "বিজ্ঞান যজ্ঞ বিস্তার করে' 'আত্মা জ্ঞানস্বরূপ ও অত্যন্ত নির্ম্মল' ইত্যাদি জ্ঞানমাত্র আত্মা এই শাস্ত্র নির্দ্দেশের কি গতি হইবে? সমাধান এই শঙ্কা সমাধানের নিমিত্ত শ্রীবাদরায়ণ সূত্র করিতেছেন-তদিতি। তদ্গুণ জ্ঞানগুণ সারতা হেতু জ্ঞান স্বরূপ বলিয়া উপদেশ করা হইয়াছে, যেমন প্রাজ্ঞ। অর্থাৎ তদ্গুণ সারবত্তা হেতু জ্ঞাতা জীবের জ্ঞান গুণ সার বত্তা হেতু গুণ সকল স্বরূপনুবন্ধী, তাহাতে কোন প্রকার ব্যভি চারের অভাব বশতঃ তাহাকে জ্ঞান রূপেই উপদেশ করা হইয়াছে।

জ্ঞান স্বরূপব্যপদেশঃ তদ্বৎ। অত্র জ্ঞাতা জ্ঞানস্বরূপোনির্দ্দিষ্ট ।।২৮।।

অথ জ্ঞানস্বরূপো জ্ঞাতা নির্দ্দেশ্য ইত্যাহ —

।।ওঁ।। *যাবদাত্মভাবিত্বাচ্চ ন দোষস্তদ্দর্শনাৎ* ।।ওঁ।।

২।৩।১৪।২৯।।

জ্ঞানস্বরূপো জীবো জ্ঞাতা" ইতি ব্যপদেশো ন দোষোনির্দ্দোষ ইত্যর্থঃ। কুতঃ ?

তথাচ প্রকৃষ্টজ্ঞানশালি—শ্রীগোবিন্দদেবস্য সর্ব্বজ্ঞত্বেন কথয়িত্বা পুনঃ জ্ঞানস্বরূপব্যপদেশঃ, তথা জীবস্যাপি বিজ্ঞানাদিরূপেণ নিরূপ্য পুনঃ জ্ঞানবান্ ব্যপদেশঃ ইতি। তস্মাদত্র শ্রুতিষু জ্ঞাতা জ্ঞান স্বরূপশ্চ জীবঃ ইতি নির্দ্দিষ্টো ভবতি ॥২৮॥

নন্থ জ্ঞানস্বরূপোঽপি জ্ঞাতা ইতি কথং সম্ভাব্যতে ? ইত্যপেক্ষায়ামাহুঃ--অথ ইতি। অথ জীবো জ্ঞানস্বরূপোঽপি জ্ঞাতা ইতি প্রতিপাদয়িতুং সূত্রমবতারয়তি ভগবান্ শ্রীবাদরায়ণঃ—যাবদিতি। যাবদাত্মভাবিত্বাৎ, যাবদাত্মা প্রতীয়তে তাবদেব তস্য জ্ঞানমপি প্রতীয়তে, ন তু কুতশ্চিদাগম্যতে, কুতঃ তদ্দর্শনাৎ, শ্রুতিষু তথৈব প্রতিপাদনাৎ, তস্মাৎ ন দোষঃ জ্ঞান স্বরূপোঽপি জ্ঞাতা জীব ইতি ন দোষভাগ্ ভবতীত্যর্থঃ জ্ঞান স্বরূপঃ" ইতি ভাষ্যং তু সুগমম্। তথাচ--যাবৎকালমাত্মা তিষ্ঠতি, তাবৎ কালং তস্য সমবায়সম্বন্ধেন জ্ঞানমপি তিষ্ঠতি ন কদাচিদপি বিযুজ্যতে।

এই বিষয়ে দৃষ্টান্ত বলিতেছেন যেমন প্রাজ্ঞ, অর্থাৎ সর্ব্বজ্ঞ শ্রীগোবিন্দদেবের যেমন জ্ঞান রূপে উপদেশ করা হয়। ভাষ্য জ্ঞাতা হইলেও জীবের জ্ঞান স্বরূপত্ব রূপে ব্যপদেশ করা হইয়াছে কি প্রকার ? তাহার গুণ যেমন সেই জ্ঞান লক্ষণ গুণ বা ধর্ম্ম সার যাহাতে সেই হেতু, সার অর্থাৎ ব্যভিচার রহিত স্বরূপানুবন্ধী গুণ, এই বিষয়ে দৃষ্টান্ত বলিতেছেন-প্রাজ্ঞবৎ' যে প্রকার মুণ্ডকে' যিনি সর্ব্বজ্ঞ সর্ব্ববিৎ ইত্যাদি রূপে শ্রীভগবানকে বর্ণন করিয়া, তাঁহার তৈত্তিরীয়কে 'সত্যস্বরূপ জ্ঞান স্বরূপ' ইত্যাদি জ্ঞান স্বরূপ উপদেশ করিয়াছেন সেই প্রকার জানিতে হইবে। এইস্থলে জীবকে জ্ঞাতা ও জ্ঞান স্বরূপ নিরূপণ করিয়াছেন। সারার্থ যেমন প্রকৃষ্ট জ্ঞানশালী শ্রীগোবিন্দদেবকে সর্ব্বজ্ঞরূপে নিরূপণ করিয়া পুনঃ জ্ঞান স্বরূপ উপদেশ করিয়াছেন, সেই প্রকার জীবকেও বিজ্ঞানাদি রূপে নিরূপণ করিয়াছেন। অতএব শ্রুতি শাস্ত্রে জ্ঞাতা ও জ্ঞান স্বরূপ জীব নির্দ্দিষ্ট হইয়াছে ইহাই ভাষ্যার্থ ॥২৮॥

যদি বলেন-জীব জ্ঞান স্বরূপও জ্ঞাতা এই উভয় প্রকার কিরূপে সম্ভব হয় ? এই অপেক্ষায় বলিতেছে অথেতি। অনন্তর জীব জ্ঞান স্বরূপও জ্ঞাতা কি প্রকারে হয় তাহা নির্দ্দেশ করা উচিত, তাহা বলিতেছেন। অর্থাৎ জ্ঞান স্বরূপ হইয়াও জীব জ্ঞাতা ইহা প্রতিপাদন করিবার নিমিত্ত ভগবান শ্রীবাদরায়ণ সূত্র অবতরণ করিতেছেন-যাবদিতি। জীবাত্মা যতকাল ব্যাপিয়া অবস্থান করে' তাহার জ্ঞানও তাবৎকাল অবস্থান করে, সুতরাং তাহাতে দোষ নাই, তাহা দেখা যায়। অর্থাৎ যাবৎ কাল আত্মা

যাবদিতি। তথা প্রতীতেরাত্ম সমান কাল ভাবিত্বান্ন স বাধ্যতে ইত্যর্থঃ।

আত্মাখল্বনাদ্যনন্তকালঃ সম্প্রতিপন্নঃ, প্রকাশরূপোঽপি রবিঃ প্রকাশয়িতা, ইতি বীক্ষণাচ্চ। যাবদ্রবিস্তাবী হ্যেষব্যপদেশঃ, নির্ভেদেঽপি বস্তুনি দ্বেধা ভাতি, বিশেষাদিত্যাহুঃ ॥২৯॥

আত্মা খলু অনাদি অনন্তকালমভিব্যাপ্য নিত্যজ্ঞানবদ্রূপেণাবতিষ্ঠতে তস্য জ্ঞানস্য কদাচিং কত্বে সোঽয়ং দেবদত্তঃ" ইতি প্রত্যভিজ্ঞা ন স্যাৎ; তস্মাৎ জ্ঞানস্বরূপোঽপি জীবো জ্ঞাতা ইতি ব্যপদেশো ন দোষঃ, নির্দ্দোষ ইত্যর্থঃ।

ননু জীবো ন কর্ত্তা, ন চ জ্ঞাতা, জ্ঞানাদিস্তুবুদ্ধিধর্ম্মঃ স চ পুরুষে অধ্যস্যতে, তথাচ সাংখ্যসূত্রে ১।১০৫ "অকর্ত্তুরপি ফলোপভোগোঽন্নাদ্যবৎ" তস্মাৎ জ্ঞাতৃত্বাদিধর্ম্মো বুদ্ধেরেব, ন তু জীবস্য, জবালোহিত্যবদ্ বোদ্ধ্যম্" ইতি চেৎ, অত্রোচ্যতে—যথা প্রকাশস্বরূপো রবিঃ প্রকাশয়তি' ইতি ব্যবহ্রীয়তে, তচ্চ সত্যং অন্যথা তস্য সূর্য্যত্বহানি প্রসঙ্গঃ। এবং জ্ঞানস্বরূপ জীবোঽপি স্বদেহস্থসুখ দুঃখাদিসর্ব্বং জানাতীতি ন কাচিদ্ বিপ্রতিপত্তিঃ। ননু তথাত্বে জ্ঞাতা জ্ঞানয়ো ভেদব্যবহারঃ কথং সঙ্গচ্ছতে? ইতি চেৎ—বিশেষ বলাদিতিক্রমঃ, তত্তু "অহিকুণ্ডলাধিকরণে ব্যক্তী ভাবি (৩ ২।১২ ২৮) ইতি॥২৯॥

স্থিতিশীল: তাবৎকাল পর্যন্ত প্রতীতি হয় এবং তাবৎকাল পর্যন্ত আত্মার জ্ঞানও প্রতীতি হয়। কিন্তু কোন স্থান হইতে আগমন করে না, কেন?

তাহা দেখা যায় শ্রুতিবাক্যে সেই প্রকারই প্রতিপাদন করা হেতু, সুতরাং তাহাতে দোষ নাই, জ্ঞানস্বরূপ হইয়াও জীব জ্ঞাতা ইহা দোষ দুষ্ট সিদ্ধান্ত নহে। জ্ঞানস্বরূপ জীব জ্ঞাতা এই প্রকার উপদেশ দোষাবহ নহে, অর্থাৎ নির্দোষ ইহাই অর্থ। কি প্রকারে? যাবদিতি, সেই প্রকার প্রতীতি হেতু আত্মা সমান কালীন বিত্তমানতা হেতু জ্ঞান স্বরূপ ও জ্ঞাতা ব্যপদেশ বাধা প্রাপ্ত হয় নাই ইহাই অর্থ। জীবাত্মা অনাদিকাল হইতে অনন্ত কাল পর্য্যন্ত সম্প্রতি পন্ন বস্তু যেমন প্রকাশ স্বরূপ সূর্য্য হইলেও 'রবি প্রকাশ কর্ত্তা' এই প্রকার প্রয়োগ দেখা যায়, এবং যতদিন পর্য্যন্ত রবি থাকে ততদিন পর্য্যন্ত এই প্রকাশ ব্যপদেশ হয়। ভেদরহিত পদার্থেও গুণ গুণী, প্রকাশও প্রকাশয়িতাদি দ্বেধা বোধ 'বিশেষ' বলেই জানিতে হইবে।

অর্থাৎ যাবৎকাল পর্য্যন্ত আত্মা অবস্থান করে, তাবৎকাল পর্য্যন্ত তাহার জ্ঞানও সমবায় সম্বন্ধে অবস্থান করে, কোন কালেও বিয়োগ হয় না। আত্মা অনাদিকাল হইতে অনন্তকাল পর্য্যন্ত ব্যাপিয়া নিত্য জ্ঞানবান রূপে অবস্থান করে, জীবের জ্ঞান যদি কদাচিৎক হয় তবে 'সেই এই দেবদত্ত, এই প্রকার প্রত্যভিজ্ঞা হইবে না, সুতরাং জ্ঞান স্বরূপ হইলেও জীব জ্ঞাতাই ব্যপদেশ দোষের নহে, নির্দ্দোষ ইহাই অর্থ।

শঙ্কা এইস্থালে আমাদের (সাংখ্যবাদী আশঙ্কা এইজীব কর্ত্তা নহে, জ্ঞাতাও নহে জ্ঞানাদি বুদ্ধির ধর্ম্ম,

ননু গুণভূতং জ্ঞানং নাত্মনো নিত্যং সুষুপ্তাবসত্ত্বাৎ, জাগরে সামগ্র্যাঃ সম্ভবাচ্চেতি, তত্রাহ—

॥ওঁ॥ *পুংস্ত্বাদিবত্তস্য সতোঽভিব্যক্তিযোগাৎ* ॥ওঁ॥

২।৩।১৪।৩০॥

'তু' শব্দঃ শঙ্কাচ্ছেদার্থঃ। 'ন' ইত্যনুবর্ত্ততে (২।৩।১৪।২৯) সুষুপ্তাবসতো জ্ঞানস্য জাগরে সম্ভব ইতি ন। কুতঃ? অস্যেতি। অস্য জ্ঞানস্য সুষুপ্তৌ সত এব জাগরেঽভিব্যক্তেরিত্যর্থঃ। দৃষ্টান্তঃ পুংস্ত্বাদিবৎ।

অথ জীবস্য জ্ঞাতৃত্বে পুনঃ শঙ্কামবতারয়ন্তি—নন্বু" ইত্যাদিনা। এবং শঙ্কায়াঃ সমাধানসূত্রমবতারয়তি ভগবান্ শ্রীবাদরায়ণঃ—পুংস্ত্বাদি" ইতি। পুংস্ত্বাদিবৎ—বাল্যে অনভিব্যক্তস্য শুক্রসেকাদি পুং—যৌবনধর্ম্মস্য যৌবনে তদভিব্যক্তিদর্শনবৎ তস্য জ্ঞানস্য সত এব বিদ্যমানমেব অভিব্যক্তি যোগাৎ তথাচ—সুষুপ্তৌ জ্ঞানাভাবেঽপি তদা সত এব জ্ঞানস্য জাগরে অভিব্যক্তি র্ভবতি। অত্র সূত্রস্থ "তু" শব্দেন শঙ্কা ব্যাবর্ত্ত্যতে, "ন" ইতি (২।৩।১৪।২৯) ইতি সূত্রাৎ নকারোঽনুবর্ত্ততে। সুষুপ্তৌ" ইতি সুগমম্। বাল্যে" ইতি,

নন্বু বাল্যে অসত এব ধাতো যৌবনাবস্থায়াং তস্যোৎপত্তিরিতিচেৎ, অত্রোচ্যতে—পুংস্ত্বাদ্যসাধারণধর্ম্মস্য শুক্রসেকাদেঃ বাল্যাবস্থায়াং সতঃ এব কৈশোরকালমবলম্ব্য অভিব্যক্তির্ভবতি, ন তু যৌবনকালে

তাহা পুরুষে অধ্যস্ত হয়, এই বিষয়ে সাংখ্য সূত্রে বর্ণিত আছে-আত্ম অকর্ত্তা হইলেও ফল উপভোগ করে, যেমন অন্ন, অন্ন যেমন পাককর্ত্তা এক এবং ভোজন কর্ত্তা অপর অতএব জ্ঞাতৃত্বাদি ধর্ম্ম বুদ্ধিরই জীবের নহে, জীবের কর্ত্তৃত্ব জবালোহিত্যবং জানিতে হইবে।

সমাধান—এই শঙ্কার উত্তরে বলিতেছেন যেমন প্রকাশ স্বরূপ সূর্য্য প্রকাশ করে 'এই ব্যবহার সত্য, অন্যথা তাহার সূর্য্যত্বের হানি প্রসঙ্গ হইবে, সেই প্রকার জ্ঞান স্বরূপ জীবও নিজ দেহের সুখ দুঃখাদি সকল অনুভব করে বা জানে, তাহাতে কোন বিপ্রতিপত্তি নাই। যদি বলেন-ঐপ্রকার স্বীকার করিলে জ্ঞাতা এবং জ্ঞানের ভেদ ব্যবহার কি প্রকারে সঙ্গত হইবে? তদুত্তরে বলিতেছেন-তাহা বিশেষ বলেই সঙ্গত হয় বলিব তাহা অর্থাৎ বিশেষ অহিকুণ্ডলাধিকরণে ব্যক্ত হইবে ইহাই অর্থ ॥২৯॥

অনন্তর জীবের জ্ঞাতৃত্ব বিষয়ে পুনঃ শঙ্কার অবতারণা করিতেছেন-নন্বিতি। যদি বলেন গুণভূত জ্ঞান আত্মার নিত্য নহে তাহা সুষুপ্তিকালে বিদ্যমান থাকে না, জাগ্রৎ অবস্থায় সামগ্রী সকলের সংযোগ হেতু উৎপন্ন হয়, সুতরাং জীবের জ্ঞান অনিত্য। ভগবান শ্রীবাদরায়ণ এই প্রকার আশঙ্কার সমাধান সূত্রের অবতারণা করিতেছেন-'পুংস্ত্ব' ইত্যাদি। পুরুষত্বাদির ন্যায় তাহার অভিব্যক্তি হয়। অর্থাৎ পুংস্ত্ব বাল্যকালে বালকের শুক্র সেচনাদি সামর্থ্য রূপ যৌবন ধর্ম্মের অভিব্যক্তি থাকে না, কিন্তু

বাল্যে জীবাত্মনা সত এব পুংস্ত্বাদেঃ কৈশোরে যথাভিব্যক্তি স্তদ্বৎ। সুষুপ্তৌ জ্ঞানপ্রসঙ্গস্তু শ্রুত্যৈব পরিহৃতঃ। সুষুপ্তং প্রকৃত্য বৃহদারণ্যকে পঠ্যতে—যদ্‌বৈ তন্নবিজানাতি বিজানন্ বৈতদ্ বিজ্ঞেয়ং ন বিজানাতি, নহি বিজ্ঞাতুর্বিজ্ঞানাৎবিপরিলোপোবিদ্যতেঽবিনাশীত্বাৎ, ন তু তদ্‌দ্বিতীয়মস্তি, ততোঽন্যদ্বিভক্তং যদ্বিজানীয়াৎ" (বৃ০ ৪।৩।৩০) ইতি।

উৎপদ্যতে শুক্রস্য উৎপত্তিমত্বে শরীরস্য
সপ্তধাতুময়ত্বং ন সিদ্ধ্যেৎ, তস্মাৎ বাল্যেঽপি স বিদ্যতে এব ; তথাচ গর্ভোপনিষদি—১, "তং সপ্তধাতুং ত্রিমলং দ্বিযোনিং চতুর্ব্বিধাহারময়ং শরীরম্" ইতি। ব্যাখ্যা চ—রসাসৃঙ্‌মাংসমেদোঽস্থি মজ্জাশুক্ররূপং সপ্তধাতুম্, ত্রিমলং—বাত-পিত্ত শ্লেষ্মারূপম্, পিতৃমাতৃরূপং দ্বিযোনিম্ চর্ব্য-চূষ্য-লেহ্য পেয়াদিরূপচতুর্ব্বিধাহারময়ং শরীরমিতি।

সপ্তধাতুময়ং শরীরং তু গর্ভস্থবালস্য চতুর্মাসি উৎপদ্যতে, তথাহি শ্রীভাগবতে—৩।৩১।৪, "চতুর্ভির্ধাতবঃ সপ্ত" ইতি। তস্মাৎ শুক্রসেকসমর্থস্তু গর্ভাদেবোৎপদ্যতে, ন তু যৌবনে ভবতি ; এবং জীবস্য জ্ঞানমপি সর্ব্বদৈব সমবায়সম্বন্ধেন তিষ্ঠতি, তচ্চ স্বরূপানুবন্ধীতি জ্ঞেয়ম্।

ননু তথাত্বে সুষুপ্তিদশায়াং কথং জ্ঞানাভাবঃ ? তত্রাহুঃ—সুষুপ্তৌ" ইতি। সুষুপ্তৌ জীবস্য বহিরিন্দ্রিয় জন্য জ্ঞানাভাবং শ্রুতিরেব প্রতিপাদয়তি, ন যুক্ত্যা, তত্তু বৃহদারণ্যকবাক্যেন প্রমাণয়ন্তি—সুষুপ্তমিতি। যদ্ বৈতৎ ন বিজানাতি সুষুপ্তিদশায়াং জীবস্য যৎ জ্ঞানং বিদ্যতে, তৎ বিজ্ঞাতা জীবো

যৌবনকালে দেখা যায় সেই প্রকার জীবের যে জ্ঞান তাহা সৎ সর্ব্বদাই বিদ্যমান থাকে, যথা কালে অভিব্যক্তি হয় অর্থাৎ সুষুপ্তি কালে জ্ঞানাভাব দেখা গেলেও সেই কালে সৎ বা বিদ্যমান জ্ঞানেরই জাগরে অভিব্যক্তি হয় ইহাই সূত্রার্থ। সূত্রস্থ তু শব্দের দ্বারা আশঙ্কা ব্যাবর্ত্তিত করিতেছেন। পূর্ব্ব সূত্র হইতে নকারের অনুবর্ত্তন করিতে হইবে। সুষুপ্তিকালে অবিদ্যমান জ্ঞানের জাগরাবস্থায় উদ্ভব হয়, এই প্রকার বলিতে পারিবেন না, কেন ? অস্ত্বেতি।

এই জ্ঞানের সুষুপ্তিকালে বিদ্যমানতা হেতু জাগর দশায় অভিব্যক্তি হয় ইহাই অর্থ। এই বিষয়ে দৃষ্টান্ত যেমন পুরুষত্বাদি বাল্যকালে বীজরূপে বিদ্যমানঃ পুংস্ত্বাদি কৈশোরকলে যেমন অভিব্যক্ত হয়, সেই প্রকার জানিতে হইবে। অর্থাৎ যদিবলেন বাল্যকালে অসৎ অবিদ্যমান ধাতুই যৌবনাবস্থায় উৎপত্তি হয়, তদুত্তরে বলিতেছেন-এই স্থলে আমাদের বক্তব্য এই যে পুরুষের যে অসাধারণ শুক্রসেকাদি ধর্ম্ম তাহা বাল্যকালে বিদ্যমান থাকিয়াই কৈশোরকাল অবলম্বন করিয়াই অভিব্যক্ত হয়, কিন্তু যৌবন কালে উৎপন্ন হয় না, শুক্র উৎপত্তিমান হইলে শরীরের সপ্ত ধাতু ময়ত্ব সিদ্ধ হইবে না, সুতরা বাল্যকালে শুক্র বিদ্যমান থাকে।

গর্ভোপনিষদে বর্ণিত আছে সেই শরীর সপ্তধাতু ত্রিমল দ্বিযোনি চতুর্ব্বিধ আহারময়। অর্থাৎ রসরক্ত মাংস মেদ অস্থি মজ্জা শুক্র রূপ সাতটি ধাতু, বাত পিত্ত শ্লেষ্মা তিন প্রকার মল, পিতা

ইহ তদা সপদি জ্ঞানং বিষয়িতয়া নাভ্যুদেতি বিষয়াভাবাদেবেতি প্রতীয়তে। ইতরথা সুষুপ্তৌ স্থিতস্যাপরামর্শঃ প্রসঙ্গঃ স্যাৎ। ইন্দ্রিয়সংযোগরূপা কারণসামগ্রী তু তদভিব্যঞ্জিকা।

ন জানাতি, বিজানন্ বা এতদ্ বিজ্ঞেয়ং ন বিজানাতি, জীব এতদ্ জ্ঞানং বিজানন্নপি ন বিজানাতি স্ববিষয়ং ন করোতি, বিজ্ঞেয় বস্তু বিষয়ং ন করোতীত্যর্থঃ, ন চ বস্তুবিষয়ত্বাভাবে তস্য জ্ঞানাভাব ইতি ব্যচাম্, তজ-জ্ঞানস্যাবিনাশীত্বাৎ, তদেব প্রতিপাদয়তি—নহি বিজ্ঞাতুর্জীবস্য বিজ্ঞাতেঃ জ্ঞানস্য বিপরিলোপো বিদ্যতে, অত্যন্তাভাবো ন ভবতীত্যর্থঃ, কুতঃ ? অবিনাশীত্বাৎ, কদাপি বিনাশাভাবাদিতি।

কিঞ্চ—ন তু তৎ দ্বিতীয়মস্তি, তদা সুষুপ্তৌ বিজ্ঞাতুরন্যৎ জ্ঞানাদিকং দ্বিতীয়মস্তি, কদা—ততোঽন্যদ্ বিভক্তং যদ্ বিজানীয়াৎ, সুষুপ্তদশায়াং জীবাদন্যৎ ন কিঞ্চিদপি বিভক্তং বিদ্যতে, যৎ বিজানীয়াৎ : তস্মাৎ সুষুপ্তিদশায়াং জীবস্য জ্ঞানসত্ত্বেঽপি বহিরিন্দ্রিয়ৈ র্বিষয়গ্রহণাভাবাৎ জ্ঞানভাবমিব প্রতীয়তে মাত্র, ন তু তদা জ্ঞানভাব।

ইহ" ইতি স্পষ্টম্। সপদি তৎক্ষণঃ। ইতরথা" ইতি –"সুখমহমস্বাপ্সং ন কিঞ্চদবেদিষম্" ইতি সুপ্তোত্থিতস্য যঃ পরামর্শঃ তদা জ্ঞানাভাবে পরামর্শাভাবপ্রসঙ্গঃ স্যাদিত্যর্থঃ।

নমু বিষয়েন্দ্রিয় সংযোগাৎ জ্ঞানমুৎপদ্যতে" ইতি চেৎ তত্রাহুঃ—ইন্দ্রিয়ঃ" ইতি। তথাচ—বিষয়েন্দ্রিয় সংযোগো হি জ্ঞানস্য ব্যঞ্জক এব ন তু জনকঃ কৈশোরসম্বন্ধো যথা পুংস্ত্বস্য।

ও মাতা দুইটি যোনি, চর্ব্যচুষ্য লেহ্যও পেয়রূপ চতুর্ব্বিধ আহারময় শরীর। এই সপ্তধাতুময় শরীর মাতৃগর্ভস্থ বালকের চারি মাসের মধ্যে উৎপন্ন হয়। শ্রীভাগবতে বর্ণিত আছে-চারি মাসে সপ্ত ধাতু যুক্ত হয়। সুতরাং পুরুষের শুক্র সেকসমর্থ গর্ভ হইতেই উৎপন্ন হয় যৌবনে নহে, এই প্রকার জীবের জ্ঞানও সর্ব্বদা সমবায় সম্বন্ধে বিদ্যমান থাকে এবং তাহা স্বরূপানুবন্ধী বলিয়াই জানিবে।

যদি বলেন তাহা হইলে সুষুপ্তি দশায় জ্ঞানের অভাব হয় কেন ? তদুত্তরে বলিতেছেন-সুষুপ্তি দশায় জ্ঞান প্রসঙ্গ কিন্তু শ্রুতি পরিহার করিয়াছেন, সুষুপ্তজীবের বর্ণন আরম্ভ করিয়া বৃহদারণ্যকোপনিষদে বর্ণিত আছে অর্থাৎ সুষুপ্তিকালে জীবের বহিরিন্দ্রিয় জন্য জ্ঞানের অভাব শ্রুতি প্রতিপাদন করিতেছেন, যুক্তির দ্বারা নহে, তাহা এই রূপ, যাহা জানে না সুষুপ্তিদশায় জীবের যে জ্ঞান বিদ্যমান থাকে তাহা বিজ্ঞাতা জীব জানে না, জানিয়াও এই বিজ্ঞেয় জানে না, অর্থাৎ জীব এই জ্ঞান জানে না, স্ববিষয় করে না, বিজ্ঞেয় বস্তু বিষয় করে না ইহাই অর্থ। যদি বলেন-বস্তুর বিষয় বা জ্ঞানের অভাব হইলে জীবের জ্ঞানেরও অভাব হইবে। এই প্রকার বলিতে পারেন না, কারণ জীবের জ্ঞান অবিনাশী তাহাই প্রতিপাদন করিতেছেন-বিজ্ঞাতা জীবের বিজ্ঞেয় জ্ঞানের বিপরিলোপ নাই, অর্থাৎ অত্যন্তাভাব হয় না ইহাই অর্থ।

কেন ? অবিনাশী হওয়া হেতু, অর্থাৎ কখনও বিনাশের অভাব হেতু। অপর তাহার

অসতঃ সম্ভবে তু ক্লীবস্যাপি তদাপত্তিঃ। তস্মাৎ জ্ঞানস্বরূপোঽণুর্জীবো নিত্য জ্ঞানগুণকঃ সিদ্ধঃ ।।৩০।।

নম্নু অসদেব জ্ঞানংবিষয়েন্দ্রিয় সংযোগেনোৎপদ্যতে' ইত্যত্র কা হানিঃ ? ইত্যপেক্ষয়ামাহুঃ অসতঃ" ইতি। অসত এব জ্ঞানমুৎপদ্যতে' ইতি চেত্নচ্যতে, তদা ক্লীবস্যাপি যুবতীদর্শনাদিনা বিষয়েন্দ্রিয় সংযোগেন বীর্য্যসেকসামর্থ্যো ভবতু ন তদ্দৃশ্যতে,

সঙ্গতি ঃ—অথ এতদধিকরণস্য সঙ্গতি প্রকারমাহুঃ—তস্মাদিতি। জীবস্ত্বণুঃ স্বরূপোঽয়ং নিত্য জ্ঞানগুণাত্মকঃ। বিভুর্ব্বদন্তি মূঢ়াস্তু বঞ্চিতা দেবমায়য়া ॥৩০॥

ইতি পৃথগুপদেশাধিকরণং চতুর্দ্দশং সমাপ্তম্ ॥১৪॥

দ্বিতীয় নাই, সেই সুষুপ্তিকালে বিজ্ঞাতা জীব বিনা অন্য জ্ঞানাদি দ্বিতীয় বস্তু নাই, যাহা তাহা হইতে বিভাগ করিয়া জানিবে, সুষুপ্তি কালে জীব হইতে অন্য সামান্য বস্তুও বিভক্ত নাই যাহা জানিবে। অতএব সুষুপ্তিদশায় জীবের জ্ঞান বর্ত্তমান থাকিলেও বহিরিন্দিয়ের দ্বারা বিষয় গ্রহণের অভাবহেতু জ্ঞানের অভাবের ন্যায় প্রতীতি হয়, কিন্তু সেই সময়েও জ্ঞানের অভাব থাকে না।

এই স্থলে সুষুপ্তি সময়ে সপদি তৎক্ষণাৎ জ্ঞান বিষয়িতা রূপে উদ্ভব হয় না, কারণ বিষয়ের অভাব হেতু বুঝিতে হইবে। অন্যথা সুষুপ্তি দশায় অবস্থিত জীবের পরামর্শের অভাব হইবে। ইতরথা অর্থাৎ আমি সুখে ঘুমাইয়া ছিলাম কিছুই জানি নাই' এই প্রকার সুপ্তোত্থিত মানবের যে পরামর্শ, সুষুপ্তিদশায় জ্ঞান না থাকিলে জ্ঞানাভাব প্রসঙ্গ হইবে ইহাই অর্থ। যদি বলেন-বিষয় ও ইন্দ্রিয়ের সংযোগ দ্বারা জ্ঞান উৎপন্ন হয়, তদুত্তরে বলিতেছেন—ইন্দ্রিয়। ইন্দ্রিয় সংয়োগরূপা কারণ সামগ্রী জ্ঞানের অভিব্যঞ্জিকা মাত্র, অর্থাৎ বিষয়েন্দ্রিয় সংযোগে জ্ঞানের ব্যঞ্জক মাত্র, জনক নহে, যেমন কৈশোর সম্বন্ধে পুংস্ত্ব উপন্ন হয়।

যদি বলেন-আমরা বলিব অবিদ্যমান জ্ঞানই বিষয়েন্দ্রিয় সংযোগের দ্বারা উৎপন্ন হয়' তাহা হইলে কি ক্ষতি হইবে ? এই অপেক্ষায় বলিতেছেন—অবিদ্যমান জ্ঞানই উৎপন্ন হয় স্বীকার করিলে ক্লীবেরও পুংস্ত্বাপত্তি হইবে, অর্থাৎ অসৎ অবিদ্যমান জ্ঞানই উৎপন্ন হয় যদি এই কথা বলেন, তবে নপুংসক ব্যক্তিরও যুবতী রমণী দর্শনাদি দ্বারা বিষয়েন্দ্রিয় সংযোগ হেতু বীর্য্যসেক সমর্থ হউক, কিন্তু তাহা দেখা যায় না।

সঙ্গতি অনন্তর এই অধিকরণের সঙ্গতি প্রকার বলিতেছেন তস্মাদিতি। অতএব জ্ঞানস্বরূপ জীব অণু এবং নিত্যজ্ঞানগুণ যুক্ত ইহাসিদ্ধ হইল। এই জীব অণুস্বরূপ ও নিত্যজ্ঞানগুণাত্মক, কিন্তু যে মূঢ়গণ এই জীবকে বিভু বলে তাহারা দেবমায়ায় বঞ্চিত হইয়াছে ॥৩০॥

এই প্রকার পৃথগুপদেশাধিকরণ চতুর্দশ সমাপ্ত ॥১৪॥

১৫। নিত্যোপলব্ধ্যনুপলব্ধিপ্রসঙ্গাধিকরণম্

অথৈতান্ প্রতিপক্ষভূতান্ সংখ্যান্ দূষয়তি। অত্র জ্ঞান মাত্রো বিভুরাত্মেতি যুক্তম্? ন বেতি বিষয়ে সর্ব্বত্রকার্য্যোপলম্ভাৎ যুক্তং তৎ। অণুত্বে সর্ব্বাঙ্গীন সুখ দুঃখানুপলম্ভঃ মধ্যমত্বে ত্বনিত্যতাপত্তিঃ। কৃতহান্যকৃতাভ্যাগমশ্চ ইত্যেবং প্রাপ্তে –

১৫। নিত্যোপলব্ধ্যনুপলব্ধিপ্রসঙ্গাধিকরণম্।

অথ উৎক্রান্তিগত্যধিকরণেন জীবাস্যাণুত্বং প্রতিপাদ্য, পুনঃ – "পৃথগুপদেশাধিকরণে জীবস্য নিত্যজ্ঞানগুণকত্বং নিরূপিতম্। অথ ভবতি বিচিকিৎসা - জ্ঞানমাত্রো বিভুঃ জীবাত্মা ন বা ইতি, এবং শঙ্কায়াঃ সমাধানার্থং নিত্যোপলব্ধ্যনুপলব্ধি প্রসঙ্গাধিকরণারম্ভঃ" ইতি অধিকরণসঙ্গতিঃ। অথ বিভুর্জীবাত্মা ইতি বাদিনাং মতমুত্থাপ্য তং নিরাকুর্ব্বন্তি – অথ ইত্যাদিনা।

বিষয়ঃ—অথ এতদধিকরণস্য বিষয়বাক্য সংগ্রহঃ –তথাচ-বৃহদরণ্যকে— ৪।৪ ২২, "স বা এষ মহানজ আত্মা" "পুরুষ এবেদং সর্ব্বম্" তেনেদং পূর্ণং পুরুষেণ (শ্বে০ ৩ ৯) "সর্ব্বমাবৃত্য তিষ্ঠতি" (গী০ ১৩ ১৪) ইত্যাদিপ্রমাণৈঃ জীবস্য বিভুত্বং প্রতিপাদিতম্। ইতি বিষয়বাক্যম্।

সংশয়ঃ –অত্র বিষয়বাক্যে ভবতি সন্দেহঃ, অত্রেতি। ইতি সংশয়বাক্যম্।

১৫। নিত্যোপলব্ধ্যনুপলব্ধিপ্রসঙ্গাধিকরণের ব্যাখ্যা

এই প্রকার উৎক্রান্তি গত্যধিকরণে জীবের অণুত্ব প্রতিপাদন করিয়া পুনরায় পৃথগুপদেশাধিকণে জীবের নিত্যজ্ঞান গুণকত্ব নিরূপণ করিয়াছেন। এই স্থলে বিচিকিৎসা জাগিতেছে জীবাত্মা জ্ঞান মাত্র বিভু হয়? অথবা নহে? এই প্রকার আশঙ্কা সমাধানের নিমিত্ত নিত্যোপলব্ধ্যনুপলব্ধি প্রসঙ্গাধিকরণের আরম্ভ ইহাই অধিকরণ সঙ্গতি। অতঃপর বিভু জীবাত্মা এই প্রকার বাদিগণের মত উত্থাপন করিয়া নিরাকরণ করিতেছেন-অথেতি। অনন্তর জীবাত্মার অণুত্বের প্রতিপক্ষ ভূত সাংখ্যবাদিগণকে দূষিত করিতেছেন।

বিষয় এই অধিকরণের বিষয়বাক্য সংগ্রহ বৃহদারণ্যকে বর্ণিত আছে-সেই এই জীবাত্মা মহান ব্যাপক ও অজ জন্ম রহিত। এই সকলই পুরুষ, অর্থাৎ পুরুষ কর্তৃক সকল ব্যাপ্ত, এই পুরুষের দ্বারা সকল পরিপূর্ণ, জীবাত্মা সকল আবরণ করিয়া অবস্থান করে, ইত্যাদি প্রমাণ সমূহে জীবের বিভুত্ব প্রতিপদান করিয়াছেন, ইহাই বিষয় বাক্য।

সংশয়—এই বিষয় বাক্যে সন্দেহ হইতেছে-অত্রেতি। এই স্থলে 'জীবাত্মাজ্ঞান মাত্র বিভু' ইহা যুক্তি সঙ্গত হয়? অথবা যুক্তি যুক্ত নহে? ইহাই সংশয় বাক্য।

॥ওঁ॥ নিত্যোপলব্ধ্যনুপলব্ধিপ্রসঙ্গোঽন্যতরনিয়মো বান্যথা ॥ওঁ॥ ২।৩।১৫।৩১॥

অন্যথা জ্ঞানমাত্রোবিভুরাত্মা "ইতি মতে নিত্যমুপলব্ধি অনুপলব্ধ্যোঃ প্রসঙ্গঃ স্যাৎ। অন্যতরস্য নিয়মঃ প্রতিবন্ধো বাঁ নিত্যং স্যাৎ।

অয়মর্থঃ—লোকসিদ্ধোপলব্ধিরনুপলব্ধিশ্চাস্তি। তয়োর্বিভুরাত্মা চিন্মাত্রশ্চেৎ কারণং-তর্হি নিত্যং যুগপচ্চ তে সর্ব্বস্য লোকস্য প্রাপ্নুয়াতাম্। অথোপলব্ধেরেব চেৎ কারণ, তদা কস্যাপি কুত্রাপ্যনুপলব্ধি ন স্যাৎ। অনুপলব্ধেরেব চেৎ, তর্হি কস্যাপি কুত্রাপ্যুপলব্ধি ন স্যাদিতি।

পূর্ব্বপক্ষ ঃ—এবং সংশয়ে পুর্ব্বপক্ষমুদ্ভাবয়ন্তি—সর্ব্বত্রেতি। সর্ব্বত্র সর্ব্বদেহেষু কার্য্যো-পলম্ভাৎ বিভুরেব জীবাত্মা ইতি, তথাচ—তত্ত্বসমাসসূত্রে—৪, "পুরুষঃ" ইতি। দীপিকা ব্যাখ্যা—কঃ পুরুষঃ? উচ্যতে—পুরুষোঽনাদিঃ সূক্ষ্মঃ সর্ব্বগতশ্চেতনো নিগুণো নিত্যো দ্রষ্টা ভোক্তাঽকর্ত্তা ক্ষেত্রবিদ প্রসব ধর্ম্মশ্চেতি। তথাহি শ্বেতাশ্বতরে—৩।১৫, "পুরুষ এবেদং সর্ব্বম্" তত্রৈব ৩।১৬, "সর্ব্বতঃ পাণি-পাদং তৎ সর্ব্বতোঽক্ষিশিরোমুখম্। সর্ব্বতঃ শ্রুতিমল্লোকে সর্ব্বমাবৃত্য তিষ্ঠতি॥ এক এব হি ভূতাত্মা ভূতে ভূতে ব্যবস্থিতঃ" ইতি। তস্মাৎ জীবাত্মা বিভুরেব যুক্তম্।

ননু জীবস্যাণুত্ব স্বীকারে কা হানিঃ তত্রাহুঃ অণুত্বে" ইতি। ননু ভবতু জীবস্যাণুত্বে সর্ব্বাঙ্গীন সুখ দুঃখানুভবাভাবঃ, মধ্যমত্বে—দেহপরিমাণত্বে নাস্তি কোঽপি বিরোধঃ ইত্যতঃ আহুঃ—মধ্যমত্বে" ইতি। ইতোঽপি বিভুরেব জীবঃ ইতি পূর্ব্বপক্ষবাক্যম্।

পূর্ব্বপক্ষ এই প্রকার সন্দেহে পূর্ব্বপক্ষের উদ্ভাবনা করিতেছেন-সর্ব্বেত্রেতি। সর্ব্বত্র সকল দেহে কার্য্য উপলব্ধি হেতু তাহা যুক্তি সঙ্গত, অর্থাৎ জীবাত্মা বিভূ। এই বিষয়ে তত্ত্বসমাস সূত্র এই প্রকার-'পুরুষ' দীপিকা ব্যাখ্যা কে পুরুষ? বলিতেছি-পুরুষ অনাদি সূক্ষ্ম সর্ব্বগত চেতন নির্গুণ নিত্য দ্রষ্টা ভোক্তা কর্ত্তা ক্ষেত্রবিৎ অপ্রসব ধর্ম্মযুক্ত। শ্বেতাশ্বতরে বর্ণিত আছে-পুরুষই এই সকল পদার্থ, পুনঃ সেই জীবাত্মার সর্ব্বতঃ কর চরণাদি ও সর্ব্বত্র নয়ন মস্তক মুখ শ্রবণ, এবং সকল আবরণ করিয়া অবস্থান করে।

একমাত্র ভূতাত্মা জীব ভূতে ভূতে প্রতি বস্তুতে অবস্থিত আছে। অতএব জীবাত্ম বিভু হওয়াই যুক্তি সঙ্গত। যদি বলেন জীব অণু ইহা স্বীকার করিলে কি দোষ হইবে? তদুত্তরে বলিতেছেন জীব অণু ইহা স্বীকার করিলে সর্ব্বাঙ্গীন সুখ দুঃখাদির উপলব্ধি হইবে না। যদি বলেন-জীবের অণুত্ব স্বীকারে সর্ব্বাঙ্গীন সুখদুঃখের অনুভবাভাব হউক মধ্যমত্বে দেহ পরিমাণ মাত্র স্বীকার করিলে কোন

ন চ করণায়ত্তা তয়োর্ব্যবস্থা। আত্মনো বিভুত্বেন করণৈঃ সর্ব্বদা সংযোগাৎ। কিঞ্চ তন্মতে সর্ব্বাত্মনাং বিভুতয়া সর্ব্বশরীরৈঃ যোগাৎ সর্ব্বত্র ভোগপ্রাপ্তিঃ। এতেন "অদৃষ্ট বিশেষাৎ ভোগব্যাবস্থা" ইতি "সঙ্কল্পবিশেষাদদৃষ্ট ব্যবস্থা ইতি প্রত্যুক্তম্। মতান্তরেঽপ্যেতৎ সমং দূষণম্।

সিদ্ধান্তঃ—এবং পূর্ব্বপক্ষে প্রাপ্তে সিদ্ধান্তয়তি ভগবান্ শ্রীবাদরায়ণঃ—নিত্য" ইতি। সূত্রার্থস্তু ভাষ্যে স্পষ্টম্। তথাচ জীবো যদি জ্ঞানমাত্রো ন তু জ্ঞাতা, তথা বিভুর্ন চ অণুরিতি মতে, জীবস্য বিষয়োপলব্ধি নিত্যং স্যাৎ, অর্থাৎ "অত্র ঘটাভাবঃ" ইতি স্থলে দেশান্তরে কালান্তরে বা ঘটস্য বিদ্যমানত্বাৎ অত্রাপি ঘটোপলব্ধির্নিত্যং স্যাদিত্যর্থঃ। কিঞ্চ "জীবস্য তথা স্বীকারে বিদ্যমানত্বেঽপি ঘটোপব্ধিরনিত্যং স্যাদিতি। অথবা উভয়োর্নিত্যপ্রতিবন্ধঃ স্যাদিত্যর্থঃ।

অথ এতদর্থো বিস্তারয়ন্তি—"অয়মর্থঃ" ইত্যাদিনা। অয়মর্থঃ" ইত্যারভ্য—ভোগপ্রাপ্তি ইত্যন্তং স্পষ্টম্। এতেন" ইতি, আত্মনো বিভুত্বেন সাংখ্যানাং স্বসিদ্ধান্তো বিরুধ্যতে। তথাচ—অদৃষ্ট বিশেষাৎ ভোগব্যবস্থা" ইতি, যচ্ছরীরং যদদৃষ্টেন রচিতং তৎ শরীরে তস্য এব আত্মনো ভোগো ভবতি, নান্যস্য, এবং সঙ্কল্পবিশেষাৎ অদৃষ্টব্যবস্থা ইতি—যেন জনেন সঙ্কল্প্য কর্ম্ম কৃতং অস্যৈব তদদৃষ্টমিতি চ সাংখ্যা

দোষ হইবে না ? এই জন্য বলিতেছেন-মধ্যমত্বে, জীবকে দেহ পরিমাণ স্বীকার করিলে অনিত্যতা দোষ হইবে, এবং কৃত হানি ও অকৃতের অভ্যাগম হইবে, সুতরাং জীব বিভু, অণু বা মধ্যম রিমাণ নহে ইহাই পর্ব্বপক্ষ বাক্য

সিদ্ধান্ত—এই প্রকার পুর্ব্বপক্ষ প্রাপ্ত হইলে ভগবান শ্রীবাদরায়ণ সিদ্ধান্ত করিতেছেন-নিত্য, ইত্যাদি। অন্যথা অর্থাৎ 'জ্ঞানমাত্র বিভু জীবাত্মা, এইমতে জীবের নিত্যই উপলব্ধি ও অনু পলব্ধি প্রসঙ্গ হইবে, অন্যতরের নিয়ম অথবা প্রতিবন্ধ নিত্যই হইবে। অর্থৎ জীব যদি জ্ঞাতা না হইয়া জ্ঞানমাত্র হয় এবং অণু না হইয়া বিভু হয়, এই মতে জীবের বিষয়োপলব্ধি নিত্যই হইবে 'যেমন এই স্থলে ঘটাভাব' এই অভাবস্থলে দেশান্তরে কিম্বা কালান্তরে ঘটের বিদ্যমানতা হেতু এই ঘটো পলব্ধি নিত্যই হইবে ইহাই অর্থ অপর জীবকে বিভু স্বীকার করিলে ঘট বিদ্যমান থাকিলেও ঘটো-পলব্ধি অনিত্যই হইবে, অথবা উভয়ের উপলব্ধিও অনুপলব্ধির নিত্যই প্রতিবন্ধ হইবে। এই অর্থ ই বিস্তার করিতেছেন—অয়মিতি।

সারার্থ এই যে-জগতে উপলব্ধি ও অনুপলব্ধি বলিয়া দুইটি বস্তু প্রসিদ্ধ আছে, তাহাদের অনুভবে চিন্মাত্র বিভু আত্মা যদি কারণ হয়, তাহা হইলে সকল লোকের উপলব্ধি ও অনুপলব্ধি নিত্য এবং এককালেই প্রাপ্ত হইবে। যদি বলেন উপলব্ধিরই কারণ বিভু আত্মা তাহা হইলে কাহারও কোন উপলব্ধি হইত না। যদি বলেন উপলব্ধি ও অনুপলব্ধি করণ বা ইন্দ্রিয়গণের আয়ত্ত অধীনে ব্যবস্থাপিত

অস্মাকন্তু আত্মনামণুত্বেন প্রতিশরীরং ভেদান্ন কশ্চিদধিক্ষেপঃ। অণোরপি সর্ব্বত্র কার্য্য ক্রমেণৈব ন যুগপদিত্যদোষ, সর্ব্বাঙ্গীনসুখাদ্যুপলম্ভস্তুগুণেন ব্যাপ্তেরিত্যুক্তম্ ॥৩১॥

ব্যবস্থাপয়ন্তি, কিন্তু অদৃষ্টোপার্জ্জনে সঙ্কল্পে চ সর্ব্বেষামাত্মনাং সম্বন্ধো ভবতি, আত্মনো বিভুত্বাৎ, তচ্চ ন সিদ্ধ্যেৎ, তস্মাদাত্মা ন বিভুঃ। মতান্তরে" ইতি -জীবাত্মাবিভুবাদিনাং গৌতমাদীনাং সমমেব, সাংখ্য-সমমেব দোষদুষ্টত্বাৎ পরিহৃতমেব। অথ স্বমতে দোষলেশভাবং প্রতিপাদয়ন্তি অস্মাকমিতি। তস্মাদণু-রপি জীবঃ স্বগুণেন সর্ব্বশরীর ব্যাপী, জ্ঞাতা জ্ঞান স্বরূপশ্চ ইতি সিদ্ধম্ ॥৩১॥

ইতি নিত্যোপলব্ধ্যনুপলব্ধিপ্রসঙ্গাধিকরণং পঞ্চদশং সম্পূর্ণম্ ॥১৫॥

হয় অর্থাৎ ইন্দ্রিয়ের সংযোগে উপলব্ধি সংযোগাভাবে অনুপব্ধি সিদ্ধ হয়। তাহাও বলিতে পারেন না, কারণ আত্মা বিভু সুতরাং তাহার সহিত ইন্দ্রিয় সকলের সর্ব্বদাই সংযোগ বিদ্যমান আছে। অপর আপনাদের মতে আত্মা সকল বিভু অতএব সকল শরীরের সহিত সংযোগ বর্ত্তমান আছে, সুতরাং সর্ব্বত্রই ভোগ প্রাপ্তি হইবে।

অর্থাৎ পশ্বাদি শরীরের ভোগ মানবাত্মার প্রাপ্তি হইবে এবং মানব শরীরের ভোগ কীটাত্মার উপলব্ধি হইবে। এতদ্দারা অদৃষ্ট বিশেষ দ্বারা ভোগ ব্যবস্থা এবং সঙ্কল্পবিশেষ হেতু অদৃষ্ট ব্যবস্থা এই সিদ্ধান্তও নিরাকৃত হইল। অর্থাৎ আত্মার বিভুতা হেতু সাংখ্যবাদিগণের স্বসিদ্ধান্তের বিরোধ হয়, যেমন অদৃষ্ট বিশেষ দ্বারা ভোগ ব্যবস্থা যে শীরব যে অদৃষ্টের দ্বারা রচিত সেই শরীরে সেই আত্মারই ভোগ হয়, অন্যের নহে, এবং সঙ্কল্প বিশেষহেতু অদৃষ্ট ব্যবস্থা, যে ব্যক্তি সঙ্কল্প করিয়া কর্ম্ম করে তাহারই সেই অদৃষ্ট সাংখ্যবাদিগণ এই সিদ্ধান্ত স্থাপন করেন এইস্থলে অদৃষ্টোপার্জনে ও সঙ্কল্প সকল আত্মার সম্বন্ধ হয়, যেহেতু আত্মা বিভুবাদি গৌতমাদি মুনিগণের সমান দোষ অর্থাৎ সাংখ্যাবাদিগণের সমান তাহাদের মতও দোষদুষ্ট হেতু পরিত্যাগ করা হইল।

অনন্তর স্বমতে দোষ লেশেরও অভাব প্রতিপাদন করিতেছে—অস্মাকমিতি আমাদের সিদ্ধান্তে কিন্তু জীবাত্মা অণু হওয়া হেতু প্রতি শরীর ভিন্ন সুতরাং কোন দোষ নাই, এবং অণু হইলেও সর্ব্বত্র স্থানে ব শরীরে কার্য্য সকল ক্রম পূর্ব্বক হয়, একসাথে নহে, অতএব কোন দোষ হয় নাই। সমগ্র শরীরের সুখ দুঃখ প্রভৃতির অনুভব তাহার ব্যাপ্তি গুণের দ্বারা হয় তাহা বলা হইয়াছে। অতএব জীবাত্মা অণু হইলেও নিজ গুণের দ্বারা সর্ব্বশরীর ব্যাপী জ্ঞাতা এবং জ্ঞানস্বরূপ ইহাই সিদ্ধান্ত ॥৩১॥

ইতি নিত্যোপলব্ধ্যনুপলব্ধিপ্রসঙ্গাধিকরণ পঞ্চদশ সমাপ্ত ॥১৫॥

১৬। কর্ত্রাধিকরণম্

ইদমিদানীং বিচারয়তি। "বিজ্ঞানং যজ্ঞং তনুতে কর্ম্মাণি তনুতেঽপিচ" ইতি (তৈ. ২।৫) তৈত্তিরীয়াঃ পঠন্তি। ইহ সন্দেহঃ? বিজ্ঞানশব্দিতো জীবঃ কর্ত্তা? ন বেতি। "হন্তা চেন্মন্যতে হন্তুং হতশ্চেন্মন্যতে হতম্। উভৌ তৌ ন বিজানীতো নায়ং হন্তি ন হন্যতে।। (কঠ০ ১।২।১৯) ইতি কঠশ্রুত্যা তস্য কর্ত্তৃত্ব প্রতিষেধাৎ ন স কর্ত্তা।

১৬। কর্ত্রাধিকরণম্।

অথ 'আত্মাধিকরণমারভ্য এতাবৎ পর্য্যন্তং জীবস্য উৎপত্ত্যাভাবত্বং জ্ঞাতা জ্ঞানস্বরূপত্বং অণুমাত্রত্বং নিত্যজ্ঞানগুণকত্বং প্রতিপাদিতম্। পুনঃ স কিং কর্ত্তা, অথবা কর্ত্তৃত্বাদিশূন্যঃ ইতি জিজ্ঞাসায়াং তস্য কর্ত্তৃত্বং প্রতিপাদয়িতুং কর্ত্রাধিকরণমারম্ভঃ, ইতি অধিকরণসঙ্গতিঃ।

বিষয়ঃ—অথ কর্ত্রাধিকরণস্য বিষয়বাক্যমবতারয়ন্তি ইদমিত্যাদিনা। বিজ্ঞানমিতি, বিজ্ঞানশব্দবাচ্যো জীবঃ স যজ্ঞাদিকর্ম্ম তনুতে—বিস্তারয়তি, অন্যানি কর্ম্মাণি অপি বিতনোতি চ" ইত্যনেন জীবস্য কর্ত্তৃত্বং বোধ্যতে, "স্বর্গকামো যজেত" ইত্যাদিনা চ। ইতি বিষয়বাক্যম্।

সংশয়ঃ অথ কর্ত্রাধিকরণস্য বিষয়বাক্যে ভবতি সংশয়ঃ—ইহেতি, তন্নিরূপয়ন্তি। ইতি সংশয়বাক্যম্।

পূর্ব্বপক্ষঃ—অত্র সন্দেহে পূর্ব্বপক্ষয়ন্তি হন্তা" ইত্যাদিনা। অথ কঠোপনিষদ্ বাক্যেন জীবস্য কর্ত্তৃত্বাভাবং প্রতিপাদয়ন্তি—"হন্তা" ইতি। হন্তা হননকর্ত্তা যদি এবং মন্যতে চিন্তয়তি হন্তুং

১৬। কর্ত্রাধিকরণের ব্যাখ্যা

আত্মাধিকরণ হইতে আরম্ভ করিয়া এই পর্য্যন্ত জীবের উৎপত্তির অভাবতার জ্ঞান স্বরূপত্ব অণুমাত্রতা নিত্য জ্ঞানগুণবত্ত্ব ইত্যাদি প্রতিপাদন করিয়াছেন। পুনঃ সেই জীব কি কর্ত্তা? অথবা কর্ত্তৃত্বাদিশূন্য এই প্রকার জিজ্ঞাসা হইলে জীবের কর্ত্তৃত্ব প্রতিপাদন করিবার নিমিত্ত কর্ত্রাধিকরণ আরম্ভ করিতেছেন, ইহাই অধিকরণ সঙ্গিত।

বিষয়—অনন্তর কর্ত্রাধিকরণের বিষয়বাক্যের অবতারণা করিতেছেন—ইদমিতি। ইদানীং ইহা বিচার করিতেছেন—বিজ্ঞান যজ্ঞ বিস্তার করে, অর্থাৎ বিজ্ঞান শব্দ বাচ্য জীব, সে যাগাদি কর্ম্ম বিস্তার করে, কর্ম্ম সকলও বিস্তার করে, অন্যান্য কার্য্যও বিস্তার করে' এই প্রকার তৈত্তিরীয়গণ পাঠ করেন, এবং স্বর্গ কামনা করিয়া যাগাদি করিবে ইত্যাদি প্রমাণের দ্বারা জীবের কর্ত্তৃত্ব বোধ করায় ইহাই বিষয় বাক্য।

সংশয়—এই কর্ত্রাধিকরণের বিষয় বাক্যে সংশয় হইতেছে-বিজ্ঞান শব্দবাচ্য জীব যাগাদি কর্মের কর্ত্তা? অথবা তাহার কর্ত্তা নহে' ইহাই সংশয় বাক্য নিরূপিত হইল।

কিন্তু প্রকৃতিরেব কর্ত্রী, "প্রকৃতেঃ ক্রিয়মাণানি গুণৈঃ কর্ম্মাণি সর্ব্বশঃ। অহঙ্কার-বিমূঢ়াত্মা কর্ত্তাহমিতি মন্যতে।। (গী০ ৩।২৭) "কার্য্য কারণ কর্ত্তৃত্বে হেতু প্রকৃতিরুচ্যতে। পুরুষঃ সুখদুঃখানাং ভোক্তৃত্বে হেতুরুচ্যতে।। (গী০ ১৩।২০) ইত্যাদি স্মৃতিভ্যঃ। তস্মান্ন

এনং হনিষ্যামি ইতি, সোঽপি অন্যশ্চেৎ হতঃ ইতি মন্যতে, আত্মানং হতোঽহমিতি মন্যতে হতমিতি তৌ উভাবপি ন বিজানীতঃ, তৌ আত্মজ্ঞানাভাববন্তৌ আত্মানং ন বিজানীতে, কুতঃ? অয়মাত্মা ন কমপি হন্তি, ন কেনাপি হন্যতে, তস্মাদাত্মনঃ সর্ব্বথা কর্ত্তৃত্বাভাবঃ" ইতি। শ্রীগীতাসু চ—২।১৯, য এনং বেত্তি হন্তারং যশ্চৈনং মন্যতে হতম্। উভৌ তৌ ন বিজানীতো নায়ং হন্তি ন হন্যতে॥ "যস্মান্নায়মাত্মা হন্তি ন হননক্রিয়ায়াঃ কর্ত্তা ভবতি, ন হন্যতে ন চ কর্ম্ম ভবতীত্যর্থঃ, অবিক্রিয়ত্বাৎ ইতি শঙ্করভাষ্যম্। তস্মাৎ তস্য জীবস্য কর্ত্তৃত্বাভাবাৎ স কর্ত্তা ন ভবতীতি সিদ্ধান্তঃ।

ননু হন্তি, গচ্ছতি, ভোজয়তি ইত্যাদীনাং ক্রিয়াণাং কঃ কর্ত্তা? ইত্যপেক্ষায়ামাহুঃ—কিন্তু" ইতি। সত্ত্বরজস্তমসাং সাম্যাবস্থা প্রকৃতিরেব কর্ত্রী অথ জীবস্য কর্ত্তৃত্বাভাবং, প্রকৃতেশ্চ সর্ব্বকর্ত্তৃত্বং শ্রী-ভগবদ্‌বাক্যেন প্রমাণয়ন্তি—প্রকৃতেঃ" ইতি প্রকৃতেঃ গুণৈঃ ক্রিয়মাণানি সর্ব্বশঃ কর্ম্মাণি অহঙ্কার বিমূঢ়াত্মা অহং কর্ত্তা ইতি মন্যতে" ইত্যন্বয়ঃ। শ্রীরামানুজভাষ্যম্—অথ কর্ম্মযোগমনুতিষ্ঠতো বিদুষঃ—অবিদুষশ্চ বিশেষং প্রদর্শয়ন্ কর্ম্মযোগাপেক্ষিতং আত্মনঃ অকর্ত্তৃত্বানুসন্ধান প্রকারমুপদিশতি প্রকৃতেঃ গুণৈঃ সত্ত্বাদিভিঃ স্বানুরূপং ক্রিয়মাণানি কর্ম্মাণি প্রতি অহঙ্কারবিমূঢ়াত্মা অহং কর্ত্তা ইতি মন্যতে,

---

পূর্ব্বপক্ষ- এইপ্রকার সন্দেহে পূর্ব্বপক্ষ করিতেছেন—হন্তেতি। হন্তা হননকর্ত্তা যদি এই প্রকার মনে করে এই ব্যক্তিকে বধ করিব, সেই ব্যক্তিও যদি নিজেকে হত হইলাম এই প্রকার মনে করে, তাহারা উভয়ে জানে না, অর্থাৎ তাহারা আত্মজ্ঞানের অভাব বশতঃ আত্মা কে জানে না, কারণ এই আত্মা কাহাকেও হনন করে না, এবং কাহারও দ্বারা হত হয় না, সুতরাং আত্মার সর্ব্বথা কর্ত্তৃত্বের অভাব সিদ্ধ হইতেছে। ইত্যাদি কাঠক শ্রুতির দ্বারা জীবের কর্ত্তৃত্বের নিষেধ হেতু সে কর্ত্তা নহে। শ্রীগীতায় বর্ণিত আছে-যে মানব এই জীবকে হনন কর্ত্তা মনে করে, যে জীবকে হত হইল মনে করে, তাহারা উভয়ে জানে না, আত্মা কাহাকেও বধ করে না, ও নিহত ও হয় না। এই শ্লোকের শাঙ্কর ভাষ্য-যে হেতু এই আত্মা হনন ক্রিয়ার কর্ত্তা হয় না'এবং কর্ম্মও হয় না, কারণ আত্মা অবিক্রিয়। যদি বলেন বধ করিতেছে গমন করিতেছে ভোজন করিতেছে ইত্যাদি ক্রিয়ার কর্ত্তা কে? এই অপেক্ষায় বলিতেছেন কিন্তু প্রকৃতিই কর্ত্রী, সত্ত্ব রজ স্তমঃ ত্রিগুণাত্মিকা প্রকৃতি কার্য্য করে, আত্মা নহে। অথ জীবের কর্ত্তৃত্বের অভাব এবং প্রকৃতির সর্ব্বকর্ত্তৃত্ব শ্রীভগবানের বাক্যের দ্বারা প্রমাণিত করিতেছেন-প্রকৃতির গুণের দ্বারা ক্রিয়মান কার্য্য সকল অহঙ্কার বিমূঢ়াত্মা মানব আমি কর্ত্তা বলিয়া মনে করে। এই শ্লোকের শ্রীরামানুজ ভাষ্য-কর্ম্মযোগানুষ্ঠানকারি বিদ্বান্ পুরুষের এবং অবিদ্বানের বৈশিষ্ট্য প্রদর্শন

জীবস্য কর্তৃত্বং, কিন্তু প্রকৃতিগতম্। তত্ত্বাবিবেকাৎ তস্মিন্ সোঽধ্যস্যতি। ভোক্তা তু কর্ম্মফলানামিতি প্রাপ্তে—

॥ওঁ॥ কর্ত্তা শাস্ত্রার্থবত্ত্বাৎ ॥ওঁ॥ ২।৩।১৬।৩২॥

জীব এব কর্ত্তা, ন গুণাঃ। কুতঃ? শাস্ত্রেতি। "স্বর্গকামো যজেত" "আত্মানমেব

অহঙ্কারেণ বিমূঢ়ঃ আত্মা যস্য অসৌ অহঙ্কারবিমূঢ়াত্মা। অহঙ্কারো নাম অনহমর্থে প্রকৃতৌ অহং ইতি অভিমানঃ, তেন অজ্ঞাতাত্মস্বরূপো গুণ কর্ম্মসু অহং কর্ত্তা ইতি। কার্য্য কারণ" ইতি। কার্য্য কারণ কর্ত্তৃত্বে প্রকৃতিঃ হেতুঃ উচ্যতে পুরুষঃ সুখদুঃখানাং ভোক্তৃত্বে হেতুঃ উচ্যতে। টীকা চ শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তিপাদানাম্—

তস্য মায়াসংশ্লেষং দর্শয়তি — কার্য্যং শরীরং, কারণানি — সুখদুঃখসাধনানি ইন্দ্রিয়াণি, কর্ত্তারঃ ইন্দ্রিয়াধিষ্ঠাতারো দেবাঃ, তত্র তথা অধ্যাসেন পুরুষস্য তদ্ভাবাপত্তৌ হেতুঃ প্রকৃতিরেব স্যাৎ, প্রকৃতিরেব পুরুষসংস্পর্শাৎ কার্য্যাদিরূপেণ পরিণতা স্যাৎ, অবিদ্যাখ্যয়া স্ববৃত্ত্যা তদধ্যাসপ্রদাচ স্যাদিতার্থঃ। তৎ কৃতসুখদুঃখানাং ভোক্তৃত্বে তু পুরুষো জীব এব হেতুঃ।

অয়ংভাবঃ - যদ্যপি কার্য্যত্ব কারণত্ব কর্ত্তৃত্বভোক্তৃত্বানি প্রকৃতিধর্ম্মা এব স্যুঃ, তদপি কার্য্যত্বাদিষু জড়াংশ প্রধান্যাৎ, সুখ দুঃখ সম্বেদনরূপে ভোগে তু চৈতন্যাংশ প্রাধান্যাৎ, "প্রাধান্যেন ব্যপদেশা ভবন্তি" ইতি ন্যায়াৎ কার্য্যত্বাদিষু প্রকৃতিঃ হেতু, ভোক্তৃত্বে পুরুষো হেতুরিত্যুচ্যতে ইতি,। তস্মাৎ প্রকৃতিরেব কর্ত্রী তথাহি—সাংখ্যকারিকায়াম্—১৭, সংখাত পরার্থত্বাৎ, ত্রিগুণাদিবিপর্য্যয়াদধিষ্ঠানাৎ। পুরুষোঽস্তি

করাইয়া আত্মার অকর্ত্তৃত্বানুসন্ধান প্রকার উপদেশ করিতেছেন-প্রকৃতির গুণ সত্ত্বাদির দ্বারা নিজানুরূপ ক্রিয়মান কর্ম্ম সকলের প্রতি অহঙ্কার বিমূঢ়াত্মা আমি কর্ত্তা এই প্রকার মনে করে।

অহঙ্কারের দ্বারা বিমূঢ় আত্মা যাহার সেই অহঙ্কার বিমূঢ়াত্মা। অনহমর্থে প্রকৃতিতে অহং এই অভিমানের নাম অহঙ্কার। তাহার দ্বারা অজ্ঞাত আত্মস্বরূপ ব্যক্তি গুণ কর্ম্ম সকলে আমি কর্ত্তা এই প্রকার মনে করে। কার্য্য কারণ ও কর্ত্তৃত্বে প্রকৃতিকে হেতু বলা হয়, পুরুষকে সুখ দুঃখ সকলের ভোগের হেতু বলা হয়

এই শ্লোকের শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তি পাদের টীকা-জীবের মায়া সংশ্লেষ দেখাইতেছেন-কার্য্য শরীর, কারণ সুখ দুঃখ সাধন ইন্দ্রিয় সকল, কর্ত্তা গণ ইন্দ্রয়াধিষ্ঠাতা দেবতা গণ, এই শরীরে কর্ত্তৃত্ব অধ্যাসের দ্বারা পুরুষের কর্ত্তৃত্ব ভাবাপত্তির হেতু প্রকৃতিই হইবে, প্রকৃতিই পুরুষসংসর্গ হেতু কার্য্যাদি রূপে পরিণত হয়, অবিদ্যা রূপ নিজ বৃত্তি বিশেষে দ্বারা পুরুষের অধ্যাস প্রদানও করিয়া থাকে ইহাই অর্থ।

লোকমুপাসীত" (বৃ০ ১।৪।১৫) ইত্যাদিশাস্ত্রস্য চেতনে কর্ত্তরি সতি সার্থক্যাৎ, গুণ কর্ত্তৃত্বেন তদানর্থক্যং স্যাৎ। শাস্ত্রং কিল ফলহেতুতাবুদ্ধিমুৎপদ্যতে কর্ম্মসু তৎ ফলভোক্তারং পুরুষং

ভোক্তৃভাবাৎ কৈবল্যার্থং প্রবৃত্তেশ্চ ॥ পুনস্তত্রৈব – ২০ তস্মাৎ তৎ সংযোগাদচেতনং চেতনাবদিব লিঙ্গম্। গুণকর্ত্তৃত্বে চ তথা কর্ত্তেব ভবত্যুদাসীনঃ ॥ অথ পূর্ব্বপক্ষনিগমন প্রকারমাহুঃ—তস্মাদিতি।

নন্বু কর্ত্তৃত্বং চেৎ প্রকৃতিগতং তদা "স্বর্গকামো যজেত" ইতি জীবকর্ত্তৃত্ব প্রতিপাদকবাক্যস্য কা গতিরিতি চেৎ তত্রাহুঃ—তত্তু" ইতি। তৎ জীবস্য কর্ত্তৃত্বং তু অবিবেকাৎ ভবতি, তথাচ—সাংখ্যসূত্রে —১।১০৬ "অবিবেকাদ্ বা তৎ সিদ্ধেঃ কর্ত্তুঃ ফলাবগমঃ" অত্র অনিরুদ্ধবৃত্তিঃ—পুরুষো ন কর্ত্তা ন ভোক্তা, কিন্তু মহত্তত্ত্ব প্রতিবিম্বিতত্বাৎ কর্ত্তৃত্বাভিমানঃ। অবিবেকাদ্ বা ইতি প্রকৃতি পুরুষয়োর্বিবেকাগ্রহাৎ। তৎসিদ্ধেঃ কর্ত্তুঃ ফলোপভোগাভিমানসিদ্ধেরিতি। ইতি। তস্মাৎ পুরুষোঽবিবেকাৎ কর্ত্তৃত্বাদি স্বস্মিন্ অধ্যস্যতি, কিন্তু কর্ম্মফলানাং ভোক্তা ভবতীতি পূর্ব্বপক্ষবাক্যম্।

প্রকৃতি কৃত সুখদুঃখ সকলের ভোগ বিষয়ে কিন্তু পুরুষ বা জীবই হেতু। সারাংশ এই যে-যদ্যপি কার্য্যত্ব কারণত্ব কর্ত্তৃত্ব ভোক্তৃত্ব সকল প্রকৃতিরই ধর্ম্ম হয়, তথাপি কার্য্যত্বাদি বিষয়ে জড়াংশ প্রাধান্য হেতু, সুখ দুঃখ সম্বেদনাদি ভোগবিষয়ে কিন্তু চৈতন্যাংশ প্রাধান্য হেতু "প্রাধান্যরূপেই উপদেশ হয়" এই ন্যায় হেতু কার্য্যত্বাদি বিষয়ে প্রকৃতি হেতু বা কারণ, এবং ভোগাদি বিষয়ে হেতু বা কারণ বলিয়াছেন।

সুতরাং প্রকৃতি কর্ত্রী। সাংখ্য কারিকায় বর্ণিত আছে সাংঘাত ভোগ্যপদার্থ সকল চেতন পুরুষের প্রয়োজন হেতু, ত্রিগুণাদি সুখ দুঃখ মোহ ভিন্ন, অধিষ্ঠাতা বা প্রেরক, ভোক্তা, মুক্তির প্রবৃত্তি হেতু কেহ চেতন পুরুষ অবশ্য আছে, এবং সেই জীবাত্মা। পুনঃ অতএব চেতন পুরুষের সংযোগ হেতু বুদ্ধ্যাদি চেতনের সমান হয়, এই রূপ উদাসীন পুরুষ প্রকৃতির সংযোগে গুণের কর্ত্তৃত্ব হইলেও কর্ত্তার সমান হয়। সাংখ্যবাদি পুর্ব্বপক্ষ কারিগণ নিগমন করিতেছেন তস্মাদিতি। অতত্রব জীবের কোন কর্ত্তৃত্ব নাই, যাহা দেখা যায় তাহা কিন্তু প্রকৃতি গত।

যদি বলেন-জীবের কর্ত্তৃত্ব যদি প্রকৃতিগত হয়, তবে' স্বর্গকামনা করিয়া যাগ করিবে' ইত্যাদি জীব কর্ত্তৃত্ব প্রতিপাদক বাক্যের কি গতি হইবে? তাহা বলিতেছেন—তাহা অবিবেক হেতু জীব নিজেই নিজেতে অধ্যাস করে, কিন্তু চেতন হেতু কর্ম্মফল সকলের ভোক্তা, অর্থাৎ জীবের যে কর্ত্তৃত্ব তাহা অবিবেক দ্বারা হয়। সাংখ্য সূত্রে বর্ণিত আছে অকর্ত্তা পুরুষের ফলাফল ভোগ আবিবেক হেতু কর্ত্তৃত্ব সিদ্ধ হয়, এই সূত্রের অনিরুদ্ধ বৃত্তি-পুরুষ কর্ত্তাও নহে ভোক্তাও নহে, কিন্তু মহত্তত্ত্ব প্রতি বিম্বিত হওয়া হেতু কর্ত্তৃত্বের অভিমান হয় মাত্র, অবিবেক হেতু অর্থাৎ প্রকৃতি পুরুষের বিবেক অগ্রহ হেতু,

প্রবর্ত্তয়তে। ন চ তদ্বুদ্ধিঃ জড়ানাং গুণানাং শক্যোৎপাদয়িতুম্ ॥৩২॥

সিদ্ধান্ত ঃ—এবং পূর্ব্বপক্ষে প্রাপ্তে সিদ্ধান্তসূত্রমবতারয়তি ভগবান্ শ্রীবাদরায়ণঃ—"কর্ত্তা" ইতি। জীব এব কর্ত্তা, ন গুণা ন বা প্রকৃতিঃ, কুতঃ ? শাস্ত্রার্থবত্ত্বাৎ, শাস্ত্রং তু "স্বর্গকামো যজেত" "মুমুক্ষু র্ব্রহ্মোপাসীত" "আত্মেত্যেবোপাসীত" (বৃ০ ১।৪।৭) ইত্যাদি স্বর্গমোক্ষাদিফলানাং ভোক্তারঃ কর্ত্তৃত্বে নিযুঙ্‌ক্তে, ন হি অচেতনস্য প্রধানস্য কর্ত্তৃত্বেহন্যো নিযুজ্যতে, শাসনাৎ শাস্ত্রম্ শাসনঞ্চ প্রবর্ত্তনম্, তথাচ—শাস্ত্রস্য প্রবর্ত্তকত্বং ধর্ম্মাধর্ম্মাদিবোধ জনন দ্বারেণ বোধ্যম্, অচেতনং প্রধানং বোধয়িতুং ন শক্যম্ শাস্ত্রম্। তস্মাৎ ভোক্তুশ্চেতনস্য এব কর্ত্তৃত্বে, শাস্ত্রাণামর্থবত্ত্বং ভবেদিতি সূত্রার্থঃ। ভাষ্যন্তু প্রকটার্থম্। "অশ্বমেধেন স্বর্গকামো যজেত, ইতি ভোগকামিনাং স্বর্গসাধনে যাগস্য কর্ত্তৃত্বং জীবে বর্ত্ততে, তস্মাৎ জীবস্য কর্ত্তৃত্বং সিদ্ধম্।

আত্মানমিতি—অনাত্মবিৎ যৎ কর্ম্ম করোতি তৎ অন্ততঃ ক্ষীয়তে, তথাচ—শ্রীগোবিন্দদেব চরণারবিন্দ বিমুখো মানবো যৎ পুণ্যসাধনং অশ্বমেধাদিকং কর্ম্ম করোতি তৎ স্বর্গাদিফলভোগাবসানে ক্ষীয়তে এব,তস্মাৎ আত্মবিৎমুমুক্ষুলোকং পরব্রহ্ম এবোপাসীত, যত্র পরব্রহ্ম শ্রীগোবিন্দদেবঃ স্বপরিকরবৃন্দৈঃ পরিবৃতং বিরাজতে, তত্র পরমভক্তজনঃ ভক্ত্যারাধ্য শ্রীগোবিন্দদেবং প্রাপ্য কৃতার্থো ভবতি" ইতি। তস্মাৎ জীব এব কর্ত্তা, ন প্রধানং ন বা গুণাঃ ॥৩২॥

তৎসিদ্ধেঃ অর্থাৎ কর্ত্তার ফলোপভোগের অভিমান সিদ্ধি হয়। অতএব পুরুষ অবিবেক হেতু কর্ত্তৃত্বাদি নিজে অধ্যস্ত করে, কিন্তু জীব স্বয়ং কর্ম্ম ফলের ভোক্তা হয়, ইহাই পূর্ব্বপক্ষ বাক্য।

সিদ্ধান্ত—এই প্রকার পূর্ব্বপক্ষ প্রাপ্ত হইলে ভগবান শ্রীবাদরায়ণ সিদ্ধান্ত সূত্রের অবতারণা করিতেছেন—কর্ত্তেতি। জীব কর্ত্তা শাস্ত্রের প্রয়োজন হেতু, অর্থাৎ জীবই কর্ত্তা, গুণ নহে, অথবা প্রকৃতিও নহে, কেন ? শাস্ত্র প্রয়োজনের সার্থকতা হেতু, শাস্ত্রে-স্বর্গকামনা করিয়া যাগ করিবে, মুমুক্ষু ব্যক্তি পরব্রহ্মকে উপাসনা করিবে 'আত্মা রূপেই উপাসনা করিবে' ইত্যাদি স্বর্গ ও মোক্ষাদি ফলের ভোক্তা জীবগণকে কর্ত্তৃত্বে নিয়োগ করিতেছে কিন্তু অচেতন প্রধানের কর্ত্তৃত্ব হইলে অন্য জীবকে নিয়োগ করিবে না. শাসন করে এই হেতু শাস্ত্র শাসন অর্থাৎ প্রবর্ত্তন, শাস্ত্রের প্রবর্ত্তকতা ধর্ম্মাধর্ম্মাদি বোধের জন্ম দ্বারা বুঝিতে হইবে, অচেতন প্রধানকে বোধিত করিতে শাস্ত্র সমর্থ হইবে না. অতএব ভোক্তা চেতনেরই কর্ত্তৃত্ব স্বীকার করিলে শাস্ত্র সকলের অর্থবত্ত্ব প্রয়োজন সিদ্ধ হয় ইহাই সূত্রার্থ। জীবই কর্ত্তা গুণ সকল নহে, কেন ?

শাস্ত্র হেতু, যেমন স্বর্গকামী যাগ করিবে, অর্থাৎ স্বর্গলোকে গমন কামনা কারী অশ্বমেধ যাগের দ্বারা যজনা করিবে এই স্থলে স্বর্গসাধনে যাগের কর্ত্তৃত্ব জীবে বর্ত্তমান আছে, অতএব জীবের কর্ত্তৃত্ব সিদ্ধ হইল। মুক্তিকামী আত্মলোক শ্রীভগবানের বৈকণ্ঠাদি লোকের উপাসনা করিবে' অর্থাৎ

বাস্তবমেব কর্ত্তৃত্বং জীবস্যেত্যাহ—

॥ওঁ॥ বিহারোপদেশাৎ ॥ওঁ॥ ২।৩।১৬।৩৩॥

"স তত্র পর্য্যেতি জক্ষন্ ক্রীড়ন্ রমমাণঃ" (ছা° ৮।১২।৩) ইত্যাদিনা মুক্তস্যাপি ক্রীড়াভিধানাদিত্যর্থঃ। অতঃ কর্ত্তৃত্বমাত্রং ন দুঃখাবহং কিন্তু গুণসম্বন্ধমেব। তস্য স্বরূপ-গ্লানিকরত্বাৎ ॥৩৩॥

অথ প্রকারান্তরেণ জীবস্য কর্ত্তৃত্বং সাধয়ন্তি—বাস্তবমিতি। অথ মুক্তজীবস্যাপি কর্ত্তৃত্বং বাস্তবমিতি প্রতিপাদয়িতুং সূত্রয়তি ভগবান্ শ্রীবাদরায়ণঃ—বিহারঃ" শ্রুতিষু মুক্তজীবস্য বিহারোপদেশাৎ তস্য কর্ত্তৃত্বং বাস্তবমেব,ন তু অধ্যস্তমিত্যর্থঃঅথ মুক্তস্যাপি বিহার কর্ত্তৃত্বে ছান্দোগ্যবাক্যং প্রমাণয়ন্তি সইতি মুক্তো জীবঃ তত্র শ্রীগোলোকাদৌ পর্য্যেতি পরিতঃ সর্ব্বদিক্ষু জক্ষন্ ভুঞ্জানঃ, ক্রীড়ন্ ক্রীড়াং কুর্ব্বন্, হসংশ্চ রমমাণঃ রমণং ভ্রমণং কৃত্বা তিষ্ঠতি' ইতি। ইত্যাদিনা মুক্তস্যাপি ক্রীড়াভিধানাদিত্যর্থঃ। ন চ অহঙ্কারবিমূঢ়াত্মা কর্ত্তাহমিতি মন্যতে" ইতি (গী° ৩২৭) শ্রীগীতাবচনাৎ কর্ত্তৃত্বমাত্র দুঃখাবহমিতি বাচ্যম্, কর্ত্তৃত্বাভিমানশূন্যত্বাৎ জীবস্য গুণাসক্তত্বমেব দুঃখাবহমিতি প্রতিপাদয়ন্তি "অতঃ" ইত্যাদিনা। তথাহি শ্রীভাগবতে—৩।২৫।১৫, গুণেষু সক্তং বন্ধায় রতং বা পুংসি মুক্তয়ে॥ ইতি গুণসম্বন্ধমেব দুঃখাবহমিত্যর্থঃ॥৩৩॥

অনাত্মবিৎ মানব যে কর্ম্ম করিবে তাহা অন্তকালে ক্ষয় হইবে, সারার্থ এই যে-শ্রীগোবিন্দদেবের চরণারবিন্দ বিমুখ মানব যাহা পুণ্যের সাধন অশ্বমেধ যাগাদি কর্ম্ম করে, তাহা স্বর্গাদিফল ভোগাবসানে অবশ্যই ক্ষয় হয়, অতএব আত্মবিৎ মুমুক্ষুলোক পরব্রহ্মকেই উপাসনা করিবে, যে লোকে পরব্রহ্ম শ্রীগোবিন্দদেব নিজ পরিকরবৃন্দ পরিবেষ্টীত হইয়া বিরাজ করিতেছেন, তথায় পরম ভক্তজন ভক্তি আরাধিত শ্রীগোবিন্দদেবকে পাইয়া কৃতার্থ হয় ইহাই ভাবার্থ।

ইত্যাদি প্রমাণে শাস্ত্রের চেতন কর্ত্তা হইলে পরেই সার্থকতা সিদ্ধ হইবে, যদি গুণ কর্ত্তা হয় তাহা হইলে শাস্ত্রের উপদেশ অনর্থক হইবে। শাস্ত্র ফল হেতুতা বুদ্ধি উৎপাদন করিয়া কার্য্য সকলে তাহার ফল ভোক্তা পুরুষকে প্রবর্ত্তিত করে। শাস্ত্র জড় গুণ সকলের ঐ ফলতুতা বুদ্ধি উৎপাদন করিতে সমর্থ হইবে না। অতএব জীবই কর্ত্তা, প্রধান ও নহে গুণও নহে ॥৩২॥

অনন্তর প্রকারান্তরে জীবের কর্ত্তৃত্ব সাধন করিতেছেন—বাস্তবমিতি। জীবের কর্ত্তৃত্ব বাস্তব বা যথার্থ। অথ মুক্ত জীবের ও কর্ত্তৃত্ব বাস্তব তাহা প্রতিপাদন করিবার নিমিত্ত ভগবান শ্রীবাদরায়ণ সূত্র করিতেছেন-বিহার উপদেশ হেতু শ্রুতি সকলে মুক্ত জীবের বিহার উপদেশ হেতু, জীবের কর্ত্তৃত্ব বাস্তব যথার্থ, কিন্তু অধ্যস্ত নহে ইহাই অর্থ।

অনন্তর মুক্ত জীবের ও বিহারকর্ত্তৃত্ব বিষয়ে ছান্দোগ্যবাক্য প্রমাণিত করিতেছেন-'স' ইতি।

॥ওঁ॥ উপাদানাৎ ॥ওঁ॥ ২।৩।১৬।৩৪॥

স যথা মহারাজ" (বৃ. ২।১।১৮) ইত্যুপক্রম্য "এবমেবৈষ এতান্ প্রাণান্ গৃহীত্বা স্বে শরীরে যথাকামং পরিবর্ত্ততে" বৃ. ২।১।১৮) ইতি শ্রুতৌ। "গৃহীত্বৈতানি সংযাতি বায়ুর্গন্ধানিবাশয়াৎ" (গী° ১৫।৮) ইতি স্মৃতৌ চ। জীবকর্ত্তৃকস্য প্রাণোপাদানস্যাভিধানাৎ

অথ পুনঃপ্রকারান্তরেণ জীবস্য কর্ত্তৃত্বং সাধয়তি ভগবান্ শ্রীবাদরায়ণঃ—"উপাদানাৎ" ইত্যাদি। উপাদানমত্র গ্রহণম্। জীবস্য প্রাণাদীনামুপাদানাৎ গ্রহণাৎ কর্ত্তৃত্বং বোদ্ধ্যম্। অত্র বৃহদারণ্যকবচন প্রমাণমাহুঃ —"সঃ" ইতি। যথা স প্রসিদ্ধো মহারাজঃ অন্যান্ জানপদান্ পরশাসিতদেশান্ গৃহীত্বা স্ব অধীনং নীত্বা স্বে জনপদে নিজরাজ্যে যথাকামং পরিবর্ত্তেত, এবমেব এষ বিজ্ঞানময়ো জীবাত্মা প্রাণান্ গৃহীত্বা জাগরিতস্থানেভ্যঃ উপসংহৃত্য স্বে শরীরে যথাকামং ইচ্ছানুসারং পরিবর্ত্ততে, বিহরতি" ইতি। অথ শ্রীগীতাবচনাদপি তথৈব প্রতিপাদয়ন্তি—গৃহীত্বা" ইতি।

সে তথায় পরিতঃ ভক্ষণ ক্রীড়া রমণ করিয়া' অর্থাৎ সেই মুক্ত জীব শ্রীগোলোকাদি স্থানে চতুর্দিকে ভোজন করিয়া, ক্রীড়া করিয়া হাস্য করিয়া, ভ্রমণ করিয়া অবস্থান করে। ইত্যাদি প্রমাণের দ্বারা মুক্ত জীবেরও ক্রীড়া কথন হেতু ইহাই অর্থ।

এই বিষয়ে সাংখ্যকারিকায় বর্ণিত আছে—তিনটির বৃত্তি স্বালক্ষণ্য এবং অসামান্য হয়, কিন্তু প্রাণাদি পঞ্চবায়ু সামান্য করণবৃত্তি, ব্যাখ্যা-বুদ্ধি অহঙ্কার এবং মনের স্বলক্ষণ স্বভাববৃত্তি আছে, তাহা

ব্যাপারঃ প্রাণ ইত্যুক্তম্, তন্ন, একরূপ প্রাণস্য বিজাতীয় নানা ইন্দ্রিয় ব্যাপারত্বাযোগাৎ ॥৯॥

অসাধুত্বে কারণমাহঃ—একরূপঃ" ইতি। তথাচ—প্রাণানামবস্থানম্ প্রাণঃ প্রাগ্‌গমনবান্ হৃদিস্থানবর্ত্তী। অপানঃ—অবাগ্‌গমনবান্—পায়্বাদিস্থান বর্ত্তী। সমানঃ শরীরমধ্যগত-অশিত-পীতান্নাদি-সমীকরণকরঃ। উদানঃ—কণ্ঠস্থানীয়ঃ ঊর্দ্ধগমনবান্ উৎক্রমণবায়ুঃ। ব্যানঃ—বিশ্বগ্‌গমনবান্ নিখিল-শরীরবর্ত্তী। তথাহি কারিকা—হৃদি প্রাণো গুদেঽপানঃ সমানো নাভিমণ্ডলে। উদানঃ কণ্ঠদেশে স্যাৎ ব্যানঃ সর্ব্বশরীরগঃ ॥ ইতি তেষাং কার্য্যমবস্থানঞ্চ।

তথাচ—সাংখ্যমত স্বীকারে সতি প্রাণেন দর্শনাদ্যাপত্তেঃ। তস্মাৎ প্রাণাদীণাং বায়ুপঞ্চানাং ন সামান্যকরণবৃত্তিত্বমিত্যর্থঃ ॥

প্রাণানাং প্রাণরূপোঽসি সর্ব্বপ্রাণ-প্রদায়কঃ।
গোপিকা প্রাণবন্ধো! হে! মম প্রাণপ্রদো ভব ॥৯॥

ইতি বায়ুক্রিয়াধিকরণং পঞ্চমং সম্পূর্ণম্ ॥৫॥

তাহাদের অসামান্য বৃত্তি হয়, যেমন বুদ্ধির নিশ্চয়াত্মক, অহঙ্কারের অভিমানাত্মক, মনের সঙ্কল্পাত্মক, এবং অন্যান্য ইন্দ্রিয় সকলের নিজ নিজ বিশেষ লক্ষণ আছে। কিন্তু প্রাণাদি প্রাণ অপান সমান উদান ব্যান নামে পঞ্চ বায়ু সকল ইন্দ্রিয়ের সামান্য বৃত্তি হয়, অতঃ প্রাণের দ্বারাই দর্শন স্পর্শন মননাদি সকল করিতে সমর্থ হইবে।

এই প্রকার সাংখ্যবাদিগণ সকল ইন্দ্রিয়গণের ব্যাপার প্রাণ, যাহা বলেন তাহা সুন্দর নহে। কেন সুন্দর নহে তাহার কারণ বলিতেছেন—একরূপ ইতি। একরূপ প্রাণের বিজাতীয় নানা প্রকার ইন্দ্রিয় ব্যাপার সমর্থ নাই, কারণ প্রাণের অবস্থান এই প্রকার- প্রাণ প্রাগ্‌গমনবান হৃদি স্থানবর্ত্তী, অপান অবাগ্‌গমনকর্ত্তা পায়্বাদিস্থানে বাস করে, সমান শরীর মধ্যগতবায়ু, ভক্ষিত পীত অন্নাদি সমীকরণকর্ত্তা, উদান কণ্ঠস্থানীয় বায়ু ঊর্দ্ধগমনকর্ত্তা উৎক্রমণ বায়ু, ব্যান বিষ্বগ্‌গমনকর্ত্তা নিখিল শরীরবর্ত্তী বায়ু। এই বিষয়ে কারিকা আছে—হৃদয়ে প্রাণ বায়ু গুহ্যদেশে অপান বায়ু, সমান বায়ু নাভিমণ্ডলে থাকে, উদান কণ্ঠদেশে থাকে, ব্যান সর্ব্ব শরীরগমনকারী বায়ু। এই ভাবে সাংখ্যমত স্বীকার করিলে প্রাণের দ্বারাই দর্শনাদি সিদ্ধ হয়। অতএব প্রাণাদি বায়ু পঞ্চকের সামান্য করণ বৃত্তিত্ব নাই ইহাই অর্থ। সর্ব্বপ্রাণ প্রদায়ক হে শ্রীগোবিন্দদেব! আপনি প্রাণ সকলেরও প্রাণ হয়েন, হে শ্রীগোপিকা প্রাণবন্ধো আমার প্রাণ প্রদানকারী হউন ॥৯॥

এই প্রকার বায়ুক্রিয়াধিকরণ পঞ্চম সম্পূর্ণ ॥৫॥

৬॥ জীবোপকরণত্বাধিকরণম্

"সুপ্তেষু বাগাদিষু প্রাণ একো জাগর্ত্তি, প্রাণ একো মৃত্যুনানাপ্তঃ, প্রাণঃ সম্বর্গো বাগাদীন্ সংবৃঙক্তে, প্রাণ ইতরান্ প্রাণান্ রক্ষতি মাতেব পুত্রান্ ইতি বৃহদারণ্যকে পঠ্যতে।

তত্র সংশয়ঃ - মুখ্যঃ প্রাণো জীবএবাস্মিন্ দেহে স্বতন্ত্রঃ ? উত জীবোপকরণমিতি ? বহুবিভূতিশ্রবণাৎ স এব স্বতন্ত্র ইতি প্রাপ্তে -

৬। জীবোপকরণত্বাধিকরণম্।

অথ মুখ্যপ্রাণস্য স্বরূপে নির্ণীতে তত্র এবংনিরূপ্যতে মুখ্য প্রাণোঽস্মিন্ দেহে জীববৎ স্বতন্ত্র রূপেণ বর্ত্ততে অথবা স্বতন্ত্রাভাবরূপেণ বর্ত্ততে ইতি নিরূপণার্থং জীবোপকরণত্বাধিকরণমারম্ভঃ" ইত্যধিকরণ সঙ্গতিঃ।

বিষয় ঃ—অথ জীবোপকরণত্বাধিকরণস্য বিষয়বাক্যমবতারয়ন্তি—"সুপ্তেষু" ইতি। শ্রুত্যর্থস্তু প্রকটার্থম্। অত্র শ্রুতিবাক্যে প্রাণস্য স্বাতন্ত্র্যং বোধয়তি। তথা প্রাণসংবাদে - (ছা০ ৫।১, বৃ০ ৬১) প্রাণস্য জীবোপকরণত্বমিতি।

তথাহি - ছান্দোগ্যে ৫।১ ৬, অথ হ প্রাণা অহং শ্রেয়সে বিবদমানা ব্রহ্ম জগ্মুঃ" ইতি। তস্মাৎ প্রাণঃ স্বতন্ত্রঃ ? উত উপকরণঃ ? ইতি বিষয়বাক্যম্।

৬। জীবোপকরণত্বাধিকরণের ব্যাখ্যা

জীবোপকরণত্বাধিকরণের ব্যাখ্যা করিতেছেন। এই প্রকার মুখ্য প্রাণের স্বরূপ নির্ণয় হইলে পরে, তাহার মধ্যে এইপ্রকার নিরূপণ করিতেছেন—মুখ্যপ্রাণ এই দেহে জীববৎ স্বতন্ত্ররূপে নিবাস করে ? অথবা স্বতন্ত্রাভাবরূপে বর্ত্তমান থাকে ? ইহা নিরূপণ করিবার নিমিত্ত জীবোপকরণত্বাধিকরণের আরম্ভ করিতেছেন এই প্রকার অধিকরণ সঙ্গতি প্রদর্শিত হইল।

বিষয় অনন্তর জীবোপকরণত্বাধিকরণের বিষয় বাক্যের অবতারণা করিতেছেন—সুপ্তেষু ইত্যাদি। বাগাদি শয়ন করিলে একাকী প্রাণ জাগরিত থাকে, প্রাণ একাকী শ্রমের দ্বারা গ্রস্ত হয় না, প্রাণসম্বর্গ বাগাদি ইন্দ্রিয়সকল ব্যাপিয়া থাকে, মাতা যে প্রকার পুত্রগণকে রক্ষা করে সেই রূপ প্রাণ ইতর প্রাণগণকে রক্ষা করে, বৃহদারণ্যকে এই প্রকার পাঠ করিয়াছেন। এই শ্রুতিবাক্যে প্রাণের স্বতন্ত্রতা বোধ করাইতেছে।

এবং প্রাণ সংবাদে প্রাণের জীবোপকরণত্ব বর্ণন করিয়াছেন, ছান্দোগ্যে বর্ণিত আছে—অনন্তর প্রাণ সকল নিজের শ্রেষ্ঠতা বিষয় বিবাদ করিয়াছেন। বৃহদারণ্যকে আছে—সেই প্রাণ সকল নিজের শ্রেষ্ঠতা বিষয়ে বিবাদ করতঃ ব্রহ্মার নিকটে গমন করিলেন। অতএব প্রাণ স্বতন্ত্র ? অথবা উপকরণ ? এইপ্রকার বিষয়বাক্য।

॥ওঁ॥ চক্ষুরাদিবত্তু তৎসহশিষ্ট্যাদিভ্যঃ ॥ওঁ॥ ২।৪।৬।১০॥

তু শব্দঃ শঙ্কা হানায়। প্রণোঽপি চক্ষুরাদিবৎ জীবকরণমেব। কুতঃ? তৎসহেতি। প্রাণ সম্বাদেষু তৈশ্চক্ষুরাদিভি জীবকরণৈঃসহ প্রাণস্য শাসনাৎ ছা০ ৫।১ সমান ধর্ম্মানাংহি সহ শাসনং যুক্তং বৃহদ্রথান্তরাদিবৎ। আদি শব্দাৎ—"অথ যত্রবায়ং মুখ্যঃ প্রাণ;" (ছ০ ১।২।৭) যোঽয়ং

সংশয়ঃ—অত্র বিষয়বাক্যে ভবতি সংশয়ঃ—মুখ্যঃ" ইতি তথাচ-মুখ্যপ্রাণ অত্র শরীরে জীব ইব স্বতন্ত্রো নিবসতি, অথবা চক্ষুরাদিবং অস্বতন্ত্রঃ" ইতি সংশয়বাক্যম্।

পূর্ব্বপক্ষঃ—এবং সন্দেহে পূর্ব্বপক্ষমুদ্ভাবয়ন্তি—বহুবিভূতিরিতি তথাচ বাগাদিষু সুপ্তেষু প্রাণ একো জাগর্ত্তি, যঃ শ্রমেণাগ্রস্তো ভবতি, যঃসর্ব্বান্ ইতরান্ প্রাণান্ রক্ষতি, স তু মহাবিভূতি বান্ ইতি। তস্মাৎ শরীরেঽস্মিন্ জীব ইব স্বতন্ত্রো ভূত্ব নিবসতি প্রাণঃ' ইতি পূর্ব্বপক্ষবাক্যম্।

সিদ্ধান্তঃ—ইত্যেবং পূর্ব্বপক্ষে প্রাপ্তে সিদ্ধান্তসূত্রমবতারয়তি চক্ষুরিতি। সূত্রস্থ "তু"শব্দঃ শঙ্কানাশায়, অত্র শঙ্কাকর্ত্তুমনুচিতমেব ইতি মুখ্য প্রাণোঽপি চক্ষুরাদিবৎ জীবোপকরণমেব ন তু স জীববৎ শরীরে স্বতন্ত্রো নিবসতি, কুতঃ? তৎসহ শিষ্টাদিভ্যঃ" ইতি।

চক্ষুরাদিনা সহ প্রাণস্য প্রশাসনাৎ প্রাণোঽপি জীবকরণ এব, ন তু স্বতন্ত্রঃ। অথ সূত্রার্থং বিশদয়ন্তি প্রাণোঽপীতি। তথাচ সমানধর্ম্মাণাং অন্যান্য-ইন্দ্রিয়াণাং হি সহ শাসনাৎ বর্ণনাৎ প্রাণস্য জীবকরণত্বং যুক্তম্। বৃহদ্রথান্তরমিতি সামবেদস্য শাখাভেদং বৃহদ্রথান্তরম তত্তু উদ্গীথ প্রকরণে পঠিতত্বাৎ শাখান্তরতুল্যম্

সংশয়—এই বিষয়বাক্যে সংশয় হইতেছে- মুখ্য ইতি মুখ্য প্রাণ জীবের সমান এই শরীরে স্বতন্ত্রভাবে নিবাস করে? কিম্বা জীবোপকরণরূপে দেহে অবস্থান করে? অর্থাৎ মুখ্যপ্রাণ জীব শরীরে জীবের ন্যায় স্বাধীন ভাবে অবস্থান করে? অথবা চক্ষুরাদিবৎ অস্বতন্ত্রভাবে নিবাস করে? এইরূপ সংশয়বাক্য।

পূর্ব্বপক্ষ—এই প্রকার সন্দেহ বাক্যে পূর্ব্বপক্ষের উদ্ভাবনা করিতেছেন—বহু ইতি। প্রাণের বহু বিভূতি শ্রবণ করা হেতু প্রাণই স্বাতন্ত্র অর্থাৎ বাগাদি ইন্দ্রিয় সবল শয়ন করিলে যে একাকী প্রাণ জাগ্রত থাকে, যে শ্রমের দ্বারা গ্রস্ত হয় না, যে ইতর প্রাণকে রক্ষা করে সে মহাবিভূতিযুক্ত, অতএব এই শরীরে জীবের সমান স্বতন্ত্র হইয়া প্রাণ নিবাস করে, ইহাই পূর্ব্বপক্ষ বাক্য।

সিদ্ধান্ত এই প্রকার পূর্ব্বপক্ষ প্রাপ্ত হইলে ভগবান শ্রীবাদরায়ণ সিদ্ধান্তসূত্রের অবতারণা করিতেছেন—চক্ষুরিতি। চক্ষুর সমান জানিতে হইবে কারণ তাহাদের সহিত অনুশাসন করা হেতু, সূত্রে যে তু শব্দ আছে তাহা শঙ্কা হানির নিমিত্ত বুঝিতে হইবে। এই বিষয়ে শঙ্কা করা উচিত নহে

মধ্যমঃ প্রাণঃ" (বৃ. ১।৫।২১) ইত্যাদিনা প্রাণশব্দ পরিগৃহীতেষু ইন্দ্রিয়েষু বিশিষ্যাভিধানং গৃহ্যতে। সংহতত্বাদি চ স্বাতন্ত্র্যনিরাকৃতিহেতুঃ ॥১০॥

তথাত্রাপি চক্ষুরাদীনাং জীবকরণভূতানাং প্রকরণে প্রাণপঠিতত্বাৎ সোঽপি তথা। অথ সূত্রস্থাদিশব্দস্য ব্যাখ্যানমাহুঃ—আদীতি। অথেতি—য এব অয়ং মুখ্যপ্রাণঃ, স এব মধ্যমপ্রাণঃ ইতি শ্রুতেরাশয়ঃ। সংহতত্বাদি—প্রাণাঃ খলু সর্ব্বৈর্ম্মিলিত্বা কার্য্যমারভন্তে, ন তু স্বতন্ত্রাঃ। তথাচ—ঘটমহং করোমি" ইত্যেবমিচ্ছা আত্মনি জায়তে, ততো বুদ্ধি র্নিশ্চয়ং কৃত্বা মনঃ প্রেরয়তি, স চ মন ইন্দ্রিয়ানেকীকৃত্য কার্য্যমুৎপাদয়তীতি মুখ্য প্রাণানামপি স্বতন্ত্রতা নিরাকৃতা বেদিতব্যা ॥১০॥

মুখ্য প্রাণও চক্ষুরাদি ইন্দ্রিয়ের ন্যায় জীবোপকরণই হয়, জীবের সমান শরীরে স্বতন্ত্ররূপে নিবাস করে না, কেন ? তাহাদের সহিত অনুশাসন করা হেতু।

অর্থাৎ চক্ষুরাদি ইন্দ্রিয়ের সহিত প্রাণেরও প্রশাসন হেতু প্রাণও জীবের করণ হয়, কিন্তু স্বতন্ত্র নহে। অনন্তর সূত্রের অর্থ বিস্তার করিতেছেন—প্রাণোঽপীতি। শরীরস্থ প্রাণ ও চক্ষুরাদির সমান জীবের উপকরণ মাত্র হয়। কেন ? তাহার সহিত, অর্থাৎ ছান্দোগ্যোপনিষদে প্রাণ সম্বাদে সেই চক্ষুরাদি ইন্দ্রিয়গণের যাহা জীবের করণ হয় তাহাদের সহিত প্রাণের শাসন বা কথন হেতু। সমান ধর্ম্ম যুক্ত পদার্থেরই সমানভাবে কখনই যুক্তি সঙ্গত, যেমন বৃহদ্রথান্তর বৎ। অর্থাৎ সমান ধর্ম্মযুক্ত অন্যান্য ইন্দ্রিয়গণের সহিত বর্ণন করা হেতু প্রাণের জীবোপকরণত্ব যুক্তি সঙ্গতই হয়। বৃহদ্রথান্তরের তাৎপর্য্য এই যে সামবেদের শাখাভেদ বৃহদ্রথান্তর তাহা উদ্‌গীথ প্রকরণে পাঠ করা হেতু অন্য শাখার তুল্যই হয়, সেই প্রকার এইস্থলেও জীবোপকরণ ভূত চক্ষু প্রভৃতি ইন্দ্রিয়গণের প্রকরণে প্রাণের পাঠ করা হেতু প্রাণও জীবোপকরণ তুল্যই বুঝিতে হইবে।

অনন্তর সূত্রস্থ আদি পদের ব্যাখ্যা করিতেছেন—আদীতি। সূত্রস্থ আদি শব্দের দ্বারা ছান্দোগ্যে বর্ণিত আছে—যে এই মুখ্য প্রাণ, বৃহদারণ্যকে কথিত আছে—যে এই মধ্যম প্রাণ ইত্যাদির দ্বারা প্রাণশব্দরূপে পরিগৃহীত ইন্দ্রিয় সকলের মধ্যে প্রাণের বিশেষরূপে পরিগ্রহণ করা হইয়াছে। সুতরাং সংহতত্বাদির দ্বারা প্রাণের স্বতন্ত্রতা নিরাকরণ করা হইয়াছে। অর্থাৎ যে এই মুখ্যপ্রাণ সেই মধ্যম প্রাণ ইহাই শ্রুতিবাক্যের অভিপ্রায়। সংহত অর্থাৎ প্রাণসকল সকলে সম্মিলিত হইয়া কার্য্য আরম্ভ করে, কিন্তু স্বতন্ত্র নহে। যেমন আমি ঘট করিব এই প্রকার ইচ্ছা আত্মাতে জাত হয় অনন্তর বুদ্ধি নিশ্চয় করিয়া মনকে প্রেরণা করে, সেই মনঃ ইন্দ্রিয়সকলকে একত্র করিয়া কার্য্য উৎপাদন করে, সুতরাং মুখ্য প্রাণ সকলেরও স্বতন্ত্রতা নিরাকরণ করা হইল বুঝিতে হইবে ॥১০॥

ননু চক্ষুরাদিবৎ জীবোপকরণত্বে প্রাণস্যাঙ্গীকৃতে তদ্বৎ জীবোপকারক্রিয়াপি স্যাৎ, ন চ তাদৃশী কাচিদস্তি, যদর্থ ময়ং"দ্বাদশঃ প্রাণঃ"ততো ন চক্ষুরাদিতৌল্যমিত্যাক্ষিপ্য সমাধত্তে—

।।ওঁ।। *অকরণত্বাচ্চ ন দোষস্তথাহি দর্শয়তি* ।ওঁ।। ২।৪।৬।১১।।

আক্ষেপ নিরাশায় চ শব্দঃ। করণং ক্রিয়া। অক্রিয়ত্বাৎ জীবোপকার ক্রিয়াবিরহাৎ যো দোষঃ সম্ভাব্যতে স ন স্যাৎ, শরীরেন্দ্রিয় ধারণাদিলক্ষণ পরমোপকার সত্ত্বাদিতি

অথ মুখ্যপ্রাণস্য চক্ষুরাদিবৎ জীবোপকরণত্বে শঙ্কামুত্থাপয়ন্তি ননু ইতি। ভাষ্যন্তু স্পষ্টম্। তথাচ—মুখ্যপ্রাণস্য চক্ষুরাদিবৎ জীবকরণত্বে তস্য চক্ষুবৎ ক্রিয়া ন দৃশ্যতে, কিঞ্চ তস্য প্রাণত্বে স্বীকৃতে দ্বাদশঃ প্রাণো ভবেৎ, তদপিকুসিদ্ধান্তাপত্তিঃ, তস্মাৎ প্রাণো ন চক্ষুরাদিবদিন্দ্রিয়ম্। ইতি শঙ্কাবীজম্। ইত্যেবং শঙ্কায়াঃ সমাধানার্থং সূত্রমবতারয়তি ভগবান্ শ্রীবাদরায়ণঃ—অকরণত্বাচ্চ" ইতি। সূত্রস্থ "চ"কারঃ শঙ্কা নিরাকরণায়

অত্র মুখ্যপ্রাণস্য চক্ষুরাদিবদিন্দ্রিয়ত্বে ন শঙ্কা করণীয়া। করণং ক্রিয়া, ক্রিয়াভাবত্বাৎ—অক্রিয়ত্বাৎ, প্রাণস্য জীবোপকারক ক্রিয়াবিরহাৎ ন দোষঃ, দ্বাদশঃ প্রাণাপত্তিরিতি। কস্মাৎ কারণাৎ? তথাহি ছান্দোগ্যশ্রুতি দর্শয়তি—"অথ প্রাণা অহং শ্রেয়সি ব্যূদিরে" ইতি। (ছা৹ ৫।১৬) তস্মাৎ শরীরেন্দ্রিয়ধারণাদি লক্ষণ পরমোপকারকসত্ত্বাৎ তস্যেন্দ্রিয়ত্বমিতি ভাবঃ। ভাষ্যন্তু প্রকটার্থম্। ছান্দোগ্য শ্রুতিরিতি—প্রাণাঃ খলু "অহং শ্রেষ্ঠঃ" ইতি অন্যৈঃ সহ বিবাদং কৃতবন্তঃ তে চ প্রজাপ্রতিং

অনন্তর মুখ্য প্রানের চক্ষুঃ প্রভৃতির সমান জীবোপকরণত্ব বিষয়ে আশঙ্কা উত্থাপন করিতেছেন,নন্নু ইতি। যদি বলেন চক্ষুরাদি ইন্দ্রিয়ের সমান জীবোপকরণত্ব প্রাণের অঙ্গীকার করিলে তাদৃশ জীবোপকার ক্রিয়াও হইবে, কিন্তু সেই প্রকার কোন দেখা না, যে নিমিত্ত এই দ্বাদশ প্রাণ বলা হইয়াছে অতএব চক্ষুরাদির তুল্য নহে। অর্থাৎ মুখ্য প্রাণের নয়নাদির সমান জীবকরণত্ব স্বীকার করিলে চক্ষুর সমান ক্রিয়া দেখা যায় না, আপর তাহাকে প্রাণ রূপে স্বীকার করিলে দ্বাদশপ্রকার প্রাণ হইবে, তাহাও অপসিদ্ধন্তাপত্তি সুতরাং প্রাণ চক্ষুর ন্যায় ইন্দ্রিয় নহে ইহাই শঙ্কার বীজ। এই প্রকার আশঙ্কার সমাধানের নিমিত্ত ভগবান শ্রীবাদরায়ণ সূত্রের অবতারণা করিতেছেন-অকরণ ইতি। অকরণত্ব হেতু দোষ নহে, তাহা দেখাইতেছেন, অর্থাৎ সূত্রে যে চকার আছে তাহা শঙ্কা নিবারণের নিমিত্ত, এই স্থলে

মুখ্য প্রাণের নেত্রাদির সমান ইন্দ্রিয়ত্বে শঙ্কা করা উচিত নহে, কারণ ক্রিয়ার অভাব অক্রিয়াত্ব হেতু, প্রাণের জীবোপকারক ক্রিয়ার বিরহ হেতু তাহা দোষের নহে, অর্থাৎ দ্বাদশ প্রাণাপত্তি হইবে না। কি কারণে? তাহা ছান্দোগ্য শ্রুতি দেখাইতেছেন-অনন্তর প্রাণ—
সকল নিজ শ্রেষ্ঠতা বিষয়ে বিবাদ করিয়াছিল, অতএব শরীরেন্দ্রিয় ধারণাদি লক্ষণ পরমোপকরক সত্ত্ব হেতু প্রাণের ইন্দ্রিয়ত্ব সিদ্ধ হয় ইহাই ভাবার্থ।

ভাবঃ। হি যতস্তথা ছান্দোগ্যশ্রুতির্দর্শয়তি "অথ হ প্রাণা অহং শ্রেয়সে ব্যূদিরে" (ছা. ৫।১।৬) ইত্যাদিনা।

তস্মাজ্জীবোপকরণমেব মুখ্যঃ প্রাণঃ। জীবস্য কর্তৃত্বঞ্চ ভোক্তৃত্বঞ্চ প্রতি চক্ষুরাদীনি

ব্রহ্মাণং গত্বা অপৃচ্ছন্ "কো নঃ শ্রেষ্ঠঃ" ইতি। অথ প্রজাপতিঃ তানুবাচ - "যস্মিন্ ব উৎক্রান্তে শরীরং পাপিষ্ঠতরমিব ভবেৎ, স বঃ শ্রেষ্ঠঃ" ইতি।

এবং শ্রুত্বা ক্রমেণ বাক্-চক্ষুঃ-শ্রোত্র-মনাংসি শরীরং ত্যক্ত্বা গতানি, বৎসরান্তরে সমাগত্য শরীরং সুস্থমিবাপশ্যন্, অথ মুখ্যপ্রাণে গন্তুং সমুদ্যতে সতি সর্ব্বে প্রাণাঃ সমাকুলাঃ সন্তঃ তমুবাচ - "ত্বং নঃ শ্রেষ্ঠোঽসি" অতো মুখ্যপ্রাণস্যাপি তদ্বত্বাৎ ন জীববৎ স্বতন্ত্রতা তস্য, কিন্তু জীবকরণত্বমেব।

সঙ্গতি ঃ – এবং সিদ্ধান্তমুক্ত্বা অধিকরণ সঙ্গতি প্রকারমাহুঃ—তস্মাদিতি। অথ লৌকিক-দৃষ্টান্তেন প্রাণস্য চক্ষুরাদিবৎ জীবোপকরণত্বং প্রতিপাদয়ন্তি—জীবস্য" ইতি। রাজমন্ত্রিবৎ প্রাণস্য মুখ্যো-পকরণত্বং শ্রুতিরাহ—"মা মোহমাপদ্যথা অহমেবৈতৎ পঞ্চধাত্মানং বিভজ্য এতৎ বাণমবষ্টভ্য বিভাবয়ামি"

আক্ষেপ নিরাসের নিমিত্ত চ শব্দ বুঝিতে হইবে। করণ ক্রিয়া, অক্রিয়াত্ব জীবোপকার ক্রিয়াবিরহ হেতু যে দোষ সকলের সম্ভাবনা ছিল তাহা হইবে না, কারণ শরীরেন্দ্রিয় ধারণাদি লক্ষণ পরম উপকার বিদ্যমান আছে। হি শব্দের হেতু অর্থ, যে হেতু ছান্দোগ্য শ্রুতি প্রমাণ দেখাইতেছেন-সেই প্রাণ সকল নিজ শ্রেষ্ঠতা বিষয়ে বিবাদ করিয়া ছিলেন অর্থাৎ ছান্দোগ্যোপনিষদে বর্ণিত আছে—প্রাণ সকল 'আমি শ্রেষ্ঠ' বলিয়া অন্যান্য ইন্দ্রিয়গণের সহিত বিবাদ করিয়া ছিলেন,তাহারা প্রজা-পতি ব্রহ্মার নিকটে গমন করিয়া জিজ্ঞাসা করিলেন—আমাদের মধ্যে শ্রেষ্ঠ কে ? প্রজাপতি তাহাদিগকে বলিলেন—তোমাদের মধ্যে যে এই শরীর হইতে গমন করিলে শরীর পাপিষ্ঠতর হইবে সেই তোমাদের শ্রেষ্ঠ, এই প্রকার শ্রবণ করিয়া ক্রম পূর্ব্বক বাক্ চক্ষুঃ শ্রবণ মন প্রভৃতি শরীর পরিত্যাগ করিয়া গমন করিল, তাহারা এক বৎসর পরে সমাগত হইয়া শরীরকে সুস্থই দেখিল, অনন্তর মুখ্যপ্রাণ গমন করিতে উদ্যত হইলে অন্য প্রাণ সকল ব্যাকুল হইয়া তাহাকে বলিল—তুমিই আমাদের শ্রেষ্ঠ হও, অতঃ মুখ্য-প্রাণেরও সেই প্রকার হওয়া হেতু প্রাণের জীবের সমান স্বতন্ত্রত. নাই, কিন্তু জীবের উপকারক করণই হয়।

সঙ্গতি—এই সিদ্ধান্ত নিরূপণ করিয়া অধিকরণ সঙ্গতি প্রকার বলিতেছেন-তস্মা-দিতি। অতএব জীবোপকরণই মুখ্য প্রাণ। অতঃপর লৌকিক দৃষ্টান্তের দ্বারা প্রাণের চক্ষুরাদিবৎ জীবোপকরণত্ব প্রতিপাদন করিতেছেন-জীবস্য ইতি। জীবের কর্তৃত্ব ও ভোক্তৃত্বের প্রতি চক্ষুরাদি ইন্দ্রিয়সকল রাজপুরুষের সমান করণমাত্র হয়,কিন্তু প্রাণ রাজমন্ত্রির ন্যায় সর্ব্বার্থ সাধকহেতুজীবের মুখ্যোপ করণ হয়, সুতরাং প্রাণের স্বতন্ত্রতা নাই। রাজমন্ত্রির সমান প্রাণের মুখ্যোপকারকত্ব শ্রুতি প্রমাণিত

রাজপুরুষবৎ করণানি, প্রাণস্তু রাজমন্ত্রিবৎ সর্ব্বার্থসাধকতয়া মুখ্যোপকরণমিতি নাস্য স্বাতন্ত্র্যম্ ॥১১॥

৭। পঞ্চবৃত্ত্যধিকরণম্

"যঃ প্রাণঃ স বায়ুঃ স এব বায়ুঃ পঞ্চবিধঃ প্রাণোঽপানো ব্যান উদানঃ সমানঃ" (বৃ০ ১।৫।৩) ইতি শ্রুতম্। তত্র কিমেতেঽপানাদয়ঃ প্রাণান্ ভিদ্যন্তে ? উত তদ্বৃত্তয় এব ? ইতি বীক্ষায়াং সংজ্ঞাভেদাৎ, কার্য্যভেদাচ্চ ভিদ্যন্তে, ইতি প্রাপ্তে—

ইতি। বাণং—শরীরম্। কিঞ্চ মুণ্ডকে ৩ ১ ৯ "এষোঽণুরাত্মা চেতসা বেদিতব্যো যস্মিন্ প্রাণঃ পঞ্চধা সংবিবেশ॥ তস্মাৎ রাজমন্ত্রিবৎ সর্ব্বার্থসাধকতয়া মুখ্যোপকরণং প্রাণঃ, কিন্তু ন জীববৎ স্বতন্ত্রঃ" ইতি॥

জীবোপকারণং প্রাণঃ সর্ব্বদা চক্ষুরাদিবৎ।
মুখ্যোপকারকং তস্মান্ন স্বতন্ত্রঃ কদাচন॥১১॥
ইতি জীবোপকরণত্বাধিকরণং ষষ্ঠং সমাপ্তম্ ॥৬॥

৭। পঞ্চবৃত্ত্যধিকরণম্।

বায়ুরেব কিঞ্চিৎ বিশেষমাপন্নঃ প্রাণো ভবতি" (২।৪।৫।৯) ইতি বাহ্যঃ বায়ুরেবাবান্তরেণ প্রাণোঽভূদিতি প্রতিপাদিতম্। অথ প্রাণাদন্যে যে অপানাদয়ঃ চত্বারঃ বায়বঃ শ্রূয়ন্তে তে কিং বায়োরেবাবস্থাবিশেষাঃ, অথবা প্রাণস্য এব স্থানান্তরবৃত্তে অপাদানত্বম্ ইতি জিজ্ঞাসায়াং পঞ্চবৃত্ত্যধিকণারম্ভঃ, ইত্যধিকরণ সঙ্গতিঃ।

করিতেছেন মোহ প্রাপ্ত হইও না, আমিই নিজকে পঞ্চ ভাগে বিভাগ করিয়া এই শরীরকে অবলম্বন করিয়া অবস্থান করি' বান শরীর।

অপর মুণ্ডকে বর্ণিত আছে—এই জীবাত্মা অণুস্বরূপ চিত্তের দ্বারা জানিবার যোগ্য, যাহাতে প্রাণ পঞ্চ ভাগে বিভক্ত হইয়া সন্নিবেশিত আছে। অতএব রাজমন্ত্রিবৎ সর্ব্বার্থ সাধক হেতু জীবের মুখ্যোপকরণ প্রাণ, কিন্তু জীবের সমান স্বতন্ত্র নহে। প্রাণ চক্ষুরাদিইন্দ্রিয়ের সমান প্রাণ জীবোপকরণ এবং মুখ্যোপকারক, সুতরাং প্রাণ কদাপি স্বতন্ত্র নহে॥১১॥

এই প্রকার জীবোপকরণত্ব ষষ্ঠ অধিকরণ সমাপ্ত ॥৬॥

৭। পঞ্চবৃত্ত্যধিকরণের ব্যাখ্যা।

অনন্তর পঞ্চবৃত্ত্যধিকরণের ব্যাখ্যা করিতেছেন। বায়ুই কিঞ্চিৎ বিশেষদশা প্রাপ্ত হইয়া প্রাণ হয় এই প্রকার বাহ্য বায়ুই অবান্তর ভাগের দ্বারা প্রাণ হয় ইহা প্রতিপাদন করিয়াছেন। অতঃ প্রাণ ভিন্ন অন্য যে অপানাদি চারিটি বায়ুর কথা শ্রবণ করা যায় তাহারা কি বায়ুরই অবস্থা বিশেষ ? অথবা প্রাণেরই স্থানান্তরে বর্ত্তমান থাকা হেতু অপাদানতা ? এই রূপ জিজ্ঞাসা হইলে পঞ্চবৃত্ত্যধিকরণের

।।ওঁ।। পঞ্চবৃত্তির্মনোবদ্ব্যপদিশ্যতে ।।ওঁ।। ২।৪।৭।১২।।

এক এব প্রাণো হৃদয়াদিষু স্থানেষু পঞ্চধা বর্ত্তমানো বিলক্ষণানি কার্য্যাণ্যাবহতীতি পঞ্চবৃত্তিঃ। স এব তথা ব্যপদিশ্যতে। তস্মাৎ প্রাণবৃত্তয় এব তে, ন ততো ভিদ্যন্তে। কার্য্য-ভেদনিমিত্তঃ সংজ্ঞা ভেদঃ। স্বরূপভেদস্তু নাস্তি, অতঃ পঞ্চস্বপি প্রাণ শব্দঃ।

বিষয়ঃ—অথ পঞ্চবৃত্ত্যধিকরণস্য বিষয়বাক্যমবতারয়ন্তি—"যঃ" ইতি। যঃ প্রাণঃ স বায়ুঃ পঞ্চবিধঃ" ইতি শ্রুতিবাক্যে বায়ুরেব প্রাণাপানাদি-পঞ্চাবস্থঃ প্রতীতঃ। তথা "প্রাণোঽপানো ব্যানঃ" ইতি বৃহদারণ্যকবাক্যে তু প্রাণস্য এব আপনাদয়ো বৃত্তয়ঃ স্যুঃ ইতি প্রতীয়ন্তে। ইতি বিষয়বাক্যম্।

সংশয়ঃ—অত্র বিষয়বাক্যে ভবতি সংশয়ঃ—তত্রেতি ইতি সন্দেহবাক্যম্।

পূর্ব্বপক্ষঃ—এবং সংশয়ে জাতে পূর্ব্বপক্ষমুদ্ভাবয়ন্তি—ইতীতি। প্রাণঃ অপানাদয়েভ্যো ভেদঃ, অথবা প্রাণাদ্ আপনাদয়োভিদ্যন্তে, কুতঃ? সংজ্ঞাভেদাৎ, প্রাণাৎ সমানাদি সংজ্ঞা ভেদাৎ; তথা কার্য্যভেদাৎ, ন তু একেনৈব প্রাণেন উদ্গীরণাদিকর্ত্তুং শক্যতে, কিঞ্চ স্থানভেদাচ্চ তে ভেদা এব. ন তু সর্ব্বে প্রাণা একস্মিন স্থানে বর্ত্তন্তে, তস্মাদ্ ভেদা ইতি তে ইতি পূর্ব্বপক্ষবাক্যম্।

সিদ্ধান্তঃ—এবং পূর্ব্বপক্ষে প্রাপ্তে সিদ্ধান্ত সূত্রমবতারয়তি ভগবান্ শ্রীবাদরায়ণঃ—পঞ্চবৃত্তিরিতি। এক এব প্রাণঃ পঞ্চসু হৃদয়াদিস্থানেষু পঞ্চধা বিলক্ষণানি কার্য্যাণি নিব্বর্হয়ন্তি, ইতি ন তে পৃথগ্ভুতাঃ।

আরম্ভ করিতেছেন, এই প্রকার অধিকরণ সঙ্গতি প্রদর্শিত হইল।

বিষয়—অথ পঞ্চবৃত্ত্যধিকরণের বিষয় বাক্যে অবতারণা করিতেছেন—য ইতি। যে প্রাণ সেই বায়ু, সেই এই বায়ু পঞ্চবিধ, যেমন প্রাণ অপান ব্যান উদান সমান এইরূপ শ্রবণ করা যায়, অর্থাৎ যে প্রাণ সেই বায়ু পঞ্চ প্রকার এই শ্রুতিবাক্যে বায়ুই পঞ্চ প্রকার অবস্থা প্রাপ্ত প্রতীতি হয়। এবং প্রাণোঽপানোব্যান এই বৃহদারণ্যক বাক্য কিন্তু প্রাণেরই অপানাদিবৃত্তি হয় ইহা প্রতীতি হয় এই প্রকার বিষয় বাক্য।

সংশয়—এই বিষয় বাক্যে সংশয় হইতেছে তত্রেতি। তন্মধ্যে এই অপানাদি কি প্রাণ হইতে ভিন্ন হয়? অথবা প্রাণেরই বৃত্তি স্বরূপ? ইহাই সন্দেহ বাক্য।

পূর্ব্বপক্ষ—এই প্রকার সন্দেহ জাত হইলে পূর্ব্বপক্ষের উদ্ভাবন করিতেছেন ইতীতি। এই জিজ্ঞাসা হইলে বলিতেছেন সংজ্ঞা ভেদ ও কার্য্যভেদ হেতু ভেদ হয়, অর্থাৎ প্রাণ অপানাদি হইতে ভিন্ন, অথবা প্রাণ হইতে অপানাদি ভিন্ন হয়, কেন? সংজ্ঞাভেদ হেতু, প্রাণ হইতে সমানাদি সংজ্ঞাভেদ হেতু। তথা কার্য্যভেদ হেতু, অর্থাৎ একটিমাত্র প্রাণের দ্বারা উদ্গীরণাদি—
করিতে সমর্থ হইবে না। অপর স্থান ভেদ হইতেও তাহারা ভেদ প্রাপ্ত হয়, সকল প্রাণ একস্থানে অবস্থান করে না, সুতরাং তাহারা সকলে ভিন্নই এই প্রকার পূর্ব্বপক্ষ বাক্য।

"প্রাণোঽপানো ব্যান উদানঃ সমান ইত্যেতৎ সর্ব্বং প্রাণ এব" ইতি বচনাচ্চ (বৃ° ১।৫।৩) বৃহদারণ্যকে মনোবৎ "কামঃ সঙ্কল্পো বিচিকিৎসা শ্রদ্ধা অশ্রদ্ধা ধৃতিরধৃতি হ্রী ধী ভীরিত্যেতৎ সর্ব্বং মন এব" (বৃ° ১।৫।৩) ইতি।

অত্র প্রমাণমাহ—মনোবদিতি যথা এক এব মনঃ কার্য্যভেদাৎ কামাদি সংজ্ঞাভেদ মবাপ্নোতি তথা এক এব প্রাণ ইতি। ভাষ্যগ্রন্থস্তু স্ফুটার্থঃ। তথাচ এক এব প্রাণঃ—হৃদি পায়ু নাভি কণ্ঠ সর্ব্বশরীরাদি স্থানেষু প্রাণ-অপান-সমান-উদান-ব্যানাদিশব্দৈর্ব্যপদিশ্যতে, তস্মাৎ প্রাণস্য এব বৃত্তয়ঃ তে, ন তু ততো ভিদ্যন্তে। অথ বৃহদারণ্যকোপনিষদ্ বাক্যেন স্পষ্টয়তি—প্রাণঃ" ইতি। এতৎ সর্ব্বং প্রাণ এব ইত্যর্থঃ।

অত্র বৃহদারণ্যক বাক্যে দৃষ্টান্তমাহুঃ—কামঃ" ইতি। কামঃ—স্ত্রীবিষয়কাভিলাষাদিঃ। সঙ্কল্প অনাসন্নক্রিয়েচ্ছা। বিচিকিৎসা—সংশয়জ্ঞানম্, শ্রদ্ধা—বেদাদিবোধিত—অদৃষ্টার্থেষু কর্ম্মসু ফলাবশ্যম্ভাব নিশ্চয়ঃ। অশ্রদ্ধা—তদ্বিপরীতা বুদ্ধিঃ ধৃতিঃ—ধারণম্ তচ্চ মানসধারণবিশেষম্। অধৃতিঃ—তদ্বিপর্য্যয়ম্। হ্রীঃ—লজ্জা, ধীঃ-প্রজ্ঞা, ভীর্ভয়ম্ । ইত্যেতৎ সর্ব্বং মন এব" ইতি তথা দার্ষ্টান্তিকে সঙ্গতিমাহুঃ—তত্রৈব" ইতি। যোগশাস্ত্রে" ইতি। মহর্ষি-কপিলঃ সাংখ্যশাস্ত্রে মহর্ষি-পতঞ্জলিঃ যোগ শাস্ত্রে চ মনসঃ পঞ্চবৃত্তয়ঃ কথিতাঃ।

সিদ্ধান্ত—এই প্রকার পূর্ব্বপক্ষ প্রাপ্ত হইলে ভগবান শ্রীবাদরায়ণ সিদ্ধান্তসূত্রের অবতারণা-করিতেছেন—পঞ্চ ইতি। প্রাণই পঞ্চবৃত্তিযুক্ত মনের সমান কথিত হয়, অর্থাৎ একটিই প্রাণ হৃদয়াদি পঞ্চস্থানে পঞ্চপ্রকার বিলক্ষণ কার্য্য সকল নির্ব্বাহ করে, সুতরাং তাহারা পৃথক নহে, এই বিষয়ে প্রমাণ বলিতেছেন—মন ইতি।

যেমন একমাত্র মন কার্য্য ভেদ হেতু কামাদি সংজ্ঞাভেদ প্রাপ্ত হয়। সেই প্রকার একমাত্র প্রাণও কার্য্যভেদ হেতু সংজ্ঞাভেদ হয়। একটি প্রাণ হৃদয়াদি স্থলবিশেষে পঞ্চ প্রকার বর্ত্তমান থাকিয়া বিলক্ষণ কার্য্যসকল নির্ব্বাহ করে, অতএব তাহার পঞ্চবৃত্তি হয়। সেই প্রাণই পঞ্চরূপে কথিত হয় ; অতএব অপানাদি প্রাণেরই বৃত্তি, কিন্তু তাহা হইতে ভিন্ন নহে। একটি প্রাণের কার্য্যভেদ নিমিত্ত সংজ্ঞাভেদ হয়, কিন্তু স্বরূপভেদ নাই, অতএব পাঁচটিতে প্রাণশব্দ প্রয়োগ হয়।

অর্থাৎ একমাত্র প্রাণই হৃদয় পায়ু নাভি কণ্ঠ ও সর্ব্বশরীরাদি স্থানে প্রাণ অপান সমান উদান ও ব্যানাদি শব্দের দ্বারা কথিত হয়, সুতরাং তাহারা প্রাণেরই বৃত্তি সকল, কিন্তু তাহা হইতে ভিন্ন নহে।

তাহা বৃহদারণ্যকোপনিষদ্ বাক্যের দ্বারা স্পষ্ট করিতেছেন—প্রাণ ইতি। প্রাণ অপান ব্যান উদান সমান এই প্রাণই হয় এই প্রকার বাক্য দেখা যায়। মনোবৎ অর্থাৎ বৃহদারণ্যকে বর্ণিত আছে—

তত্রৈব সংজ্ঞাভেদে কার্য্যভেদোঽপি, যথা কামাদয়ো মনসো ন ভিদ্যন্তে, কিন্তু তস্য বৃত্তয় এব, তদ্বৎ বহুবৃত্তিত্ব মাত্রেণায়ং দৃষ্টান্তঃ, যোগশাস্ত্রে মনোঽপি পঞ্চবৃত্তিকমুক্তম্। তদভিপ্রায়েণ বা নিদর্শনমিত্যেকে ॥১২॥

তথাহি সাংখ্যসূত্রম্—২ ২৬ "উভয়াত্মকং মনঃ" "গুণপরিণামভেদান্নানাত্বমবস্থাবৎ" (২ ২৭) ইতি। এবং সাংখ্যকারিকায়াম্ —২৭ উভয়াত্মকমত্র মনঃ সঙ্কল্পকমিন্দ্রিয়ঞ্চ সাধর্ম্ম্যাৎ। গুণপরিণাম-বিশেষান্নানাত্বং বাহ্যভেদাশ্চ ॥ কিঞ্চ যোগশাস্ত্রে ১।১।৫।৬, "বৃত্তয়ঃ পঞ্চতয্যঃ ক্লিষ্টাক্লিষ্টাঃ" "প্রমাণ-বিপর্য্যয় বিকল্প-নিদ্রা-স্মৃতয়ঃ" ইতি। তস্মাৎ পঞ্চবৃত্ত্যভিপ্রায়েণ প্রাণস্য তথাত্বমুক্তম্। ন তু ভেদার্থম্। তথাহি কঠোপনিষদি - ২।১।১০, বায়ুর্যথৈকো ভুবনং প্রবিষ্টো রূপং রূপং প্রতিরূপো বভূব" ইতি। অত এক এব প্রাণঃ পঞ্চবিধমিতি ॥১২॥

ইতি পঞ্চবৃত্ত্যধিকরণং সপ্তমং সম্পূর্ণম্ ॥৭॥

কাম সঙ্কল্প বিচিকিৎসা শ্রদ্ধা অশ্রদ্ধা ধৃতি অধৃতি হ্রী ধী ভী এই সকল মনই হয়। এই স্থলে বৃহদারণ্যক বাক্যে দৃষ্টান্ত বলিতেছেন— কাম স্ত্রীবিষয়ক অভিলাষাদি, সঙ্কল্প অনাসন্নক্রিয়ার ইচ্ছা, বিচিসিৎসা সংজ্ঞা জ্ঞান, শ্রদ্ধা বেদাদি শাস্ত্র বোধিত অদৃষ্টার্থে কর্ম্মে অবশ্যই ফল হইবে এই প্রকার নিশ্চয়, অশ্রদ্ধা তাহার বিপরিত বুদ্ধি, ধৃতি ধারণ করা তাহা মানস ধারণ বিশেষ, অধৃতি তাহার বিপরীত, হ্রী লজ্জা, ধী প্রজ্ঞা ভী ভয়, এই সকল মনই হয়।

দৃষ্টান্ত বর্ণনা করিয়া দার্ষ্টান্তিকে সঙ্গতি বর্ণনা করিতেছেন—তত্রৈবেতি! বৃহদারণ্যকে মনের সংজ্ঞা ভেদে কার্য্যভেদ হইলেও যেমন কামাদি মন হইতে ভিন্ন নহে কিন্তু মনেরই বৃত্তি, সেই প্রকার বহুবৃত্তিত্ব মাত্রের দ্বারা এই দৃষ্টান্ত। যোগ শাস্ত্রে মনও পঞ্চবৃত্তি যুক্ত কথিত হইয়াছে। এই অভিপ্রায়েই তাহার নিদর্শন করিয়াছেন কেহ বলেন। যোগশাস্ত্রে অর্থাৎ মহর্ষি কপিল সাংখ্যশাস্ত্রে, মহর্ষি পতঞ্জলি যোগশাস্ত্রে ও মনের পঞ্চবৃত্তি কথিত হইয়াছে।

সাংখ্যসূত্রে বর্ণিত আছে উভয়াত্মক মনঃ, গুণ পরিণামভেদ হেতু নানাপ্রকার অবস্থাবৎ। সাংখ্যকারিকায় বর্ণিত আছে-মন উভয়াত্মক সঙ্কল্প ও ইন্দ্রিয় তাহার সাধর্ম্ম্য, গুণ পরিণামবিশেষহেতু নানা প্রকার ও বাহ্য ভেদ হয়। অপর যোগশাস্ত্রে বর্ণিত আছে— মনের পঞ্চবৃত্তি আছে তাহা ক্লিষ্টও অক্লিষ্ট ভেদে দুই প্রকার।

প্রমাণ বিপর্য্যয় বিকল্প, নিদ্রা ও স্মৃতি। অতএব পঞ্চবৃত্ত্যভিপ্রায়েই প্রাণের সেই প্রকার কথিত হইয়াছে; কিন্তু ভেদের নিমিত্ত নহে। এই বিষয়ে কঠোপনিষদে বর্ণিত আছে—যেমন একবায়ু ভুবনে প্রবেশ করিয়া রূপে রূপে প্রতিরূপ হয়। অতএব একই প্রাণ পঞ্চ প্রকার হয় ॥১২॥

এই প্রকার পঞ্চবৃত্ত্যধিকরণ সপ্তম সম্পূর্ণ ॥৭॥

৮।। শ্রেষ্ঠাণুত্বাধিকরণম্

শ্রেষ্ঠঃ প্রাণো বিভুরণুর্ব্বা ? ইতি বীক্ষায়াং "সম এভিস্ত্রিভির্লোকৈঃ" (বৃ. ১।৩।২২) ইত্যাদি শ্রুতের্বিবভুরিতি প্রাপ্তে –

।।ওঁ।। অণুশ্চ ।।ওঁ।। ২।৪।৮।১৩।।

৮। শ্রেষ্ঠাণুত্বাধিকরণম্ ।

এবং প্রাণস্য বৃত্তিপঞ্চকমুক্তং , অথ তস্য স্বরূপং নিরূপণায় শ্রেষ্ঠাণুত্বাধিকরণারম্ভঃ" ইতি অধিকরণ সঙ্গতিঃ।

বিষয় ঃ—অথ শ্রেষ্ঠাণুত্বাধিকরণস্য বিষয়বাক্য সংগ্রহ ঃ—তথাহি ছান্দোগ্যে—১ ২ ৭, "অথ হ য এবায়ং মুখ্যঃ প্রাণঃ" ইতি । "যোঽয়ং প্রাণঃ স বায়ুঃ" ইতি। "যঃ প্রাণঃ স বায়ুঃ" ইত্যাদি শ্রুত্যন্তরাচ্চ। ইতি বিষয়বাক্যম্।

সংশয় ঃ—অত্র বিষয়বাক্যে সংশয়মুদ্ভাবয়ন্তি—শ্রেষ্ঠঃ" ইতি। সংশয় বাক্যম্।

পূর্ব্ব পক্ষ ঃ—এবং সংশয়ে জাতে পূর্ব্বপক্ষমুদ্ভাবয়ন্তি—সমঃ" ইতি। তথাচ – বৃহদারণ্যকে ১।৩।২২, "সমঃ প্লুষিণা সমো মশকেন সমো নাগেন সম এভিস্ত্রিভির্লোকৈঃ সমোঽনেন সর্ব্বেণ" ইতি তু বাক্যাংশঃ। ব্যাখ্যা চ অথ প্রাণস্য সর্ব্বত্র তুল্যত্বং প্রতিপাদয়তি—সমঃ প্লুষিণা— পুত্তিকাশরীরেণ, মশক শরীরেণ হস্তিশরীরেণ সম এভিঃ লোকৈঃ—ত্রৈলোক্যবর্ত্তিশরীরেণ ইতি। পুত্তিকাদি শরীরেষু প্রাণস্য সমত্বং প্রতিপাদিতমিত্যর্থঃ। অনেন প্রাণস্য বিভুত্বং ব্যক্তং ভবতি।

৮। শ্রেষ্ঠাণুত্বাধিকরণের ব্যাখ্যা।

শ্রেষ্ঠাণুত্বাধিকরণের ব্যাখ্যা করিতেছেন। এই প্রকার প্রাণের বৃত্তিপঞ্চকত্ব কথিত হইল, অনন্তর প্রাণের স্বরূপ নিরূপণ করিবার নিমিত্ত শ্রেষ্ঠাণুত্বাধিকরণ আরম্ভ করিতেছেন, এই প্রকার অধিকরণ সঙ্গতি প্রদর্শিত হইল।

বিষয় অনন্তর শ্রেষ্ঠাণুত্বধিকরণের বিষয় বাক্য সংগ্রহ ছান্দোগ্যে বর্ণিত আছে যে এই মুখ্য প্রাণ, যে এই প্রাণ সেই বায়ু, যে প্রাণ সেই বায়ু ইত্যাদি শ্রুতিবাক্য, ইহাই বিষয় বাক্য।

সংশয়—এই বিষয় বাক্যে সংশয় উদ্ভাবন করিতেছেন শ্রেষ্ঠ ইতি। শ্রেষ্ঠ প্রাণ বিভু ? অথবা অণু হয় ? ইহাই সন্দেহ বাক্য।

পূর্ব্ব পক্ষ -এই প্রকার সংশয় জাত হইলে পূর্ব্বপক্ষের উদ্ভাবনা করিতেছেন—সম ইতি। এই ত্রিলোকে সম বৃহদারণ্যকে বর্ণিত আছে প্লুষি মশক নাগ ও ত্রিলোকে সকল স্থানে সমান ব্যাখ্যা- অথ প্রাণের সর্ব্বত্র তুল্যতা প্রতিপাদন করিতেছেন এই প্রাণ প্লুষি পুত্তিকা শরীরে মশক শরীরে

শ্রেষ্ঠোঽপ্যণুরেব, উৎক্রান্তিশ্রুতেঃ (বৃ° ৪।৪।২) ব্যাপ্তিশ্রুতিস্তু সর্ব্বেষাং প্রাণিনাং প্রাণাধীন স্থিতিকতয়া নেয়া ।।১৩।।

পুনস্তত্রৈব—১৩২৩, "প্রাণো বা উৎপ্রাণেন হীদং সর্ব্বমুত্তব্ধম্" ইতি। কিঞ্চ—"প্রাণে সর্ব্বং প্রতিষ্ঠিতম্" "সর্ব্বং হীদং প্রাণেনাবৃতম্" ইতি শ্রুত্যন্তরাচ্চ। তস্মাৎ মুখ্যপ্রাণঃ সর্ব্বব্যাপকত্বাৎ বিভুরেব, ইতি পূর্ব্বপক্ষবাক্যম্।

সিদ্ধান্তঃ—এবং পূর্ব্বপক্ষে প্রাপ্তে সিদ্ধান্ত **সূত্রমবতারয়তি** ভগবান্ শ্রীবাদরায়ণঃ—অণুশ্চ" ইতি। মুখ্যঃ প্রাণোঽণুরেব ন বিভুরিত্যর্থঃ। শ্রেষ্ঠঃ প্রাণোঽপি অণুস্বরূপ এব, কুতঃ? উৎক্রান্তি-শ্রুতেরিতি। তথাহি বৃহদারণকোপনিষদি—৪৪২, "তমুৎক্রামন্তং প্রাণোঽনূৎক্রামন্তি প্রাণমনূৎক্রামন্তং সর্ব্বে প্রাণা অনূৎক্রামন্তি" ইতি। প্রাণস্য বিভুত্বে উৎক্রান্তিশ্রুতি বিরোধাপত্তিঃ, তস্মাৎ মুখ্যপ্রাণোঽপি অণুরেব।

নমু—প্রাণস্যাণুত্বে ব্যাপ্তিশ্রুতিস্তু পীড্যেত, ইতি চেত্তত্রাহঃ—ব্যাপ্তিশ্রুতিস্তু" ইতি। ছান্দোগ্য-বৃহদারণ্যকাদৌ প্রাণস্য যৎ ব্যাপকত্বমুক্তং তত্তু সর্ব্বেষাং প্রাণিনাং প্রাণাধীন স্থিতিকতয়া নেয়া তথাহি ছান্দোগ্যে—৫১১৫ "ন বৈ বাচো ন চক্ষুংসি ন শ্রোত্রাণি ন মনাংসীত্যাচক্ষতে প্রাণা ইত্যেবাচক্ষতে প্রাণো হ্যে বৈতানি সর্ব্বানি ভবতি" ইতি। তস্মাৎ মুখ্যপ্রাণোঽপি ন ব্যাপকঃ॥

প্রাণাপাণ সমানাশ্চ ব্যান উদান এব হি।
পঞ্চবৃত্তিঃ সমাযুক্তঃ প্রাণশ্চাণু স্বরূপকঃ ॥১৩॥

ইতি শ্রেষ্ঠাণুত্বাধিকরনং অষ্টম সমাপ্তম্ ॥৮॥

হস্তিশরীরে সর্ব্বত্র সমান ভাবে আছে, এবং ত্রৈলোক্যবর্ত্তি শরীরেও সমান ভাবে আছে, এই প্রমাণের দ্বারা পুত্তিক দি শরীরে প্রাণের সমানতা প্রতিপাদন করিয়াছেন ইহাই অর্থ। এই প্রমাণের দ্বারা প্রাণের বিভুত্ব ব্যক্ত হইতেছে পুনঃ প্রাণ উৎপ্রাণের দ্বারা এই সকল ধারণ করিয়াছে অপর প্রাণে সকল প্রতিষ্ঠিত আছে এই সকল প্রাণের দ্বারা আবৃত আছে। অতএব মুখ্যপ্রাণ সর্ব্ব ব্যাপক হওয়া হেতু বিভু বা সর্ব্বব্যাপক হয়, এই প্রকার পূর্ব্বপক্ষ বাক্য।

সিদ্ধান্ত—এই প্রকার পূর্ব্বপক্ষ প্রাপ্ত হইলে ভগবান সিদ্ধান্ত সূত্রের অবতারণা করিতেছেন-অণুশ্চেতি। মুখ্য প্রাণও অণুই হয় বিভু নহে। শ্রেষ্ঠ প্রাণও অণু হয়, কারণ উৎক্রান্তি শ্রুতি বাক্য প্রমাণ হেতু, এই বিষয়ে বৃহদারণ্যকোপনিষদে বর্ণিত আছে—আত্মা উৎক্রামিত হইলে প্রাণ উৎক্রামণ করে, মুখ্য প্রাণ উৎক্রামিত হইলে অন্যান্য সকল প্রাণ উৎক্রামণ করে প্রাণের বিভুত্ব স্বীকার করিলে উৎক্রান্তি শ্রুতির বিরোধাপত্তি হয়; অতএব মুখ্য প্রাণও অণুই হয়।

যদি বলেন-প্রাণের অণুত্ব স্বীকার করিলে ব্যাপ্তি শ্রুতিবাক্য পীড়িত হইবে, তদুত্তরে

৯। জ্যোতিরাদ্যধিকরণম্

"সুপ্তেষু বাগাদিষু প্রাণ একো জাগর্ত্তি" ইত্যাদৌ মুখ্য প্রাণস্য প্রবৃত্তিঃ শ্রূয়তে। "সপ্তেমে লোকা যেষু চরন্তি প্রাণাঃ" (মু. ২।১।৮) ইত্যাদৌ গৌণপ্রাণানাঞ্চ। তত্র তানি

৯। জ্যোতিরাদ্যধিকরণম্।

অথ গৌণমুখ্যভেদেন দ্বিবিধঃ প্রাণো নিরূপিতঃ। তেষাং স্বরূপঞ্চ নিরূপিতম্। প্রসঙ্গাদিদং বিচার্য্যতে, তেষাং প্রাণানাং প্রবৃত্তিঃ কিং নিমিত্তা? প্রাণাঃ কর্ম্মসু প্রবর্ত্তন্তে" ইত্যস্যোদ্‌বোধকঃ কিং দেবগণাঃ? অথবা তৎপ্রবর্ত্তকো জীবঃ? অথবা তদুদ্‌বোধকঃ শ্রীগোবিন্দদেবঃ? ইতি নিরূপণার্থং জ্যোতিরাদ্যধিকরণারম্ভঃ" ইতি অধিকরণসঙ্গতিঃ।

বিষয়ঃ—অথ জ্যোতিরাদ্যধিকরণস্য বিষয়বাক্যমবতারয়ন্তি—সুপ্তেষু" ইতি। অত্র শ্রুতি বাক্যাভ্যাং গৌণমুখ্য একাদশপ্রাণানাং স্ব স্ব কার্য্যাদৌ প্রবৃত্তিঃ শ্রূয়তে। ইতি বিষয় বাক্যম্।

বলিতেছেন—ব্যাপ্তীতি। ব্যাপ্তিশ্রুতিবাক্য সকল প্রাণির প্রাণাধীন স্থিতি হেতু প্রাণকে ব্যাপক বলা হইয়াছে। অর্থাৎ ছান্দোগ্য বৃহদারণ্যকাদিবাক্যে প্রাণের যে ব্যাপকতা কথিত হইয়াছে তাহা কিন্তু সকল প্রাণিগণের প্রাণাধীন স্থিতি বৃত্তি হেতু বুঝিতে হইবে। ছান্দোগ্যে কথিত আছে-বাক্য চক্ষু শ্রোত্র মন কেহই কার্য্য করে না, প্রাণই সকল কার্য্য করে, প্রাণই সকল হইয়াছে। অতএব মুখ্য প্রাণও ব্যাপক নহে প্রাণ অপান সমান ব্যান এবং উদান এই পঞ্চ বৃত্তি সমা যুক্ত মুখ্যপ্রাণ অণু স্বরূপ হয় ॥১৩॥

এই প্রকার শ্রেষ্ঠাণুত্বাধিকরণ অষ্টম সমাপ্ত ॥৮॥

৯। জ্যোতিরাদ্যধিকরণের ব্যাখ্যা।

অনন্তর জ্যোতিরাদ্যধিকরণের ব্যাখ্যা করিতেছেন। এই প্রকার গৌণমুখ্য ভেদে দ্বিবিধ প্রাণ নিরূপণ করা হইল। এবং তাহাদের স্বরূপও নিরূপণ করিলেন। প্রসঙ্গতঃ এখন বিচার করিতেছেন এই প্রাণ সকলের প্রবৃত্তি কাহাকে নিমিত্ত করিয়া হয়? প্রাণবৃন্দ কার্য্যে প্রবর্ত্তিত হয়, এই প্রবর্ত্তনের উদ্বোধক কি দেবগণ? অথবা তাহার প্রবর্ত্তক জীব? অথবা তাহার উদ্বোধক শ্রীগোবিন্দদেব? ইহা নিরূপণ করিবার নিমিত্ত জ্যোতিরাদ্যধিকরণের আরম্ভ করিতেছেন, ইহাই অধিকরণ সঙ্গতি।

বিষয়—অথ জ্যোতিরাদ্যধিকরণের বিষয়বাক্যের আরম্ভ করিতেছেন-সুপ্তেষ্বিতি। বাগাদি শয়ন করিলে একাকী প্রাণ জাগ্রত থাকে' ইত্যাদি প্রমাণে মুখ্যপ্রাণের কার্য্যে প্রবৃত্তি শ্রবণ করা যায়। এই সাতটি লোক যাহাতে প্রাণ সকল বিচরণ করে' এইস্থলে গৌণ প্রাণ সকলের কার্য্যে প্রবৃত্তি দেখা যায়। এইশ্রুতি বাক্য দ্বয়ে গৌণ ও মুখ্য একাদশ প্রাণের স্ব স্ব কার্য্যে প্রবৃত্তি শ্রবণ করা যায়। ইহাই বিষয় বাক্য।

সপ্রাণানি ইন্দ্রিয়াণি স্ব স্ব কার্য্যায় স্বয়ং প্রবর্ত্তেরন্ উত এষাং প্রেরকোঽন্যোঽস্তি? স চ দেবতাগণো? জীবঃ? পরো বেতি বীক্ষায়াম্ — স্বয়মেব তানি প্রবর্ত্তেরন্, কার্য্যশক্তিযোগাৎ দেবতাগণো বা প্রবর্ত্তকোঽস্তু। "অগ্নির্ব্বাগ্ভূত্বা মুখং প্রাবিশৎ" (ঐ. ১।২।৪) ইত্যাদি শ্রুতে জীবো বা তদ্ ভোগসাধনত্বাদিত্যেবং প্রাপ্তে —

সংশয়ঃ—অত্র বিষয়বাক্যে সন্দেহমুদ্ভাবয়ন্তি—'তত্র তানি" ইত্যাদি। সংশয়বাক্যন্তু স্পষ্টম্ ইতি সংশয় বাক্যম্।

পূর্ব্বপক্ষঃ—এবং সংশয়ে জাতে পূর্ব্বপক্ষমবতারয়ন্তি ইতি বীক্ষায়ামিতি কার্য্যশক্তি-যোগাৎ স্বয়মেব তানীন্দ্রিয়াণি স্ব স্ব কার্য্যায় স্বয়মেব প্রবর্ত্তেরন্ অথবা দেবতাগণো বা তৎপ্রবর্ত্তকঃ- ইন্দ্রিয়ানা কার্য্যায় প্রবর্ত্তকো ভবতু।

অত্র শ্রুতিবাক্যমুদাহরন্তি—অগ্নিরিতি। অগ্নিদেবঃ বাগ্ ভূত্বা বাগাভিমানী দেবো ভূত্বা স্বাং যোনিং মুখং প্রাবিশৎ, বাগিন্দ্রিয়স্য প্রবর্ত্তকরূপেণ তত্রাবসদিতি। "অগ্নির্ব্বাগ্ ভূত্বা মুখং প্রাবিশৎ বায়ুঃ প্রাণো ভূত্বা নাশিকে প্রাবিশৎ আদিত্যশ্চক্ষু ভূত্বাঽক্ষিণী প্রাবিশৎ, দিশঃ শ্রোত্রং ভূত্বা কর্ণৌ প্রাবিশৎ, ওষধি বনস্পতয়ো লোমানি ভূত্বা ত্বচং প্রাবিশন্, চন্দ্রমা মনো ভূত্বা হৃদয়ং প্রাবিশৎ, মৃত্যুরপানোভূত্বা নাভিং প্রাবিশৎ, আপো রেতো ভূত্বা শিশ্নং প্রাবিশন্ ইতি তু বাক্যশেষঃ। (ঐ. ১২৪) শ্রী-ভাগবতে চ — ৩ ২৬ ৬৩, "বহ্নির্ব্বাচা মুখং ভেজে নোদতিষ্ঠত্তদাবিরাট্। ঘ্রাণেন নাসিকে বায়ুর্নোদতিষ্ঠত্তদা বিরাট্॥ ইতি। তস্মাদ্দেবতাগণো ভোগার্থং ইন্দ্রিয়াণি স্ব স্ব কার্য্যায় নিয়োজয়তি।

সংশয়—এই বিষয় বাক্যে সন্দেহ উদ্ভাবন করিতেছেন তত্রেতি তন্মধ্যে প্রাণের সহিত ইন্দ্রিয় সকল স্ব স্ব কার্য্যের নিমিত্ত স্বয়ং প্রবর্ত্তিত হয়? অথবা ইহাদের অন্য কেহ প্রেরক আছে? এবং সেই প্রেরক দেবতাগণ? কিম্বা জীব? অথবা পরমেশ্বর শ্রীগোবিন্দদেব? এই প্রকার সন্দেহ বাক্য।

পূর্ব্বপক্ষ—এই প্রকার সংশয় জাত হ'লে বাদিগণ পূর্ব্বপক্ষের অবতারণা করিতেছেন— ইতীতি। ইন্দ্রিয় সকল স্বয়ং কার্য্যে প্রবর্ত্তিত হয়, কারণ তাহাদের কার্য্য ক্ষমতা আছে, অর্থাৎ কার্য্য করিবার সামর্থ্য যোগ হেতু ইন্দ্রিয়গণ নিজেই স্ব স্ব কার্য্যে প্রবর্ত্তিত হয়, অথবা দেবতাগণ তাহার প্রবর্ত্তক হউক, দেবগণ ইন্দ্রিয়ের প্রবর্ত্তক হউক।

এই বিষয়ে ঐতরেয় শ্রুতি বাক্য উদাহৃত করিতেছেন অগ্নি রিতি। অগ্নি বাক্ হইয়া মুখে প্রবেশ করিলেন, অর্থাৎ অগ্নি দেবতা বাক্যের অভিমানী দেবতা হইয়া নিজ উৎপত্তি স্থান মুখে প্রবেশ করিলেন, বাগিন্দ্রিয়েব প্রবর্ত্তক রূপে মুখে নিবাস করিলেন। অগ্নি বাক্য হইয়া মুখে প্রবেশ করিলেন, বায়ু প্রাণ হইয়া নাসিকায় প্রবেশ করিলেন, আদিত্য চক্ষু হইয়া অক্ষিতে প্রবেশ করিলেন

॥ওঁ॥ জ্যোতিরাদ্যধিষ্ঠানন্তু তদামননাৎ ॥ওঁ॥ ২।৪।৯।১৪॥

তু শব্দঃ শঙ্কানিরাসার্থঃ। জ্যোতিরব্রহ্মৈব তেষামাদ্যধিষ্ঠানং মুখ্যপ্রবর্ত্তকম্।

কিম্বা জীব ইন্দ্রিয়াণাং প্রবর্ত্তকো ভবতু ; তথাহি বৃহদারণ্যকে ২ ১ ১৮, "স যথা মহারাজো জানপদান গৃহীত্বা স্বে জনপদে যথাকামং পরিবর্ত্তেত এবমেবৈষ এতৎ প্রাণান্ গৃহীত্বা স্বে শরীরে যথাকামং পরিবর্ত্ততে" ইতি। তস্মাজ্জীব এব তান্ স্ব স্ব কার্য্যায় প্রবর্ত্তয়তি। ন তু পরব্রহ্ম তৎ প্রবর্ত্তকঃ তস্য নির্লেপত্বাৎ।

তথাচ—স্ব স্ব কার্য্যায় ইন্দ্রিয়াণি স্বয়ং প্রবর্ত্তেরন্, দেবতাগনো জীবো বা তেষাং প্রবর্ত্তকোঽস্তু, ন তু পরঃ,, ইতি পূর্ব্বপক্ষবাক্যম্।

সিদ্ধান্তঃ—ইত্যেবং পূর্ব্বপক্ষে প্রাপ্তে সিদ্ধান্তসূত্রমবতারয়তি ভগবান্ শ্রীবাদরায়ণঃ—জ্যোতিরিতি। জ্যোতিঃ পরব্রহ্ম শ্রীগোবিন্দদেব এব 'আদ্যধিষ্ঠানং" ইন্দ্রিয়াণাং আদিঃ মুখ্যঃ, অধিষ্ঠানম্—প্রবর্ত্তকমিতি। পরব্রহ্ম শ্রীগোবিন্দদেব এব সর্ব্বেষামিন্দ্রিয়াণাং মুখ্যপ্রবর্ত্তক ইত্যর্থঃ। এবং কুতঃ ?

দিকগণ শ্রোত্র হইয়া কর্ণে প্রবেশ করিলেন ওষধি বনষ্পতি লোম হইয়া ত্বচে প্রবেশ করিলেন, চন্দ্রমা মন হইয়া হৃদয়ে প্রবেশ করিলেন, মৃত্যু অপান হইয়া নাভিতে প্রবেশ করিলেন, আপ রেতঃ হইয়া শিশ্নে প্রবেশ করিলেন, ইহা শেষ শ্রুতি বাক্য

শ্রীভাগবতে বর্ণিত অছে—বহ্নি বাক্যের সহিত মুখে প্রবেশ করিলেন তথাপি বিরাট পুরুষ উঠিলেন না, বায়ু ঘ্রাণের সহিত নাসিকায় প্রবেশ করিলেন, বিরাট পুরুষ তথাপি উত্থিত হইলেন না। অতএব দেবতাগণ ভোগের নিমিত্ত স্ব স্ব কার্য্যে ইন্দ্রিয়গণকে নিযোজিত করেন। কিম্বা জীব ইন্দ্রিয়গণকে প্রবর্ত্তিত করে, যে হেতু তাহা জীবের ভোগ সাধন হয়। অর্থাৎ জীব ইন্দ্রিয়গণের প্রবর্ত্তক হউক বৃহদারণ্যকে বর্ণিত আছে—যেমন মহারাজা অন্য জনপদ গ্রহণ করিয় নিজরাজ্যে যথেচ্ছ ভাবে পরিবর্ত্তন করে, এই প্রকার এই জীব প্রাণ সকল গ্রহণ করিয়া নিজ শরীরে যথেচ্ছরূপে ব্যবহার করে।

অতএব জীবই ইন্দ্রিয়গণকে স্ব স্ব কার্য্যে প্রবর্ত্তিত করে। কিন্তু পরব্রহ্ম শ্রীগোবিন্দদেব তাহাদের প্রবর্ত্তক নহে, কারণ তিনি নির্লেপ। সুতরাং স্ব স্ব কার্য্যে ইন্দ্রিয় সকল স্বয়ং প্রবর্ত্তিত হয়, দেবতাগণ অথবা জীব তাহাদের প্রবর্ত্তক হউক, কিন্তু পরব্রহ্ম নহে, ইহাই পূর্ব্বপক্ষ বাক্য।

সিদ্ধান্ত—এই প্রকার পুর্ব্বপক্ষ প্রাপ্ত হইলে ভগবান শ্রীবাদরায়ণ সিদ্ধান্ত সূত্রের অবতারণা করিতেছেন—জ্যোতি রিতি। জ্যোতিই আদি অধিষ্ঠান অবগত হওয়া হেতু, অর্থাৎ জ্যোতিঃ পরব্রহ্ম শ্রীগোবিন্দদেবই আদি অধিষ্ঠান, ইন্দ্রয়গণের আদি মুখ্য অধিষ্ঠান প্রবর্ত্তক, পরব্রহ্ম শ্রীগোবিন্দদেবই সকল ইন্দ্রিয়বৃন্দের মুখ্য প্রবর্ত্তক ইহাই অর্থ।

কর্ত্তরিল্যুট্। কুতঃ? তদিতি। অন্তর্য্যামিব্রাহ্মণে তস্যৈব প্রাণেন্দ্রিয়প্রবর্ত্তকত্বাবগমাৎ। বৃহদারণ্যকে (৩।৭।১৬) "যঃ প্রাণেষু তিষ্ঠন্" ইত্যাদিষু দেবানাং জীবস্য চ তৎ প্রযোজ্যানামেব

ইত্যপেক্ষায়ামাহ-তদামননাৎ। অন্তর্য্যামিব্রাহ্মণে শ্রীগোবিন্দদেবস্য এব সর্ব্বেন্দ্রিয় প্রবর্ত্তকত্বাবগমাদিত্যর্থঃ অথ "তু" শব্দস্যার্থমাহুঃ—"তু" ইতি।

জ্যোতিরিতি স্পষ্টম্। কর্ত্তরি ল্যুট" "অধিষ্ঠানম্" অধিতিষ্ঠতি অস্মিন্ ইতি "টনঃ করণাধিকরণয়োঃ" (হ০ না০ ব্যা০ ৫।৪।৫৮) ইত্যনেন সিদ্ধে তস্যার্থ আশ্রয়ো ভবেৎ, তদর্থমাহুঃ—কর্ত্তরি ল্যুট্ ইতি।

অত্রাধিষ্ঠানশব্দে যো ল্যুট্প্রত্যয়ঃ তত্তু কর্ত্তরিবাচো ভবতি, তথাহি—শ্রীহরিনামামৃত ব্যাকরণে—৫।৪৬৪—) টনঃ কর্ম্মাদৌ চ" ইতি। তস্মাদধিষ্ঠানং তৎ প্রবর্ত্তকমিত্যর্থঃ। এবং কুতো জ্ঞাতমিত্যপেক্ষায়ামাহুঃ তদিতি। তদামননাৎ-- তস্য শ্রীগোবিন্দদেবস্য আমননাৎ, আমননং—আভিমুখ্যেন মননং ইন্দ্রিয়াণাং কার্য্যেষু প্রবর্ত্তনং সর্ব্বনিয়ামক-শ্রীগোবিন্দদেবস্য সঙ্কল্পাদেব ভবতীত্যর্থঃ। অতঃ-অন্তর্য্যামি ব্রাহ্মণে তস্য শ্রীগোবিন্দদেবস্য এব প্রাণেন্দ্রিয় প্রবর্ত্তকত্বাবগমাৎ। অথ বৃহদারণ্যকোপনিষদ্ বাক্যেন সর্ব্বনিয়ামক সর্ব্বপ্রবর্ত্তক—শ্রীগোবিন্দদেবস্য প্রাণেন্দ্রিয় প্রবর্ত্তকত্বং প্রতিপাদয়ন্তি -- বৃহদারণ্যকে" ইতি।

এই প্রকার কেন? তদপেক্ষায় বলিতেছেন তাহার আমনন হেতু। অন্তর্য্যামী ব্রাহ্মণে শ্রীগোবিন্দদেবেরই সর্ব্বেন্দ্রিয় প্রবর্ত্তকত্ব অবগত হওয়া হেতু ইহা সূত্রার্থ। সূত্রে যে তু শব্দ আছে তাহা শঙ্কা নিবারণের নিমিত্ত, জ্যোতিঃ পরব্রহ্মই ইন্দ্রিয়গণের আদি অধিষ্ঠান মুখ্য প্রবর্ত্তক। কর্ত্তৃবাচ্যে ল্যুট্ প্রত্যয় হইয়াছে- অধিতিষ্ঠতি অস্মিন্ এই অর্থে অধিষ্ঠান শব্দ হয়, করণ ও অধিকরণ অর্থে টন প্রত্যয় হয় তাহার অর্থ আশ্রয় হইবে, তাহার অর্থ বলিতেছেন—কর্ত্তরিল্যুট্ এই স্থলে অধিষ্ঠান শব্দে যে ল্যুট্ প্রত্যয় তাহা কর্ত্তৃবাচ্যে হইয়াছে।

এই শ্রীহরিনামামৃত ব্যাকরণের অনুশাসন-কর্ম্মাদি বাচ্যেও টন প্রত্যয় হয়, অতএব অধিষ্ঠান তাহাদের প্রবর্ত্তক ইহাই অর্থ। ইহা কি প্রকারে জ্ঞাত হইল, এই অপেক্ষায় বলিতেছেন তদিতি। তাহার আমনন হেতু, অন্তর্য্যামী ব্রাহ্মণে পরব্রহ্মেরই প্রাণেন্দ্রিয় প্রবর্ত্তকত্ব রূপে অবগত হওয়া হেতু। অর্থাৎ আমননাঃ-সেই শ্রীগোবিন্দদেবেরই আমনন হেতু অভিমুখ্যেন মনন, ইন্দ্রিয় গণের কার্য্যে প্রবর্ত্তন সর্ব্বনিয়ামক শ্রীগোবিন্দদেবের সঙ্কল্প হইতেই হয় ইহাই অর্থ।

অতএব অন্তর্য্যামী ব্রাহ্মণে সেই শ্রীগোবিন্দদেবেরই প্রাণেন্দ্রিয় প্রবর্ত্তক রূপে অবগত হওয়া হেতু অনন্তর বৃহদারণ্যকোপনিষদ্ বাক্যের দ্বারা সর্ব্বনিয়ামক সর্ব্ব প্রবর্ত্তক শ্রীগোবিন্দদেবের প্রাণ ইন্দ্রিয় প্রবর্ত্তকতা প্রতিপাদন করিতেছেন—বৃহদিতি। বৃহদারণ্যকে বর্ণিত আছে-যিনি সকল প্রাণে

প্রযোজকতা ন নিবার্য্যতে। স্বতঃ প্রবৃত্তিস্তু ন ভবেজ্জাড্যাৎ ॥১৪॥

"যঃ প্রাণেষু তিষ্ঠন্" ইতি। যঃ প্রাণে তিষ্ঠন্ প্রাণাদন্তরো যং প্রাণো ন বেদ যস্য প্রাণঃ শরীরং যঃ প্রাণমন্তরো যময়ত্যেষ ত আত্মান্তর্য্যাম্যমৃতঃ। এবং —যো বাচি তিষ্ঠন্ ৩।৭।১৭, যশ্চক্ষুষি তিষ্ঠন্, যঃ শ্রোত্রে তিষ্ঠন্, যো মনসি তিষ্ঠন্, যস্ত্বচি তিষ্ঠন্ ইত্যাদিষু শ্রীভগবতঃ সর্ব্বপ্রবর্ত্তকত্বম্। তস্মাৎ ইন্দ্রিয়াধিষ্ঠাতৃদেবানাং জীবস্য প্রযোজককর্ত্তা শ্রীগোবিন্দদেব এব।

তথাহি তৈত্তিরীয়কে—২।৮।১, ভীষাস্মাদ্বাতঃ পবতে ভীষোদেতি সূর্য্যঃ। ভীষাস্মাদগ্নিশ্চেন্দ্রশ্চ মৃত্যুর্ধাবতি পঞ্চমঃ॥ বৃহদারণ্যকে চ—৫।৮।৯ "এতস্য বা প্রশাসনে গার্গি! সূর্য্যাচন্দ্রমসৌ বিধৃতৌ তিষ্ঠতঃ" ইতি। শ্রীভাগবতে চ - ৩।২৯।৪০ যদ্ ভয়াদ্বাতি বাতোঽয়ং সূর্য্যস্তপতি যদ্ভয়াৎ। যদ্ভয়াদ্বর্ষতে দেবো ভগণো ভাতি যদ্ভয়াৎ॥ যদ্বনস্পতয়ো ভীতা লতাশ্চৌষধিভিঃ সহ। স্বে স্বে কালেঽভিগৃহ্ণন্তি পুষ্পাণি চ ফলানি চ॥ স্রবন্তি সরিতো ভীতা নোৎসর্পত্যুদধির্যতঃ। অগ্নিরিন্ধে সগিরিভির্ভূর্ন মজ্জতি যদ্ভয়াৎ॥ ইত্যাদিভিঃ শ্রীগোবিন্দদেবস্য সর্ব্বনিয়ামকত্বং সুপ্রতিষ্ঠিতম্।

ননু ইন্দ্রিয়াণাং কর্ম্মসু স্বতঃপ্রবৃত্তি স্বীকারে কা হানিঃ? ইত্যপেক্ষায়ামাহুঃ—"স্বতঃ" ইতি। তস্মাৎ প্রাণানাং জীবানাং দেবতানাং ইন্দ্রিয়াণাঞ্চ শ্রীগোবিন্দদেব এব মুখ্য প্রেরক ইত্যর্থঃ ॥১৪॥

অবস্থান করিয়া' ইত্যাদি বাক্যে দেবগণের ও জীবের পরব্রহ্ম প্রয়োজ্যগণের ইন্দ্রিয় প্রযোজকতা নিবারণ করিতেছেন না। যিনি প্রাণে থাকিয়া, অর্থাৎ যিনি প্রাণে অবস্থান করিয়া প্রাণের অন্তরে থাকেন প্রাণ যাঁহাকে জানে না, যাঁহার প্রাণ শরীর, যিনি প্রাণের অন্তরে নিয়মন করেন ইনি তোমার আত্মা অন্তর্য্যামী ও অমৃত।

এই প্রকার যিনি বাক্যে অবস্থান করিয়া, যিনি চক্ষুতে অবস্থান করিয়া, যিনি শ্রোত্রে অবস্থান করিয়া, যিনি মনে অবস্থান করিয়া, যিনি ত্বচে অবস্থান করিয়া' ইত্যাদি বাক্যে শ্রীগোবিন্দদেবেরই সর্ব্ব প্রবর্ত্তকত্ব প্রতিপাদন করিয়াছেন। অতএব ইন্দ্রিয় অধিষ্ঠাতা দেবতাগণ ও জীবের প্রয়োজক কর্ত্তা শ্রীগোবিন্দদেবই হয়েন। এই বিষয়ে তৈত্তিরীয়কে বর্ণিত আছে-এই পরব্রহ্মের ভয়ে পবন প্রবাহিত হয়, সূর্য্য ভয়ে উদিত হয়, ইহার ভয়ে অগ্নি দাহন করে, ইন্দ্র শাসন করে, পঞ্চমমৃত্যুও ধাবিত হয়। বৃহদারণ্যকে-হে গার্গি! এই পরব্রহ্মের প্রশাসনে সূর্য্যও চন্দ্রমা বিধৃত হইয়া অবস্থান করিতেছে। শ্রীভাগবতে বর্ণিত আছে-যাঁহার ভয়ে বায়ু প্রবাহিত হয়, যাঁহার ভয়ে সূর্য্য তাপ প্রদান করে, দেবতা বর্ষা করে, নক্ষত্রগণ প্রদীপ্ত হয়, যাঁহার ভয়ে ভীত হইয়া বনস্পতিগণ লতা ও ঔষধিগণের সহিত স্ব স্ব কালে পুষ্প এবং ফল গ্রহণ করে ভীত হইয়া নদী প্রবাহিত হয়, সমুদ্র স্থান ত্যাগ করে না, অগ্নি দাহ করে, যাঁহার ভয়ে পর্ব্বতের সহিত পৃথিবী জলে নিমজ্জিত হয় না, ইত্যাদি প্রমাণের দ্বারা শ্রীগোবিন্দদেবের সর্ব্বনিয়ামকতা সুপ্রতিষ্ঠিত হইল।

জীবস্তু তানি ভোগার্থমধিতিষ্ঠতীত্যাহ—

॥ওঁ॥ প্রাণবতা শব্দাৎ ॥ওঁ॥ ২।৪।৯।১৫॥

প্রাণবতা জীবেন তানি সপ্রাণানি ইন্দ্রিয়াণি সংগৃহ্যন্তে ভোগায়। এবং কুতঃ? শব্দাৎ। "স যথা মহারাজো জানপদান্ গৃহীত্বা স্বে জনপদে যথা কামং পরিবর্ত্ততে, এবমেবৈষ এতৎ প্রাণান্ গৃহীত্বা স্বেশরীরে যথাকামং পরিবর্ত্ততে" (বৃ° ২।১।১৮) ইতি তত্রৈব শ্রবণাৎ। অয়মত্র নিষ্কর্ষঃ

নন্বু সপ্রাণেন্দ্রিয়াণাং শ্রীভগবদ্প্রেরকত্বে তৈঃ জীবানাং কিং প্রয়োজনং সেৎস্যতীত্যপেক্ষায়ামাহুঃ জীবস্তু" ইতি। তথাচ—জীব ইন্দ্রিয়মধিতিষ্ঠন্ স্বোপার্জ্জিত কর্ম্মফলং ভুঙ্ক্তে, ইতি প্রতিপাদয়িতুং সূত্রয়তি ভগবান্ শ্রীবাদরায়ণ প্রাণবতেতি। শরীর ধারণ হেতুভুতঃ প্রাণোঽস্তি ইতি প্রাণবান্, তেন প্রাণবতা জীবেন সহ ইন্দ্রিয়াণাং স্ব-স্বামিভাবঃ সম্বন্ধোঽস্তীতি, স তৈ র্ভোগং উপভুঞ্জতে, এবং কুতঃ? শব্দাদিতি ব্রূমঃ। প্রাণবতা' ইতি স্পষ্টম্,

অথ বৃহদারণ্যকোপনিষদ্ বাক্যেন জীবস্য স্বামীত্বং প্রতিপাদয়ন্তি স যথা" ইতি। শ্রুতিবাক্যং স্পষ্টম্। তথাচ -যথা মহারাজঃ জানপদান্ জনপদে ভবান্ রাজভোগোপকরণভূতান্ অন্যাংশ্চ গ্রহণং কৃত্বা যথা কামং পরিবর্ত্ততে, এবং এষ জীবঃ স প্রাণানি-ইন্দ্রিয়ানি গৃহীত্বা স্ব শরীরে যথা কামং—স্বেচ্ছানুসারং পরিবর্ত্ততে, ইতি শ্রুতেরাশয়ঃ।

যদি বলেন ইন্দ্রিয়গণের কার্য্যে স্বতঃ প্রবৃত্তি স্বীকারে কি হানি হইবে? এই অপেক্ষায় বলিতেছেন স্বত ইতি। স্বতঃ প্রবৃত্তি হয় না, তাহারা জড় পদার্থ, অর্থাৎ ইন্দ্রিয়গণ কার্য্যে স্বাভাবিকই প্রবৃত্ত হয় না, কারণ তাহারা জড় বস্তু হয়। অতএব প্রাণ সকলের জীবগণের ও দেবতাগণের এবং ইন্দ্রিয়গণের শ্রীগোবিন্দদেবই মুখ্য প্রেরক ইহাই অর্থ ॥১৪॥

যদি বলেন প্রাণের সহিত ইন্দ্রিয়গণের শ্রীভগবৎ প্রেরকত্ব স্বীকার করিলে তাহাদের দ্বারা জীবগণের কি প্রয়োজন সিদ্ধ হইবে? এই অপেক্ষায় বলিতেছেন—জীবেতি। জীব কিন্তু ইন্দ্রিয়গণকে ভোগের নিমিত্ত আশ্রয় করে। অর্থাৎ জীব ইন্দ্রিয়ে অধিষ্ঠিত হইয়া নিজ উপার্জ্জিত কর্ম্মফল ভোগ করে ইহা প্রতিপাদন করিবার নিমিত্ত ভগবান শ্রীবাদরায়ণ সূত্র করিতেছেন প্রাণেতি। প্রাণবাণের সহিত শব্দ হেতু।

অর্থাৎ শরীর ধারণ হেতুভূত প্রাণ আছে যাহার সে প্রাণবান, সেই প্রাণবান জীবের সহিত ইন্দ্রিয়গণের স্ব স্বামী ভাব সম্বন্ধ আছে, জীব তাহাদের দ্বারা ভোগ উপভোগ করে, ইহা কি প্রকারে সিদ্ধ হয়? শব্দ প্রমাণ হইতে সিদ্ধ হয় বলিব। প্রাণবান জীব প্রাণের সহিত ইন্দ্রিয়গণকে বিষয় ভোগের নিমিত্ত গ্রহণ করে। ইহা কি প্রকারে হয়? শব্দ হইতে বলিব। অনন্তর বৃহদারণ্যকো

পরমাত্মনাধিষ্ঠিতা দেবা জীবাশ্চেন্দ্রিয়াণ্যধিতিষ্ঠন্তি। পূর্ব্বে তৎ প্রবর্ত্তন মাত্রায়, পরে তু তৈর্ভোগায়। তথৈব তৎ সঙ্কল্পাদিতি ॥১৫॥

অথ এতৎ প্রকরণস্য সারার্থমাহুঃ অয়মত্রনিষ্কর্ষঃ” ইতি। পূর্ব্বে দেবাঃ ইন্দ্রিয় প্রবর্ত্তন মাত্রায় অধিতিষ্ঠন্তি, পরে জীবাঃ প্রাণৈঃ ভোগায় অধিতিষ্ঠন্তীতি ভাবঃ।

নন্নু কথমেবং সম্ভবতি? তত্রাহুঃ—তথৈব তৎ সঙ্কল্পাৎ—স্বয়ং ভগবতঃ শ্রীগোবিন্দদেবস্য ইচ্ছাবিশেষবৈশিষ্ট্যাদিত্যর্থঃ।

নন্নু দেবানামিন্দ্রিয়াধিষ্ঠাতৃত্বে ইন্দ্রিয়সাধ্য-ফলভোগাপত্তিঃ। ইতি চেন্নৈবম্—ব্যভিচারাৎ। “তথাহি” “যো যদধিতিষ্ঠতি স তৎসাধ্যং ফলং ভুঙ্‌ক্তে” ইতি ব্যাপ্তৌ সারথ্যাদৌ ব্যভিচারদর্শনাৎ।

পনিষৎ বাক্যের দ্বারা জীবের স্বামীত্ব প্রতিপাদন করিতেছেন—স ইতি যেমন সেই মহারাজা অন্য জনপদ গ্রহণ করিয়া নিজ জনপদে যথেচ্ছ পরিবর্ত্তন করে, সেই প্রকার এই জীবও এই প্রাণ সকল গ্রহণ করিয়া নিজ শরীরে যথেচ্ছ পরিবর্ত্তন, করে ইহা শ্রবণ করা যায়। অর্থাৎ যেমন মহারাজা জন পদে জাত রাজভোগোপকরণ ভুত পদার্থ এবং অন্যান্য ভোগ্য বস্তু গ্রহণ করিয়া নিজের ইচ্ছামত ব্যবহার করে।

সেই প্রকার এই জীব প্রাণের সহিত ইন্দ্রিয় সকল গ্রহণ করিয়া নিজ শরীরে স্বেচ্ছানুসারে উপভোগ করে, ইহাই শ্রুতির অভিপ্রায়।

অনন্তর এই প্রকরণের সারার্থ বলিতেছেন-অয়মিতি। এইস্থলে নিষ্কর্ষ এই যে—পরমাত্মা শ্রীগোবিন্দদেব কর্ত্তক অধিষ্ঠিত হইয়া দেবগণ ও জীবগণ ইন্দ্রিয় সকলে অধিষ্ঠান করে, পূর্ব্বে দেবগণ তাহাদের প্রবর্ত্তন মাত্রে অধিষ্ঠান করেন জীব কিন্তু ইন্দ্রিয়ের দ্বারা ভোগের নিমিত্ত অধিষ্ঠান করে। কারণ শ্রীভগবান সেই প্রকারই সঙ্কল্প করিয়া থাকেন।

অর্থাৎ প্রথমতঃ দেবগণ ইন্দ্রিয় প্রবর্ত্তনের নিমিত্ত শরীরে অধিষ্ঠান করে, পরে জীবগণ প্রাণের সহিত ভোগের নিমিত্ত শরীরে অধিষ্ঠান করে ইহাই ভাবার্থ।

যদি বলেন—এইরূপ কি প্রকারে সম্ভব হয়? তদুত্তরে বলিতেছেন—সেই প্রকার সঙ্কল্প হেতু অর্থাৎ স্বয়ং ভগবান শ্রীগোবিন্দদেবের ইচ্ছা বিশেষ বৈশিষ্ট হেতু ইহাই অর্থ।

যদি বলেন—দেবগণ যদি ইন্দ্রিয়ের অধিষ্ঠাতা হয়েন তাহা হইলে তাহাদের ইন্দ্রিয় সাধ্য ফল ভোগের আপত্তি হইবে? এই প্রকার আশঙ্কা করিতে পারেন না, যেহেতু ব্যভিচার দোষ হইবে। যেমন “যে যাহাতে অধিষ্ঠিত থাকে সে তাহার সাধ্য ফল ভোগ করে” এই ব্যাপ্তি স্বীকার করিলে সারথি প্রভৃতিতে ব্যভিচার দেখা যায়।

নচৈতত্‌ কদাচিদ্ব্যভিচরতীত্যাহ—

॥ওঁ॥ তস্য চ নিত্যত্বাৎ ॥ওঁ॥ ২।৪।৯।১৬॥

তস্য সর্ব্বকর্ম্মক পরমাত্মাধিষ্ঠানস্ত তৎ স্বরূপানুবন্ধিত্বেন নিত্যত্বাৎ তৎসঙ্কল্পাদেব

নন্থ—তথাহি সূর্য্যাদিদেবতানাং চক্ষুরাদিষু ইন্দ্রিয়েষু কে দেবা অধিতিষ্ঠেয়ুঃ? কিং আকাশস্থ সূর্য্যাদিদেবাঃ? অথবা তদ্‌ভিন্না ইতি। ইত্যেবং শঙ্কায়ামুচ্যন্তে প্রমাণাভাবাৎ, অনবস্থাপাতাচ্চ।

তথাচ—আকাশাদিস্থানাস্থিত সূর্য্যাদিদেবানাং স্বরূপদ্বয়ে, মূর্ত্তিদ্বয়ে বা প্রমাণং ন বিদ্যতে। কিঞ্চ প্রসিদ্ধ সূর্য্যাদন্যঃ সূর্য্যশ্চক্ষুষঃ প্রকাশকঃ অস্যাপি প্রকাকোঽন্যঃ, অন্যাপি প্রকাশকোঽন্যঃ” ইত্যেবমনবস্থাপাতাৎ নাস্ত্যত্র শঙ্কায়া অবসরঃ॥১৫॥

নন্থ ইন্দ্রিয়েষু শ্রীভগবতোঽধিষ্ঠানং কদাচিদ্‌ ব্যভিচরতি ন বা? ইতি চেৎ? অথ শ্রীগোবিন্দদেবস্য ইন্দ্রিয়াধিষ্ঠাতৃত্বং অব্যভিচরিতত্বং প্রতিপাদয়িতুং সূত্রয়তি ভগবান্‌ শ্রীবাদরায়ণঃ—তস্য” ইতি। তস্য—সর্ব্বকর্ম্মক পরব্রহ্ম শ্রীগোবিন্দদেবাধিষ্ঠানস্য তস্য সর্ব্বব্যাপক স্বরূপানুবন্ধিগুণত্বেন তদধিষ্ঠাতৃত্বস্য নিত্যত্বাৎ কদাচিদপি ন ব্যভিচরতীত্যর্থঃ।

ভাষ্যন্তু প্রকটার্থম্‌। কিঞ্চ শ্রীভগবদিচ্ছাবশাদেব ইন্দ্রিয়েষু সূর্য্যাদিদেবানামধিষ্ঠাতৃত্বম্‌। তস্মাৎ মুখ্যাধিষ্ঠাতৃত্বন্তু শ্রীগোবিন্দদেবস্য এব মন্তব্যমিত্যর্থঃ। এবং কুতঃ? অন্তর্য্যামিব্রাহ্মণাদিতি।

শঙ্কা যদি বলেন-তথাপি সূর্য্যাদিদেবতাগণের মধ্যে চক্ষু প্রভৃতি ইন্দ্রিয়ের মধ্যে কোন দেবতা অবস্থান করে? আকাশস্থ সূর্য্যাদিদেবতা? কিম্বা তাহা হইতে অন্য কোন দেবতা?

সমাধান—এই প্রকার আশঙ্কার সমাধান করিতেছেন—প্রমাণেতি। প্রমাণের অভাব হেতু, এবং অনবস্থা দোষ হেতু এই আশঙ্কা করা বৃথা। আকশাদি স্থানে অবস্থান কারী সূর্য্যাদিদেবতাগণের দুইটি স্বরূপ অথবা দুইটি মূর্ত্তির কোন প্রমাণ নাই। অপর প্রসিদ্ধ সূর্য্য হইতে অন্য সূর্য্য চক্ষুর প্রকাশক, তাহারও প্রকাশক অন্য, তাহারও প্রকাশক অন্য এই প্রকার অনবস্থা দোষ হেতু এইস্থলে আশঙ্কার কোন প্রকার অবসর নাই॥১৫॥

ইন্দ্রিয় সকলে শ্রীভগবানের অধিষ্ঠান কোন কালে ব্যভিচার হয়? অথবা হয় না? তদুত্তরে বলিতেছেন-নচেতি। ইহা কোন কালে ব্যভিচরিত হয় নাই। অনন্তর শ্রীগোবিন্দদেবের ইন্দ্রিয় সকলে অধিষ্ঠাতৃত্ব ধর্ম্ম অব্যভিচার ভাবে বর্ত্তমান থাকে তাহা প্রতিপাদন করিবার নিমিত্ত ভগবান শ্রীবাদরায়ণ সূত্র করিতেছেন-তস্যেতি। তাহার নিত্যতা হেতু।

অর্থাৎ সর্ব্বকর্ম্মক পরব্রহ্ম শ্রীগোবিন্দদেবের অধিষ্ঠানের তাঁহার সর্ব্বব্যাপকতা স্বরূপানুবন্ধি গুণ হওয়া হেতু ইন্দ্রিয়ের অধিষ্ঠাতৃতা গুণের নিত্যতা হেতু কদাচিৎ কোন কালেও ব্যভিচার দোষ দুষ্ট

তেষামধিষ্ঠাতৃত্বম্। মুখ্যাধিষ্ঠাতৃত্বন্তু তস্যেবেতি মন্তব্যং, অন্তর্য্যামিব্রাহ্মণাৎ ॥১৬॥

তথাচ — বৃহদারণ্যকোপনিষদি—৩।৭।১৫ "যঃ সর্ব্বেষু ভূতেষু তিষ্ঠন্ সর্ব্বেভ্যো ভূতেভ্যোঽন্তরো যং সর্ব্বানি ভূতানি ন বিদুঃ যস্য সর্ব্বাণি ভূতানি শরীরং যঃ সর্ব্বাণি ভূতান্যন্তরো যময়তি" ইতি। তৈত্তিরীয়োপনিষদি —২ ৬।২, "তৎ সৃষ্ট্বা তদেবানুপ্রাবিশৎ, তদনুপ্রবিশ্য সচ্চ ত্যচ্চাভবাৎ" ইতি।

শ্রীভাগবতেচ — ১০।৫৬।২৬-২৭ জানে ত্বাং সর্ব্বভূতানাং প্রাণ ওজঃসহো বলম্। বিষ্ণুং পুরাণ পুরুষং প্রভবিষ্ণুমধীশ্বরম্॥ ত্বং হি বিশ্বসৃজাং স্রষ্টা সৃষ্টানামপি যচ্চসৎ। কালঃ কলয়তামীশঃ পর আত্মা তথাত্মনাম্॥ ইতি।

কিঞ্চ — তত্রৈব,৪ ৯।৬, "যোঽন্তঃ প্রবিশ্য মম বাচমিমাং প্রসুপ্তাং সঞ্জীবয়ত্যখিল শক্তিধরঃ স্বধাম্না। অন্যাংশ্চ হস্তচরণ শ্রবণত্বগাদীন্ প্রাণান্নমো ভগবতে পুরুষায় তুভ্যম্॥ ইতি॥

তস্মাৎ সর্ব্বেষাং মুখ্যাধিষ্ঠাতা শ্রীগোবিন্দদেব এব ইতি ॥১৬॥

ইতি জ্যোতিরাদ্যধিকরণং নবমং সমাপ্তম্ ॥৯॥

হয় না ইহাই সূত্রার্থ। সর্ব্বকর্ম্মের প্রবর্ত্তক পরমাত্মা শ্রীগোবিন্দদেবের অধিষ্ঠান তাঁহার স্বরূপানুবন্ধি নিবন্ধন নিত্য, সুতরাং তাঁহার সঙ্কল্প হইতেই দেবগণের ইন্দ্রিয়াধিষ্ঠাতৃত্ব বা ইন্দ্রিয়বর্গের পরিচালনা হইয়া থাকে। কিন্তু মুখ্য অধিষ্ঠাতৃত্ব শ্রীগোবিন্দদেবেরই স্বীকার করিতে হইবে অপর শ্রীভগবানের ইচ্ছা বশতঃ ইন্দ্রিয় সকলে সূর্য্যাদি দেবতাগণ অধিষ্ঠান করেন, অতএব মুখ্য অধিষ্ঠাতৃত্ব শ্রীগোবিন্দদেবেরই মানিতে হইবে। যদি বলেন এই প্রকার কেন হয়? তাহার উত্তরে বলিতেছেন অন্তর্য্যামী ব্রাহ্মণ হইতে জানা যায়। এই বিষয়ে বৃহদারণ্যকোপনিষদে বর্ণিত আছে-যিনি সকল ভূতে অবস্থান করিয়া সকলের অন্তরে থাকেন যাঁহাকে ভূত সকলে জানে না, ভূত সকল যাঁহার শরীর যিনি ভূতসকলের অন্তরে থাকিয়া নিময়ন করেন।

তৈত্তিরীয়োপনিষদে বর্ণিত আছে-শ্রীগোবিন্দদেব ব্রহ্মাণ্ড সৃষ্টি করিয়া তাহাতে প্রবেশ করিলেন প্রবেশ করিয়া সৎ ও ত্যৎ হইলেন। শ্রীভাগবতে বর্ণিত আছে — শ্রীজাম্বুবান বলিলেন হেদেব! আমি অপনাকে জানিয়াছি,আপনি সকল প্রাণিগণের স্বামীরক্ষক বিষ্ণু পুরাণপুরুষ আপনি সকলের প্রাণবল ইন্দ্রিয়বল মনোবল এবং শরীরবল, আপনি বিশ্বসৃষ্টি কর্ত্তা ব্রহ্মাদিরও স্রষ্টা সৃষ্ট পদার্থের মধ্যে আপনি সৎ পদার্থ।

কালেরও কাল, আত্মারও পরমাত্মা হয়েন। অপর শ্রীধ্রুব কহিলেন-যিনি আমার হৃদয়ে প্রবেশ করিয়া প্রসুপ্ত বাক্যকে জীবিত করিয়াছেন যিনি অখিল শক্তিধারী স্ব মহিমা দ্বারা অন্যান্য হস্ত চরণ শ্রবণ ত্বকওপ্রাণ প্রভৃতিকে সঞ্জীবিত করিয়াছেন সেই ভগবান পরম পুরুষ আপনাকে নমস্কার করি। অতএব সকল ইন্দ্রিয়গণের মুখ্য অধিষ্ঠাতা শ্রীগোবিন্দদেবই হয়েন ॥১৬॥

এই প্রকার জ্যোতিরাদ্যধিকরণ নবম সমাপ্ত ॥৯॥

১০॥ ইন্দ্রিয়াধিকরণম্

অথ পূর্ব্বস্মিন্ বিষয়ে বিমর্শান্তরম্। তত্র প্রাণশব্দিতাঃ সর্ব্বে ইন্দ্রিয়াণি? উত শ্রেষ্ঠেতরে? ইতি সংশয়ে—প্রাণশব্দবোধ্যত্বাৎ জীবোপকারিত্বাচ্চ সর্ব্বে, ইতি প্রাপ্তে—

১০। ইন্দ্রিয়াধিকরণম্।

অথ প্রাণানাং শ্রীভগবদধীনত্বং প্রতিপাদিতম্ অত্র এতেষাং প্রাণানাং ইন্দ্রিয়ত্ব প্রতিপাদনায় ইন্দ্রিয়াধিকরণারম্ভঃ" ইত্যধিকরণ সঙ্গতি।

বিষয়ঃ—অত্র ইন্দ্রিয়াধিকরণস্য বিষয় বাক্য সংগ্রহঃ—তথাহি মুণ্ডকে—২।১।৩, এতস্মাজ্জায়তে প্রাণো মনঃ সর্ব্বেন্দ্রিয়াণি চ" বৃহদারণ্যকে চ—৩৯৪, "দশমে পুরুষে প্রাণা আত্মৈকাদশঃ" ইতি ইতি বিষয়বাক্য সংগ্রহঃ। অথ আশ্রয়াশ্রয়িভাবসঙ্গত্যা গৌণমুখ্যয়োঃ প্রাণয়ো র্বিশেষং বক্তুং ইদমারভন্তে—অথ" ইতি। অত্র প্রাণোৎপত্ত্যাদিবিষয়ং বিমর্শনমন্তরমিদং বিচারয়ন্তীত্যর্থঃ।

সংশয়ঃ—অত্র বিষয়বাক্যে ভবতি সংশয়ঃ, তত্রেতি। তথাচ—মুখ্যপ্রাণভিন্নাণি ইন্দ্রিয়াণি অথবা সর্ব্বাণি? ইতি শঙ্কাবীজম্।

পূর্ব্বপক্ষঃ—এবং সংশয়ে জাতে পূর্ব্বপক্ষমুদ্ভাবয়ন্তি প্রাণঃ" ইতি। তথাচ—"হন্তাস্যৈব সর্ব্বে রূপমসামম্" (১।৫।২১) ইতি বৃহদারণ্যক বাক্যাৎ একস্যৈব সর্ব্ববৃত্তিভেদম্। "এতস্মাজ্জায়তে প্রাণো

১০। ইন্দ্রিয়াধিকরণের ব্যাখ্যা

অতপর ইন্দ্রিয়াধিকরণে ব্যাখ্যা করিতেছেন। এই প্রকার প্রাণ সকলের শ্রীভগবানের অধীনতা প্রতিপাদন করিলেন। অনন্তর এই প্রাণ সকলের ইন্দ্রিয়ত্ব প্রতিপাদনের নিমিত্ত ইন্দ্রিয়াধিকণের আরম্ভ করিতেছেন ইহাই অধিকরণ সঙ্গতি।

বিষয়—এইস্থলে ইন্দ্রিয়াধিকরণের বিষয় বাক্য সংগ্রহ এই প্রকার—মুণ্ডকে বর্ণিত আছে-এই পরব্রহ্ম হইতে প্রাণ মনঃ এবং ইন্দ্রিয়সকল জাত হয়। বৃহদারণ্যকে বর্ণিত আছে-মানব শরীরে দশটি প্রাণ আছে, আত্মা একাদশ সংখ্যক হয়, ইহাই বিষয় বাক্য। অনন্তর পূর্ব্ব কথিত বিষয়ে অন্য প্রকার বিমর্শ, অর্থাৎ আশ্রয় ও আশ্রয়ী ভাব সঙ্গতির দ্বারা গৌণ এবং মুখ্য প্রাণের বিষয়ে বিশেষ বলিবার নিমিত্ত ইহা আরম্ভ করিতেছেন-অথেতি। অথ প্রাণোৎপত্ত্যাদি বিষয় বিমর্শনের পরে এই প্রকার বিচার করিতেছেন ইহাই অর্থ

সংশয়—এই বিষয় বাক্যে সংশয় হইতেছে-তত্রেতি। তন্মধ্যে প্রাণ শব্দের দ্বারা কথিত সকলেই ইন্দ্রিয় হয়? অথবা কেহ শ্রেষ্ঠ হয়? কেহ বা কনিষ্ঠ হয়? অর্থাৎ মুখ্য প্রাণ হইতে ইন্দ্রিয় সকল ভিন্ন? অথবা সকলেরই ইন্দ্রিয় শব্দ বাচ্য? ইহাই শঙ্কার বীজ।

পূর্ব্বপক্ষ—এই প্রকার সংশয় জাত হইলে পূর্ব্বপক্ষের উদ্ভাবন করিতেছেন-প্রাণেতি।

॥ওঁ॥ত ইন্দ্রিয়াণি তদ্ব্যপদেশাদন্যত্র শ্রেষ্ঠাৎ ॥ওঁ॥ ২।৪।১০।১৭॥

তে প্রাণ শব্দিতাঃ শ্রেষ্ঠতেরে এবেন্দ্রিয়াণি। কুতঃ? "এতস্মাৎ" (মু° ২।১।৩) ইত্যাদিশ্রুতৌ মুখ্যপ্রাণাদিতরেষু শ্রোত্রাদিষ্বিন্দ্রিয়ত্ববচনাৎ। ইন্দ্রিয়াণি দশৈকঞ্চ" (গী. ১৩।৬) ইত্যাদি স্মৃতৌ চ। তথা প্রাণো মুখ্যঃ সত্বনিন্দ্রিয়মিতি" শ্রুত্যন্তরাচ্চ ॥১৭॥

মনঃ সর্বেন্দ্রিয়াণি চ" (২।১।৩) ইতি মুণ্ডকবাক্যাচ্চ তেষাং ভেদম্ ইতি বিরোধবাক্যমেব পূর্ব্বপক্ষোত্থাপনে হেতুঃ। তস্মাৎ সর্বেষাং গৌণমুখ্যপ্রাণানাং ইন্দ্রিয়শব্দবাচ্যত্বমবিরোধমিতি। ইতি পূর্ব্বপক্ষবাক্যম্।

সিদ্ধান্তঃ- ইত্যেবং পূর্ব্বপক্ষে প্রাপ্তে সিদ্ধান্তসূত্রমবতারয়তি – ভগবান্ শ্রীবাদরায়ণঃ – "ত ইন্দ্রিয়াণি" ইতি। অন্যত্র শ্রেষ্ঠাৎ — প্রাণাপানাদি পঞ্চশ্রেষ্ঠ প্রাণাদন্যত্র ভিন্নঃ তে শ্রেষ্ঠপ্রাণশব্দিতাঃ শ্রেষ্ঠাঃ শ্রেষ্ঠা ইতরে ইন্দ্রিয়াণি ভবন্তি; এবং কুতঃ? তদ্ব্যপদেশাদিতি। তথাচ — মুখ্যপঞ্চপ্রাণ-ভিন্নানি অন্যপ্রা। ইন্দ্রিয়ানীতি সূত্রার্থঃ।

ভাষ্যন্তু অতিরোহিতার্থম্। তথাচ ননু প্রাণাদিপঞ্চকং পঞ্চজ্ঞানেন্দ্রিয়ং পঞ্চকর্ম্মেন্দ্রিয়ং মনশ্চ কিং এতানি সর্ব্বাণি ইন্দ্রিয়াণি? অথবা কানিচিদেব? উচ্যতে ন সর্ব্বাণি ইন্দ্রিয়শব্দবাচ্যানি, কিন্তু মুখপ্রাণপঞ্চকং পরিত্যজ্য জ্ঞানেন্দ্রিয় পঞ্চকং কর্ম্মেন্দ্রিয়পঞ্চকং মনশ্চ ইন্দ্রিয়পদবাচ্যমিতি। তস্মাদেকাদশ এব ইন্দ্রিয়াণি ইতি ॥১৭॥

প্রাণশব্দ বোধ্য হেতু এবং জীবোপকারক হেতু সকলেই ইন্দ্রিয়শব্দ বাচ্য। অর্থাৎ হন্ত! ইহারই একটি ইন্দ্রিয়েরই সকল রূপ হয়" ইহা বৃহদারণ্যকে বর্ণিত আছে, সুতরাং একটিরই অন্যান্য সকল বৃত্তি ভেদ মাত্র। এই পরব্রহ্ম হইতে প্রাণ মন ইন্দ্রিয়গণ জাত হয়" এই মুণ্ডক বাক্যে তাহাদের ভেদ দেখা যায়। এই প্রকার বিরোধী বাক্যই পূর্ব্বপক্ষ উত্থাপনের কারণ। অতএব গৌণ মুখ্য প্রাণ সকলের ইন্দ্রিয় শব্দ বাচ্যত্ব অবিরোধ, ইহাই পূর্ব্বপক্ষ বাক্য।

